নেমেছে এই দল। যারা গণতক্ষের কথা বলেন, নিরপেক্ষ নীতির কথা বলেন, তাঁরা নিজের प्रमादक वौजवात क्रमा भगारहारूचे भाषात्म निर्द्धन प्रमादक भारताभावि क्रमाठाव क्रमा **এ**डे কাজ করেছেন এটা আমরা স্ক্রেণ্ডভাবে দেখেছি এবং তার প্রমাণ আছে। আজ আমার বন্ধ মাগেনবাব, তলেছিলেন যে মেদিনীপরে জেলা বোর্ড অনেক দিন চলেছে। অক্লোবর মাসের মধ্যে নির্বাচন করবার জনা হ ভাহ ডি করছেন কেন? তার নির্বাচনের টাইমকে অবৈধভাবে ব্যাড়িয়ে দিয়ে অর্থাৎ তার নির্বাচন প্রাপা হওয়া সম্বেও তার নির্বাচনের টাইম ব্যাড়িয়ে দিয়ে জেলা পরিষদ গঠন করবার জনা তাডাহান্ডা কেন? তার কারণ হচ্ছে যে কথা গিরিশবাব্ বলেছেন, বহু, এলাকায় তাদের দলের লোকেরা পণ্ডায়েতকে দখল করে রেখেছেন, নির্বাচনের মধ্যে গেলে জেলা পরিষদে যেতে পারবে না সেজনা এই রকম তাডাহ ডা করে এই বিল পাশ করাবার চেণ্টা করা হচ্ছে। এবং এই কথা অস্বীকার করবার উপায় নেই যে কংগ্রেস দলের হাতে সরকারী ক্ষমতা আছে এবং ধনী সম্প্রদায় আছে এবং কালকে একজন গণ্প কর্রছিলেন যে একটা গ্রাম পঞ্চায়েতের নির্বাচনের জন্য কংগ্রেস দলের পক্ষ থেকে ৭ শো টাকা খরচ করা হয়েছে। আমার এলাকাতে বি-ডি-ও অফিসারের কাছে গ্রাম পঞ্চায়েতের যেসব কেস হয়েছে প্রকারের গোলমাল করা হয়েছে অর্থাৎ ব্যালট পেপার বদলে দেওয়া হয়েছে। ইলেকসান কৈস পব যোগেন কে খগেন করা হয়েছে করার আমি জোর গলায় বলতে পারি। সতেরাং নানারকমভাবে দলীয় মেদিনীপরে করা হচ্ছে। ১৭ বছর জেলা বোর্ডের নির্বাচন হয়নি। বার বার চাপ দেওয়া সত্তেও সরকার করেন নি। ১৯৪৮ সালে নির্বাচন হয়েছে, আজ ১৯৬৪ সাল, ১৬ বছর চলেছে, তবুও নির্বাচন হয়নি। সতেরাং জেলা পরিষদের নির্বাচন অক্টোবরে করব বলে আমরা কখনও এই মত দিতে পারব না যে যার নির্বাচন প্রাপা হয়েছে তার নির্বাচনের মেয়াদ আরো ৩ বছর ব্যাড়িয়ে দেওয়া হোক। এতে সরকারী ক্ষমতাসীন দলের আরো ক্ষমতা লাভ করবার যে অতান্ত জেদ এবং চেণ্টা আছে সেই সন্দেহ আমাদের মনে হয়েছে। বেশীর ভাগ ক্ষেত্রে কংগ্রেস দল দখল করে রেখেছে অঞ্চল এবং আর্দ্ধালক পরিষদ। মান্টিমেয় সেবক যারা কোন রক্ষে আঞ্চলিক পরিষদ এবং জ্বেলা পরিষদে যেতে চায় গ্রামসভার ভেতর দিয়ে তাদের যেতে হবে। সতেরাং গ্রামসভার নির্বাচন না করিয়ে এইরকম করার উদ্দেশ্য হচ্ছে নিরঙকশ দলীয় ক্ষমতা কংগ্রেস রাখতে চায় জেলা পরিষদে এবং আঞ্চলিক পরিষদে এবং সেখানে অন্য দলের লোক যাতে না থাকতে পারে তারই চেচ্টা করা হচ্ছে, যেমন আমরা শিক্ষা বোর্ডে দেখছি, সেখানে দলীয় ক্ষমতা এমনভাবে রেখেছেন যে একটা বিরোধী দলের লোককে রাখেন নি. মনোনীত সদস্যও নেই। সেখানে স্পেশাল কেডার শিক্ষকদের নিয়োগ করে নির্বাচনের একটা বিরাট বাহিনী তৈরি করে প্রাথমিক শিক্ষকদের দিয়ে কাজ করিয়ে নিচ্ছেন। তেমনি করে এই পঞ্চায়েতের মাধ্যমে রিলিফ টেণ্ট রিলিফ ইত্যাদি যা কিছ্ম করবার ইচ্ছা আছে তারজন্য বিরোধী পক্ষের লোকেরা অন্ততঃ ২।৪ জন যাতে সেখানে বেতে পারে সক্তা কথা বলার জনা, সরকারের অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করার জন্য, সেজনা আমি আমার পূর্ববতী বন্ধনের মত সমর্থন করে বলব যে আগে গ্রাম পঞ্চায়েতের নির্বাচনকে সম্পন্ন করে নিয়ে জেলা পরিষদের নির্বাচন করা হোক।

.[4-35-4-45 p.m.]

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1965.

মাননীয় স্পীকার মহোদয়, আমি সংক্ষেপে আমার বস্তব্য রাখছি। যদিও এই বিলটা দেখলে মনে হয় যে একটা অতি সামান্য য়ামে ডমেন্ট এই বিলের মধ্যে আনা হয়েছে এবং এর চেহারাটা অত্যন্ত নিরীহ কিন্তু ছোট হলেও দ্বংথের সঞ্জে বলতে হয় যে য়ামে ডমেন্ট উত্থাপন করা হচ্ছে সেটা মারাত্মক। যখন এই বিল প্রথম পাশ হয়েছিল সেই সময় এই প্রস্তাবটা, সে ইচ্ছা করলে প্রেস-ক্লাইবড অথোরিটি এক বছরের জন্য এক্সটেনসন করে দিতে পারে একজিসটিং গ্রাম পঞ্চায়েংকে তথন তার বিরুদ্ধে আমরা আমাদের বস্তব্য রেখেছিলাম এবং তথনই আমরা বলেছিলাম যে এই

कुकरों एम्थर अञ्चल निर्दार अवः निर्दाण मरन रहा अब्देश पर पर अपना स्व আহারা প্রকাশের একটা একপেরিয়েন্ট করতে চাই সেটা অনেকথানি বাহিত হবে। বাহোক এক ফোরের জন্য প্রেস্কাইবড় অর্থোরিটির কাছে একটা ডিস্কিসনারী পাওয়ার আমরা সেদিন **এই** য়্যাসেন্বলী হাউস থেকে দিয়েছিলাম। ১৯৫৭ সালে সেই আইন পাশ হবার পর আমরা জেলা পরিষদ বিল ১৯৬৩ পাশ করেছি পাশ করার পর প্রশন হচ্ছে যে বিভিন্ন জায়গায় জেলা পরি-ষদ গঠন করার কথা আর একটা চিন্তা করছেন। সেজন্য যে সমস্ত গ্রামে গ্রাম পঞ্চায়েতের বয়স ৪ বছর হয়ে গেছে জাটটোরী পিরিয়াড ওভার হয়ে গেছে বা এক বছর এক্সটেনসন হওয়া সত্তেও ৫ বছর ওভার হয়ে গেছে তাদের ক্ষেত্রে আরো দু বছর বাড়িয়ে দিয়ে তার মধ্যে জেলা পরিষদ আমরা গঠন করে ফেলবো—এটা অভান্ত নির্দেশি আকারে আমাদের কাছে এসেছে। আমি সংশিল্প মল্টীমহাশয়ের কাছে জিজ্ঞাসা করবো ধরনে আমাদের হাওড়া জেলাতে গ্রাম পঞ্চায়েতের *নির্বাচন হয়ে গ্রেছে জেলা পরিষদের নির্বাচন করবেন—শ্যামপুরে যে গ্রাম পঞ্চায়েত আছে তার বয়স বেশী হয়ে গেছে হয়ত তার এক্সটেনসন করে দিলেন আর এক বছর কিল্ড আমি আপ-নাকে জিল্লাসা কবি যে যে সমসত ডিসপটেড ম্যাটারস আছে গ্রামের নির্বাচন নিয়ে অঞ্জের নিবাচন নিয়ে যেগুলি সিভিল রূল হাইকোর্টে হয়ে গেছে সেখানে আপনি কি করবেন? সেখানে কি এই দরেছর মেয়াদ দিয়ে দিলে পর দর বছরের মধ্যে সমস্ত কেসের ডিসিসান হয়ে যাবে এবং তারপরে সব সাষ্ঠাভাবে হবে, তার পরে জেলা পরিষদের নির্বাচন করবেন? যেমন ধরুন, আমি একটা উদাহরণ আপনার কাছে দিতে চাচ্ছি--উদাহরণটা হল এই যে, আমাদের পাঁচলা থানার মধ্যে দৈবানপার ইউনিয়নে জালালসী বলে একটা গ্রাম আছে, এই জালালসী গ্রাম পঞ্চায়েতের সমুহত ব্লকে আপনাদের নির্বাচনকে বয়কট করেছে, বয়কট করেছে এজনা সেই গ্রামের সেন্ট পার্সেন্ট লোক দাবী করেছিল যে আমাদের গ্রামকে দেউলপুর অঞ্চলের মধ্যে দিতে হবে কিন্ত সমস্ত গ্রামের সেন্ট পার্সেন্ট লোকের মতকে অস্বীকার করে গণতল্পের প্রতি অত্যন্ত অগ্রন্থা দেখিয়ে সেই অণ্ডলটাকে নিয়ে আসা হল গংখাধরপরে অণ্ডলের মধ্যে। এইভাবে সেখানে সকলের দাবীকে অস্বীকার করা হয়েছে। সেই গ্রামটা চিরকাল দেউলপারের মধ্যে ছিল এবং ইউনিয়ন বোডে থাকার সময় সেটা যে ওয়াডের মধ্যে ছিল সেই ওয়ার্ড কেটে দুরে আর একটা ওয়াডের সংখ্য জড়িয়ে দেবার ফলে গ্রাম পঞ্চায়েতের ইলেকসনের সময় সবাই সেটা বয়কট করলো এবং দ্বংখের কথা গভর্নমেন্টের পক্ষ থেকে বি, ডি, ও এস, ডি, ও আপ্রাণ চেন্টা করেও সেই গ্রামের একটা লোকের কাছ থেকেও একটা দরখাসত নিতে পারলেন না যে গ্রামসভার নির্বাচনে তারা দাঁড়াবেন এবং তার ফলে গ্রামের তরফ থেকে একটা মান মত এগিয়ে এসে সহযোগিতা করে গ্রাম পঞ্চায়েতের মেম্বার হননি। গভর্মেন্ট যদি নমিনেসন দেবার চেণ্টাও করেন তাহলে আমি জ্ঞানি সেই এলাকার সমসত লোক তা লাথি মেরে ফেলে দেবে। আপনি যে বলেছেন দু, বছরের মধ্যে সমস্ত কিছু সংশোধন করে তারপরে জেলা পরিষদের নির্বাচন করবেন টাইম এক্সটেনসন করে দিয়ে কিল্ড আমি একটা ইনসট্যানস দিলাম জালালসী গ্রাম পণ্ডায়েতের যেখানে সমুস্ত মানাষ আপনাদের নির্বাচনকে বয়কট করেছে. এমন কি কংগ্রেসের যারা ওয়ারকার ছিল তাদেরও সাহস হয়নি গ্রামের বিরুদ্ধে গিয়ে নমিনেসান পেপার ফাইল করে সেখানে গ্রাম পঞ্চায়েং প্রতিষ্ঠা করতে পাবে।

কাজেই যেখানে মানুষের সাধারণ ডেমোক্র্যাটিক কনসিডারেসন এর উপর এই অবিচার হয়েছে, সেখানে আপনি পারবেন না। আমি সেইজন্য এই ধারার বিরুদ্ধে বলছি। যদি গ্রাম পণ্ডায়েত বা জেলা পরিষদ গঠন করতে হয়, তাহলে আপনি আর সময় নন্ট না করে, করে ফেলুন। হয়ত দ্ব-এক জায়গায়, দ্ব-একটি গ্রাম পণ্ডায়েত বা অণ্ডল পণ্ডায়েতের দ্ব-একজন মেন্বার,—যেহেতু সেখানকার গ্রামের অস্ববিধা আছে বলে, কো-অপারেট করছেন না, এবং গ্রাম সভা নির্বাচন ইয়্নান—আপনি সেখানে ফ্রলফ্রেজড সমস্ত গ্রাম সভার মেন্বার নিয়েও করতে পারবেন না। ঠিক তেমনি ঐ যে বয়েস বাড়িয়ে দিয়েছেন.—বয়েসটা বাড়িয়ে না দিয়ে, তাদের আরও দ্ব-বছর এক্সটেনশন না দিয়ে, গ্রামসভার নির্বাচন করতে কত দিন লাগে? ২১ দিন বা এক মাসের নোটিশ দিয়ে করা যায়। আপনার যে কোন গ্রামসভার, যেখানে ভোটার লিন্ট তৈরী আছে, সেখানে নোটিফিকেশন দিয়ে আপনি সঙ্গো সঙ্গো করতে পারেন। অক্টোবর মাসের মধ্যে, যে সম্মন্ত গ্রাম পঞ্জান্তেরে Statutory period over

হন্ধে গিরেছে, তাদের ডাইরেকশন দিয়ে দিন। বি ডি ও বা সেখানকার ডিন্দ্রিক্ট পণ্ডায়েত অফিসার বা লোকাল অফিসারদের ডাইরেকশন বা নির্দেশ দিয়ে দিন। তারা ত দ্ব-মাসের মধ্যে ইলেক্সন করে ন্তন গ্রামসভার নির্বাচন করে নিতে পারে। গ্রাম পণ্ডায়েতে কেন সেটা করছেন না? সেটা না করে, অতো এক্সটেনশের-এর মধ্য দিয়ে কেন আসছেন? কি সাংঘাতিক ব্যাপার! আপনি ত ইচ্ছা করলে –হতদিন বিল এনেছেন, ততদিনে ইনফরমেশন দিয়ে দিলে, সেই গ্রামে ন্তন করে গ্রাম পণ্ডায়েতের নির্বাচন হতে কোন বাধা ছিল না। আপনারা তা করতে পারতেন, কিম্তু, করেন না পিছন দিক থেকে আপনারা চেণ্টা করছেন।

তারপর কি হল? মিঃ স্পীকার স্যার, আমি দেখছি এই বিলের যে ১২ নন্বর কুজ, সেটা ংশোধন করার চেন্টা হচ্ছে। তার মধ্যে যেখানে প্রভাইসো ট্র সাব-সেকশন (১),—তাতে বলা চ্ছে এক্সটেনশন ওয়ান ইয়ার, সেখানে আপনারা প্রি ইয়ারস ক্রছেন। যেখানে প্রেসক্রাইবড অধানিটি বলেছেন—এক বছর পর্যাশত এক্সটেনসন নিতে পারবেন, সেখানে আপনারা প্রি ইয়ারস বচ্ছেন।

তারপর, পরের প্রভিসোটায় কি আছে? পরের প্রভিসোতে এই আছে

Provided further that notwithstanding anything contained in this connecton every member of the Gram Panchayat shall continue to hold office atil the first meeting of the newly formed Gram Panchayat after a fresh ection at which a quoram is present".

ই প্রতিশন এর পরেও

rovided further that notwithstanding anything contained in this connecton.....etc.

লা হচ্ছে। তাহলে এই তিন বছর যদি উত্তীর্ণ হয়ে যায়,

rescribed authority may by notification extension

রতে পারে এবং এক্সটেনশন করবার পরে যদি নিউ ইলেকশন না হয় এবং নিউ ইলেকশন ইয়ে চেট মিটিং-এ কোরাম যতক্ষণ পর্যন্ত না হচ্ছে—ততক্ষণ পর্যন্ত এরা এক্সটেনশন পেয়ে যাছে। জা হচ্ছে, শ্ব্দু তিন বছর নয়, এক বছর এক্সটেনশন করার পরে, যতক্ষণ পর্যন্ত নতুন এক্সটনশন না হচ্ছে, এবং যতক্ষণ পর্যন্ত কোরাম ফর্ম হয়ে ফার্ট মিটিং না হচ্ছে, ততক্ষণ পর্যন্ত কড কমিটি করছে। তারপরে, অধ্যক্ষ এবং উপাধাক্ষ যারা গ্রাম পণ্ডায়েতে থাকছে, দের ক্ষেত্রেও সেই একই আইন প্রযোজা, যে এক বছর এক্সটেনশন হওয়ার পরে যতক্ষণ পর্যন্ত তুন করে অধ্যক্ষ ও উপাধ্যক্ষ নির্বাচিত না হচ্ছে, ততক্ষণ পর্যন্ত দে ক্যান কন্টিনিউ আ্যান্ধ ধ্যক্ষ এগ্রণ্ড উপাধ্যক্ষ। তাই যদি হয় তাহলে তার চার বছর অফিসটায় প্লাস তিন বছর,—rescribed authority by a notification.

ারও তিন বছর বাড়িয়ে দিলেন। তারপরে? তারপরেও কি তার স্টাটিউটরি পিরিওড সপ্তে
প্রেণ ডিজলভ হয়ে গেল? তা হল না। যতক্ষণ পর্যশ্ত ন্তন ইলেকশন হোল্ড করে ন্তন
মিটি ফার্ড মিটিং এ কোরাম ফর্ম করতে না পারছেন, ততক্ষণ পর্যশ্ত সেই প্রাণ কমিটি
লছে। কাজেই এর তো কোন শেষ নেই। শেষ কোথায়? সেইজন্য আমি বলছিলাম তিন বছর।
ব্যাপারটা শ্ব্র তা নয়, এর গ্রুর্ছ আরও অনেক দ্রে ছড়িয়ে আছে। সেইজন্য আমি বলছি
এই বিল ফেলে দিন ছ্রুড়ে। ফেলে দিয়ে—মনে কর্ন, যেখানে, যেখানে গ্রাম পণ্টায়েতের
ফিসিয়াল টাইম ওভার হয়ে গিয়েছে, সেই সমস্ত জায়গায় আপনি ডাইরেকশন দিন ট্র হোল্ড
লেকশন। দ্র-মাসের মধ্যে ইলেকশন হয়ে যেতে পারে। সেটা না করে, আপনারা এইভাবে একটা
প্রসক্রাইবড অথরিটিনর হাতে সমস্ত ক্ষমতা তুলে দিয়ে, প্রভিসোর পর প্রভিসো লাগিয়ে দিয়ে,
মুক্ত গণতান্ত্রিক পম্পতির যে ন্তন চিন্তাধারা, তাকে হত্যা করবার চেন্টা করছেন, তাকে
ক্রিন্সিমেন্ট করবার চেন্টা করছেন এবং তার স্থলে কুঠারাঘাৎ করে এই ন্তন, একটা অন্ত্র্ত
ফিনিস স্থিট করবার চেন্টা করছেন। সেইজন্য আমি এটাকে সাকুলেসন মোসানে দিতে চাচিছ।

ামি সম্পূর্ণভাবে এই এ্যামেন্ডমেন্টের বিরোধী।

14-i5-4-55 p.m.]

Shri Jiban Krishna Dey:

মাননীয় স্পীকার, স্যার, এই বিল যেটায় আজকে পিছিয়ে দেওয়া হচ্ছে নির্বাচনকে. খুব নিরীহ আকারের হলে পরেও আমার যা মনে হয় এর উদ্দেশ্য অত ঠিক নিরীহ নয়। এর আগেও আলোচনা হয়েছে. এর থেকে একটা জিনিস বেশ পরিম্কার বের হয়ে আসে সেটা হচ্ছে এই যে জনমতের সম্মুখীন হতে ভয়। আজ এই এক বংসরের জায়গায় যে তিন বংসরের সময় নেওয়া হচ্ছে তার মধ্যে দিয়ে এটাই আমরা দেখছি যে নতন করে গ্রামাণ্ডলের যে জন-সাধারণ বাদের কাছে আমাদের বলা হয়েছিল যে পণ্ডায়েতি বিলের মধ্যে দিয়ে আমরা বিশ্লব আনবো সেই বিশ্লব এখন বিদ্রাটে দাঁডিয়েছে। গ্রামে গ্রামে এখন সেই বিদ্রাটের কৈফিয়ৎ দাবী করুরে এবং তার জ্বাব চাইবে যে জ্বাব দিতে গিয়ে সতিত্য খবে বেকায়দায় পডতে হবে এই ভয়ই আজকে এর থেকে বেরিয়ে আসে। আমরা জানি গ্রামাণ্ডলে আজকে কি দূরবঙ্গা তার খাদা সংকট এবং তার বিভিন্ন সংকটের মধ্যে গ্রাম্য জীবনে যে দূরবস্থা এসেছে তার প্রতি ভীতিই এই বিলটা পিছিয়ে দেবার একটা বড কারণ। আমরা আরো দেখছি আইন সভার মিটিং ডাকতেও ভয় জনমতের সম্মুখীন হতে সমস্ত জায়গাতে আমরা দেখছি আজকে আমাদের যারা শাসক দল কিন্বা আমাদের কংগ্রেস দল, তাঁদের প্রতি ক্ষেত্রেই জনমত থেকে দরে গিয়ে একটি করেন ক্র্যাটিক ম্যানারের যে চাল চলন এবং জনমতকে এডিয়ে আজকে তাদের চলবার যে প্রচেষ্টা এই বিলের মধ্যে দিয়ে তাই আজকে আসে। আমরা আজকে জানি যে জেলা পরিষদের নাম করে বলা হচ্চে যে জেলা পরিষদের নির্বাচন এসে গেল অতএব আজকে পণ্ডায়েং নির্বাচন সম্ভব না। কিন্তু দু-তিন বংসর পরে কি দাঁড়াবে? তখন তো আরো বড যন্ত এসে যাবে. তখন মহা-যক্ত, সাধারণ নির্বাচন আসবে, তখন বলা হবে এখন ত সাধারণ নির্বাচন এসে গেল এখন আবার ক্রিসের প্রঞ্যের নির্বাচন। জেলা পরিষদের নির্বাচনের জন্য যদি দু, বংসর পিছাতে পারে তাহ**লে** সাধারণ নির্বাচনের জন্য কি আর দু, বংসর পিছাতে পারে না ? খুব সহজ কথা, আবার নতুন করে বিল আসরে এবং আবার নির্বাচন পিছিয়ে যাবে। তাহলে এই যে নির্বাচন না হওয়া এটা আলটিমেটলি কাকে সাহাষ্য করবে? এটা কোন রক্মেই গ্রামের যে সাধারণ মানুষ বা পঞ্চায়েৎ বিলের মধ্যে যে কথা বলা রয়েছে যে গ্রাম্য জনসাধারণের জীবনে একটা বৈন্দাবিক পরিবর্তন আন ্য জনমূতকে আজকে এগিয়ে দিতে সাহায্য করা, সংগঠিত করা, চেতনা সম্প্রসারণ করা, সৈত দরের কথা বরং গ্রামের মধ্যে যে কুটিল চক্ত আমাদের শাসক দল তাঁদের সাথে যাঁরা পরি-চিত হয়েছেন তাঁদের ইতিমধ্যে নানারকমভাবে তৈরী করা এবং তৈরী করে সমস্ত রকম কাজে তাঁদেরকে জনসাধারণের বিরুদ্ধে অপব্যবহার করা সেটা হচ্ছে একটা বড় কারণ। আমরা বিভিন্ন জায়গায় দেখেছি যে কোন সাধারণ কাজ করতে গেলে এদের মধ্যে আজকে অনেকের দিক থেকেই দেখা যায় যে জনসাধারণের প্রবল সমালোচনার সম্মুখীন তাঁরা হয়েছেন এবং আমরা জানি যে বেশীর ভাগ জায়গাতে আজকে পণ্ডায়েতের মধ্যে শাসক দলের যে অন্প্রেবেশ কিভাবে ঘটেছে এবং তার ফলে যে নিন্দনীয় মনোভাব, বিক্ষোভ যেটা সূণ্টি হয়েছে সেই বিক্ষোভকে এডাবার চেষ্টা নানারকমভাবে, অতাল্ত শাল্তিপূর্ণভাবে, নিরীহভাবে বলে কয়ে আজকে এটা বলা হচ্চে যে এই জন্য পিছিয়ে দেওয়া হচ্ছে। আমার মনে হয় এ পিছিয়ে যাওয়া কোন রকমে উচিত নয এবং এই বিলে নির্বাচনকে পিছিয়ে দেওয়া-পণ্ডায়েতি নির্বাচনের মধ্যে, যদি আমাদের পঞ্চা-য়েত স্থাপনের মধ্যে কিছুমার সততা থেকে থাকে সেই সততাকে সুন্ধু, পন্ড করবে। তাই আমার অনুরোধ যে এই বিলকে আর এক্সটেন্ড না করা, পিছিয়ে না দেওয়া এবং এই হিসাবেই আমি वलाया এই विल शास्त्र ना जारम। এवং এই वर्रल এই विरागत প্রতিবাদ করে আমার বন্ধর শেষ কর্বছি।

The Hon'ble Sowrindra Mohan Misra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মনে করেছিলাম এই নির্দোষ বিলটিতে বিশেষ কোন আলোচনা হবে না কিন্তু দেখলাম যে যেভাবেই হোক টেনে নিয়ে এসে একটা গালাগাল দিতে পারলেই ভাল হয় এই রকম একটা মনোবৃত্তি নিয়ে যেন এটাকে দেখা হয়েছে। যদি সমস্ত জিনিসটাই কালো চশমা দিয়ে দেখেন তাহলে কালোই দেখ-বেন তা নাহলে এর মধ্যে ছিল কি? প্রথমে ননী ভটাচার্য মহাশয় বলেছেন এই কথা যে বিলটা

বংসরের জন্য বাড়িয়ে নেওয়া হচ্ছে, কিন্তু যদি একট্ব ভাল করে দেখতেন অবজেইস ড রিজিনস্টা তাহলে ব্রতেন যে তিন বংসরের জন্য এখন থেকে বাড়িয়ে দেওয়া হচ্ছে কতগুলি জারগার ইলেকশন হরেছিল ১৯৫৮ সালে, তারপরে যখন চার বংসর পরে নির্বা-র সময় এলো, সাধারণ নির্বাচনের মুখে বলে নির্বাচন করা যায় না, তারপরে ইমার্জেন্সির ইলেকশন বৰ্ষ ছিল। যখন সময় এসেছে তখন ১৯৬৫ সালের জুন পর্যক্ত যদি সময় না ন্না যায় তাহলে আমরা এই নির্বাচনের সমাণ্ডি করতে পারবো না বলেই তিন বংসর নিয়েছি। ্য থেকে তিন বছর নয়, একটা জিনিষ ভেবে দেখতে হবে, আপনারা অনেক বক্তাই বলেছেন াধীপক্ষের বন্ধুরা যে আগে যে কয়টা আইন শেষ হয়ে গিয়েছিল সেই আইনগুলো সেখানে চিন করে নিলেই তো হত—সেই নির্বাচন করতে গেলে জিলা পরিষদের মধ্যে করা প্রার ভব ছিল। আমাদের কথা হচ্ছে যে ৫২টা ব্লক-এ ইলেকশন চালাতে গেলে যে কর দরকার ছিল তা আমরা করতে পারিন। এখন সঙ্গে সঙ্গে বলা হচ্ছে যে আপনারা ত পারেননি এই কারণে যে যেহেতু দেশের লোক আপনাদের প্রতি বিক্ষু-খ-চালের ব্যাপার হ, পঞ্চায়েত করে কিছু করতে পারেন নি--তাতে মনে হচ্ছে যেন আমরা পঞ্চায়েত নির্বাচনই নি। আমি বলছি ৩৫২টা ব্রক তার মধ্যে ৫২টা ব্রক বাদ দিলে বাকী ৩০০টা নির্বাচন এই য়র মধ্যে হয়েছে। আপনাদের যুক্তি ঠিকই হত যদি ওখানকার নির্বাচন বাদ দিতাম। মান-অধ্যক্ষ মহাশয় আমার মনে পড়ছে তিন বছর আগে এই ডিস্ট্রিক্ট বোর্ড-এর আয়ু বাড়াবার াযে বিলটা আমি এনেছিলাম তখন মেদিনীপুরের সভারা বিশেষ করে মেদিনীপুরের কথা া বারবার বলেছেন ডিস্ট্রিক্ট বোর্ড-এর আয়ু কেন বাড়ান হচ্ছে? ওখানে টাকার গাফি-5 আছে ইত্যাদি ইত্যাদি অনেক কথা বলেছেন। আজকে তাদের বিশেষ করে মেদিনীপারের দের কথাবার্তা শুনে মনে হচ্ছে বর্তমান ডিস্ট্রিক্ট বোর্ডের চেয়ারম্যান-এর সাথে তাদের কোন গত হয়েছে নাকি? যে তারা বলছেন যে ডিস্টিক্ট বোর্ড-এর লাইফটা আর এক বছর করে দয়ে দেওয়া হউক। এটা কেন বলছেন বুঝতে পারছি না। এই জেলা পরিষদ আইন করে তাডাতাডি সম্ভব জেলা পরিষদ গঠিত করবার চেণ্টা হচ্ছে। তারা তিন বছর পূর্বে ডিস্ট্রিক্ট র্ডের অনেক কুকীতি গাইলেন আজকে তারাই আবার বলছেন যে এর লাইফটা বাড়িয়ে দেওয়া হ। আমার মনে হয়, স্যার, বিরোধীতা কর র জন্য এ সমালোচনা করতে হয় বলে করছেন তা লে এর কোন যুক্তি থাকে না। একটা কথা হাইকোর্ট-এ উঠেছে –হাইকোর্ট থেকে সমস্ত– ারও আমি কোন কারণ ব্রুকতে পারছি না স্থীর দাশ মহাশয় বললেন হাইকোর্ট-এ যে কেস াছে সেটা মিটে থাক আগে- শুই বছর লাগবে কি ২॥ বছর লাগবে কেস মিটে গেলে তার পরে না পরিষদ করবেন। আমি যে আঁতাতের কথা বর্লোছ নাতাকারের আমার সন্দেহ হচ্ছে আমি এটা ার কথা বালিন। যে ভাবে ওনারা বলছেন যে হাইকোর্ট-এ যতগর্নল কেস হয়েছে—এর পরেও রও দুই একটা কেস করতে পারেন—কেস করিয়ে দিয়ে যতদিন পর্যত হাইকোর্ট-এ কেস-মীমাংসা না হচ্ছে—মীমাংসা হওয়ার পর গ্রাম পঞ্চায়েতের নির্বাচন করিয়ে তারপর আপনি লা পরিষদের নির্বাচন কর্ন। কথার কি যুক্তি থাকতে পারে আপনি স্যার, একট্ বিবেচনা র দেখবেন। তারপর আরও কিছু অবান্তর কথা বলা হয়েছে সেটা নিয়ে আমি এখানে বলতে ়ু না। কোন গ্রাম পণ্ডায়েতের কে কতখানি ভাল করেছেন ইত্যাদি বিষয় এই বিলে আসতে রে না। মূল কথা যে মিটার থেকে মেণ্ডিকে ট্রান্সফার করা সেটা নিয়ে আসা হয়েছে বলে নটা পরিবর্তন করা হচ্ছে। মূল কথা হচ্ছে যে ১৯৫৮এ কতকগ্রিল ইলেকশন প্রথমে মরা করতে পারিনি ইমাজে স্পীর জন্য আজকে জিলা পরিষদকে যদি তাড়াতাড়ি গঠিত করতে ় ঐ নির্বাচন করে তাড়াতাড়ি আসা যাবে না—মাননীয় বন্ধ, অপূর্ববাব, বললেন যে দুই সের মধ্যে নির্বাচন করিয়ে নিয়ে আস্থ্রন—এই বর্ষাকালে দুই মাসের মধ্যে নির্বাচন করতে লে যে নির্বাচন যে তার প্রতি কি আমরা বিচার বৃদ্ধির পরিচয় দেব? বর্ষাকালে কি করে <u>দলে এসে গ্রামসভার নির্বাচন করবে? আজকে যেটা এখন নির্বাচন হচ্ছে সেটা ইনডাইরে#</u> র্বাচন, আণ্ডালক পরিষদ এবং জিলা পরিষদ। গ্রাম পণ্ডায়েতের ইলেকশন করতে গেলে জান:-রী মাসের আগে করা বিধেয় নয় বলে আমি মনে করি। সেই জনাই এই তিন বছর সময় ওয়া হচ্ছে। আমি আবার বিরোধীপক্ষের বন্ধনের বলব যে তারা অতটা কালো চশমা বাব**হার** ্বকরলেই ভাল হত। তারা একট্র ফিকে চশমা ব্যবহার করলে অনেক জিনিস হয়ত তাদের সহস্ক এই বলেই আমি তাদের বন্ধব্যের বিরোধীতা করি।

i 4-55---5-5 p.m.]

The motion that the West Bengal Panchayat (Amendment) Bill, 1964, be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of the Hon'ble Sourindra Mohan Misra that the West Bengal Panchayat (Amendment) Bill, 1964, be taken into consideration was then put and agreed to.

Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do form part of the Bill was then put and agreed to.

Clause 3

Mr. Speaker: There are two amendments in the name of Shri Sanat Kumar Raha of which amendment No. 6 is out of order. Amendment No. 5 is in order.

Shri Sanat Kumar Raha: I move that in clause 3, lines, 2-3, for the words "three years" the words "six months" be substituted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে দুটি অ্যামেন্ডমেন্ট এক সপ্পে নিয়ে এসেছিলাম তার কারণ হচ্ছে যে সৌরীনবাব, আমাদের কাছে চেয়েছেন তিন বছর টাইম, আমি তিন বছরই দেব, তিনি যে অজনুহাতে চেয়েছিলেন সেই অজনুহাতেই আমি তিন বছর দিতে রাজী আছি, কিন্তুইউজাল কোর্স-এ স্বাভাবিক অবস্থায় ইলেকশন কোন ক্ষেত্রেই ৬ মাসের বেশী পিছিয়ে থাকতে পারে না এই বন্ধব্যই আমার ছিল। কাজেই আমার আ্যামেন্ডমেন্ট অত্যন্ত সিম্পল ওনার সংশ্যে আমি একমত আশা করি তিনি আমার এ্যামেন্ডমেন্ট গ্রহণ করবেন।

Dr. Colam Yazdani:

ম্পীকার স্যার, আমি দুই চার্রটি কথা বলতে চাই, তাহল এই যে মাননীয় মন্ত্রী বললেন যে এটা সামান আমে ডমেন্ট মাত্র তিন বছরের জন্য। আমি বর্লাছ যে আপনি যা করতে যাচ্ছেন তা হচ্ছে এই অ্যাক্টটা যতদিন থাকবে ততদিনের জন্য, যতদিন না আপনি আবার একটা আমেন্ডমেন্ট না আনছেন। এটা যে একটা অস্বাভাবিক অবস্থার মধ্য দিয়ে আজকে ইলেকশন-এর টাইম পিছাতে হচ্ছে সেইজনাই আমেন্ডমেন্টটা আনার প্রয়োজন হয়েছে। সেইজনা সাময়িকভাবে এই আমেন্ড-মেন্টটা আনা উচিত ছিল। আমি জিজ্ঞাসা কর্রাছ এটা কি বরাবরের জন্য তিন বছর থাকবে। ধরুন আরেক বছর ইলেকশন হল—গ্রাম পণ্ডায়েত এখন ইলেকশন হচ্ছে না আবার ধরুন হল সেই গ্রাম পঞ্চায়েত-এর আবার আয়ু, এই আক্টে অনুসারে আবার তিন বছর পিছিয়ে দেবেন। তার মানে যতগালি গ্রাম পঞ্চায়েত ভবিষ্যতে নির্বাচন হবে প্রত্যেকটার লাইফ ৭ বছর পর্যন্ত আপনি ধরে রাখতে পারবেন এটা নিঃসন্দেহ। সেজন্য আমি জানতে চাই কেন আপনি এই রকম ব্যবস্থা করছেন। কেন আপনি এ্যামেন্ডমেন্ট আনছেন যে চিরকালের জন্য একটা গ্রামপঞ্চায়েতের আয়, ৭ বছর পর্যন্ত হতে পারে। এখন না হয় ব্বুঝা গেল যে আমাদের জেলা পরিষদ গঠন করতে হবে আমাদের টাইম শর্ট তাড়াতাড়ি করতে পারছি না—না হয় একটা কারণ আজ আপনি দেখাতে পারছেন কিন্তু তার পরের ইলেকশন-এ আপনি কি দেখাবেন। তখন আপনি দেখাবেন যে আমরা তো এ্যামেন্ডমেন্ট করেই দিয়েছি। এই অজ্বহাতই আপনারা দেখাবেন। মিস্টার স্পীকার স্যার. যখন ওরিজিনাল এা**ন্ট-**এ এই প্রভিসন দেওয়া হরেছিল যে এক বছরের জন্য গভর্নমেন্ট ইলেকশনটা পোস্টপোন করে রাখতে পারেন। তখনই আমরা তার বিরোধীতা করে-ছিলাম, তখন মন্দ্রীমহাশয়রা নানান রকম যুক্তি দেখিয়েছিলেন এবং এটাও হয়ত আমরা আশা করি হয়ত নানান রকমের কারণ হয়ত হয়ে যেতে পারে যে ঠিক যে সময়ে হয়ত একটা প্রাম পণ্যায়েতের আয়ু, শেষ হয়ে যাচ্ছে ঠিক তখনই সেই সময়ের মধ্যে হয়ত ইলেকশন নাও হতে র—সেইজন্য না হয় এক বছরের জন্য দেওয়া হয়েছিল। কিন্তু এমন কি কারণ আমরা ভবি-ত দেখতে পাচ্ছি যে যার জন্য এর লাইফটা তিন বছরের জন্য বাড়িয়ে দেওয়া যেতে পারে?

<u> তুরাং সরাসরি এ্যাক্ট-কে এ্যামেণ্ড করে এই যে ৩ বছর নিয়ে এসেছেন এটা আমি মনে করি</u> সহজ জিনিস নয়। যদি সহজ হোত তাহলে তাঁরা আর একটা প্রভাইসো দিতে পারতেন ষে. টা আনুন্যাচারাল কণ্ডিসন হয়েছে, ইমারজেন্সী ছিল কাজেই সাময়িকভাবে ৩ বছরের জন্য ছি—র্ভাবষ্যতে এরকম আর করব না ভবিষ্যতে এক বছরই থাকবে। এরকম একটা যদি মুক্তমেন্ট আনতেন তাহলে আগরা ভাবতাম সরল বুল্ধিতে এই এ্যামেন্ডমেন্ট ত আমরা আশংকা কর্রছি আপ্রারা সরল মনে আনেন্নি এবং এই যে ৩ বছর ক্রছেন তাতে দিনের জন্য আপনারা গ্রাম পঞ্চায়েতের উপর আপনাদের ক্ষমতা ব্যবহার করবেন। মাননীয় কার মহাশয়, অবজেক্টস এ্যান্ড রিজনস্থ-এর মধ্যে দেখান হয়েছে ওয়েস্ট বেষ্পাল লোকাল রিটিস যে এ্যাক্ট হয়েছে সেখানে ইমারজেনসীর জন্য ইলেকসন হতে পারেনি এবং তারপর ্য জেলা পরিষদ এট্রে পাশ হোল তখনও ইলেকসন হতে পারেনি। আমার কথা হচ্ছে কখন না পরিষদ এটাই পাশ হয়েছে? এক বছর আগে এখানে আমরা সেই এটাই পাশ করেছি এবং নই তাঁদের মনে এই ধারণা হওয়া উচিত ছিল যে. ১৯৫৮ সালে গ্রাম পঞ্চায়েত বিল করেছি জই এখনই সেখানে নির্বাচন করব—নইলে আর সময় পাব না। কিল্ড সেই দুরদুঞ্চি গভর্ন-ট-এর ছিলনা। আমার প্রশন হচ্ছে জেলা পরিষদ এাই যখন পাশ হয়েছে তখন গ্রাম পণ্ডায়েজ া প্রনগঠিন করা হোল না, কেন তখন খেয়াল করেননি, কেন গ্রাম পণ্ডারেতের ইলেকসন কর-্য না ^২ কাজেই ৩ বছরের জন্য এই যে এয়ামেন্ডমেন্ট এনেছেন তাতে আমার ব**ন্তব্য হচ্ছে** নও সময় আছে, এটা এইভাবে মডিফাই করনে যে, বিশেষ কারণের জন্য আমরা এটা করছি— না পরিষদ গঠন হবার পর আমরা তার লাইফ এক বছরের বেশী আর বাডাতে দেব না। এ-ম একটা এাামেণ্ডমেন্ট আনলে আমরা খুসী হতাম।

The Hon'ble Sowrindra Mohan Misra:

নীয় স্পীকার মহাশয়, সনংবাব, ৬ মাসের আমি কথা বলেছেন যা গ জানাচ্ছি যে আমি সেই এ্যামেণ্ডমেন্ট গ্রহণ করতে পারলাম না। ছেন এবং আপুনি যদি মূল আইন দেখেন তাহলে দেখবেন প্রভাইসো-তে রয়েছে অলপ সম-্জন্য নিতে পারবে। নানা কারণে এটা নিতে পারবে, যেমন এবার হয়েছে—অর্থাৎ ৩ বছর া নিতে হয়েছে। এখন কথা হোল এই ৩ বছর মানে কি? এখন থেকে ৩ বছর বলছি না. মধ্যে আমরা নির্বাচন শেষ করতে পারব সেই সময় নিচ্ছি। ইয়াজদানী সাহেব বলেছেন যে ক্ষমতা নিচ্ছেন এটা চিরকালের জন্য নেবেন না। আমি বলব তাঁদের দুষ্টিভংগী অনারকম ার্থাৎ সব জিনিসেই তাঁরা আশংকা প্রকাশ করেন। তাহলে তো ৩ বছর না নিয়ে ৪ বছর **নিতে** তাম। মূল কথা হোল যে সময়ের মধ্যে নির্বাচন করতে পারব সেই সময় নিচ্ছি। ভবিষয়তে ম্ম একটা অব**স্থা নাহলে এরকম এক্সটেন্ড করবার ইচ্ছা আর নেই।** যা হোক, কখন কি ^{দ্}থা হয় সেটা তো বলা যায় না কাজেই আমি বিরোধীদলের এ্যামেণ্ডমেন্ট গ্রহণ করতে পা**র**-ना।

The motion of Shri Sanat Kumar Raha that in clause 3, lines 2-3, for words "three years" the words "six months" be substituted, was then and lost.

5-5-15 p.m.]

The question that clause 3 do stand part of the Bill was then put and reed to.

Clauses 4, 5 and 6 and the Preamble

The question that clauses 4, 5 and 6, and the Preamble do stand part the Bill was then put and agreed to.

Shri Sourindra Mohan Misra: Sir, I beg to move that the West Bengal Panchayat (Amendment) Bill, 1964, as settled in the Assembly, be passed.

Shri Sanat Kumar Raha:

আপনারা যে র্ল লে করেছেন আমি তার সম্পর্কে কিছু বলতে চাই, কেননা এই বিল পাশ হবার পর জেলা পরিষদ যে আইন চাল করবেন তার জন্য রুল ফ্রেম করেছেন, সে সম্পর্কে আমার কতকগৃলি পরামর্শ আছে, আলোচনা আছে। আমি স্পীকা-রের অনুমোদন নিয়ে বলতে চাই। ১৫ নম্বর রুলের জারগায় দেখবেন—

An employee shall not stand as a candidate or interfere or use his influence in any way or do anything in aid or in obstruction of any candidate in any election nor shall be take part in or subscribe in aid of any election-eering party organisation.

এখানে আমার বস্তব্য হ'চ্ছে এই যে an employee shall not be a candidate....... এখানে ব্যলস সম্পর্কে......

The Hon'ble Saila Kumar Mukherjee: On a point of order, Sir, Honourable Mr. Raha is speaking on the rules which have been laid before the House today under the Zilla Parishads Act. The procedure is that according to the Act we have got to lay the rules before the House and today is the first day when the rules have been so laid. He is now speaking on every item of the rules. But, Sir, he must have a date fixed with your permission and then he can discuss them.

Mr. Speaker: Mr. Mukherjee, I fully agree with your point of order. উনি একটা প্রেন্ট বলে দিচ্ছেন, জবাব দেওয়ার দরকার নাই।

Shri Sanat Kumar Raha:

রুল সম্পর্কে আমার মনে খটকা আছে, সেগ্রাল আমি বলতে চাই যাতে জেলাপরিষদ চাল্ব হলে আপনারা শেষে না বিপদে পড়েন।

Shri Sved Abul Mansur Habibullah:

জেলা পরিষদের র্লস এই মাত্র আমার দেখবার সোভাগ্য হয়েছিল, কতকগ্রলি বিষয় এইমার দেখলাম যা মনে হচ্ছে নিমনেশন পেপার ক্র্টিনি করে রিটার্নিং অফিসার যদি কোন নিমনেশন পেপার বাতিল করেন, তাহলে আপীল করবার জন্য র্লস্ দেখছি না, ইমিডিয়েটলী যা দেখলাম তাই াল্লাম, অন্ততঃ একট্র সময় দেওয়া হোক যাতে এই আলোচনা করতে পারি।

Mr. Speaker:

র্লস্-এর বিষয়ে একটা স্পেশাল প্রভিশন আছে, there is a Special provision on.

সেটা ফলো করে হয়ে যাবে।

We will follow this particular section of the Act regarding the modification of the rules.

Shri Sanat Kumar Raha:

আমরা কি টাইম পাব?

The Hon'ble Jagannath Kolay:

হাউসে যদি কোন রূল হয় তাহলে তার এ্যামেণ্ডমেন্ট দিতে পারবেন।

Mr. Speaker: All rules made under this Act shall be laid for not less than 1: days before the State Legislature as soon as possible after they are

made and shall be subject to such modification as the State Legislature may make during the session in which they are so laid. Any modification of the said rules made by the State Legislature shall be published in the official gazette and shall, unless some later date is appointed by the State Government, come into force on the date notified in the official gazette.

The Hon'ble Sourindra Mohan Misra:

এই বিল আগে গেজেটে নোটিফিকেশন দেওয়া হয়েছিল এবং অবজেকশন চাওয়া হয়েছিল ১৫ দিনের মধ্যে।

Shri Sanat Kumar Raha:

র্ঘদি বলবার অধিকার আইনগত না দেন তাহলে বলতে চাই না। আমরা কি**ন্তু আর বলার স্ব্যোগ** পাব না।

Mr. Speaker:

আইনে সে অধিকার আপনার রয়েছে, আপনার পয়েন্ট আপনি বলতে পারেন।
They have to hear you.

মিনিন্টার জবাব না দিতে পারেন কিন্তু আপূনি বলতে পারেন সে বিষয়ে কোন সন্দেহ নাই।

Shri Sanat Kumar Raha:

মিঃ স্পীকার, স্যার, আমি বলছিলাম স্কুল বোর্ডের ব্যাপারে। জেলা স্কুল বোর্ডের ইলেকসান যদি হয় তথন প্রাইমারী চিচাররা অংশ গ্রহণ করে। আজ পর্যাত এই আইনের মধ্যে আমরা দেখলাম না যে প্রাইমারী শিক্ষকরা এমালারী কিনা। যদি জেলা পরিষদের এমালায়ী হয় তাহলে এয়াজ ক্যান্ডিডেট স্কুল বোর্ডে দাঁড়াতে পারবে কিনা এই ক্ল্যারিফকেশান চাই। আর একটা পয়েলট হচ্ছে এই যে আপনারা লিখেছেন যে সমস্ত প্রোসিডিংস, মিনিটস বাংলা ভাষায় লিখতে হবে। নিশ্চয়ই আমরাও এটা চাই। কিন্তু বাংলাভাষায় কি বোর্ডে ইত্যাদি যদি তৈরি না হয়ে থাকে তাহলে কি হবে? আমি আর কিছু বলতে চাই না।

The motion of the Hon'ble Sowrindra Mohan Misra that the West Bengal Panchayat (Amendment) Bill, 1964, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

The Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Continuance of Provisions) Bill, 1964.

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to introduce the Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Continuance of Provisions) Bill, 1964.

(Secretary then read the title of the Bill.)

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the Bill be taken into consideration.

মাননীর অধ্যক্ষ মহাশয়, এটা ১৯৫১ সালের ১৬ নন্বর আইন। এই আইনটার অর্থাৎ আনঅথারাইজড অকুপেশান অব ল্যান্ড এ্যাক্ট, ১৯৫১ এর আয়ুন্কাল ১৯৬৪ সালের ৩১এ মার্চ পর্যন্ত ছিল। তারপর এর আয়ুন্কাল না বাড়ানর জন্য এই আইনটা বাতিল হয়ে য়য়। এর ছলে কর্মপটেন্ট অর্থারিটি কর্তৃক প্রদন্ত আদেশগুলি সম্পর্কে একটা সমস্যা দেখা য়য়। য়য়য় এতিদিন পর্যন্ত মামলা-মোকদ্মা করেছিলেন তাদের পক্ষে নতুন করে আবার দেওয়ানী আদানতের মাধ্যমে মামলা করবার প্রয়োজনীয়তা দেখা দেয়, এই একটা সমস্যা। আর একটা সমস্যাহল এই বে আইনটা ১২ বছরের বেশী চাল্য ছিল। এর ফলে প্রদন্ত বৈ জবরদ্ধলীকৃত

সম্পত্তির মালিকরা যদি তাদের সম্পত্তি থেকে এতদিন বঞ্চিত থাকেন এবং জমি ফেরং পাওয়ার্ম জন্য মামলা-মোকশ্দমা দারের করে থাকেন সেক্ষেত্রে ল অব লিমিটেসান অনুযায়ী তাঁরা আই-নের আশ্রয় নিতে পারবেন কি পারবেন না। মোটামন্টি এইরকম সিম্পান্ত আমরা আইন পরামশ্দি।তাদের কাছে পাই যে সেকসান ৪ অনুযায়ী যদি আদেশ প্রদন্ত হয়ে থাকে তাহলে লিমিটেসান আইন সেখানে প্রযুক্ত হবে না। কিন্তু অন্যান্য ক্ষেত্রে লিমিটেসান আইনের ফলে তাঁরা কোন রকম মামলা করতে অধিকার পাবে না। তাছাড়া আর একটা সমস্যা দেখা গেল, সম্প্রতি মালিকদের নামে অনেক টাকা জমা পড়েছে, সেই টাকা তুলবার কোন রকম উপযুক্ত কর্তৃ পক্ষ রইল না যখন এই আইন বাতিল হয়ে গেল। এই তিনটি অসুবিধা দ্রে করবার জন্য আমাদের সরকার থেকে মনে হল যে একটা জর্বী আইন করা প্রয়োজন। সেই সময় আইন সভা চাল্ব না থাকার জন্য একটা অধ্যাদেশ জারী করা হয়েছিল। সেই অধ্যাদেশটি আইন আকারে এখন আপনাদের কাছে উপস্থাপিত করা হয়েছে।

[5-15-5-25 p.m.]

Mr. Speaker: There are now motions for circulation. Shri Gopal Banerjee may like to speak.

Shri Copal Baneriee:

মাননীয় স্পীকার মতাশ্য মন্ট্রিমতাশ্য এই আইন উত্থাপন করতে গিয়ে একটা দিকের সমস্যা জলেছেন। এই বিলটা যখন উত্থাপন করছেন তখন তিনি জমির মালিকদের যে সমস্যা সে সমস্যার কথা তিনি বিবেচনা করেছেন এবং তলে ধরেছেন কিন্ত এর আর একটা দিক আছে। এটা শুধু, জমির মালিকদের অথবা বাড়ীর মালিকদের সমস্যা নয়, আর একটা সমস্যা হচ্ছে সেই জাম যারা বেদখল করে আছে বা জবরদখল করে আছে তাদেরও সমস্যা। কোর্ট থেকে ষেসব আদেশ জারী করা হয়েছিল সেই আদেশ ভাল যদিও ১৬ আইনে জারী করা হয়েছে কিল্ড সেই আদেশগর্মাল কার্যকরী করবার দায়িত্ব ছিল প্রনর্বাসনের কিল্ড ১৯৫৩, ১৯৫৪, ১৯৫৫ সালে বিকল্প প্রের্থাসনের জন্য যেসর আদেশ কম্পিটেণ্ট কোট থেকে দেয়া হয়েছিল সেসৰ আদেশ বিহাবিলিটেসন ডিপার্টমেণ্ট কার্যকরী করতে না পারায় একটা চবম সমস্যা দেখা দিয়েছে। এখানে মন্ত্রীমহাশয় যে সমস্যার কথা তলেছেন সে সমস্যান কথা নিশ্চয়ই আমাদের প্রীকার করতে হবে কিম্ত যারা জমির মালিক তাদের অথবা হারা বাজীর মালিক তাদের বাড়ী ফেরং পাওয়া যেমন দরকার ঠিক তেমন দরকার যাবা সেখানে আছে যাদের জনা প্রধানতঃ আইনটা হয়েছিল সেকসন ৪, তাদের কথাও চিন্তা করা দরকার। সেকসন ৪এ ছিল প্রোটেকসন, রেফিউজি যারা দখল করে আছে তাদের প্রোটেকসন ছিল কিল্ড সেই প্রোটেক-সন বাস্তবে আজকে অচল হয়ে দাঁডাচ্ছে এবং সেটার কার্যাকারীতা কেন থাকছেনা, খাকছেনা এজনা যে এই আইনটার আয়ুম্কাল একবার বৃদ্ধি হয়নি, বারবার বৃদ্ধি হয়েছে কিল্ড সমস্যার কোন দিকটার সমাপন হচ্ছেনা। যারা মামলা করেছিল সেই জীমর মালিক বা বাড়ির মালিক তারা সে জাম বা বাড়ী ফেরং পাচ্ছেনা, শুধু আইনের আয়ুম্কাল বাডিয়ে তা সম্ভব হবেনা, কারণ বাস্তব সমস্যা হচ্ছে, যারা সেই বাড়ী দখল করে আছে তাদের যদি বিকল্প পুনর্বাসন না দেয়া যায় তাহলে সে বাড়ী ফেরং পাওয়া যাবেনা, আইনের মেয়াদ ৫ বছর বাডিয়ে দিলেও কিছ, হবেনা যদি রিহ্যাবিলিটেসন ডিপার্টমেণ্ট তাদের দায়িত্ব পালন না করেন। আ**ইন**টা আনছেন ভমি এবং ভমিরাজম্ব বিভাগ থেকে কিন্ত আসল যে সমস্যা সে সমস্যার সমাধান করতে গেলে পানবাসন বিভাগের বহা দায়িত্ব রয়েছে। পানবাসন বিভাগের চরম বার্থাতার জন্য এটা সম্ভব হচ্ছে না। যদি দেখা যায় সেখানে ৯।১০ হাজার পরিবারের উপর আদেশ জারী করা আছে যাদের বিকল্প পুনব^{ৰ্ণ}সন দিতে হবে কিন্তু তার মধ্যে বছরে বোধহয় ৫।৬ শো করেও দেয়া শচ্ছে না এভাবে যদি চলে তাহলে কতদিনে এটা হবে? সত্রেরং এই আইনের আয় ভকাল বাড়ানে সম্বশ্বে বিরোধিতা করাও বিপদ কিন্তু এর সাথে কতট্টকু যুদ্ধি, পানবাসন বিভাগের শুন্বকে গতিতে অগ্রসর হওয়ার দিকটা, সে সম্পর্কে তীব্র সমালোচনা না কবেও পারা বার না। র্যাদ মন্ত্রীমহাশয় এ সম্বন্ধে অবহিত না হন তাহলে এই আইনের আরো বোধ হয়

৫০ বার আয়্রহ্মকাল বিশ্ব করতে হবে। শ্বিতীয় আর একটা দিক ধাঁরা অকপান্ট আছে তাদের অবস্থা কি. এই আইনের মেয়াদ বাডিয়ে দেওয়া হচ্ছে কিন্ত তাদের পনেবাসন দেয়া रुष्क ना अवर ना एन्यात करन क्विजरातरात भागा व्यक्त वालक । ১৯৫৩ সালে कर्भागरोने অর্থারিটি কোর্ট অর্ডার দিলেন ক্ষতিপরেণ দিতে হবে-কত টাকা ১৯৫৩ সালে হল না ১০।১৫।২০ টাকার মত কিল্ড সেটা ১৯৬৪ সালে দাঁডিয়ে গেছে কয়েক শো টাকা এবং এই আইনের আয়ুকোল বুদ্ধির সুগো সুগো আর একটা জিনিস বাডছে, সেটা রেফিউজিদের উপর কমপেনসেসানের মাত্রা দিনের পর দিন বেডে যাচ্ছে। সতেরাং একদিক থেকে জিনিসটা দেখ ভূমি এবং ভূমিরাজম্ব বিভাগের দক থেকে আর একটা দিক আছে, যাদের সম্পর্কে আইন করা হল তাদের দিবার সমস্যা গভীর থেকে গভীরতর হচ্ছে। সতেরাং আইনে এর দিকটাও থে'ধে দেয়া একাত প্রয়োজন এবং প্রেক্সিন বিভাগ যদি এ সম্পত্তে অবহিত না হন তাহলে রেফিউজি-দের অবশ্থা আরো দার্ব্বহ হয়ে উঠবে। শাধ্ব এ নয়, আইনের আর একটা দিকও রয়েছে সেকসন ८ সেটা বিলের দৃই ধারায় বলা হয়েছে। সেকসন ৪এ কি ছিল. প্রোটেকসন কণ্ডি-সন্যাল অর্থাৎ ক্ষতিপূরণ যদি না দেয়া হয় তাহলে গ্রোটেকসান থাকবেনা, এই প্রোটেকসন অচল হয়ে ফারে ৷ এখন ক্ষতিপরেণের টাকা এমনভাবে বেডে যাচ্ছে যে রেফিউজিদের পক্ষে ক্ষতিপরেণ एकः कार्य शर्फ ना । कार्यताः जाएक कार्षः এই क्षिक्रमन ८० প্রোটেক্সন এটা ভাগলি**ড থাক্ছে** না এজন ে ক্ষতিপরেণ না দেয়ার ফলে তাদের উচ্ছেদ করে দেয়া হচ্ছে।

স্কারনার এই নের প্রথম দিকটায় স্মটা রয়েছে সেটা বোধহয় নিজেদের প্রবোধ দেওয়ার ব্যাপারে, যে যাদের উপর আদেশ ভারী হয়েছে, তারা তাদের আদেশগুলি কায়্কিরী ব্রবার জন্য তাদের ফার্ড কিছা সময় দেওয়া দরকার।

বাস্তবে আমার অভিজ্ঞতা হচ্ছে এই যে সে আদেশগুলি কার্যাকিরী করার জন্য ঐ competent authoric , protection, house bailding loan, alternative rehabilitation

ইত্যাদি ভূমি রাজম্ব বিভাগের অধীন নয়। তারা একটা <mark>আইন করে রাখলেন, বিদ্তু যাদের</mark> সেট কার্যকোশী করার কথা, তারা তা করছেন না।

Alternativ - rehabilitation

যেতেত্ কণিডশনাল এবং রিফিউজিদের পক্ষে এই

huge burden of compensation

প্রেণ কর। যাচ্ছে না বা তারা দিতে পারছে না। সূত্রাং তাদের কাছে এটা মিনিংলেস, এটা একটা সম্পূর্ণ ভয়া জিনিস হয়ে আইনে লেখা থাকছে। তাদের জীবনে কোন বাস্তব দান নেই. দিনেক পর দিন তারা শেষ হয়ে যাচ্ছে. এবং আসলে দেখা যাচ্ছে এটা রেফিউজিদের স্বার্থের জন। মোটেই নয়। যদিও দটে ধারার বলা হচ্ছে (১) উপধারায় লেখা আছে যে রেফিউজিদের স্বার্থে এটা কাষ্যকরী করার জন্য বাবস্থা রাখা হল। এটা লেখা আছে—বটে, কিন্তু তাদের উপর ক্ষতিপরেণ দেওয়ার যে বাকথা. সেইটাই হচ্ছে এই আইনের আসল উদ্দেশ্য। অর্থাৎ আইনে ফেটুক লেখা আছে. সেটা মোটেই রেফিউজিদের সাহায্য করবে না। এই আইনটা সামগ্রিকভাবে যদি এক্সটেন্ডেড হয় তাহলে রেফিউজিদের উপর একটা বার্ডেন বা বোঝা স্বর্প হবে এবং তাদের উচ্ছেদের একটা হাতিয়ার হয়ে দাঁডাবে। এটা বন্ধ করতে হলে— বিহুম্বিলিটেশন ডিপার্টমেন্টের তরফ থেকে ইনিসিয়েটিভ নিয়ে যাতে অত্যন্ত দুত গতিতে প্রুনর্বাসন দেওয়া যায়, তার বাবস্থা করতে হবে। সেটা যদি না করেন, তাহলে। এই আইন সাধারণ বে ফউজিদের কাছে আবাব একটা আক্রমণের হাতিয়ার হয়ে দাঁড়াবে। সেইজন্য আমার বস্তুর হচ্ছে যে এই আইনকে একেবাবে সরাসরি অপোজ করা খুব কঠিন, কারণ এতে মালিকের স্বার্থ রয়েছে, মালিকদের মধ্যে অনেকে সংখ্যালঘ_র রয়েছে। স,তরাং এই ভাবে অপোজ কর। ষায় না। িন্তু এর দ্বারা রেফিউজিদের উপর আরও দৃঃখ দ্বদশা বাড়বে সেটা বোকা ফাচ্ছে। এটা লাঘন করতে পারে পানবাসন বিভাগ। তাদের কথা বলচ্ছি, যে তাদের যে কথেতা ও অক্ষেণিতা, সেটা তারা দার করে, দারা বেফিউজিদের দঃখ, দর্দেশা দ্র করে তানের প্রেন র্বাসনের ব্যবস্থা করতে পারেন, এবং তবেই এই বিলের মাধ্যমে তারা উপকৃত হবে।

Shri Niranjan Sen Cupta:

মাননীয় স্পীকার মহাশয়, এই যে ন্তন আইন আনা হয়েছে, এই আইনের দুটো দিক আমাদের বিবেচনা করা দরকার । একটা দিক হচ্ছে জমির মালিকদের স্বার্থা, আর একটা দিক হচ্ছে জমির মালিকদের স্বার্থা, আর একটা দিক হচ্ছে অমির জামিতে যারা বাস করছেন, ভাদের স্বার্থা । এখন এটা ঠিকই যে, যে মালিকরা খুব ছোট জমির মালিক ও সংখ্যালঘু সম্প্রদায়ের লোক, ভাদের স্বার্থা নিশ্চয়ই আমাদের দেখতে হবে, এবং সেই দিক দিয়ে এই আইনের সময়কাল বৃদ্ধি করাটা হয়ত সমর্থানযোগ্য হতে পারে । কিন্তু এখানে একটা প্রশ্ন এশে পড়ছে, যে যারা এই জামতে বাস করছেন, সেই সব বাস্তুহারা ভাইদের সম্পর্কে আমারা এই হাউসে বহুবার এই প্রশ্ন ভুলেছি যে বাস্তুহারা ভাইদের প্নর্বাসন ব্যাপারে সরকারী গাফিলভি, বা সরকারের কোন পলিসি, কিন্দা নীতি আমাদের কাছে পরিক্রার হয়ে ওঠোন আজ পর্যাহত । এই কথা বারবার হাউসে বলা হয়েছে । আমার মনে হয় এই আন-অথারাইজত অকুপায়েড লান্ড-এ যারা থাকেন, বা কেনারাটার্সা কলোনিতে যারা থাকেন, ভাদের সমস্যা, বটো মাননীয় সদস্য গোপাল বানাজী মহাশয় বলে গেলেন, এখানে বহুবিধ । ভাছাড়া, বাস্তুহারাদের অন্যানা সমস্যাও আছে, এই সমস্ত জিনিসগর্বাল ভিল করবেন প্নর্বাসন বিভাগ । কিন্তু এই আইন এনেছেন মাননীয় শ্যামানাস ভট্টাচাজী মহাশয়, লান্ড এনিড লাান্ড রেছিনিউন মন্ত্রী।

[5-25-5-35 p.m.]

পুনের্বাসন বিভাগের কাছে এই নিয়ে আলাপ আলোচনা করতে বহুবার আমরা গিয়েছি কিন্তু আমি একথা বলবো এত বংসর ধরে আলাপ আলোচনার ভিতরে আমরা সরকারী নীতির কোন কিছ্ন ই হদিস পাইনি। বিভিন্ন সময়ে বিভিন্ন পরিকল্পনা তাঁরা করেছেন, এই স্কোয়াটার্স करलाती प्रस्तुत्थ श्रीवकल्शना कर्त्वाकन আচ্চা ১৯৫১ সালে यात्रा अथात्न अला स्मरे वान्छरात्रा ভাইবোনেরা, ১৫ বংসর পর, কি ১৪ বংসর পর, তাদের ঘাডে এত কমপেনসেশন জড় হুরেছে যে আজকে সেই ক্মপেনসেশনের বোঝা সেই ক্মপিটেন্ট অর্থারটি দিয়ে তাদের উপর চাপান হচ্ছে এটা না হতে পারতো র্যাদ তারা প্রনর্বাসন পেতো। বাস্তৃহারা ভাইবোনেরা ১৯৫১ সালে এসেছে '৫১ '৫৩ কি '৫৪ সালেও যদি তারা পনের্বাসন পেতে। তাহলে এই কমপেনসেশনের এত বোঝা তাদের উপর যেতো না। সতেরাং আজকৈ একথা বলা দরকার যে বারবার আপনারা সময় নিচ্ছেন, সময় এমনভাবে নিচ্ছেন যে এটা না হলে অনা কতকগলে লোকের সর্বনাশ হবে কিল্ড যে সর্বনাশ আপনারা বিচার করে আজকে বাস্তহারাদের ব্যাপারটা আপনাদের চোথের সামনে দাঁডাচ্ছে না কেন? আপনাদের দাণ্টিভণ্গীতে গিয়ে দাঁডাচ্ছে না কেন এই আমার প্রশান। আমি জানি আমি দেকায়াটার্স কলোনীর ভিতরে থাকি, সেই অণ্ডলের বহু, জিনিস আমার চোখের সামনে পড়েছে এই বিলের আওতায় সেগ্রালি আসে না কিল্ড সেগ্রালি আজকে পরি-দ্বার হওয়া দরকার যে আডকে সময় বাডিয়ে সেই দ্বোয়াট স কলোনীর লোকদের আরো বিপদে ফেলছেন। হাজার হাজার টাকা তদের উপর ধার্য হচ্ছে, কমপেনসেশন মানি, কন্সিডারেশন মানি. তার হাত থেকে তাদের রেহাই দেবেন কি করে? সতেরাং আজকে সরকারের কর্তব্য যে অবি-**मा**ट्य जात्मत श्रानर्था मृत्या करा। आहेन वश्मरतंत्र भत्न वश्मत वाजात्म कि जात्मत श्रानर्थामन হবে ? হবে না। আজকে সেদিকে আপনাদের দুটিউভংগী নেই কেন সেটাই আমার জিজ্ঞাসা। আমি গেল বাজেট সেসনে একটা কথা বলেছিলাম আপনাদের এখন দণ্টিভংগী হচ্ছে নতন যারা আসছে তাদের প্রতি। নিশ্চয়ই তাদের সম্বন্ধে আপনারা ব্যবস্থা করবেন কিন্তু যারা পরো-তন বাস্তৃহারা আছে, অনেক ক্যাটিগরির বাস্তৃহারা আছে এবং তার ভিতরে স্কে য়াটার্স কলো-নীতে যারা এই আন-অথরাইজড লাাণ্ডে আছে তাদের দুর্দশার সীমা নেই। তারা জিনিসগ**্লি** তৈরী করলো অথচ তাদের সেই তৈরী করার উপরে কোন রকম দায়িত্ব দিচ্ছেন না এবং তাদেরই আপনারা উৎখাত করার চেম্টা করছেন এই আইনের মারফং। এই আইনের মারফং হচ্ছে কি? আপনারা বহু জায়গায় উৎখাতের নোটিশ দিয়েছেন সেই নোটিশ বন্ধ করার জন্য আপনারা তাদের লোন দিচ্ছেন না, কোন রকম সাহায্য করছেন না, সতুরাং আমার বন্তব্য হচ্ছে যে আইনের মেয়াদ বাড়ালে কিছু, হবে না, আইনের মেয়াদ বাড়াবেন তখনই যখন আপনাদের সূত্রী, পরিকল্পনা থাকে, আপনাদের কোন সুষ্ঠা পরিকল্পনা নেই বাস্তৃহারাদের

জন্য। স্তরাং আমি মন্দ্রী মহাশয়কে বলছি যে আপনারা এই জিনিসটা বিচার করেই দেখুন যে আপনাদের সামগ্রিক নীতি আজকে পানুনর্বাসনের দিকে বাচ্ছে, না এদের আরো দুর্দানার মধ্যে ফেলে দিতে বাচ্ছেন এদিকে আপনাদের দুর্ঘি দেওরা উচিত। আপনারা কমপেনসেশন মানি সম্পর্কে—এত জিনিস যে জারগায় আপনাদের উপর আরোপ করা যায়, যেটা সমগ্র বাস্তুহারারা বলছে বারে বারে, আমিও এই হাউসে বর্লোছ, স্কুতরাং আমি প্নর্বাসন মন্ত্রী মহোদয়কে বলবো এবং শ্যামাদাসবাব্রেও বলবো যে এই আইন বাডিয়ে আপনারা কি করবেন সেটা আপনারা পরিব্লার করে বল্ন যে আপনাদের কি নীতি, কবে পানুর্বাসন হবে এদের। এদের পানুর্বাসন হওয়া মানে আইনের মেয়াদ আর বাড়াতে হবে না। আইনের মেয়াদ বাড়িয়ে আপনারা এটা ফেলে রাখবেন, ওদের উপর কমপেনসেশন হবে এবং জ্মির মালিকরাও তাদের ক্ষতিপ্রণ পাবে না এই যে অবন্ধা এই অবন্ধার গরিবর্তন আপনারা কিভাবে আনবেন তার একটা স্কুট্র নীতি আপনাদের বলা দরকার। এই অনুরোধ করেই আমি এই জিনিসগুলি আপনাদের দ্বিটর ভিতর আনলাম।

Shri Nikhil Das: I beg to move that the Bill be circulated for eliciting opinion thereon by 31st October, 1964.

মাননীয় স্পীকার, স্যার, আমাদের এ্যাক্ট ১৬ অব ১৯৫১ যেটার রেফারেন্স আমাদের মিনি-দ্যার দিয়েছেন এটা যখন আমাদের সামনে আনেন। এাক্ট ১৬ অব ১৯৫১ আজকে অচল হরে গিয়েছে। এই যে নৃতন আইনটি তিনি আনছেন এই আইনে এাক্ট ১৬ অব ১৯৫১ সার্টেন প্রতিসনস আছে সমুস্ত প্রতিসনস নেই। কি প্রতিসন উনি রেখেছেন? সেই প্রতিসন ঘাতে এভিক্ট করা যায়। যে প্রভিসন শ্বারা এভিক্ট করা যায় সেই প্রভিসনই মাত্র আছে. অন্য সব বিহ্যা-বিলিটেশন সাইডেব যে প্রভিসন সে প্রভিসন কিছু নেই। সূত্রাং এটা এ আইন নয় বে, পুরোণো যে আইনটা ছিল তার মেয়াদ উনি বাড়াতে যাচ্ছেন। সে প্রণন নয়, এখানে প্রণন হচ্ছে যে সেই পরোনো আইনটা বাতিল হয়ে গিয়েছে কিন্তু পরোণো আইনে এভিকশনের যে জার-গাটা ছিল যে প্রভিশনটা ছিল সেই প্রভিশনটাই এই আইনের মাধ্যমে উনি বাচিয়ে রাখতে हात्क्रम । स्मिटेकमा आमि वनाउ हारे बरे आरेट्स तिर्गाविनिएम्स कथाणेत कान वर्ष तिरे। আপুনি যদি দেখেন, ওবা পরিকার করে বলছেন যেটা ঐ সেকশন ২-তে. যে যদিও আইনটা অচল হয়ে গিয়েছে তব্যুও যদি আনঅথারাইজড অকুপেশনে কোন নন-রেফিউজি থাকে তাকে এভিক্ট করার জন্য যে প্রমিডিং মাছে সেগ্রাল চলতে থাকবে এবং যদি কোন লোককে অন্য জায়গায় অলটারনেটিভ এাকে মডেশন দিয়ে থাকে সে যদি তার বাডী না ছেডে দেয় তাহকে তার উপর যে এভিকশন অর্ডার সেটা চলতে থাকবে এবং তার উপরে যে কমপেনসেশনের অর্ডার হয়েছে সেই ক্মপেনসেশনটা কন্সিডারেশন মানি যদি না দেয় তাহলে তাকে যে এভিকশন কর-বার অর্ডার দেওয়া হয়েছে সেটা চলতে থাকবে। অর্থাৎ এই তিন ধরণের যে এভিকশন করবার অমিধকার পরোণো এনক্টে ছিল সেই অধিকারটা রেখে এই বিলটি আমাদের সামনে এনেছেন এবং নামটা রেখেছেন রিহ্যাবিলিটেশন অব ডিসপেলস্ড পার্সন্স। এটা লম্জার কথা এবং খবে দ**ংথের** कथा य आहे ১৬ অব ১৯৫১ य পার্পানে, य উদ্দেশ্য নিয়ে হয়েছিল সেই উদ্দেশ্যের अना সমুষ্ঠ বাদ দিয়ে আজকে নির্লুভেলর মত সরকার উন্বাস্তদের উৎপাতের যে জায়গাটা সেটা রেখে নতন একটা বিল আকারে এনে আমাদের কাছে এই আইনটি উপস্থাপিত করছেন। আমরা বারবার এই হাউসে এ্যাক্ট ১৬ অব ১৯৫১-এর অ্যামেণ্ডমেন্ট সাজেন্ট করেছি. আমি আশা করেছিলাম যে এই বিলটা যা আসছে তা এ্যান্ট ১৬ অব ১৯৫১-এর কতকগুলি প্রভিশন এর আমেণ্ডমেণ্ড আসবে সেটা হচ্ছে যে ১৯৫০ সালের ভিতরে যারা এসেছে তারাই মাত্র স্কোয়া-টার্স কলোনীতে থাকবার যোগা–-আমরা **আাপিল করেছিলাম** বারবার যে এটা ১৯৫৭ **সাল** পর্যনত বাড়িয়ে দেওয়া হউক যা ইন্ট পাঞ্জাব-এ হয়েছে। ইন্ট পাঞ্জাব-এ ক্কোটার্স কলোনাতে তারা স্থারাইজড হয়েছে যারা ১৯৫৭ সাল পর্যন্ত এসেছে। কিন্তু সামাদের বাংলাদেশে সামা-দের যে পররাণো আইন ১৯৫০ সালে খিল কিন্তু ১৯৫০ সালের পর বারবার দাপা হয়েছে, তারপরে বহু লোক এসেছে তাই আমরা আপীল করেছিলাম যে ঐ পুরাণো আইনটা পাল্টানো হউক এবং পরিচয় পরের জায়গায় ১৯৫০ সালের পরিবর্তে ১৯৫৭ সাল করা হউক—এই অ্যামেন্ডমেন্ট আমরা বারেবারে এই হাউসে এবং আমাদের প্রনর্বাসন মন্ত্রী তার দুশ্তরে ধখন আমাদের আলোচনা হত তথন বারবার বর্লোছ। আমরা বর্লোছ পরিচয় পত্রের ব্যাপার—দেখানে

এমন কডাকডি ব্যবস্থা আছে তাতে রিফিউজী প্রমাণ করা একরকম অসম্ভব। ওপার **খেকে** বাড়ীঘর পড়ে গেছে. মা-বাপকে হারিয়ে লোকে এসেছে পরিচয় পত তারা কি পকেটে করে নিয়ে আসতে পারে—যে পূর্ববঙ্গ থেকে কোন তারিখে সে এখানে এসে পে**'ছিছে, রিন্ত হয়ে** এসেছে, সে নেহাৎ নিঃম্ব হয়ে এসেছে, পোডা বাডীঘর ছেডে ওপার থেকে এসেছে, কেউ মা-বাপ-কে ফেলে ওপার থেকে এসেছে সে কি আগে থেকে তৈরী হয়ে আসবে যে কি করে পরিচর পত্র আনবে? কিন্ত পরিচয় পত্র যদি সে দেখাতে না পারে তাহলে সে উন্বাস্ত বলে গণ্য হবে 'না। এখানে থাকবার অধিকার হবে না। আমরা একটা আমেণ্ডমেন্ট বারবার সাজেন্ট করেছি যে সার্কামস্ট্যানসিয়াল এভিডেন্স-এর ব্যাপার দিয়ে এই লোকগুলিকে রিফিউজী বলে স্বীকার করে নেওয়া হউক। সে কোন দেশী কথা বলে সে এখানে আগে থেকে চাকরী করত কী না এই ধরণের ব্যাপার দিয়ে সার্কামস্ট্যানসিয়াল এভিডেন্স-এর ব্যাপার দিয়ে তাদের পরিচয় পর দিয়ে তাদের রিফিউজি হিসাবে গণা করা হউক। কিন্তু আমাদের এই কথা বারবার অগ্রা**হ্য** হয়েছে। এই রকম একটা এামেন্ডমেন্ট আসা উচিত ছিল। তারপর তিন নন্বর কন্পেনসেশন মানি হিসাবে যে টাকাটা রিফিউজিদের ঘাডে এসে বছরের পর বছর চাপছে সে টাকা তাদের পক্ষে দেওয়া সম্ভব নয় এবং সেটা রিহ্যাবিলিটেশন দেরী হবার ফলে সেই টাকাটা বোঝা হিসাবে তাদের ঘাডে চাপছে আমরা আপীল করেছিলাম যে কন্সিডারেসনের যে জায়গাটা ক্মপেনসেশনের থে জায়গাটো সেই এা**রু** ১৬-এ আছে সেটা আপনারা অ্যামেন্ড করুন। এই তিনটি আমে ডমেণ্ট করলে স্কোয়াটার্স কলোনীর রিফিউজীদের প্রপার রিহ্যাবিলিটেশন-**এর যে** জায়গা সেটা খ*্লে* যেত। আজ দ**্রংথের ব্যাপার ল**ঙ্জার ব্যাপার এই যে এই তিনটি জায়গায় এ৷৷মেন্ড করে তারা বিল নিয়ে আসবেন আমরা আশা করেছিলাম কিন্তু সেই তিনাট জায়গা দিয়ে যাতে তাদের এভিক্ট করা যায় সেই সর্ত নিয়ে আজকে এই বিল হাজির হয়েছে। এর চেয়ে লম্জার বাপোর আর কিছু নেই। অথচ এই বিলের হেডিং হচ্ছে রিহাা বলিটেশন অব ডিসংলেসড পার্সেনস স্যার, আপনি পড়ে দেখবেন যে কোথাও বিহ্যাবিলিটেশন বলে একটি শব্দও নেই। এই বিলের ধারাগালি যদি পড়েন তাহলে দেখবেন রিহ্যাবিলিএেশন লে একটি শব্দ কোথাও নেই. এভিকশন অফ পার্সনস ছাডা আর কোন শব্দ নেই। এর চেয়ে লাজ্জার বিষয় আর কিছু নেই। মাননীয় স্পীকার মহাশ্রু এই প্রসঞ্জো আমি আরও দুই একটি কথা আপনার মাধামে আমি রাখতে চাই তা হচ্ছে এই যে ১৯৫০ সাল থেকে স্বর্ করে আমাদের কলকাতা সহরের বাইরে এবং কলকাতার আশেপাশে দুমদুম থেকে স্বর্ করে প্রায় চাকদা পর্যন্ত এবং হাওড়াতে ৬ থেকে ৭ লক্ষ্ণ লোক এই দেকায়াটার্স কলোনীতে আছে। আমি জিজ্ঞাসা করি এদের মধ্যে কতজনকে রিহ্যাবিলিটেট করেছেন-কয়-জ্বনকে জমির মালিকানা তারা দিতে পেরেছেন. কয়জনকে জমির অধিকার তারা দিতে পেরে-ছেন। আমি বলি একথা বললে অসতা বলা হবেনা একজনকেও আজ পর্যন্ত তারা জমির মালি-কানা দিতে পারেন নি। জমির মালিকানা স্কোয়াটার্স কলোনীর কোন রিফিউজি আজ পর্যস্ত পাইনি। কিন্তু তা:নর হিরুদেধ এভিকশন অর্ডারগনুলি আসছে, সেগনুলি যাতে বাতিল না হয়ে ষার, মন্ত্রীমহাশয় বললেন যে ১২ বছরের অধিক যদি আমরা সেই জারগায় থাকি তাহলে আমা-দের একটা অধিকার হয়ে গেল ১২ কছরের অধিকার মালিকরা আমাদের আর উৎখাত করতে পারবে না-সেজনা মালিকদের রক্ষা কবচ করে দিলেন যে ১২ বছরের পরও যদি আমরা থাকি তাহলে মালিকরা এই আইনের বলে আমাদের উৎখাত করতে পারবে। সেই রক্ষা কবচ করবার জন্য মালিকের স্বার্থে যাতে মালিক এভিকশন করতে পারে তারজন্য আজকে এই বিল আনা হয়েছে। তাই আপনার মাধামে এই কথা অতান্ত জোরে বলতে পারি উদ্বাস্তুদের এভিকশন করবার জন্য এই বিল আনা হয়েছে। এই বিলকে আমরা সমর্থন করতে পারি না। [5-35-5-45 p.m.]

আমি স্যার, আপনার মাধ্যমে আবার মন্ত্রীমহাণয়কে অনুরোধ করব যে নতুন করে একটি বিল আমাদের সালনে আন্ন, এয়াক্ট অব ১৬ এব ১৯৫১ সে ডিফেইগর্নলি ছিল সেই ডিফেক্টগর্নলি ছিল পরিচয় পরের ব্যাপারে, তা ছিল কে কবে এসেছে সেই ব্যাপারে, তা ছিল কম্পিডারেশন এবং কম্পেনসেশন-এর ব্যাপারে-এই ডিফেক্টসগর্নল শুধরিয়ে নতুন আকারে একটি বিল আস্কুক বাস্ত্র পক্ষে ঠিক ঠিক ভাবে স্কোয়াটার্স কলোনীর উম্বাস্ত্রদের পুনর্বাসন হতে পারে এই সম্পর্কে একটি বিল আসন্ক আমরা স্বাগত জানাব মন্দ্রীমহাশরকে। কিন্তু বর্তমান বিল তাদের উৎথাত করার জন্য আনা হয়েছে এবং এই বিল আমরা পাশ করে দেব—লাখ লাখ উদ্বাস্তু যারা স্কোয়াটার্স কলোনীতে পড়ে আছে তারা অভিশাপ দেবে—রে আমাদের প্রনর্বাসনের কোন ব্যবস্থা হল না অথচ তোমরা আইনসভা থেকে আমাদের উৎথাতের ব্যবস্থা করলে তার কি জবাব দেবেন শ্যামাদাসবাব তা আমি জানিনা। আমাদের প্রবর্তমন মন্দ্রী এখানে বসে আছেন—তিনি জানেন তার অভিজ্ঞতা আছে, তিনি যদি তার অভিজ্ঞতাকে সতা হিসাবে গ্রহণ করতে চান তাহলে তার কাছে আবেদন করব যে বিলকে এভাবে না এনে এয়াই ১৬ অব ১৯৫১-কে রিমডেল করে স্কোয়াটার্স যাতে ঠিক ঠিক ভাবে রিহ্যাবিলিটেট হতে পারে যে সমশ্ত ডিফেইস-এর কথা বললাম সেগ্রিল সংশোধন করে নতুন বিল তিনি আন্ন তাহলে আমরা সমর্থন করব। কিন্তু বর্তমান বিলকে সমর্থন করতে পার্রছি না, সেজন্য সাকুলেশন-এ দেবার জন্য আমি প্রস্তাব রেম্বেছি।

Shri Gopal Basu:

মাননীয় স্পীকার স্যার, বিলটা এনেছেন শ্যামাদাসবাব্, বিষয়টা হচ্ছে আমাদের পরিরাণ মন্দ্রী শ্রীমতী আভা মাইতি। এতেই বোঝা যায় যে এই বিলের পিছনের উন্দেশ্য রিহ্যাবিলিটেশন নয় উদ্দেশ্য হচ্ছে ওদের উচ্ছেদ করবার জন্য আরও কিছু ব্যবস্থা করা। এই সরকার যখনই বা করেন তার মধ্যে একটা মোটিভ থাকে। সেই মোটিভটা হচ্ছে যাতে মালিক শ্রেণী, শ্রেণী হিসাবে তাদের স্বার্থ কি করে রক্ষা করা যায় তারা সেটা ভাবেন। আর তা নইলে যদি এটা উদ্বাস্তদের স্বার্থ বক্ষা করার জন্য হত তাহলে ঐ ঝাঁটাটা শ্রীমতী আভা মাইতি হাতে নিতে পারতেন, শামোর হাতে তলোয়ার তলে দেবার কোন প্রয়োজন ছিল না। সেজন্য বলছি এটা উদ্বাস্তদের রক্ষা করার জনা নয় উন্বাস্তদের উচ্ছেদ করা এবং জমিদার এবং বাডীর মালিক যারা কায়েমী স্বার্থানেবয়ী-দের হাতে উচ্ছেদ করবার একটা হাতিয়ার তলে দেওয়া হচ্ছে। এবং এই সরকারের যা কিছু দেখবেন যেন একটা সরকারের কাজ করছেন ন বিভিন্ন ডিপার্টমেন্ট-এ বিভিন্ন ধরণের— যখনই তারা কাভ করেন এক ডিপার্টমেন্ট-এর সঙ্গে অপরের ডিপার্টমেন্ট-এর কোন যোগাযোগ থাকে না। এবং কৃতিন্তের দিক থেকে সব ডিপার্ট'মেন্টই সমান। "্যামাদাসবাব, আজ এই বিলটা এনেছেন সতুরাং তাঁকে এই প্রসঙ্গে কিছু বজার সুযোগ আমার দটেছে। এই প্রসঙ্গে আমি আপ-নার দুভি আকর্ষণ করতে চাই যে এর আগে আমি মাননীয় মন্ত্রী আভা মাইতিকেও এই বিষয়ে আমি জিজ্ঞাসা করেছিলাম এবং তাঁর দূটি আকর্ষণ করেছিলাম বিশেষ করে বিজয়নগর স্কোয়া-টার্স কলোনী সম্পর্কে যে সেই স্কোয়াটার্স কলোনী আর্গিকউজেশন করার সম্পর্কে সমুহত প্রসিডিং কর্মাপ্লট হয়ে গিয়েছে, শুধু অ্যাওয়ার্ড প্রসিডিংটা বাকী এবং অ্যাওয়ার্ড প্রসিডিংস করে পজেশন সার্টিফিকেটটা কেবল বাকী। এই '৬৪-এর মার্চ বছর শেষ হল সেই কলোনীকে রেগলোরাইজ করার জন্য পজেশন নেবার জন্য সরকার থেকে প্রায় ১ লাখ ৮০ হাজার টাকা বরান্দ করা হল-এবং গত সেসনে আমি প্রনর্বাসন মন্ত্রীর দূষ্টি আকর্ষণ করেছিলাম, এবং তখন কি হল জান য়ারী মাসে আমাদের ল্যান্ড আকিউজেশন অফিসার উনি বলে পাঠালেন ২৪ পরগণায় জানুয়ারী মাসে রিপোর্ট দিলেন আমি এটা পারব না আমার হাতে লোক কম, আমি টাকা পেলেও আমি তার পজেশন নিতে পারব না। এর চেয়ে লম্জার কথা ঘূণার কথা আর কি হতে পারে। আমি বলি শ্যামাদাসবাব, এবং শ্রীমতী আভা মাইতি এর কি জবাব দেবেন ? আসল কথা হচ্ছে আপনারা রিহ্যাবিলিটেশন-এর কথা চিন্তা করছেন না কেবল গালভরা বুলি বলেন অথচ আপনাদের ডিপার্টমেন্ট অপদার্থ, আপনারা মন্দ্রীরা অপদার্থ, কেউ মুখ তলে এসব ব্যাপারে আপনারা তাকান না। অথচ আভা মাইতি আমাদের বলেছিলেন হাইকোর্টের একটা অর্ডার আছে। কোন অর্ডার নেই একথা আমি তাঁকে বলতে পারি এবং অনায়াসেই আপনারা করতে পারেন। টাকা পয়সা না দিলে শূধ্য সার্টিফিকেট ইসার কর্মন, তাতে টাকার দরকার নেই। ১৯৬২ সাল থেকে মামলা করছে এবং বারাসতে তার শেষ শুনানী হয়েছে। যে কয়টা হয়েছে সব কয়টাতে উচ্ছেদ হয়েছে। আপনাদের প্রনর্বাসন বিভাগ তাদের প্রোটেকসন-এব জন্ম কিছা করতে পারছে না। আপনারা তাদের পজেসন সার্টিফিকেট দিন, দাম পরে ঠিক কর্ম। এই পজেসন সার্টিফিকেট পেলে তারা কোর্ট থেকে রিলিফ পেতে পারে। কিন্ত প্রের্বাসন বিন্দাগ, ভূমি রাজ্ঞস্ব বিভাগ থেকে তাদের সাটেল কক-এর মত ঘোরাচ্ছে। আপনারা এইসব কর-ছেন কাজেই সংশ্লিণ্ট দশ্তরের দূল্টি আমি আকর্ষণ করছি। আপনারা মালিকদের হাতে হাতিরার তুলে দিচ্ছেন কাজেই আমি সমর্থন করতে পারছি না।

Shri Apurba Lal Majumdar: I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1964.

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলের সংগে সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয় বেভাবে এই বিল বিধান-সভায উত্থাপন করেছেন এবং যেভাবে তাঁর বস্তব্য রাখলেন তাতে মনে হোল উন্বাস্ত পনের্বাসনের भर्ट छेट्निमा नित्र जिनि এই विन উত্থাপন করেছেন এবং দুই তরফের অর্থাৎ যারা দখল করে আছে এবং যাদের বাড়ী দথল করেছে তাদের উভয়ের মুস্কিল আসান করবার জন্য এই বিল এনেছেন। কিল্ড বিলটি পড়ে দেখলে দেখা যাবে এটি কিছুই নয়। কিছু সংখ্যক উদ্বাস্ত যাদের বিরুদ্ধে কম্পিটেন্ট অর্থারটির রায় আছে সেই রায় যাতে একজিকিউট করতে পারে তাদের **मिथान थिएक एक्ट्रेश** पिएल भारत स्मिटेकनाई **এই আইন হয়েছে। এই আইন ১৯৫১ मालে**व जाउँ ১৬-এর কোন এ্যামেন্ডমেন্ট নয়—এইটি সম্পূর্ণ একটি নতেন আইন। সেই আইনে এভিকসন-এর যে প্রসেস, উদ্বাহত উচ্ছেদের যে ধারা আছে এই প্রতিসনে সেই বাবহথা করা হয়েছে। শ্যামাদাসবাব কে বললে কথাটা খাব খারাপ শোনাবে কিল্ড তবাও বলি। যদিও এর নাম রিহ্যা-বিলিটেনস অব ডিসপ্লেসড পার্সন্স, কিন্তু উইথ অল হিউমিলিটি আমি তাঁকে বলতে চাই এই হিপোক্রেসীর কোন মানে ছিলনা। এ।। ই ১৬ অব ১৯৫১-এ উদ্বাস্তদের প্রোটেকসন দেওয়া হয়েছে এবং সেই প্রোটেকসন-এর সেকসন ফোর-এ গভর্নমেন্ট-এর উপর ইনকামবেন্ট ছিল টু কেরি আউট সাম রেসপনসিবিলিটিস্। কিন্তু স্পীকার মহাশ্রু গভন-মেন্ট হ্যাজ টোটালি ফেইলড টু কেরি আউট দোজ রেসপ্রনির্বালিটিস। রিহ্যাবিলিটেসন ডিপার্টমেন্ট-এর যিনি মন্ত্রী তিনি এখানে আছেন বলে আমি কথাটি খবে গরেত্ব দিয়ে বলতে চাই। ১৯৫১ থেকে আরম্ভ করে ১৯৫৭-৫৮ সাল পর্যন্ত এাাক্ট ১৬ অব নাইনটিন ফিফটিওয়ান-এ বাংলাদেশে যাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে এবং যারা প্রোটেকসন পেয়েছে আন্ডার সেকসন ফোর অব দি সেড এ্যাক্ট তাতে আমি শ্যামাদাসবাব্র কাছে জানতে চাই যে কি অপরাধে এই ১২।১৩।১৪ বছর পর্যদ্ভ আপনারা সেই সেভারেল থাউজেন্ড ফার্মিলীস-কে পুনর্বাসন দেননি? আপনাদের কি উদ্দেশ্য আছে? সেকসন ফোর-এ ডিস্ট্রিক্ট জজ বা কম্পিটেন্ট অর্থারিটি কোলকাতা এবং ২৪ প্রগণায় এই রায় দিয়েছে যে, ইট ইজ দি ভিউটি অব দি গভর্মেন্ট তাকে হাউস বিল্ডিং লোন একটি আলাদা বাড়ী তৈরী করে প্রের্বাসনের ব্যবস্থা করতে হবে।

[5-45-5-55 p.m.]

নিকাশী হাটের কাছে ধানী জনির কথা বলেছেন এবং সেধানে যে মার্টি ফেলেছেন সেই মার্টি ব'সে গেলে রাস্তা পাকা করবেন—এটা ঠিক কথা। আমার প্রশু হ'ল, এর গায়ে দুখান স্থায়ী ঘর রয়েছে ব'লে সেখান দিয়ে গায়ে গায়ে গাড়ী চলতে পারে না কাজেই তাড়াতাড়ি সেটা দখল করবেন কিনা ?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

দর্খন পাবার জন্য চেট। চনছে। কাজেই মাননীয় সদস্য যদি এ ব্যাপারে আমাদের সাহায্য করেন তাহ'লে তাল হয়।

Mr. Deputy Speaker: Questions over.

UNSTARRED QUESTIONS (to which written answers were laid on the table)

Non-Muslims from East Pakistan to West Bengal

- 1. (Admitted question No. 10.) Shri Somnath Lahiri: Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—
 - (a) how many non-Muslims came over to West Bengal from East Pakistan, since the last riots in Khulna, East Pakistan;
 - (b) how many of such persons applied for assistance to the Government;
 - (c) how many have been given assistance by the Government; and
 - (i) what is the nature of such assistance?

The Minister for Refugee Relief and Rehabilitation: (a) 414,442 till 10th July, 1964.

- (b) Strictly speaking, no written application is received direct by Government. Those who intend to go to Dandakaranya apply personally at the Checkposts or at Reception Centres. The number of such persons to date is 148,505 who have actually left for Dandakaranya and 2,042 whose movement is due on 24th or 25th July, 1964, 150,547 persons wanted to go to Dandakaranya. Among those who stayed back in West Bengal available reports from 5 districts excluding 24-Parganas show that a little over 52,000 persons presented themselves for gratuitous relief out of whom nearly 50,000 people were accepted for such assistance by Government.
- (c) 150,547 for rehabilitation in sites outside West Bengal and to nearly 50,000 through gratuitous relief in 5 districts excluding 24-Parganas from which district figures are not available.
 - (d) Assistance is of two types:
 - (i) Offer of rehabilitation in Dandakaranya or in other States,
 - (ii) Gratuitous relief in near starvation condition.

For such persons as in (i), food, clothing, utensals, journey allowance, railway warrants are also provided. For (ii), up to 11th June, 1964, gratuitous relief was given in near starvation cases for the maximum period of three months only at the rate of Rs. 18 per adult and Rs. 9 per minor per month. Since 11th June, 1964, only gratuitous relief at normal rate, that is, Rs. 4 per adult and Rs. 2 per minor per month is available.

Demarcation of the wards of the Corporation of Calcutta

- 2. (Admitted question No. 15.) Shri Somnath Lahiri: Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to state—
 - (a) whether any suggestions or recommendations have recently been received from the Corporation of Calcutta regarding the redemarcation of constituencies for elections to the Corporation;
 - (b) if the reply to (a) is in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—
 - (i) what these suggestions or recommendations are; and
 - (ii) what action, if any, is being taken by the Government in regard to these suggestions?

The Minister for Local Self-Government and Panchayats: (a) and (b) The Calcutta Corporation by resolutions adopted at its meeting held on the 30th December, 1963, recommended an increase of the number of its wards to 100, each ward comprising about 15,000 voters, and suggested delimitation of the proposed wards as indicated in a plan without specifying their Locadaries. At the request of the State Government, the Commissioner, Calcutta Corporation, then furnished a description of the boundaries of the proposed wards. The demarcation of the words suggested by the Commissioner was scrutinised in detail by the Registering Authority, an officer appointed by the State Government, and necessary readjustment of the boundaries was suggested by him with a view to keeping the voting strength per constituency between 13,000 and 18,000. The delimitation of the wards suggested by the Registering Authority has been accepted by Government and incorporated in the Calcutta Municipal (Amendment) Bill, 1964.

Irrigation Schemes for Murshidabad district

- 3. (Admitted question No. 46.) Shri Sanat Kumar Raha:
 স্কেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিয়াশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
 - (ক) মুশিদাবাদ জেলায় কুদ্র ও মাঝারি সেচ কার্যের কোন পরিকল্পনা আছে কিনা ; এবং
 - (খ) পরিকলপনা থাকিলে, কোথায় কোথায় ঐ পরিকলপনা কার্যকরী করা হইবে ?

The Minister for Irrigation and Waterways:

- (क) সেচ ও জলপথ বিভাগের এইরূপ কোন পরিকল্পনা নাই।
- (খ) প্রশ উঠে না।

New industrial units

- 4. (Admitted question No. 58.) Shri Sanat Kumar Raha: বাণিজ্য ও শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
 - (क) পশ্চিমবঙ্গে বিগত ৫ বছরে নৃতন শিলপ সংস্থানের সংখ্যা কত; এবং
 - (খ) তাহার মধ্যে কোনু শিলপ কোনু বছর লাইসেন্স পাইয়াছে ?

The Minister for Commerce and Industries:

- (ক) শিল্প (উনুয়ন ও প্রবিধান) বিহিতক অনুযায়ী লাইসেন্সপ্রাপ্ত নুত্রন শিল্পসংস্থার সংখ্যা ২৫১টি।
 - (খ) সংলগু তালিকায় বণিত হইল।

Statement referred to in reply to clause (kha) of Unstarred Question No. 4

ৰৎসর	देखिनीयांदीः क्यना		বয়ন শিল্প ভেষ		ভেষজ শিল্প	অন্যান্য রাসায়নিক শি		ৰোট	
	(₹)		4)	<u> </u>	পাট	-	.,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,,	•	
	ধাত্তব যহ	বৈদ্যুতিব পোতি সম্প							
6066	50	૨૭		ર		>	¢	១	88
১৯৬০	১৮	২৩	ર	၁		>	50	>8	95
১৯৬১	59	२೨	8				్	ર	68
১৯৬২	œ	b	50	٩		೨	ર	>	85
うるら の	9	৯	25	8			Ø		86
যোট	৫٩	৮৬	83	১৬		Ø	२७	₹0	२७३

Zilla Parishads

- 5. (Admitted question No. 59.) Shri Sanat Kumar Raha:
 স্বায়ন্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রন্থপূর্বক জানাইবেন কি—
 - (ক) পশ্চিমবজে জেলা পরিষদ চালু চইবে কবে;
 - (ব) জেল। পরিষদ চালু হইবার জাগে পর্যন্ত জেল। বোর্ডগুলির দায়দায়ি ইত্যাদি সম্পর্কে বৃদ্ধিয়া লইবার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং
 - (গ) পরিকলপনা থাকিলে, কোনু কত্তপক্ষ এই দায়িত্ব লইবেন ?

The Minister for Local Self-Government and Panchayats:

- (ক) বর্তমান বংসরের শেষ ভাগে।
- (খ) ও (গ) জেলা পরিষদ গঠিত হইলে, জেলা বোর্ডগুলির দায়-দায়িত্ব আপনা হইতেই জেলা পরিষদের উপর বর্তাইবে; ইহার পূর্বে জেলা বোর্ডের দায়-দায়িত্ব বৃঝিয়া লইবার প্রশু উঠেন।

Age-limit of Refugees in Covernment Services

6. (Admitted question No. 89.) Shri Sambhu Charan Chosh:

উন্নান্ত ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিসংশার অনুগ্রহপূর্বক জানাইবেন কি সরকারী। কাজের জন্য উন্নান্তর্বাসনে বয়ংগীয়া কত ৪

The Minister for Refugee Relief and Rehabilitation:

পশ্চিন বন্ধ সরকারের কাজে উষাস্কদের নিয়োগের ব্যাপারে ব্যঃসীমা শিথিল করার কোন ব্যবস্থা বর্তমানে নাই। এতজ্জাতীয় কন্সেগনের নেয়াদ গত ৩১এ ডিসেম্বর, ১৯৬৩ তারিখে উত্তীর্ণ হইয়াছে।

কোনও কোনও সংবাদপতে প্রকাশিত হইয়াছে যে ভারত সরকার তাঁহাদের পক্ষে এই ক্রুসেগনের মেয়াদ পুনরায় বৃথিত করিয়াছেন এবং বাজ্যসরকার এই সংবাদানির সত্যাসত্য জানিবার জন্য ইতিমধ্যেই ভারত সরকারকে লিপিয়াছেন এবং তাঁহাদের নিকট হইতে উত্তর পাইলে এই বিষয়ে পশ্চিমবজের জন্য যথাযোগ্য সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

Provident Fund Contribution of Municipal Employees

7. (Admitted question No. 121.) Shri Sambhu Charan Chosh:

পৌর কর্মচারীদের প্রভিডেণ্ট ফাণ্ডের চাঁদার হার ৬ 3 হইতে ৮ 5 শতাংশ বৃদ্ধির কথা সরকার ক্যন্তা করিতেছেন কিনা গ

The Minister for Local Self-Covernment and Panchayats:

ना ।

Registration of names in the Employment Exchanges

8. (Admitted question No. 133.) Shri Sambhu Charan Chosh:

শ্রমবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে ১৯৫৯ সাল হইতে ১৯৬৩ সাল পর্যন্ত প্রতি বংসর কতজন ব্যক্তি চাকুরীপ্রাধী হিসাবে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জে নাম রে**জেটী** করে ?

The Minister for Labour:

ব ৎসর	রেন্ডেম্বীর সংখ্যা
১৯৫৯	২,১৪,৬৮৮
১৯৬০	২.৭৯,৮৭৬
১৯৬১	৩,০৭,৩৭৬
১৯৬২	8,२೨,०88
う あらご	8,85,830

Buffer Stock

- 9. (Admitted question No. 189.) Shri Ananga Mohan Das:
- খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বেক জানাইবেন কি-
 - (ক) ধান ও চাউলের ম্লাব্দিধ রোধ করিবার জন্য সরকারের কোন বাফার স্টক স্থিটি করিবার পরিকল্পনা আছে কি না : এবং
 - (খ) পরিকল্পনা থাকিলে, করে হইতে ইহার কাজ আরম্ভ হইবে এবং উহা ঘার্টাত অঞ্জে কিভাবে বণিটত হইবে?

The Minister for Food and Supplies:

- ক) বর্তমানে এরপে কোন পরিকল্পনা রাজাসরকারের বিবেচনাধীন নাই।
- (খ) এ প্রশ্ন উঠে না।

Jeep of the Block in Moyna P.S., Midnapore

- 10. (Admitted question No. ২০১.) Shri Ananga Mohan Das: কৃষি ও সমণ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মল্ডিমহাশয় অন্ত্রহপূর্বেক জানাইবেন কি-
 - (ক) ময়না থানায় এক কোন্ সময়ে সংখ্য়াপিত হইয়াছে এবং জ্বীপ উত্ত রকে কবে সরকার প্রদান করিয়াছেন -
 - (খ) গত ১৯৬৩ সালের আগন্ট, সেপ্টেম্বর, অক্টোবর এবং নভেম্বর মাসে জীপ বাবদ উক্ত রকে তৈল খরচ হইয়াছে কিনা : এবং
 - (গ) খনচ হইয়া থাকিলে কত খনচ হইয়াছে ?

The Minister of State for Agriculture and Community Development:

- (ক) ১৯৫৯ সালের এপ্রিল মাসে ময়না থানায় রক স্থাপিত হইয়াছে। ২৯-৬-৬১ তারিশে সরকার কর্ত্তক জীপ প্রদন্ত হইয়াছে।
 - (খ) হাাঁ, তৈল খরচ হইয়াছে।
 - (গ) খরচের হিসাব নিন্দে প্রদত্ত হইল।

মাস	পেট্রোল	মবিল	মূল্য
আগস্ট	১৬ লিঃ		১৩-৪৪ নঃপঃ
১৯৬৩			, , ,
সেপ্টেম্বর	৮৩ লিঃ		৬৯∙৭২ ସ:୩:
> 2%66	0 0 1918		00.46 40.40
অক্টো ব <i>়</i>	২০ লিঃ		১৬ ৮০ নঃপঃ
১৯৬৩	₹O 1416	-	20.80 4111
অক্টো বর		, -	b b = ======
>>60	•-	১ লিঃ	২০২০ নঃপঃ
			১৯.০০ নঃপঃ
নভেম্বর	৯১ লিঃ	_	৭৬ ৪৪ নঃপঃ
220c			

Migrants from Pakistan due to recent disturbances

- 11. (Admitted question No. 230.) Shri Ananga Mohan Das: উদ্বাসত তাপ ও পনেবাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অন্ত্রহপূর্বক জানাইবেন কি—
 - (ক) ইহা কি সত্য যে, এই বংসর জান্য়ারি মাসে পাকিস্তানে গোলমাল ও দাঙ্গার ফলে বহ-সংখাক শরণাথী এদেশে আগমন করিয়াছেন এবং এখনও করিতেছেন:
 - (খ) যদি (ক) প্রশেনর উত্তর হাঁ হয়, মাননীয় মণিক্রমহাশয় অন্ত্রহপর্বক জানাইবেন কি—
 - (১) আজ পর্যন্ত এই শরণার্থীর সংখ্যা কত:
 - (২) উহাদের কতজন কোথায় কোথায় আছেন;
 - (৩) উহাদের আশ্রয়দানের জন্য সরকার অম্থায়ী বা স্থায়ীভাবে কি কি ব্যবস্থা করিতে-ছেন:
 - (৪) উহাদের মধ্দে প্রয়ে বা দ্বী, বালক, বালিকা ছাত্র-ছাত্রীর সংখ্যা কত: এবং
 - (৫) ঐ সকল ছাত্র-ছাত্রীদের পাঠের কি ব্যবস্থা করা হইয়াছে?

The Minister for Refugee Relief and Rehabilitation:

- (ক) হাা।
- (খ) (১) ১০ই জ্লাই ১৯৬৪ তারিখ পর্যন্ত ৪.১৪.৪৪২ জন।
- (২) পশ্চিমবংশ্যর বাহিরে প্রনর্বসতির জন্য যে ১,৪০,৪১৯ জন শরণাথীকে প্রকিরণ (ডিসপার্স) করা হইয়াছিল তম্মধ্যে ১৮,৪২৩ জন ম্থান ত্যাগ করিয়া পশ্চিমবংশ প্রত্যাবর্তন করিয়াছেন। ইহাদিগের জেলাওয়ারী অবস্থান নির্দেশ করা কঠিন; ইহারা এক জেলা হইতে অন্য জেলায় গমনাগমন করিতেছে বলিয়া কোনও সঠিক জেলাওয়ারী বিবরণ দেওয়া সম্ভবনয়।
- (৩) বাঁহারা পাশ্চমবংশ্য থাকিয়া যাইতেছেন তাঁহাদের অনশনের সম্ভাবনা দেখিলে ত্রাণ বিভাগ হইতে জেলাশাসকগণ আবশ্যক বোধ করিলে সাহায্যদান করিয়া থাকেন।
- (৪) যেহেতু ভারত সরকার অন্স্ত নীতি অন্যারী রাজ্যসরকার একমাত প্রায় অনশনের ক্ষেত্র ব্যতীত অন্যত্র কোন ত্রাণ অথবা প্নের্বাসনের সাহায্য দান করিতেছেন না, সেইহেতু কোনও বর্গিত স্চী রাখা হয় নাই।
- (৫) ন্তন প্রব্রজনকারীদের (মাইগ্রান্টস) মধ্যে যে সকল ছাত্র আছে তাহাদের জনা কোনও বিশেষ বাবস্থা করা হয় নাই, কিন্তু যে সকল এলাকায় ইহারা জমায়েত হইয়াছে তথাকার বিদ্যালয়গ্র্লির ছাত্র গ্রহণের ক্ষমতা ব্যান্ধির জনা সাহায্য দান ব্যাপারে ভারত-সরকারকৈ রাজ্ঞা-সরকার পত্র লিখিয়াছেন।

Grants to primary Schools by Moyna Block, Midnapore

- 12. (Admitted question No. 243.) Shri Ananga Mohan Das:
- কৃষি ও সমণ্টি উল্লয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অন্ত্রহপূর্বক জানাইবেন কি-
 - (ক) মেদিনীপুর জেলায় ময়না রক হইতে গত ১৯৬২ এবং ১৯৬৩ সালে কর্মাট প্রাথমিক বিদ্যালয়ের গৃহ নির্মাণ বাবত্বত টাকা করিয়া সাহাষ্য করা হইয়াছিল:
 - (খ) ঐ প্রাথমিক বিদ্যালয়ের গ্রুনিমাণ সাহায্য কিভাবে নিধারিত হইয়া থাকে: এবং
 - (গ) ঐ সকল গৃহ নির্মাণ খরচের কত অংশ রক তহবিল হইতে দেওয়া হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ১৯৬২ সালে ৰোট ৫টি এবং ১৯৬৩ সালে মোট ৭টি প্রাথমিক বিদ্যালয়কে গৃহ নির্মাণ বাৰত অর্থ সাহায্য দেওয়া হইয়াছিল। বিদ্যালয়ের নাম ও অর্থ সাহায্যের পরিমাণ নিম্নে দেওরা ছইল:—

১৯৬२	विদ্যাनस्यत्र नाम		সাহায্যের পরিমাণ
			<u> টাকা</u>
(5)	ভুইয়াখালি	••	5,500
(২)	দোনাচক		5,000
(၁)	বাকি		5,500
(8)	বসস্তচক	• •	POO
(a)	গড় ময়না	••	000
১৯৬এ			
(5)	চাঁদবেনিয়া	• •	900
(૨)			२००
(၁)	বল্লভপুর দক্ষিণ হরকুলি (শীতলা)	• •	900
(8)	শ্ৰীকণ্ঠা (পুরাতন)	• •	900
(0)	স্থদামপর		000
(s)	ময়না (শীতলা)		P00
(٩)	গৌরাঙ্গচক		800

- (খ) স্থানীয় প্রয়োজনীয়তা, স্থানীয় ব্যক্তিগণের আগ্রহ 'ও প্রয়োজনীয় অর্থদান বিষ**রে** উৎসাহ এবং বিদ্যালয়গুলির জুনিয়ার বেসিক স্কুলে পরিবর্তিত হ'ওয়ার সম্থাবনার উপর লক্ষ্য রাখিয়া জেলা স্কুল পরিদর্শক/পরিদর্শিক। ব্লক উনুয়ন আধিকারিকের সহিত পরামর্শ করিয়া প্রাথমিক বিদ্যালয়গুলিকে সাহায্য দান বিষয়ে সিদ্ধান্ত করেন।
 - (গ) মোট খরচের দুই তৃতীয়াংশ পর্যন্ত।

Calling attention to matters of urgent public importance.

Mr. Deputy Speaker: The Hon'ble Mr. Fazlur Rahman will reply to the Calling Attention matter regarding water-logging problem in Calcutta—Notice given by Shri Niranjan Sen Gupta on 28th July 1964.

The Hon'ble S. M. Faziur Rahman: Sir, in reply to the Calling Attention served by Shri Niranjan Sen Gupta, I beg to state: It is unfortunately a fact that water-logging of streets during heavy rains has become a serious problem in Calcutta and causes considerable inconvenience to its inhabitants.

As honourable members are no doubt aware the drainage system of this city was designed long ago, when the area and the population of the city were much less than what they are today. Calcutta's underground drainage system was designed to cope with rainfall intensity of 1 inch per hour. During the days in the year, particularly during the monsoon months, when the intensity of the rainfall is much greater and on some days it is as high as 2 inches or 2½ inches per hour. The present drainage system is quite inadequate to cope with the rainfall of such intensity and water-logging of the streets and low-lying areas cannot be avoided on these days.

The matter which primarily concerns the Corporation of Calcutta is already receiving the attention of that body. Various long-term and short-term schemes for mitigating the water-logging sewered and unsewered areas of the city are reported to be either in course of implementation or under the active consideration of the Corporation at present. The following remedial measures have been proposed:

- Augmentation of the pumping capacities and replacement of ageold pumps in the drainage pumping stations with provisions of stand-by pumps;
- (2) Improvement of existing internal drainage system by provisions of storm relief sewers where possible as well as by increasing the capacity of the existing sewers by their replacements, if possible; and
- (3) Prevention of heavy silt depositions from trade and khatals wastes as well as from unfiltered water supply.
- (4) Removal of the encroachments on the existing nikashis and surface drains by taking proper and speedy action and to realign and re-excavate these nikashis as per present requirements.
- (5) Implementation of sewerage schemes in the unsewered areas like Tollygunge, Cossipore, Manicktala, Topsia and Tangra and unsewered pockets and other schemes as recommended by the West Bengal Flood Enquiry Committee, 1959.
- (6) Implementation of flood prevention schemes which have already been administratively sanctioned by the Corporation.
- (7) Implementation of all the remaining works of Dr. Dey's internal drainage scheme and remaining works of outfall scheme.
- (8) Creation of additional posts of S.C. (i.e. sewer cleaning) staff for both brick and pipe sewers without sufficient supervisory staff as well as provision for sufficient number of silt-removing lorries for coping with the present day requirement. Mechanical equipments for cleaning the sewers should be introduced as an experimental measure immediately.
- (9) Remodelling the outfall channels and repairing of P.S. (i.e. presedimentation) and other ancillary works with provision of additional number of sedimentation tanks to cope with the present requirement.
- (10) Improvement of Kulti river for efficient disposal of the storm water into the said river.
- (11) Immediate execution of C.M.P.O's scheme for Belgachia-Dum Dum area with a provision for pumping discharge from Cossipore area and also execution of State Government's scheme "Tollygunge-Panchannagram Drainage Scheme" along with the Corporation's scheme for internal channels to be connected with the channels under the Tollygunge-Panchannagram Drainage Scheme.

To meet the present emergency a meeting was held in the room of the Hon'ble Chief Minister with the Commissioner of Police, Calcutta, the Director of Fire Services and the Heads of their Departments so that the resources of all the Departments could be pooled together for immediate relief for water-logged area during this monsoon season and work is proceeding on in this line.

Mr. Deputy Speaker: I have received seven notices of calling attention on the following subjects, namely:

- (1) Arrest of the Managing Director and the present condition of the National Sugar Mill, Ahmedpur—by Shri Bhakti Bhusan Mandal and Dr. Radhanath Chattorai.
- (2) Arrival of the ship "American Humer" at Kidderpore Dock with arms for Pakistan—By Shri Sanat Kumar Raha.
- (3) Assault of Shri Dukhi Joyswara, in Faridpur police-station, district Burdwan—By Shri Bijoy Pal.
- (4) Non-availability of rice, flour, mustard oil at controlled price in Nadia district—By Shri Gour Chandra Kundu.
- (5) Murder of workers by the Manager of Meenglass Tea Estate, Jalpaiguri district—By Shri Monoranjan Ray.
- (6) Distress due to flood in the river Phulahar at Malda District—By Shri Birendra Kumar Maitra.

I have selected the notice of Shri Bhakti Bhusan Mandal and Dr. Radhanath Chattoraj on the arrest of the Managing Director and the present condition of the National Sugar Mill, Ahmedpur. The Hon'ble Minister-incharge will please make a statement, today, if possible, or give a date for the same.

The Hon'ble Ardhendu Sekhar Naskar: Sir, the statement will be made on Friday.

Mr. Deputy Speaker: The West Bengal Highway Bill, 1963, as passed by both the Houses has been returned by Governor with a message for reconsideration by the Houses. The message of the Governor has been published under serial No. 687 of Bulletin—Part II, dated 18th July, 1964. I lay the copy of the Bill on the table.

[1-30-1-40 p.m.]

Scarcity of atta in Howrah and other areas

Shri Anadi Das:

মি: ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুষপূর্ণ ব্যাপারে। সেটা হচেছ এই যে গত কয়েকদিন ধ'রে হাওড়াতে আটা পাওয়া যাচেছ না। গতকান থেকে তো একেবারে পাওয়া যাচেছ না। দশ আনা কিলো বিক্রি হচেছ, যেটার সরকারী দর হচেছ ৫৭ নয়া পয়সা। অনেক গনের চাকি বন্ধ হয়ে গেছে। এইসম্পর্কে সরকার কি ব্যবস্থা অবলম্বন করছেন, সেটা যদি বলেন তাহলে ভাল হয়। সেজন্য আপনার মাধ্যমে সরকারকে এই ব্যাপারে কি প্রতিকার তাঁরা করতে চাইছেন, সেটা বলবার জন্য অনুরোধ জানাচিছ।

Mr. Deputy Speaker:

এটা ফুড ডিবেট-এ হবে।

Shri Anadi Das:

স্যার, এটা ভয়ানক ব্যাপার। চাল, গম সপ্তাহে ১ কিলো করে পাওয়া যাচিছল। গ**ত করেক-**দিন চাল তো পাওয়া যাচেছ না. আবার গম যদি না পাওয়া মায়....

Mr. Deputy Speaker:

धर्मन वनत्नरे कि भीगाः न। इत्य वाद ?

Shri Jyoti Basu:

মি: তেপুটি স্পীকার, মুখ্যমন্ত্রী আমাদের বরাবরই বলেন যে আটা পর্যাপ্ত পরিমাণে পাওয়া বাবে । কিছু আমি বাড়ীতে গিয়ে বোঁজ করলাম যে, দু'বার আটা দিতে পারে নি। রেশন শপে গম ১ কিলো ক'রে দেয়, কিছু গম নেই। এ একটা নতুন পরিস্থিতি দেখছি। আগে তো চা'ল পাওয়া যাচিছল না, এখন বলছে গমও পাওয়া যায় না। দু'বার এটা হ'ল। আমাদের হিন্দুস্থান পার্কে যে দোকান আছে সেখানে নাকি পাাওয়া যাচেছ না, হাওড়াতে পাওয়া যাচেছ না, জনানা আয়গায় পাওয়া যাচেছ না। এ সম্পর্কে সরকারের কোন খবর আছে কিনা যে, কেন পাওয়া বাচেছ না। গ্রাহাজে প'ড়ে আছে, না ওদামে প'ড়ে আছে, না, জাহাজ থেকে নামাতে অম্বরিধা হচেছ বলে পাওয়া যাচেছ না।

The Hon'ble Profulfa Chandra Sen:

নাপ্লাই ঠিকই হচেছ, আগানী সপ্তাহ থেকে পুরাপুরি পাওয়। বাবে।

Shri Anadi Das:

স্যার, মুখ্যমন্ত্রী বলেছিলেন যে, আটা থেলে সমস্যা সমাধান হয়ে যাবে, কিন্তু সেই আটা পাওরা বাচেছ না। সরকার থেকে গম পাওরা বাচেছ না ব'লে চাকি বন্ধ হয়ে যাচেছ। তা'হলে লোকে খাবে কি দ

Shri Nikhil Das:

গ্যান, জাহাজ থেকে গম নামাতে পারছি না, ট্রান্সপোর্ট র অভাবে সেটা আনতে পারছি না, দেটা তো বহুদিন থেকে আমর। ধবরে কাগজে দেখছি। কিন্তু এটা কতদিন এইভাবে চলবে ? মুখ্যমন্ত্রী কি দয়। ক'রে বলবেন কবে নাগাদ জাহাজ থেকে গম নামাতে পারবেন? লোকে গম পাঁবে কিন।? নাকি তিনি ঐ জাহাজ দেখিয়ে বলবেন যে, খিদিরপুর ভকে গম আছে,—আর এবানে নিশ্চিন্ত হয়ে ব'গে থাকবেন? এই অবস্থা কতদিন চলবে?

The Hon'ble Profulfa Chandra Sen:

আগামী সপ্তাহ থেকে এই অসুবিধা দর হবে।

Shri Amarendra Nath Basu:

খামি মাননীয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাস। করছি গম যখন পাওয়া যাবে না তখন গমের পরিবর্তে চা'ল দেবার জন্য কি উনি নির্দেশ দেবেন ? গম : কিলো যখন পাওয়া যাচেছ না তখন সেই জায়গায় লোকে দোকানদারকে বলতে পারবে কিনা যে ১ কিলো গমের পরিবর্তে ২ কিলো চাল দাও ?

The Hon'ble Profulia Chandra Sen:

সেটা সম্ভব হবে না।

Shri Nikhil Das:

তা হ'লে কি পেটে গামছা বেঁবে থাকতে হবে । তা হ'লে কি লোকে উপোস ক'রে থাকবে । ১ কিলো চাল সপ্তাহে দেওয়া যাবে না, গম খিদিরপুর ডকে আছে,—এই ধরণের ইররেসপন্সিবল নির্কল্প দায়িত্বলীন উক্তি এ্যাসেম্বলীতে দাঁড়িয়ে চীফ মিনিস্টার কি ক'রে করেন আমরা বুরুতে পারি না।

Dr. Kanai Lai Bhattacharyya:

ৰদি চালাতে ন৷ পারেন তা হ'লে ছেড়ে দিন না। ছেড়ে দিলে যা হোঁক ক'রে চলবে।

ज्युम श्रृहेटशाल ?

Shri Hemanta Kumar Basu:

অনেক মেম্বার ধাঁর। মফ:ম্বল থেকে এসেছেন তাঁদের রেশন কার্ড নেই। তাঁদের রেশন কার্টের কি কারস্থা হবে আমি জানতে চাই।

The Hon'ble Profults Chandra Sen:

মেমারদের যাঁদের রেশন কার্ড প্রয়োজন আমাকে জানাবেন, আমি কালকে ক'রে দেব।

Shri Kashi Kanta Maitra:

স্যার, যখন আমরা ন। থেয়ে মরছি, তখন মুখ্যমন্ত্রী হেসে হেসে উত্তর দিচেছন। এই **রক্ম হৃদরতীন** রুক্তির আমরা কখনও দেখি নি।

Shri Jvoti Basu:

স্যার, একটা বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি—কালকে আমরা বলেছিলার যে ক্যালকাটা মিউনিসিপ্যাল (আনমেওমেণ্ট) বিল আলোচনার সময় ম্যাপ দরকার। এটা এজেওার আছে। কিন্তু এখন যা কথা হল সরকারের সঙ্গে তাতে আমি যা বুঝলাম ওটা ওঁরা এখন নিচেছন না। গেল বিলটা আসছে, পরে 'ওটা হয়ত নেবেন শ্রীকোলে আমাকে যা বললেন,। মন্ত্রিমহাশয় বলেছেন, ফজলুর রহমান সাহেব যে একটা ম্যাপ পাওয়া গেছে অনেক কটে। এতে অবশ্য ভাল জিনিস আছে, ফিগারগুলি আছে, নামার অফ ভোটার ইত্যাদি। সেটা ওঁরা দিয়েছেন। আমরা কপি করিয়ে নিতে পারি কিন্তু একটা ম্যাপ প্রত্যেক গ্রুম্প কি করে দেখবেন।

The Hon'ble S. M. Faziur Rahman:

আর একটা আমার যা আছে সেটাও দিতে পারি। শ্রীজ্যোতি বস্ত যদি গোটা করেক হোত ভাহলে ৪টা ব্লুকই দেখে নিতে পারতো স্টাডি করে। আপনি কি তা পারতেন না। আনতে কি অস্তুবিধা আছে।

The Hon'ble S. M. Faziur Rahman:

আমি চেষ্টা করে যা সংগ্রহ করতে পেরেছি তা দিয়েছি।

Shri Jvoti Basu:

আমাদের তাহলে আর কোন কথা নেই. যদি ন। থাকে কোথা থেকে দেবেন। বিলটার তাহলে এবন আলোচনা নাই হোক। কালকে তো অনা আলোচনা আছে, কালকের মধ্যে যদি কর্পোরেশনকৈ ফোন করে বলে দিন তাহলে ওরা হয়ত একটা ব্যবস্থা করে দিতে পারে। আমার মনে হয় সরকার চেষ্টা করলে একটা কিছু করতে পারেন।

The Hon'hie S. M. Faziur Rahman :

আমি ওদের বলে রেখে দিয়েছি. যদি পাওয়া যায় আমি দিতে পারি।

Shri dvoti Basu:

छा ना इर्ग जार्माठनां उद्य ना।

Shri Nikhil Des:

স্যার, আমাদের কাল পরস্ত কুড, সোম, মংগল নে। কনফিডেন্স, মাঝে ৫ দিন সময় আছে। এই ৫ দিনের তেতক কপোরেশনকে বললে এতবড় না হলেও এর চেয়ে ছোট হলেও তারা ম্যাপ করে দিতে পারে: টেনসিল করে দেয়া কিছু অসম্ভব নয়, ২৫২টা ম্যাপ করে দেয়া কিছু কঠিন কান্ধ নয় এই ৫-৬ দিনের তেতক।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার কাচে আমার একটা বন্ধব্য আছে—বন্ধব্যটা হচেছ এই ষে
আ্যামেগুমেণ্ট এগেছে এই আ্যামেগুমেণ্ট মেন্লী হচেছ ডিলিমিটেগান অব কনন্টিটিউয়েনিসি এবং
সেটা আ্যামেগুমেণ্টের মধ্যে লেখা আছে—আপনি দেখেছেন বোধ হয়। এখানে নর্থ স্থারেশ সরকার
রোড সাউথ একথা বললে তো চলবে না। আমি আপনার সামনে বলতে পারি যে কয়েক জারগায়
আমরা শুনেছি এ৪টা রাস্তা বাদ চলে গেছে। কাজেই ম্যাপটা দিলে তবে শোনা কথাটা আমরা
যাচাই করে নিতে পারি। একটা, দুটো, তিনটে, চারটের কথা নয়, এটা দয়ার ব্যাপার নয়।
এই রকম একটা ইমপরটাণ্ট বিল নিয়ে আসা হয়েছে, কাজেই পুত্যেক মেম্বারকে ম্যাপ দিতে হবে,
আমরা বিচার করে দেখবা। এটা কি ৪টা দিলে আমাদের আপত্তি আছে।

Mr. Deputy Speaker:

ষধন বিলাটা আলোচন। হবে তথন বলবেন।

Shri Sailendra Nath Adhikary:

এটা স্যার. ডেমোক্রাসীকে থুটুল করা হচেছ। আমরা এই দলবাজীর পাটু নারসীপে যাবো না।

Shri Bejoy Kumar Banerjee:

এটা যদি না হয় স্যার, তাহলে এই বিলের আলোচনা হতে পারে না। ম্যাপ না দিলে ক্যালকাটার বাউপ্তারী জানা যায় না। স্থতরাং ম্যাপটা আগে দরকার। এক সঙ্গে যা কিছু করবার করুন, পিনপিন করলে হবে না। ক্যালকাটার বাউপ্তারী কিছু জানা গেল না, তাবা হল না—ক্যালকাটা মিউনিসিপ্যাল আ্যাক্ট পাশ হয়ে গেল এটা কি করে হয় ? কোথাকার কি জ্যাক্ট সেটা জানা দরকার। কাজেই প্রটার একটা নক্সা করে দিন।

Mr. Deputy Speaker:

আমরা এখন সেমু অ্যাক্ট নিচিছ, মিউনিসিপ্যাল অ্যাক্ট নিই নি।

[1-40—1-50 p.m.]

The West Bengal Cess (Amendment) Bill, 1964,

The Hon'ble Syamadas Bhattaharyya: Sir. I beg to introduce the West Bengal Cess (Amendment) Bill, 1964.

(Secretary then read the title of the Bill)

Sir, 1 beg to move that the West Bengal Cess (Amendment) Bill, 1964. be taken into consideration.

মাননীয় সদস্যগণ জানেন যে বর্তমানে যে সেস্ প্রচলিত আছে, সেই সেস্ অনুসারে কলিয়ারির মত কয়লা উত্তলিত হয়, তার উপরে সেস্ ধার্য হয় লা। কিন্তু তার পেকে য়া নেট প্রফিট হয়, সেই নেট্ আয়ের উপর সেস্ ধার্য হয়। এই পদ্ধতির ফলে আমাদের কতকগুলি অস্থ্রিধা সেখা দিয়েছে। আমরা যতথানি সেস্ আদায় করবো বলে মনে করেছিলাম, তা হয় লা। কারপ বিভিন্ন কলিয়ারিতে বিভিন্ন পদ্ধতিতে হিসাব রাখা হয়, এবং বর্তমানে নিয়ম অনুয়ায়ী অনেক কলিয়ারির কর বা সেস্ থেকে অব্যাহতি পাওয়ার জন্য লালা রকম ব্যবস্থা অবলম্বন করেন। এই সব কারণে আমি এই সংক্ষিপ্ত বিধেয়কটি কলৈর সন্মুখে উপস্থিত করছি, এবং এর মধ্যে একটা ধারা, যেটা সবচেয়ে মূল কথা, সেটা হচেছ—এলম্বর প্রকরণ। সেই তিন নম্বর প্রকরণে বলা হয়েছে যতথানি কয়লা কলিয়ারী থেকে ডেসপ্যাচ হবে. নেট প্রফিট নয়, সেই ততথানি কয়লার উপর সেস্ ধার্ম হবে। আমরা আশা করছি এই ভাবে সেস্ ধার্ম করার ফলে আমরা আগের চেয়ে অনেক বেশী সেস আদায় করতে পারবো। সেই সেস স্থানীয় লোকজনের কল্যাণের

জ্বনা ব্যয়িত হবে, এবং যে সব কোলিয়ারীর মালিকগণ অসাধু উপায় অবলম্বন করে সেস ফাঁকী দেয় বা দেওয়ার চেটা করে, সেই সব কোলিয়ারীর বিরুদ্ধে আমরা উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করে মথেট সেসু আদায় করতে সক্ষম হবো।

Shri Nani Bhattacharjee: I beg to move that the West Bengal Cess (Amendment) Bill, 1964, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1964.

মাননীয় ডেপটি স্পীকার, স্যার, এই সংশোধনী বিল আনার উদ্দেশ্য সহচ্চে বলতে গিয়ে মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রী মহাশ্রের কাছ থেকে দু-একটা কথা আমর। শুনলাম। সৈটা হচ্ছে কয়লার চালানীর উপরে, সেধানকার রাস্তার সেপু ধার্য কর! হযে। এই ধরনের সংশোধনী আসছে। পূর্বে কয়লার ধনির প্রকিট-এর উপর, সেধানে রাস্তার সেপ্ কি ধরনের ধার্য হবে, সেটা ঠিক হয়ে এসেছে। এধন কত কয়লা চালান হচ্ছে তার হিসাবের উপর সেশ ধরার কথাটা উঠেছে। এধানে স্টেটমেণ্ট অফ অবহেল্ট্রশ আগও রিজন্স-এর মধ্যে যেটা বলা হয়েছে, সেটা হচ্ছে যে এধান বেভাবে সেপ্ আদায়ের আইন আছে, সেটা ঠিক মত কার্যকরী করা যাচেছ লা; এবং এধানে বলা হচ্ছে যে তাঁর৷ অনুমান করছেন যে অনেক সেপ্ কয়লার ধনির মালিকর। ফাঁকি দিচেছন বলা অনুমান কর। যাচেছ। তার ইংরাজীটা এই রক্ম—

the system seems to have given scope for evasion of payment.

ঠিক এইজন্য তার কোন ইতেশন ন। হয় এবং সহজে যাতে সেস আদায় করতে পার। যায় দেই দিকে তাকিয়ে—তাঁর৷ এখানে লাভের উপর নয়, কয়লা থেকে কি লাভ হচেছ*ি* দেই লাভের উপর নয়--কয়ল। চালানের উপর নির্ভর করে দেশু ধার্য করার কথা বলুছেন। প্রশু হচেছ যে এটা কবে ধরা পড়লো? আইনটা ১৮৮০ সালের, এই যে অমুবিধাগুলি হচেছ, जामाराव जन्नविश २८०७. राम शार्य व क्लाज जन्नविश २८०७ और श्वा भेजला करवे १ विद्याद আমর। দেখতে পেয়েছি যে সেখানে কয়ল। চালানের পর সেস ধার্য করার ব্যবস্থা তাঁর। করেছেন কিন্তু যেস ধার্য করার ক্ষেত্রে বাংলা সরকার আজকে কতদিন পরে এই কথাটা বলছেন, এর আগে কেন বলেনি নি ? ২নংকথা হচেছ যে এধানে তাঁরা পরিস্কার বলে দিচেছন সন্দেহ করছেন যে সেস ফাঁকি তার। দিয়েছে বা দিচেছ তার স্কোপ আছে এবং সেই সন্দেহ দর করবার জন্য একটা নৃত্রন ব্যবস্থা করছেন, নৃত্রন সংশোধন আনছেন। এই সেসু ফাঁকি ৰ্দ্ধ করার জন্য এর আগে তাঁর। কোন ব্যবস্থা কেন করেন নি ত। অবশা তাঁর। বলেন নি. কোন সনয়েই এই সমস্ত কথা হাউসের কাছে বলা হয়নি। আজকে নৃতন করে। হচেছ। আমাদের একটা আশংক। আছে সেই আশংকার কথা মাননীয় মগ্রী মহাশয়ের কাছে রাপতে চাচিছ সেটা रक्टि य याव ठीय या रामुरे शांक वा है। खारे शांक राहा जामारात माय क्यानाव मानिक वन्न जात होम उराज्ञ र नन् न व। जना यात छेलरत लर्फ मिहा मि एन प्रतात जना जनगानातर नेत छेलत নূতন করে চাপ দের ধুরিয়ে ফিরিয়ে ট্যাক্স আকারে বলুন ব। দান বাড়িয়ে তার। এইটে আদায় করে, স্মতরাং সেধানে এই আশংকাট। তাঁকে দূর করতে হবে এবং সেধানে যাতে এই নৃতন সংশোধনী আইন যদি পাশ হয় তাহলে তার স্তুগোগ নিয়ে কয়লার মালিক পরে আবার কয়লার मांग वाष्ट्रावात सर्याण न। भाग । विद्यात मांग वाष्ट्रिन এর জন্য मांग वाष्ट्रात द्रश्नि जाएमत्रक । বাংলা দেশে অবশ্য কয়লা খুব বেশী কিছু তৈরী হয় না কিন্তু তবুও বাংলাদেশের কয়লার মালিকর। এই স্থযোগে কয়লার দাম বাড়াতে না পারে সেই ধবনের প্রতিশ্রুতি তাঁদের দিতে ছবে। এই কথা বলে আমি, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়. এটা যাতে সার্কুলেশনে দেওয়া হয় সেই অনুরোধ এই হাউদের কাছে রাখটি।

Dr. Kanai Lal Bhattacharvva:

নাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, অপূর্বাব যে প্রস্তাবাটি এনেছেন সেই প্রস্তাবটা আমি মৃত করছি। সেই সার্কুলেশন মোশনটা মৃত করতে উঠে আমি এই বিল সদদ্ধে দু' একটি কথা নথী নহাশয়ের সামনে রাধতে চাই। প্রথম কথা হচেছ এই যে সংশোধনী বিলটা এনেছেন এই সংশোধনী বিলের মারফত আমাদের কাছে অনেক কিছুইনফ্রব বলা হয়নি প্রকাশ করে। প্রথম কথা বলা হয়েছে । বে কথা ননীবাৰু বলেছেন, যে আগে যে মেখত ছিল সেস আদায় করার অর্থাৎ এ্যানুরে প্রফিটের উপর এবং তাদের যে প্রপার্টি তার প্রপার্টির টোটাল ত্যালুয়েশনের উপর এ্যানুয়ার রেণ্টাল বেসিসে তার হার। ইভেশন হচেছ এই তাঁর। মনে করেন। ইভেশন কেন হচেছ সে সম্পর্কে মন্ত্রী মহাশয় আমাদের কিছু বলেন নি। এ্যানুয়াল প্রফিট, একটা বিধিবদ্ধ কম্পানীকে তার রিটার্থ মারকত দিতে হবে। তার হার। যে ইনকাম ট্যাক্স দিচেছ এব এ্যানুয়াল রেণ্টাল ত্যালু তার হা। প্রপারটি আছে সেই প্রপারটি থেকে এ্যানুয়াল রেণ্টাল ত্যালু পাওয়। যেতে পারে তাহলে কাঁকিটা কোন ভারগায় দিচেছ এটা এই বিকেকোন জায়গায় নেই এবং মন্ত্রী মহাশয় আমাদের এ সম্বন্ধে তাঁর বক্তৃতার মধ্যে কোল আলোকপাত করেন নি। মন্ত্রী মহাশয় গলপ করছেন, আমার বক্তব্য শুনছেন না, আমর। জানি জবাব আমর। পাবে। তাটেটর জোরে তিনি পাশ করিয়ে নিয়ে যাবেন।

[1-50-2 p.m.]

আমর। বিগত অধিবেশনে এই সম্পর্কে বলেছিলান, কিন্তু সরকার তথন আমাদের কথা গাহ করেন নি। বিগত বাজেট সেসনে কংগেসী সদস্য বৈদ্যনাথ ব্যানাজি মহাশয় এই সম্পরে সরকারের দাঁট আকর্মণ করেছিলেন এবং তিনি একটা আনমানিক হিসাব দিয়েছিলেন এর হারা ১-১।। কোটি টাকার মতো আমাদের লাভ হতে পারে। বাংলাদেশের পাশেই বিহার এবং বাংলা-**प्राप्त रा** कमनार्थनि प्रश्न । विद्यातित प्रश्नाति नार्शामा, ७४ वर्ताकव नमी मार्गश्रीम तराहि । এই সম্বন্ধে বিহারে বহুদিন ধরে যে সেশু আদায় হচেছ এবং তার দ্বার। বিহার সরকার যে লাভ করছে এতদিন ধরে সেদিকে কেন পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি যায় নি এই পুশু মন্ত্রিমহাশয়কে করতে পারি কিনা, এবং এর দার। আমাদের যে রাজস্ব আদায় কম হয়েছে তার জন্য কার। দায়ী, এর জন্য জবাবদিহী করবে কে, মন্ত্রিমহাশয় না ডিপার্ট মেণ্ট-এর অফিসারর।। আমর। দেখছি আমাদের পাশেন সেটট বিহার এই সম্পর্কে সেগু আদায় করছে, এবং শুধ তাই নয়, এতে আনর। :-:।। কোটি টাকার মতো বাজস্ব আমরা লগ করছি, এদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি কেন যায় নি এটা তাঁকে জিডাগ। করব। অন্য দিকে আমব। দেখতে পাচিছ যে, এই ট্রাকার জন্য তাঁন। সাধারণ মান্যের পকোট কাটবার জন্য ব্যস্ত হয়ে উঠেছেন এবং বিভিন্ন উপায়ে ন্যা**ন্ত্র** কববাব চেষ্টা কর্ছেন—এই সেগনেই এই ধরনের একটা বিল এসেছে স্ট্যাম্প সম্পর্ক। সাার, এই ব্যাপারে আমাব প্রশা হল আনিয়াল রেণ্টাল-এর উপর কিছা প্রফিট-এর উপর সেস কিভাবে ইভেশন হয় যে সম্পর্কে মন্ত্রিমহাশয় কিছ বলেন নি, আশা করি তিনি বলবেন কিভাবে ইভেড কবা হচেছ। দ্বিতীয় পুশু হচেছ, তাঁর। বলৈছেন প্রত্যেক রূপীর উপর ৬ ন্য়াপ্রদা। এবং ৫০ ন্যাপয়স। পার নৈ ভেসপাচ্ড কয়লার উপর ধার্য কর। হবে, এখন আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই এই যে রেট বার্য করলেন এতে সরকারী কোষাগারে কত টাক। আগতে পারে সেই সম্পর্কে তিনি কোন হিসাব রাখতে পারবেন কিনা, সেটা যদি আমর৷ জানতে পারি তাহলে আমর। বর্ঝতে পারন এতদিন আমাদের রাজ্যসরকারের কত টাক। লোকসান হয়েছে, এবং এই বিলের দারা সতাই কোন ইমপু ভ্রমেণ্ট-এর স্কোপ আছে কিনা, কারণ মন্ত্রিমহাশুয়ের বক্তব্য শুনে মনে হয়েছিল যে তার। এই বিষয়ে খব বেশি ওয়াকিবহাল নন। আমি এ সম্পর্কে মন্ত্রি-মহাশয়কে গোটা কয়েক পুশু করছি, আজকে এই যে সংশোধনী এনেছেন এবং যে রেট ধার্য করছেন সেটা বিহার সরকারের রেট-এর সঙ্গে সমান কিন।, এবং বিহারে বেশি সেস আদায় হওয়া সত্তেও বিহারে যেমন কয়লার দাম বাডেনি তেমনি এই সেপ বাডার জন্য নি•চয়ই প^{*}চমবক্ষের কোলিয়ারি ওনারদ যাঁর। তাঁরা কয়লার দাম বাডাবেন না---আমি মন্ত্রিমহাশয়ের পক্ষ খেকে এটক আশ্বাস দাবি করছি। এই কথা বলে সার্কলেশন মোশন সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ কবচি ।

Shri Abhoy Pada Saha: Sir, I-beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1964. মাননীয় স্পীকার মহাশয় কয়লার উপর সেন্ ধরায় যে আইন তাকে আনেও করে নতুন করে একটা বিল আনা হয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন আগে যে ব্যবস্থা ছিল সেই ব্যবস্থা ফেটিপূর্ব সেই ব্যবস্থায় সরকার অনেক টাকা থেকে বঞ্চিত হয়েছিলেন। কয়লাখনির

মালিকেরা ঠিক ঠিকমত হিসাব না রাখায় আগে আানুরেল প্রফিট-এর উপর সেশ্ ধরার ব্যবস্থা ছিল, এই প্রফিট ঠিক মতো দেখান হয় না বলে সরকার সেশ্-এর টাকা কম পাচিছলেন। বর্তমানে যে ব্যবস্থা সরকারের চালু আছে সেই ব্যবস্থার মধ্যে দিয়ে খনিমালিক, ছোট হোক, বড় হোক, তাঁরা বেশ কিছু টাকা সরকারকে ফাঁকি দিচেছন এটা আমরা মন্ত্রিমহাশয়ের মুখ থেকে শুনতে পেলাম। যাই হোক, এই ফাঁকি বন্ধ করবার জন্য এই বিলটা আনা হয়েছে, এবং যদি আনুরাল ডেসপাচ-এর উপর সেশ্ বসান যায় তাহলে এই ফাঁকি বন্ধ হবে এবং আগে যে টাকা পেতেন তার খেকে বেশি টাকা আদায় হবে এবং সেশ্-এর যে বেট তাও বেশি করে ধরা হয়েছে যার ফলে সরকারী খাতে টাকা বেশি আসবে এওলি মন্ত্রিমহাশয় আমাদের কাছে ব্যক্ত করলেন। কিন্তু এই বেশি আদায়ের জন্য জনসাধারণ উপকৃত হবে না ক্ষতিগ্রন্থ হবে এটা আমাদের বিবেচনা করতে হবে।

[2-2-10 p.m.]

তিনি বলেছেন নাকা আদায় হলে সরকার উপক্ত হবেন, জনসাধারণ উপকত হবেন। কিন্ত আমুব। দেখাতি সত্যি সতিটে যদি কলিয়ারীর মালিকদের সেস-এর ব্যাপারে থোক, ট্যাক্স-এর ব্যাপারে হোক না যে কোন ব্যাপারেই হোক তাদের লভ্যাংশ থেকে সরকারকে বেশী টাক। দিতে হয় তাহলে নি•চয়ই কয়লার দাম বাডবে। তারা নিজেদের পকেট থেকে এই টা**কা** দেবে না—তারা জনগাধারণের কাছ থেকে এই টাকা আদায় করবে এবং দেবে। গাবি, আমরা (मार्थिक यथन) हेताका वास्त्रान स्टाउटक अवः यादम्ब स्थेपत स्पष्ट हेताका थार्य कता स्टाउटक खाता। কথন ও সেই নাকা দেয়নি—সেই ট্যাক জনসাধাবণকে দিতে হয়। বিভিন্ন উপায়ে, কৌশল করে সেই ট্যাক্স জনসাধারণের ঘাডে চাপান হয়েছে। কার্জেই মল্লিমচাশয়ের কাছে অনরোধ করছি একেই তো জনসাধারণ মলা ৰ্দ্ধির চাপে দিনের পর দিন বাত, দিনের পর দিন একেবাবে মরে যাবাব মত অবস্থায় এঁসে ছাঁডিবেক্ছে কাজেই এখন যদি আবাৰ ক্যনার দাম বাডে তাহয়ে তাদেৰ আৰু উপায় পাক্ৰে না। যাহোক করে য। কিছু সংগ্রহ করবার পর খাদাবস্ত তৈরী করবার জন্য আওন দরকার হয়। কিন্তু এখন যদি আবার কয়লাব দামও বাড়ে তাহলে তো সাংঘাতিক কথা। কাল্লেই আমার जगरनाथ इर्घ्य क्यांना अभिन गानिकरान्त कोष्ट (शेर्क पार्शनाता गः श्वी निर्मेश यानाय করুন কিন্তু দেখবেন করলাব দান দেন না বাছে। এই আগান যদি আপনি আমাদের দেন তাহলে এই বিলে আমাৰ কোন আপত্তি নেই। আমি যে মার্কলেমন নামন নিয়ে এসেছি ভার কারণ হচে<u>ড ঐ ভয়ই কেবল সামাদের হচেছ। সাপনার। বলেন</u> জনসাধাৰণের কে**নি** ক্ষতি হবেন। কিন্তু বিল্পাশ হবার পর দেখি তার চাপ জনসাধারণের উপর প**ড়ে**। या एकाक, व्यामि एवं गांकरलगुन सामन पिर्योष्ट डात मुमर्थरन अडे वरूना ताथलान।

Shri Bhakti Bhusan Mandal: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 28th December, 1964.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় মোটামুটি যে এগ্রানেওনেণ্ট এনেছেন তাতে দেখছি যেখানে ভালুয়েসন সম্বন্ধে বলা ছিল তার পরিপ্রেক্ষিতে অন দি এগানুয়াল ডেসপাচ দেয়ারক্রম এটা বলা আছে এবং সেই পরিপ্রেক্ষিতে অন্য ছায়গায় কানেক টড এগ্রানেওমেণ্ট ৬বলা করা হয়েছে। আমার বক্তব্য হচেছ এই যে 'ওয়ার্ড লেপা আছে সেটা কেবল একটা ক্ষেত্রে কোল মাইনস-এর ব্যাপারে অন্য গুলোতে আইন প্রায় ঠিকই আছে। য়ভ প্লি তে দেখছি কোল মইনস এব ব্যাপারে এগ্রামেও করা হচেছ—অন্য ছায়গায় ঠিকই আছে। স্যায়, বি-তে চেঞ্জ করা হয়েছে অন দি এগানুয়াল ডেসপাচ দেয়ারক্রম কিন্তু কোন প্রেণ্ট-এ অন দি এগানুয়াল ডেসপাচ দেয়ারক্রম সেটা বিলে দেখছি না। আমার বক্তব্য হচেছ পিট মাউপ খেকে যেটা ডেসপাচ হবে সেটা ধনবেন কি করে ?

The Hon'ble Syamadas Bhattacharyya:

क्षत्र पि (काल मारेनम ।

Shri Bhakti Bhusan Mandal:

ভেদপাচ যেট। বনছেন সেই ভেদপাচ কত করছে এবং কোখায় ফাঁকী দিচেছ সেটা দেখবেন কি করে'! রোড ট্রান্সপোর্ট হবার পর কয়নার ভেদপাচ ট্রাক মারকত কত্ত হয় সেটা ধরা যাবে না কারণ কয়নার ওনারর। এই জায়গাটায় ফাঁকী দেবার চেষ্টা করে। আজকে কনিয়ারীর ওনারদের কয়না কেবল ট্রেণ-এ করে যাচেছ না, রোড ট্রান্সপোর্ট ডেভলপমেণ্ট হবার ফলে এবং রান্তা ভাল হবার ফলে ট্রাক-এ করেও কয়লা যাচেছ। আমার বক্তন্য হচেছ এই ডেসপাচটা কি করে ধরবেন ? আপনি হয়ত বলবেন এই ডেসপাচ-এর হিসেব রাধ্ব—অর্থাং এ্যানুয়াল ভাালু অব ডেসপাচ-এর হিসেব রাধ্ব। কিন্তু আমাদের ধরে নিতে হবে যে, কোন মাইন্স-এর ওনারর। ডিসঅনেণ্ট এবং তা যদি পরি তাহলে এই রোড ট্রান্সপোর্ট-এর নারকং যে কয়লা চলে যাচেছ সেটা ধরবেন কি করে? কাজেই সেটা যদিন। পারেন তাহলে কয়েকদিন পর আবার হয়ত এ্যামেগুমেণ্ট আনবেন। সেই জনা আমি বলছি ওটার সম্বন্ধে একটা প্রপার এ্যাটেন্সন দেওয়। দর্বকার এং কন্সিভারেশন কর। উচিত।

The Hon'ble Syamadas Bhattacharyya:

আই ধিংক ইউ সাজেসটেড এ্যান এ্যামেণ্ডমেণ্ট।

Shri Bhakti Bhusan Mandal:

আই হ্যাভ নট গিভেন দি এামেগুমেণ্ট। দ্যাট ইজ হোয়াই আই আ্যাম ইন ডিফিকালিট।
ব। হোক. তারপর আমার বন্ধব্য হচেছ নোকাল সেল যেট। হবে তাতে প্রচুর কয়লা বিক্রিছ
হবে এবং তার ডেসপাচ দেখান হবে না। কাজেই আমি বলতে চাই এইভাবে নূতন করে রেজিংএর উপর যদি করেন তাহলে তাদের কত ক্ষতি হয় সেটা দেখুন। রেজিং-এর উপর ফাঁকী আছে,
কিন্তু তাতে টোটাল আউটপুটটা পাওয়া যায়। কিন্তু ডেসপাচ বললে রেজিং-এর পর জনেকগুলো বিক্রি হয়ে যাবে এবং সেই বিক্রি হবার পর ট্রেন-এ য়েটা যাবে তার সেস্পাবেন,
কিন্তু অন্যভাবে যেগুলো যাবে তার সেস্ পাবেন না। এর ফলে আমাদের রেভিনিউ কয়
হবে এবং য়েমন আমরা দেখছি রোড ট্রান্সপোর্ট ডেভলপমেণ্ট হবার ফলে আমাদের
রেভিনিউ কম হচেছ। কাজেই মন্ত্রিমহাশয়কে বলছি এটা চিন্তা করুন এবং দরকার হলে আমি
বর্ধন এগামেগুমেণ্ট দেইনি তথন নেসেসারি এ্যাভেগুমেণ্ট প্লেস করুন। এই কারণে আমি
বর্ধন ব্যামেগুমেণ্ট দেইনি তথন নেসেসারি এ্যাভেগুমেণ্ট প্লেস করুন। এই কারণে আমি

Shri Balai Lal Das Mahapatra: I beg to move that the West Bengal Cess (Amendment) Bill, 1964, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st October, 1964.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বিল অত্যন্ত গুরুষপূর্ণ। এতে আমি দেখছি শুধু সেনৃ ফাঁকি নয়, সেলস্ ট্যাক্সও কোটি কোটি টাকা ফাঁকি দেয়। আনর। সরকারের দৃষ্টি বার বার আকর্ষণ করেছি। এটা খুব আনন্দের কথা যে সরকার এতদিন পরে জানতে পেরেছেন যে কয়লা খনির মালিক কিংবা অন্যান্য ব্যবসাদারর। সেন ফাঁকি দেয়। কিন্তু আমাদের আশক্ষা হচেছ এই যে যদি এখানে কয়লার উপর সেন্ বাড়ান হয় তাহলে সেটা সনান্য হলেও সাধারণ লোকের উপর অত্যন্ত বেশী বাড়ান হয় এবং সেটা একেবারে বোঝা হয়ে দাঁড়ায়। আমি সরকারকে শুধু এটুকু অনুরোধ করবে। যে তাঁরা রাজস্ব বাড়ান, কিন্তু সজে সঙ্গে এটাও লক্ষ্য করা। দরকার যে সামান্য করেক নয়। পয়স্ক বাড়াতে গিয়ে জনসাধরণের উপর একটা বিরাট অত্যাচারমূলক বাবস্থা ন। হয়। আমি মনে করি ভক্তিবাবু যেকখা বলেছেন ডেচপাচের উপর না তুলে বেইজিং-এর উপর তুলুন, এটা অত্যন্ত দরকার। কারণ রোড ডেভলপমেণ্টের সঙ্গে সঙ্গে বোঝাই কয়লা বিভিনু জায়গায় চলে যায়। এই কয়লা খনির মালিকর। বিভিনুভাবে ফাঁকি দেবার চেটা করে এবং করবেই। সেজন্য এর প্রতিকার দরকার। ট্রামণ্ডয়েজের ব্যাপারে

বেমন নেট প্রফিটের উপর বলা হয়েছে, কয়লার ডেচপাচের উপর বলা হয়েছে, এ সয়জে নজর রাখা দরকার প্রকৃত প্রতাবে তার। ফাঁকি দিচেছ কিনা. প্রকৃত প্রতাবে যে আয় তার। করছে সেই নেট প্রফিট যেটা করছে তাতে কোন ফাঁকি দিচেছ কিনা সেটার ব্যবস্থা কি হবে তার উপরই নির্ভির করবে জনসাধারণের উপর বোঝা চাপবে কিনা এবং সেজন্য যাতে জনমত আরও তালভাবে গ্রহণ করা হয় সেজন্য আমি এই বিলটা সার্কুলেশনে দিতে বলেছি। আমি মনে করি মন্ত্রী মহাশয় এই বিল পাশ করার আগে যদি জনমত গ্রহণ করেন তবে তাল হয়। আমর। চাই রাজস্ব বাতুক এবং সজে সজে এটাও আমবা চাই বড় বড় লাখপতি কোটিপতি মালিক যার। আছে যার। ব্ল্যাকমার্কেট করে টাকা বাড়ায় তার। যাতে সে সুযোগ না পায়। কিন্তু সজে এটাও আমবা চাই বড় বড় লাখপতি কোটিপতি মালিক যার। আছে যার। ব্ল্যাকমার্কেট করে টাকা বাড়ায় তার। যাতে সে সুযোগ না পায়। কিন্তু সজে এটাও আমবা চাই মাতে ছনসাবারণের উপর অত্যাচারমূলক ব্যবস্থা না হয়। এটা লক্ষ্য রাখতে আমি মন্ত্রী মহাশয়কে অনুবাধ করছি এবং সেজন্যই এটা সার্কুলেশনে দ্বোর জন্য বিশেষতাবে অনুরোধ জানাচিছ।

Shri Bejoy Pal: I beg to move that the West Bengal Cess (Amendment) Bill, 1964, be circulated for the purpose of eliciting opinion thereon by 30th September, 1964.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই যে সার্কুলেশনের জন্য মোশন দিয়েছি তার উদ্দেশ্য ছিল এই যে এই রকম একটা গুরুত্বপূর্ণ বিল এই রকম তাড়াহুড়া না করে সমস্ত দিক প্রস এও কন্স বিচার করে তারপর এসেম্বলীতে এই বিল আনা উচিত ছিল। আমি তাই মনে করি যে এটা তাডাইডা না করে ধীরে স্রস্থে ইওয়া উচিত। গেই হিসাবে আমি সার্কলেশনে দিখার দাবী করেছি। এখন এই সেয় সম্পর্কে বলতে গিয়ে আমি বলতে চাই যে আমি গত বাজেট অধিবেশনের সময় আমি একটা কলিং এটেনশন নোটিশ দিয়েছিলাম কি করে कित्रादित मानिकत। तराविष्ठे काँकि पिरुष्ठ এनः स्पष्ट नाहित्यत छेउरत कारेन। निम्होत যে উত্তব দিয়েছেন তাতে দেখেছি আডাই কোটি টাকার মত তাদের কাছে বাকী রয়েছে। যদিও রয়েলটি এবং সেগ এক জিনিঘ নয় আমি একথাই বলতে চাই মালিকর। কিভাবে ইভেশন করছে এবং সেই জিনিষ্টাই বলবার জন্য আমি আপনার কাছে একণা উৎপাপন করেছিলান। এখন এই ব্যাপারে যাতে কোন রকমে ট্যাক্স ফাঁকি দিতে না পারে সেইভাবে একটা বিল আনা হচ্চেছ। কিন্তু সেটা আগে যে ফর্মে ছিল—টোটাল ইনকামের উপর তার গেগ ধর। হত এবং নেট প্রফিটের উপর গেগ ধর। হত, এখন তার চেয়ে কিছ ইমপ্র ভ ক**রার** চেষ্টা হচেছ। কিন্তু সেটা যদি রেজিংএর উপর না করা হয় তাহলে কোলিয়ারীর মালিকরা १७४७ कोकि एमट्य । १४०० मा प्यापि गतन कित थाँगे अब अर्द्य गाननीय मनगता बरलाइन एम दिख्या এ^ন উপর ট্যা**ক্স** হ'ওয়া একান্ত দরকার। কেন না কির্তাবে ইতেসান হচেছ, এই কোলিয়ারীর মালিকর। কিভাবে সেম ফাঁকি দিচেছ তার অসংখ্য উদাহরণ দেখান বেতে পারে। কারণ আমি ঐ খনি অঞ্চলে পাকি আমি নিজে চাক্ষ্য এই জিনিসগুলি দেখেছি কিভাবে হারা সেস ফাঁকি দিচেছ। সেজন্য গালি রেজিং এর উপর করলে হবেন।। সেগুলি চেক আপ করবার ष्ट्रना यि कान तम्मीनादी ना शांक छाष्टल यछ प्राप्टन भाग ककन ना कन प्राप्तनादा এই বড বড রাষ্ব্রোয়াল কোলিয়ারীর মালিকদের ট্যাক্স ফাঁকি বন্ধ করতে পারবেননা। সেজন্য রে**জি** এর উপর নিশ্চয়ই করতে হবে। কিন্তু নানাভাবে যেটা রেজিং হচেছ সেই রেজিং দেখান হচেছ না, এই সম্পর্কে আপনার। কি করবেন ? রেজিং এর একটা মাপ আছে। ধরুণ, পিট থেকে যে টাব উঠল তাতে ১ টনেব জায়গায় ১।।টন কয়লা রেজ করল। কিন্তু রেকর্ড হচেছ ১ টন, আর রেজ করল ১॥ টন। সেই আর টন ফাঁকি দিচেছ বা ফাঁকি দেবে। এই ফাঁকগুলি যাতে না পাকে তার জন্য চেকিংএর দুরকার। সেজন্য যে উদ্দেশ্য নিয়ে এই বি**ল** এনেছেন তা যদি কার্যকরী করতে হয় তাহলে এ সম্পর্কে আনে। ডিটেল ভালভাবে জানার <mark>দরকার রয়েছে এবং বিলটা সার্কলেশানে দেওয়। দরকার এবং সেধান পেকে যে সমস্ত সাজেসান</mark> আসবে তার ভিত্তিতে আমার মনে হয় এই বিল উবাপন করা দরকার, এই কণা ব**লে** আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-10-2-20 p.m.]

Shri Monoranjan Hazra:

শিঃ ডেপটি স্পীকার, স্যার, এই বিল সার্কলেশানে দেওয়। হোক এই কথা সমস্ত সদ্প্রাই বলেছেন, আমিও বলচি এই জন্য যে যথেষ্ট আলেচন। হওয়ার পদ খানি দেই মধ বিষয়গুলিব আর প্নকল্রেথ করব না, ৬৭ দটো বিন্যে আমি আপনার দৃষ্টি আকর্ষণ কর্তি এবং মন্ত্রী মহাশ্র যাতে এটার সন্তোমজনক ত্রাব দেন তার জন্য তাকে । অনুবোধ জানাচিছ। প্রথম কুণা হচেছ রেছিং-এর উপন যে কথা উঠেছে টোটাল আউটপট যেটা তার উপর যে কর ধার্য অক্ততঃ হওন। উচিত আনন। স্বাই জানি। ক্রনার যে বাঁই প্রোডাক্ট আছে এবং তাতেও त्य विताह जात्र कत वार्थ कर वार्य जात्र कर वार्य जात्र कर वार्थ कर वार्थ कर वार्य वार वार्य আমার। এই ভাবে করি। এই হচেত আমার একটা বিষয়। আর শ্বিতীয় বিষয় হচেত এই যে পরিকারভাবে যেট। ভক্তি বাব বলতে চেরেছেন, আমিও সেটা বলতে চাই যে আজকে রোড ট্রান্সপোট হওয়ার জন্য নান। রক্যভাবে ক্য়ন্। অন্যত্র যেতে পারবে। একটা কথা হচেছ এই, আমি মনে করি ন। যে সবাই অসং, কিন্তু বাংলাদেশে বর্তমানে যে শাসন চলেছে সেই भागत्नत जना अनि गानिक यमि गए। भारक छारत कि करत छारक काँकि দিতে হবে দপ্তর থেকে শিধিয়ে দেওয়ার মত আছকে একটা পদ্ধতি চাল হয়ে গেছে। সেজন্য রেজিং, টোটাল আউট পুট এবং বাই প্রোডাক্ট সমস্ত জিনিসের উপর যদি খুর দটি রাখতে পারা যায় হিসাব রাখতে পারা যায় তাহলে এই কর ধার্যেব নীতি সঠিকভাবে প্রযক্ত হবে। আর একটা কথা হচেছ আমি মনে করি এই সম্বন্ধে যাঁর। অভিজ্ঞ তাঁদের নিয়ে এই বিলটা আরে। গভীরভাবে পর্যালোচন। কর। হোক। ইতিনধ্যে যে কর ধার্য করার প্রয়োজন হয়েছে তা আমি অশ্বীকার করি না এবং কাজ আরো পিছিয়ে যাবে যদি আজকে একে দেরি করা যায়। আমি মেক্ষেত্রে বলি যে একটা অভিন্যান্য করে সেই কর তাদের কাছ পেকে আদায় করা হোক। ইতিমধ্যে এই বিষয়ে যারা অভিন্তে তাঁদের নিয়ে আলোচনা করে একটা ভাল করে আইন প্রণয়ন করা হোক এই হচেছ আমার বক্তব্য।

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় উপাধাক্ষ মহাশয়, মাননীয় সদসাগণ এতক্ষণ যা বললেন তাতে মোটামুটি আমার এই ধারণা হয়েছে যে মূল প্রস্তাবের সঙ্গে ওরা এক মত। তবে কতকগুলি কথা ও'রা এই প্রসংগ্র উত্থাপন করেছেন যেমন এতদিন ধরে কেন আমরা এই বাবস্থা অবলম্বন করিনি এবং কোন কোন মাননীয় সদস্য যেন আশ্চর্য হয়ে গেছেন যে, ট্যাক্স ইভেসন হয় কি করে। এটা দৃঃখের কথা যে ট্যান্ত্র ইভেসন হয় এবং এটা এমন কিছু আশ্চর্যজনক ঘটনা নয় যদি বলা হয়, যে ট্যান্ত্র ইভেসান ব্যাপকভাবে কোন কোন জায়গায় হয়ে থাকে। সেই ট্যাক্স ইভেসন কতক পরিমাণে হয়েছে তা আমি অবশা বলতে পারি না তবে আমি যা অনুমান করি, যে কারণে আমরা সেস আদায় কর-তাম সেই পন্ধতিতে আদায় করলে কিছু পরিমাণে ট্যাক্স ইভেসনের সম্ভাবনা থেকেই যায়। আমি দেখেছিলাম যে এখন আমরা এই সেস থেকে আদায় করতে পারি প্রায় ১১ লক্ষ টাকা, আমরা ডেসপ্যাচের উপর টন প্রতি ৫০ প্রসা পর্যত্ত সেস্ধার্য করতে পারি—৫০ প্রসা হল উন্দর্শ সীমা যে পর্যন্ত আমরা সেস ধার্য করতে পারি। এই প্রসঙ্গে ডাঃ কানাইলাল ভট্টার্য মহাশর বঙ্গেন যে বিহার সরকার যে হারে ধার্য করেছেন তার সঞ্গে সামঞ্জস্য রেখে করা হয়েছে কিনা তাও তিনি জানতে চান। বিহার সরকারের হিসাব আমি যতদ্রে দেখছিলাম, তারা টন প্রতি সর্বোচ্চ সীমা করেছেন সাড়ে চার আনা. ২৮ পয়সা, এখানে ৫০ পয়সা পর্যন্ত করা হচ্ছে। এখানে যদি ৫০ পয়সা পর্যদত ধার্য করা হয় তাহলে আমরা একটা মোটা টাকা পেতে পারি। ৫০ পয়সা করা হবে কি হবে না। কতটা করা হবে কোন জায়গাতে বিহারের বিভিন্ন স্থানে বিভিন্ন রক্তমভাবে ধার্য করা হয়েছে—এখানে সেটা চিন্তা করে দেখরো। এই যে বাড়তি টাকা আমরা পারো তা আমরা ওখানকরি কয়লাখনির মালিকদের জনা কয়লাখনি শ্রমিকদের জনা স্থানীয় অধিবাসীদের জনা নিশ্চয়ই বায় করবো। একটা কথা এই মাত আমার মাননীয় বন্ধ ্ব থগেনবাব্ব কাছে শ্ন-লাম যে কয়লাখনি অঞ্চলে যে রাস্তাগালি সম্প্রতি তৈরি করা হয়েছে তার রক্ষণাবেক্ষণের

জন্য বছরে ২০ লক্ষ্ণ টাকা আনুমানিক বায় হয়। এখন এসব কারণে আমাদের নানা প্রয়োজন সিন্দ করবার জন্য অর্থাগমের প্রয়োজন হয়। একটা কথা অবশ্য উঠেছে যে করলার দাম বাড়বে কিনা। কয়লার দাম যাতে না বাড়ে সেটা অবশ্য পশ্চিমবংগ সরকার লক্ষ্য রাখবনে। কিন্তু কয়লার দাম নিদিশ্ট করে দেয়ার ক্ষমতা থােধ হয় পশ্চিমবংগ সরকারের একেবালেই নেই, তবে শুখু এই সেস্ ধার্য হওয়ার দর্শ কয়লার দাম বাড়বে তা অবশ্য হতে দেয়া হবে না। বিশেষ করে সেস্ যে ধার্য হবে ইনকাম ট্যাক্স ধার্য করা করানোর উদ্দেশ্যে সেটা বাদ দেবার বাবস্থা পার্মাসিব্লা এক্সেণিডচার গণ। হতে পারে। কাজেই শুখু দাম বেড়েড় থাওয়ার কোন প্রবশ্তা দেখা গেলে নিশ্চয়ই পশ্চিমবংগ সরকার সেদিকে দ্শিট রাখবেন। [2-20] -2-30 p.m.]

আর একটা কথা হয়েছে যে রেজিং-এর উপর করা উচিত, ডেসপ্যাচ-এর উপর করা উচিত নয়। রেজিং-এর উপর করলেই যে সেটা সেস্ ধার্যযোগ্য হবে, তা নয়। মাননীয় ভত্তিভ্ষণ মন্ডল মহাশ্য মাথা নাড্ছেন তিনি বোধ হয় এটা স্বীকার করেন না। কথা হচ্ছে এই যে রেজিং বা আউটপটে তার সবটাই বিক্রয়যোগ্য বা বিক্রয় হতে পারে, বা তার কতটা সেই খনির কাজে লাগবে বা তার কতটা লোকে কয় করবে এইসব কথা ভাববার আছে। তবে ডেসপাচ-এর ক্ষেত্রে ফাঁকি দিতে পারে এই প্রশ্ন অনেকেই তলেছেন। আমি অবশ্য প্রীকার করি, যে এই ক্ষলার খনির সব ব্যাপারগুলি আমি জানি না। হয়ত, তারা ফাঁকি বিভিন্ন জায়গায় দিতে পারবে না। কলকাতা বলে ইনকাম-ট্যাক্স যেমন ফাঁকি শেওয়া যায়, তেমনি কলকাতার বাইরে কয়লাখনির মালিকরাও ফাঁকি দিতে পারেন, আশুখ্যা আছে। আমি এই কথা শুনলাম যে কোন প্রকারের কয়লা যদি এই রকমভাবে, কয়লার খনি থেকে স্থানাত্তরিত বা অপসারিত করতে হয় ভাহলে কোল কন্টোলার অফিস থেকে একটি পামিট নিতে হবে। আমি তা ঠিক জানি না। ফাঁকি দেওয়ার প্রশেন, কতটা সুযোগ সুবিধার অবকাশ এখানে রয়েছে, সেটা নিশ্চয়ই আমাদের দেখা কর্তবা। আমি মাননীয় সদসামণ্ডল মহাশয়কে বলছিলাম এই ডেসপাচ শব্দটি সম্পর্কে। এই শব্দটির ব্যাখ্যা এখানে দেওয়া আছে। এই সংজ্ঞাটিকে যদি আরও পরিবর্তিত করে আমাদের উপযোগী করা যায়, তার ফলে ফাঁকি দেওয়ার অবকাশ আরও কম হয়ে যাবে, তাহলে নিশ্চয়ই সেটা আমরা বিবেচনা করে দেখতাম। মাননীয় সদস্য ভক্তিভূষণ মণ্ডল মহাশয় বললেন ষে আমি এটা তেমন ভাবে চিল্তা করে দেখিনি। আমি এ বিষয় নিশ্চয় খুবই উদ্বিশ্ন—আমাদের এত কিছু করার পরেও, ঐ ডেসপ্যাচ-এর ডেফিনেসন এর ভেতর দিয়ে বা অন্য কোন দূর্বল ধারার ভিতর দিয়ে আমাদের মাল উদ্দেশ্য যদি বর্থ হয়ে যায়, তাহলে খবে म् स्था कथा रात । यारे रहाक व विषय आणि अन् मन्धान करत रम्थाता।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যতদ্র বৃঝেছি, মাননীয় সদস্যগণ পশ্চিমবংগ সরকারকে এই বলে অভিনন্দন করেছেন যে এই বিলটি কেন আরও আগে আনা হয়নি। এই বিলের মূল উদ্দেশ্যের সংগ্য ত'রা সকলেই মোটাম্টি একমত প্রকাশ করেছেন। আমি আশা করি মাননীয় সদস্যগণ এই বিলটি গ্রহণ করবেন।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of the Hon'ble Syamadas Bhattacharyya that the West Bengal Cess (Amendment) Bill, 1964, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that in sub-clause (2) of clause 3, in the proviso to section 6, the word "naye", wherever it occurs, be omitted.

The motion was then put and agreed to.

The question that clause 3, as amended, do stand part of the Bill we then put and agreed to.

Clauses 4 to 12 and Preamble

The question that clauses 4 to 12 and the Preamble do stand part of tl Bill was then put and agreed to.

The Hon'ble Sayamadas Bhattacharyya: Sir, I beg to move that t West Bengal Cess (Amendment) Bill, 1964, as settled in the Assemble passed.

Dr. Kanai Lal Bhattacharvva:

- (ক) টাকা দেওয়ার তারিথ হইতে এক বংসরের ভিতর সরকারের প্রাপ্য টাকা ফেরং দেওয়ার ক্রিতে গত ৬-১১-৬৩ তারিথে টাকা দেওয়া হইয়াছিল। চুক্তি অনুসারে খাদি কেন্দ্রকে আগামী:-১১-৬৪ তারিথের মধ্যে সরকারের প্রাপ্য টাকা ফেরং দিতে হইবে। তবে ইতিমধেষ্ট ত্ত্তত টাকা ফেরং পাওয়া গিয়াছে।
- (খ) ইউনিয়ন কো-অপারেটিভ ইণ্সিওরেন্স সোসাইটি লিমিটেড নামক বীমা সংস্থা; ভ সংস্থার সম্পত্তির পরিমাণ ও মূল্য যথাযথভাবে বিচার করিয়া দেখা হইয়াছে এবং আলোচ। তথ্যি জনা উন্ন সংস্থার জামিনদার হওয়ার যোগাতা সম্পর্কে সরকার নিঃসন্দেহ ইইয়াছেন।
 - (গু) **না** ৷

Tubewells in Murshidabad district

- *27. (Admitted question No. *31.) **Shri Sanat Kumar Raha :** ক্ষেত্ৰ কিন্তালয় মানুনীয়া মন্ত্ৰিয় অনুন্ত্ৰপূৰ্ব কান্ট্ৰেন কি-
 - (ক) মুশিলিকর জেলায় কতপুলি পানীয় জলের নলক্প খারাপ অকথায় পা৾ড়য়া আছে এবং কতপুলি বতিমানে চালা আছে :
 - (খ) ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সালের মধ্যে কতগুলি অকেজো নলক্প প্নঃস্থাপন করা হয় : এবং
 - (গ) বর্তমানে অকেজো নলক প্র্যালির সংস্কারের কিরুপে ব্যবস্থা করা হইয়াছে?

The Minister for Health:

- (ক) ৬.৬১৫টি চাল্য ও ৬০৪টি অকেন্ডো।
- (খ) ১৯৬২-৬০ সালে—৪২৭টি, ১৯৬৩-৬৪ সালে—৭২টি।
- (গ) প্রতি বংসর র্বাল ওয়াটার সাংলাই প্রোগ্রাম-এর খাতে বরান্দক্ত অর্থের পরিমাণ প্রেক এবং প্রতি ৪০০ জনে ১টি ও প্রতি গ্রামে (জন সংখ্যা নির্বিশেষে) অত্ততঃ একটি জল ংস স্থাপনের প্রচলিত নীতি অন্যায়ী অকেজো নলক্পগর্নার প্রথশনের ব্যবস্থা হইয়া দকে।

বর্তমান বংসর ম্মিদাবাদ জেলায় মোট ৭৪টি অকেজো নলক্পের প্নথনিন মঞ্জর করা ইয়াছে। বাকি অকেজো নলক্পগ্লির প্নথনিনের কাজ উপরোক্ত নিয়মান্যায়ী পরবতী। ধসর সমতে গ্রহণ করা হইবে।

Supply of potable water in Calcutta

*28. (Admitted question No. *165.) Shri Ananga Mohan Das:

স্বাস্থ্য বিভাগের মাননীয়া মন্দ্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) ইহা কি সতা যে, কলিকাতায় বর্তমান সময়ে যে পানীয় জল সরবরাহ করা হইতেছে তাহা যথেষ্ট নয় এবং তাহার বিশ্বন্থতা সম্বন্ধে সন্দেহ রহিয়াছে:
- (খ) উক্ত জল-সরবরাহ বৃদ্ধি করিবার কোন পরিকল্পনা আছে কিনা এবং যদি থাকে তাহা কি : এবং
- (গ) অবিশূদ্ধ জল কি কারণে সরবরাহ করা হইতেছে?

The Minister for Health:

- (ক) বর্তমানে কলিকাতায় যে পরিমাণ পানীয় জল সরবরাহ করা হইতেছে, লোকসংখ্যার অনুপাতে তাহা পর্য্যাপত নহে। এই জলের বিশুন্ধতা সম্বন্ধীয় তথ্য হিসাবে উল্লেখ করা যায় যে গত ১১ই জ্বাই যে সপতাহ শেষ হইয়াছিল, সেই সপতাহে পৌরসভার ব্বাস্থ্য বিভাগ কলিকাতার বিভিন্ন স্থান হইতে মোট ১২৯টি জলের নমুনা সংগ্রহ ও বিশেলধণ করেন। টালার কেন্দ্রীয় জলাধার হইতে সরবরাহকৃত জল সম্পূর্ণ বিশ্বন্ধ বলিয়া প্রমাণিত হইয়াছে, কিন্তু উক্ত ১২৯টি নমুনার মধ্যে ১০৪টি বিশ্বন্ধ, ১১টি সন্দেহজনক ও ১৪টি অবিশ্বন্ধ প্রমাণিত হইয়াছে।
- (থ) আছে। বর্তমানে কলিকাতা পৌর কর্তৃপক্ষের ৪-২৮ কোটি টাকা ব্যয়ের যে জল সরবরাহ প্রকল্পটি শেষ হইতে চলিয়াছে তাহাতে কলিকাতায় পরিশ্রত জল সরবরাহের পরিমাণে দৈনিক ৮ কোটি ৪০ লক্ষ গ্যালন হইতে ১৫ কোটি গ্যালনে বৃদ্ধি পাইবে। উত্ত জল সরবরাহ আরও বৃদ্ধি করিবার জন্য আর একটি প্রকল্প বিবেচনাধীন আছে।
- (গ) রাম্তা এবং শৌচাগার ধৌতকরণ, অন্দি নির্বাপণ প্রভৃতি কাম্কিলাপের জন্য অপরি-শ্রুত জল সরবরাহ করা হয়।

Refugees

- *29. (Admitted question No. *253.) Shri Gour Chandra Kundu:
- উম্বাস্তু, ত্রাণ ও প্নের্বাসন বিভাগের মাননীয়া মন্ত্রিমহাশয়া অন্ত্রহপ্রেক জানাইবেন কি-
 - (ক) ১৯৬৪ সালে কত সংখ্যক উন্বাস্তু পরিবারকে দন্ডকারণ্যে পাঠানো হইয়াছে এবং কত সংখ্যক উন্বাস্তু পরিবার দন্ডকারণ্যের বিভিন্ন ক্যাম্প হইতে প্নরায় পশ্চিমবঙ্গে ফিরিয়া আসিয়াছে :
 - (খ) দণ্ডকারণ্য হইতে যে উদ্বাস্তুরা পশ্চিমবঙ্গে ফিরিয়া আসিতেছে তাঁহাদের মধ্যে প্রিচমবঙ্গে সরকার কোন সরকারী আশ্রয়, সরকারী সাহায্য ও প্নের্বাসনের ব্যবস্থা করিয়াছেন কি:
 - (গ) যে সমস্ত উদ্বাস্তু পরিবার দণ্ডকারণ্য না গিয়া পশ্চিমবংগ অবস্থান করিতেছেন তাঁহাদের জন্য মাথাপিছা সরকারী সাহাযোর বরান্দ কত:
 - (ঘ) ইহা কি সত্য যে, নবাগত উম্বাস্তুদের সকলকে সরকারী সাহাষ্য দেওয়ার পূর্ব সিম্বাস্ত পরিবর্তন করিয়া কেবলমীট ডিজাভি'ংদের দেওয়ার জন্য সরকারের পক্ষ হইতে নিদেশি দেওয়া হইয়াছে ; এবং
 - (৩) ১৯৬৩ ও ১৯৬৪ সালে কত উম্বাস্তু পূর্ব পাকিস্তান হইতে পশ্চিমবংগ চলিয়া আসিয়াছেন?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(ক) ৪ঠা ফেব্রুরারী ১৯৬৪ হইতে ২৪এ জ্বুলাই ১৯৬৪ পর্যন্ত, ১,৫০,৫৪৭ জনকে লডকারণ্যে পাঠানো হইয়াছে। তম্মধ্যে ১৮,৪২৩ জন তথা হইতে এই রাজ্যে প্রত্যাবর্তন ছবিয়াছে।

(খ) না।

- (গ) প্রয়োজনীয় ক্ষেত্রে ১১-৬-৬৪ তারিখ পর্যন্ত হার ছিল প্রণবয়স্ক প্রতি মাসিক ১৮ নকা এবং অপ্রাণ্ড বয়স্ক প্রতি মাসিক ৯ টাকা। উত্ত তারিখ হইতে প্রতি মাসে প্রাণ্ড বয়স্ক প্রতি ২ টাকার স্বাভাবিক নিরপেক্ষ সাহায্য তাহাদের জন্য রোদ্দ আছে।
- (ছ) শ্রে হইতেই যোগা ক্ষেত্র মাত্রে সরকারী সাহাষ্যের ব্যবস্থা ছিল। ১১-৬-৬৪ চারিখের পর যে সকল শরণাথী পশ্চিমবঙ্গে থাকিয়া যাইতে চাহিয়াছে কেবলমাত্র ভাহাদের ক্ষত্রেই থয়রাতি সাহাষ্যের হার পরিবর্তন করা হইয়াছে।
 - (७) ১৯৬০ সালে ১৪,৬০১ জন এবং ১৯৬৪ সালে ৪,১৪,৪৪২ জন।

T. B. patients

*30. (Admitted question No. *271.) Shri Sudhir Chandra Das:
বাস্থা বিভাগের মাননীয়া মন্তিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি যেসকল যক্ষারোগীকে
নিস্পাভাল হইতে ঔষধ ইত্যাদি সরবরাহ করা হইতেছে সেই সকল রোগীর পথ্যের জন্য টাকা
রোগের বিষয় সরকার বিবেচনা করিতেছেন কিনা:

The Minister for Health:

বর্তমানে এর প কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন নাই।

Lunatic prisoners of Dum Dum Jail

- *31. (Admitted question No. *326.) **Dr. Golam Yazdani :** বরাষ্ট্র (কারা) বিভাগের মাননীয় মন্ত্রিহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-
 - (ক) দমদম জেলে বর্তমানে কত জন উন্মাদ পরেষ ও মেয়ে রোগী আছে:
 - (থ) তাহাদের চিকিৎসার জন্য কত জন **ডান্ডার আছেন** এবং তাহাদের মধ্যে কত জ**ন উম্মান**-রোগ বিশেষজ্ঞ: এবং
 - (গ) রাঁচী কিংবা অন্য কোন উদ্মাদ হাসপাতালে এইসব রোগীকে পাঠানো হয় কিনা?

The Minister for Home (Jails):

(ক) দমদম কেন্দ্রীয় কারায় বর্তামানে ৪৮৮ জন প্রেষ্ উন্মাদ আছে। তাহাদের মধ্যে 1৭ জন অপরাধী উন্মাদ এবং ৪৪১ জন নিরপরাধ উন্মাদ। উক্ত কারায় কোন নার**ী উন্মাদ** ।খা হরনা।

- (খ) উক্ত কারায় উন্মাদগণের চিকিংসার জন্য ৩ জন ডাক্তার আছেন এবং **তাঁহাদের মধ্যে** ২ জন উন্মাদ রোগ বিশেষজ্ঞ।
 - (त) हती।

Sinking and re-sinking of tubewells in Pingla P.S.

- *32. (Admitted question No. *171.) Shri Anangamohan Das:
 - (ক) এই বংসর আর ডবল্ ফ্লামে মেদিনীপুর জেলার পিংলা থানাতে কতগালি ন্তন ও কতগালি প্রনঃ সংস্কারের জন্য নলক্প মঞ্জার হইয়াছে:
 - (খ) ঐ সকল নলক প কোন কোন গ্রামে স্থাপিত হইয়াছে:
 - (গ) ঐগ্রাল কে নির্বাচন করেন · এবং
 - (ম) কি পন্ধতিতে উহা নিৰ্বাচিত হইয়াছে?

The Minister for Health:

(ক), (খ), (গ) ও (ঘ) এ বংসর ১৯৬৪-৬৫ আর, ডবল, স্কীমে রুরাল ওয়ার্টার সাংলাই স্কীম সমগ্র মোদনীপুর জেলায় মোট ২১০টি অকেজো জল উংসের পুনঃ সংস্থাপন এবং ৪৬৭টি ন্তন জল উংসের সংস্থাপন মঞ্জুর করা হইয়ছে। উত্ত জল উংসগ্লি কোন্ থানায় এবং কোন্ কোন্ গ্রামে বংটন করা হইবে, তাহা জেলাশাসক মহাশয়, জেলা স্বাস্থা কমিটি (ডিজিফ্ট হেলথ কমিটি) ও ব্রক ডেভেলপমেণ্ট কমিটিগ্লির সঙ্গে প্রামশ্রুমে স্থির করিবেন। জেলা শাসকের নিকট হইতে এ বিষয় এখনও কোন বিপোর্ট পাওয়া যায় নাই

Doctors and nurses of Malda Hospital

- *33. (Admitted question No. *327.) Dr. Golam Yazdani: Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—
 - (a) if it is a fact that in Malda Hospital even the Specialist Doctors of the Hospital are compelled to do the emergency duty because the doctors are short there;
 - (b) if so, how many doctors are in shortage and whether the Government propose to remove this shortage:
 - (c) if it is a fact that sisters and nurses of the said hospital are also in shortage; and
 - (d) if so, whether this shortage will be done away with soon?

The Minister for Health:

- (a) Specialist Doctors in the districts are required to do Emergency Duty by rotation according to the Government orders in force.
 - (b) Does not arise.
- (c) No, there is no shortage of Nursing Staff in this Hospital according to the sanctioned strength of nursing staff.
 - (d) Does not arise.

UNSTARRED QUESTIONS (to which written answers were laid on the table)

Rice Mills

- 13. (Admitted question No. 27.) Shri Sanat Kumar Raha: খাদা ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অন্গ্রহপ্রেক জানাইবেন কি—
 - (ক) পশ্চিমবঙ্গে মোট চাউল-কল কয়টি এবং কি পরিমাণ চাউল এই সমস্ত কল গত ১৯৬২-৬৩ সালে উৎপাদন ও বিক্রয় করে:
 - (খ) ১৯৬৩-৬৪ সালে এই সমস্ত কলে কি প্রিমাণ চাউল উৎপাদিত হয়; এবং
 - (গ) ১৯৬৪ এপ্রিল হইতে জন্ন পর্যন্ত এই সকল কল কত চাউল উৎপাদন করিয়াছে. কত প্রিমাণ বিক্ষ করিয়াছে এবং কি দরে?

The Minister for Food and Supplies:

(ক) "৬৯৬"। ৩০এ জনুন ১৯৬৪ তারিখে এই সমস্ত কলের উৎপাদন ও বিক্রয়ের হিসাব নিন্দে প্রদত্ত হইল।

नान		উৎপাদন		বি ন্তর	
	মেঃ টন			त्यः हेन	
2265				৭,৮৩,২৯৯	6, 25,258
5260	•••		•••	৬,২৫,৬৯৪	٩,১৯,8৮७

- (খ) ১৯৬৪ সালের ৩০এ জন তারিখ অবধি ৫,০৭,৫৮১ মেঃ টন চাউল উৎপাদিত হর।
- (গ) ১,৯৩,৭১২ মেঃ টন চাউল উৎপাদন এবং ২,৩১,৬৬০ মেঃ টন সরকারী নির্ধারিত মুল্যে বিক্যু করিয়াছে।

৮ই জানুয়ার ১৯৬৪ তারিখের সরকারী আদেশ নং ১৫০ এফ এস দ্বারা চাউলের মূল্য নিধারিত হইয়াছিল।

State Trading Corporation in Jute

- 14. (Admitted question No. 30.) Shri Sanat Kumar Raha: সমবায়বিভাগের মাননীয় মাল্যমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি
 - (ক) ১৯৬৪-৬৫ সালের পাটের মরশ্বেম স্টেট ট্রেডিং কর্পোরেশন মারফত কি পরিমাণ পাট কিনিবার সরকারী প্রস্তাব আছে: এবং
 - (খ) ম্শিদাবাদ জেলায় এই বছর কি পরিমাণ পাট উক্ত কপোরেশন মারফত খরিদ করার প্রস্তাব আছে?

The Minister for Co-operation:

- (क) ইহা এখনও স্থির হয় নাই।
- (४) এ প্রশ্ন ওঠে না।

Consumers Co-operatives in West Bengal, 1964-65

15. (Admitted question No. 50.) Shri Sanat Kumar Raha:

সমবায়বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অন্ত্রহপ্রেক জানাইবেন কি ১৯৬৪-৬৫ সালের বত'মান সময় পর্যন্ত পশ্চিমবংগের কোন্ জেলায় কতগুলি কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি গঠিত ও রেজিস্টীকৃত হইয়াছে?

The Minister for Co-operation:

নিন্দের বিবরণী দুন্টব্য।

Statement referred to in reply to unstarred question No. 15

১৯৬৪ সালের ৩০এ জ্বন পর্যশত যে সমস্ত কনজিউমার্স কো-অপারেটিড সোসাইটি গঠিত এবং রেজিস্টারীকৃত হইয়াছে তাহার বিবরণ

জেলার নাম ও সমিতির সংখ্যা

কলিকাতা--২৩৫ ২৪-পরগণা---২৪৫ হাওডা---৬৭ হুগলী--৬৩ বর্ধ মান--৩৮ নদীয়া---৫৪ বাঁকুড়া-১১ মেদিনীপরে-৩০ বীরভয—৬ मार्गिमावाम-- ১৯ প্রেলিয়া—১৫ মালদহ--২ পশ্চিম দিনাজপুর-১১ কোচবিহার--১১ জলপাইগ,ডি-১৯ मार्कि निष्ट- ১৪ মোট---৮৪০

Ration Shops

16. (Admitted question No. 143.) Dr. Golam Yazdani:

খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্দ্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি রেশন দোকানের সংখ্যা গত বংসর জনুন ম্বাসের তুলনায় এই বংসর জনুন মাসে জেলাগনুলিতে এবং কলিকাতায় বেশি না কম?

The Minister for Food and Supplies:

একটি বিবরণী এতংসহ উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 16.

	A	s on 30-6-63	As on 28-6-64
Calcutta Industrial	Area	3,145	3,512
		(including	(including
	1,	567 Chakkis)	1,598 Chakkis)
24-Parganas .		1,308	1,504
Nadia .		866	727
Murshidabad .		768	846
Jalpaiguri .		247	284
Malda .		189	323
West Dinajpur		242	272
Darjeeling .		282	290
Cooch Behar .		156	235
Bankura .		698	768
Burdwan .		883	1,005
Birbhum .		506	665
Hooghly		533	544
Howrah .		438	395
Midnapore .		874	1,021
Purulia .		211	283
		11,346	12.674

Water supply in Kharagpur

- 17. (Admitted question No. 144.) Shri Narayan Choubey: Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—
 - (a) whether the Government are aware of the acute scarcity of water in each summer in the town of Kharagpur;
 - (b) if so, whether the Government have any proposal for a water-works at Kharagpur; and
 - (c) if answer to question (b) be in the affirmative—
 - (i) what is the estimate of the scheme, and
 - (ii) when will it be implemented?

The Minister for Health: (a) Yes.

- (b) Yes.
- (c) (i) Rs. 26,08,438.
- (ii) The financial and other aspects of the scheme are under examination n consultation with the different authorities concerned including Government of India. It is not possible at this stage to say when the scheme may be implemented.

Public Health Unit at Kharagour

- 18. (Admitted question No. 146.) Shri Narayan Choubey: (a) Will the 'ble Minister-in-charge of the Health Department be pleased to state if it a that the Government have set up a Public Health Unit at Kharagpur?
- (b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister pleased to state—
 - (i) when the said Unit started functioning:
 - (ii) how many departments were to have been opened at this Unit as per plan and their names;
 - (iii) how many departments are at present functioning there;
 - (iv) if all the departments are not yet opened, what are the reasons thereof, by what time all the departments will be opened;
 - (v) how many doctors, nurses and other staff of all categories are working here;
 - (vi) what is the source of water for this Unit and whether this Unit gets sufficient water for use from this source; and
 - (vii) if not, whether the Government have any proposal for giving sufficient water to the Unit for use?

The Minister for Health: (a) Yes, a Medical Unit has been set up.

- b) (i) On 25-1-1964.
- ii) Four, namely-
- (1) An Outdoor Dispensary;
- (2) A Maternity, Child Welfare and Family Planning Centre:
- (3) A Chest Clinic; and
- (4) A Clinical Lboratory.
- iii) Only Outdoor Dispensary is functioning.
- iv) All the departments have not been opened as the Unit could not be pped with X-ray machine and other equipment. These will be opened the requisite equipments are provided.
- v) Doctor—1
 Nurses—3
 Clerk—1
 Pharmacists—2
 Laboratory Technician—1
 General Duty Attendants—2
 Sweeper—1
- i) One masonry well; supply is not adequate.
- ii) V.

Sluices in Movna police-station

- 19. (Admitted question No. 160.) Shri Anango Mohan Das:
 - (ক) মেদিনীপুর জেলার ময়না থানার ৮নং অণ্ডলে প্রতিন জমিদারদের শ্বারা প্রস্তৃত কতগুলি স্লুইস ছিল;
 - শ্রেণ ঐগ্রাল বর্তমান সময়ে সরকারের অধীনে আসিবার পর মেরামত করা ইইয়াছে কিনা;
 - (গ) মেরামত করা হইয়া থাকিলে কোন্ সালে মেরামত করা হইয়াছিল এবং এজন্য মোট কত টাকা খরচ হইয়াছে:
 - (ঘ) সরকার কি অবগত আছেন যে, উক্ত অঞ্চলের বাম্বনিয়া খালের মুখে কোন স্লুইস না থাকায় নদী হইতে সেচের জন্য জল না পাওয়ায় কিছ্ব পরিমাণ ফসলের জমি ক্ষতিগস্ত হইতেছে:
 - (৩) অবগত থাকিলে উত্ত খালের মুখে স্লুইসের জন্য সরকার কোন পরিকল্পনা করিয়াছেন কিনা: এবং
 - (চ) পরিকম্পনা করা হইয়া থাকিলে উহাতে মোট কত টাকা খরচ হইবে এবং উহার কাজ কবে আরম্ভ হইবে?

The Minister for Irrigation and Waterways:

- (क) মোট ১৭টি।
- (খ) হা[†]।
- (গ) গত ১৯৫৯-৬০ এবং ১৯৬০-৬১ সালে মেরামত কার্যের জনা ঐ দুই বংসরে মোট শরুচ পড়িয়াছিল ৪৮,১৬২ টাকা।
- (ঘ) ও (ঙ) সেচের জন্য এবং জলনিকাশের জন্য বাম্নিয়া খালের ম্থে একটি **স্পাইস** নির্মাণের প্রকৃষ্প প্রস্তুত করা হইতেছে।
 - (চ) এখন বলা সম্ভব নহে।

Group loan to Chowkidars and Dafadars in Moyna police-station

- 20. (Admitted question No. 179.) Shri Ananga Mohan Das:
- ত্রাণ বিভাগের মাননীয়া মণিত্রমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি-
 - (ক) ইহা কি সত্য যে, গত ১৯৬০ সালে মেদিনীপুর জেলার ময়না থানায় বয়ৢাপক বয়য়ন প্রীড়িত অঞ্চলে চৌকিদারগণকে প্রথকভাবে যে গ্রুপলোন দেওয়া হইয়াছিল তাহা এতদিন পরে সয়য়য়য় চৌকিদারগণের নিকট হইতে আদায় করিবার চেষ্টা করা হইতেছে:
 - (খ) সত্য হইলে, দফাদার ও চৌকিদারদের মধ্যে যাহারা অত্যন্ত দ্বঃন্থ তাহাদের লোন সম্পূর্ণ মকুব করিবার এবং যাহারা সক্ষম তাহাদের নিকট কেবলমাত আসল টাকা লইয়া ঋণ শোধ করিয়া লওয়ার কোন প্রস্তাব সরকারী বিবেচনাধীনে আছে কি?

The Minister for Relief:

- (ক) সাধারণভাবে অন্যান্য ক্ষেত্রে যেভাবে ঋণ আদায় করা হইয়া থাকে, চৌকিদারদের ক্ষেত্রেও সেইভাবে ঋণ আদায়ের চেন্টা করা হইতেছে।
 - (খ) ना।

Deep tube-wells in West Bengal

- 21. (Admitted question No. 187.) Shri Ananga Mohan Das:
 কৃষি ও সমণ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্তিমহাশয় অন্ত্রহপূর্বক জানাইবেন কি—
 - (ক) এই রাজ্যে মোট কতগালি গভীর নলকাপ প্রোথিত করা হইয়াছে:
 - (খ) ঐ সকল নলক পগ্রালর মধ্যে কতগ্রাল হইতে জলসেচের জন্য সরবরাহ করা হইতেছে:
 - (গ) ইহা কি সতা যে, কিছ্সংখ্যক গভীর নলক্প হইতে সেচের জন্য জল সরবরাহ করা হইতেছে না:
 - (ঘ) সতা হইলে, ইহার কারণ কি; এবং
 - (৩) যেগালি হইতে সেচের জল সরবরাহ করা হইতেছে না সেগালি হইতে কবে নাগাদ সেচের জল সরবরাহ করা হইবে?

The Minister of State for Agriculture and Community Development:

- (ক) মোট ৬৪১টি, ১৫ জলোই পর্যন্ত।
- (খ) ১৮৯টি নলক প হইতে জল সরবরাহ করা হইতেছে।
- (গ) হাা।
- (ঘ) পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্মাৎ এখনও উক্ত নলক্পগর্মলতে বিদ্যুৎ সংযোজিত করিতে পারে নাই।
 - (घ) विनादः সংযোজিত হইলেই ঐ নলক্পগর্লি হইতে জল সরবরাহ করা যাইবে।

Dole given in Dakshin Moyna village of Moyna police-station

22. (Admitted question No. 217.) Shri Ananga Mohan Das:

বাণ বিভাগের মাননীয়া মন্তিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি

মেদিনীপুর জেলার ময়না থানার পূর্ব-দিক্ষিণ ময়না গ্রামে গত সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর মাসে কতজনকে ডোল দেওয়া হইয়াছিল?

The Minister for Relief:

সেণ্টেন্বর, ১৯৬৩—২৪১ অক্টোবর, ১৯৬৩—২৪১ নভেন্বর, ১৯৬৩—৩৬৫ ডিসেন্বর, ১৯৬৩—২৪৩

Irrigation water in the villages of Pingla police-station 23. (Admitted question No. 224.) Shri Ananga Mohan Das:

সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

- (ক) মেদিনীপুর জেলার পিংলা থানার কোন কোন গ্রামে—
 - (১) সম্পূর্ণভাবে প্রতি বংসর সেচের জল পায়: এবং
 - (২) আংশিকভাবে সেচের জল পায়:
- (খ) ঐ সকল গ্রামে সেচের জলের জনা প্রতি একরের কত ট্যাক্স ধার্য আছে; এবং
- (গ) কি নীতি ও পর্ম্বতিতে এই ট্যাক্স ধার্য করা হয়?

The Minister for Irrigation and Waterways:

(ক) (১) ও (২) মেদিনীপুর জেলার পিংলা থানার যে সমস্ত গ্রামে প্রতি বংসর সম্পূর্ণ-ভাবে সেচের জল পায় তাহার একটি তালিকা (ক) এবং যে সমস্ত গ্রামে আংশিকভাবে সেচের জল পায় তাহার একটি তালিকা (খ) এই সঙ্গো প্রদন্ত হইল।

- (খ) স্বল্পমেয়াদী (অর্থাৎ এক বংসরের) কব্রলিয়াতে একর-প্রতি বার্ষিক ২ টাকা ৫০ প্রসা। দীর্ঘমেয়াদী কব্রলিয়াতে একর-প্রতি বার্ষিক ২ টাকা।
- ্র) ১৮৭৬ সালের "বেশ্গল ইরিগেশন অ্যাক্ট" অনুসারে মেদিনীপুর ক্যানেলের জলকর সম্বন্ধে যে নিয়মাবলী আছে তদন্যায়ী জলকর ধার্য করা হয়।

Statement referred to in reply to clause (ka) (1) of unstarred question No. 23

মেদিনীপূর জেলার পিংলা থানার নিম্নলিখিত মৌজাগ্রলিতে প্রতি-বংসর সম্প্রণভাবে সেচের জল পায় -

১। সিরিন্ধা	৩৮। বেনাগেড়া।
३। कृष्णेश्रया।	৩৯। করকাই-বাটীঘাকি।
৩। উজান।	৪০। কড়াভাষ্গত।
8। निष्का।	৪১। कुইलाहक।
৫। বাজা গেড়া ।	৪২। থানবি চক।
৬। এরামচক।	৪৩। লাগড়া।
্। দুজিপুর।	८८। भिःना।
৮ আল্বুগেড়া।	৪৫। পাটগৈড়া।
৯ । আলিচক।	৪ ৬। পালগেড়া।
১০ : আকনা গেড়া।	৪৭। পাকুড়া চৈতন্যপ ্ র।
১১। ছোন চক।	৪৮। পাঁবগেড়া।
১২। গ্ৰুগাদাস চক।	৪৯। প্ৰেগ্ৰাম।
১৩। গোরাজ্য চক।	৫০। হাড়কানিদ।
১৪। গোগগ্রাম।	৫১। কিসমত বড় ই হাসিমনা র:
৯৫। মিজ িপ রে।	৫২। রঘ্নাথচক।
১৬। হাটমালিদা।	৫৩। জুগুলাথপ্র।
১৭। ভোগদন্ড।	৫৪। অ্লিত।
১৮। তেগেড়ে।	৫৫। উত্তর কলাপ ্গ ্থ।
১৯। भन्कन ठक।	৫৬। তেতুলুম,ড়ি।
২০। কালিহা ডিহি।	৫৭। তুলসী চক।
২১। নয়াহ'রহরপ্রে।	৫৮। ট্ৰুপাৰুর।
२२। रङाला।	৫৯। রাধাকৃষ্ণপ ূর।
২৩। চকসোলা ও চক গোবরা।	৬০। জামনা।
২৪। সাহারা।	५১। नया।
২৫। প্তছড়া।	৬২। বাহাদ্রপ্রে।
२७। कुन्नूमना।	৬৩। রাউত্চক।
২৭। লামার কুস্মদা।	৬৪। সাঁতই।
२४। जून्गा।	৬৫। আউগেড়া।
२৯। दवन्न।	৬৬। আপ্সাড় বাটীটাকী।
৩০। ভাগাচক।	৬৭। নন্বরপ্র। পাইকান উত্তরবাড়।
৩১। বলরামপ্র।	৬৮। দক্ষিণকালাপ্র্ণডা।
৩২। বার ফলাশপ্র।	৬৯। পলাশপ্র।
৩৩। বেলাড়।	৭০। দাওড়া।
৩৪। ভীতবার।	৭১। ধনে×বরপুর মধ্যবাড়।
৩৫। ব্রাহ্মণবার।	, ৭২। বড়াপেড়া।
৩৬। বীর্রাসংহপ ্ র।	৭৩। রাজপুরে। ১৪। সভ্যোত্তপুর উত্তর রাজ।
হণ। বড়ই।	৭৪। ধনেশ্বরপ ্র উত্তর বাড়।

৭৫। ধানেন্ডা।	১০০। মল্লারপরুর বাটীঘাকি।
৭৬। ধনেশ্বরপ্রর উত্তর বাড়।	১০১। স্তুমারী।
৭৭ সীতারামপুরে।	১০২। মাধবচক।
৭৮। গোপীকান্ত বড়।	১০৩। দেওয়ানবড়।
৭৯। আপ্গার।	১০৪। মিয়াচক।
৮০। গোসাই চক।	১০৫। কালিকাকুণ্ড।
৮১। গোপীনাথপ্র।	১০৬। মোগলানীচক।
৮২। গোবিন্দচক।	১০৭। কাঁটাপ ্ কুর।
৮৩। চকসাহার।	১০৮। প্রতাপচক।
৮৪। চক যশোদা।	১০৯। সিমলাডাঙ্গর।
৮৫। চকতুলসী।	১১০। মিরপার।
৮৬। চক কাশিম।	১১১। হরিহরপ্রে।
৮৭। চকগোকুল।	১১২। যশোরাজপ ্র।
৮৮। চকদাউনিয়া।	১১৩। বা _{ন্} ডপ্রে।
৮৯। চিত্রপত্নর পাটনা।	১১৪। পাইচক।
৯০। हर्छ।	১১৫। বালিশ্বরপ্রে।
৯১। চকচাউরা।	১১৬। চিরাই।
৯২। স্বর্পচক।	১১৭। পশ্চিমথিরাই।
৯৩। মোহনপর।	১১৮। রামপ্রা।
৯৪। চক আমোদ।	১১৯। সাহড়দা।
৯৫। लक्ष्या।	১২০। স্রতচকু।
৯৬। ন ্ডলবার।	১২১। বারপুরৌ ।
৯৭। মহিষ গোট।	১২২। প্ৰথিরাই।
৯৮। মাকড়দা।	১২৩। দাড়রা।
৯৯। মঞ্লারপরে।	১২৪। রাজমা।

Statement referred to in reply to clause (ka) (2) of unstarred question No. 23

তালিকা খ

নিন্দালিখিত মৌজাগুলি আংশিকভাবে জল পায় :--

- ১। ছোট খেলনা।
- ২। মালিগ্রাম।
- ৩। চক কৃষ্ণদাস।
- ৪। তিলন্তপাড়া।
- ৫। ঝাপড আডা।
- ৬। পানপাডা।
- ৭। বড খেলনা।
- **४। शास्त्रमाज।**
- ৯। ঘোড়ামারা।
- ১০। স্রা।

Sluices for North and West Bunds in Moyna police-station

- 24. (Admitted question No. 225.) Shri Ananga Mohan Das:
- সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্তিমহাশয় অন্ত্রহপ্রেক জানাইবেন কি -
 - (ক) মেদিনীপরে জেলার ময়না থানার পশ্চিম ও উত্তর বাঁধে সেচের জন্য কর্মটি **স্পাইস** প্রস্তুতের প্রস্তাব আছে;
 - (খ) কোন্ কোন্ গ্রামে ঐগর্লি প্রস্তুত হইবে ;

- (গ) ঐগুলি কি প্রকারের স্লুইস হইবে এবং কবে উহাদের কাজ আরুভ হইবে: এবং
- (ঘ) ঐগর্নল প্রস্তৃত বাবত সরকারের মোট কত টাকা বায় হইবে?

The Minister for Irrigation and Waterways:

- (**ক**) ৭টি ম্লুইস প্রস্ততের প্রস্তাব আছে।
- (খ) এই সম্বন্ধে একটি তালিকা এই সঞ্চে দেওয়া হ**ই**ল।
- (গ) ঐগ্রাল হিউম পাইপ স্লাইস হইবে।

স্পাইস প্রস্তুতের প্রকল্পটি বিবেচনাধীন আছে। কবে কাজ আরম্ভ হইবে এখন বলা সম্ভব নর।

(ঘ) আনুমানিক ৩৬.০০০ টাকা ব্যয় হইতে পারে।

Statement referred to in reply to (kha) of unstarred question No. 24

যে স্থানে স্লুইস প্রস্তুত হইবে, স্লুইসের সংখ্যা এবং তাহাদের ব্যাস

		नंषु	ইঞ্চি
(১) ১৪নং হ্দার ৬ মাইল ৫ ফার্লং ∹এ	>	5	હ
(২) জায়গীরচক	>	>	0
(৩) পরমান ন্দপ ্র	>	>	0
(৪) ১৪নং হ্নার ৪ মাইল ৫ ফার্লং-এ	>	۵	৬
(৫) দোনা চক	>	>	0
(৬) ১৪নং হ্বদার ৩ মাইল ৪ ফার্লং-এ	>	>	0
(৭) সিউলিপ্র	>	>	0

Haridaspur No. 2 Primary School, police-station Moyna, Midnapore

- 25. (Admitted question No. 233.) Shri Ananga Mohan Das: শিক্ষা বিভাগের মাননীয় মন্তিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
 - (ক) ইহা কি সতা যে, মেদিনীপুর জেলার ময়না থানার হরিদাসপুর ২নং প্রাঞ্চিক বিদালখের প্রধান শিক্ষক গতে ১৯৬৩ সালের প্রাথমিক শেষ প্রীক্ষার জনা উক্ত স্কুল হউতে ৫ জন প্রীক্ষার্থীর নাম ও প্রীক্ষার ফী বাবত ৫ টাকা নিদিখি ফরমে ময়না থানার এস আই-র নিকট জমা দিয়াছেন?
 - ক কারণে উরু ৫ জনের পরিবর্তে ৪ জন পরীক্ষার্থীর নামে অ্যার্ডমিট কার্ড পাঠানো হয়;
 - (গ) বাকী জনের নামে আডিমিট কার্ড কেন আসে নাই বা তাহার জমা টাকা কেন ফেরত দেওয়া হয় নাই
 - (ঘ) উক্ত ছার্রাটর এক বংসর এইভাবে নণ্ট করিবার জন্য দায়ী কে?
 - (৬) স্কুল পরিদর্শকের উক্ত আচরণের বিষয় তদনত করিবেন কি এবং তদনত অন্তে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হইবে কি?

The Minister for Education:

- (क) হাা।
- (খ) ও (গ) পরীক্ষাথী পাঁচ জনের অন্যতম শ্রীমান মিহিরচন্দ্র মাইতি অন্য একটি বিদ্যা-লয়ে তৃতীয় শ্রেণী হইতে "প্রমোশন" না পাইয়া তথ্যগোপন করিয়া ন্তন বিদ্যালয়ে চতুর্ধ্ব শ্রেণীতে ভতি হয়। এই তথ্য প্রকাশ হইয়া পড়িলে তাহার প্রাথমিক শেষ পরীক্ষার আবেদন নাকচ করা হয়।

উল্লিখিত ছাত্রটির পরীক্ষা ফী বাবত একটাকা ফেরত দেওয়া হইয়াছে।

- (च) মূলত ছার্রাটর অভিভাবক দায়ী।
- (७) **उम्**न्ठ कता श्रेताहः यायम्था গ্रश्तत कान श्रम्न छेळे ना।

Lands for Panchkura-Haldia Railway

- 26. (Admitted question No. 238.) Shri Ananga Mohan Das:
- ভমি ও ভমিরাজম্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বেক জানাই বেন কি—
 - ক) পাঁশকডা হইতে হলদিয়া বন্দর পর্যন্ত রেলপথ নির্মাণ করিতে কোন কোন থানার কোন কোন গ্রামের কত জমি সরকার গ্রহণ করিতেছেন:
 - (খ) উত্ত জমিগ_লির দখল কবে লওয়া হইয়াছে:
 - (গ) এসকল জমির স্বত্বাধিকারীকে কি হারে দাম মিটানো হইতেছে
 - (ঘ) যে সকল ব্যক্তিদের বাস্ত্রাড়ি দখল করা হইতেছে তাহাদের সংখ্যা কত; এক
 - (%) এ সকল ব্যক্তিদের প্রনর্বাসনের কি বাবস্থা হইতেছে।

The Minister for Land and Land Revenue:

- (क) এবং (খ) প্রশেনর উত্তর সংলগ্ন বিবরণীতে পৃথক্ পৃথকভাবে দেওয়া হইল।
- (গ) বিভিন্ন শ্রেণীর জমির প্রজ্ঞাপনের সময়কালীন ন্যায্য বাজার দর নির্ধারণ করিয়া আইন অনুসারে ক্ষতিপূরণ দেওয়া হইতেছে।
 - (ঘ) এখন পর্যন্ত কোন বাস্ত্রাডির দখল লওয়া হয় নাই।
 - (ঙ) প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to (ka) and (kha) of unstarred question No. 26

	মেঁ	জার নাম	1		মোট জমির পরিমাণ।	দখল লওয়া জ মির পরিমাণ।	দখল দওয়ার তারিধ।
				পাঁ	শকুডা ধানা		
					একর	একৰ	
বাহিরপ্রাম		• •			8 .05	8.05	\$b-\$-58
কণক পুর	••	• •	••		>२.8२	٩.٩২	36-5-9 8
স্রণানকার	• •	• •	• •		no. 4¢	39.66	ბ ₽∙ ბ- ⊌8
কেদারপুর	• •				२७.१७	۵۵. ۵۵	> b->- 68
কালিশীপুর	••	••	• •	• •	৭৫.৪৬	88.86	> b->- 68
উত্তর চাচিয়ারা	••	• •	••	• •	১৭৩.৫২	۶۶. د	> b->-68
দক্ষিণ চাচিয়ার।	• •	••	• •	• •	२२ .७०	১৬.৫৯	২ ৭-৪-৬৪
বসন্তবার	• •	• •	••	••	8 . ৬೨	8 .339@	২৭-৪-৬৪
শা শভূবি	••	••	••	. •	06. 55	۵ ۲۲۵. ۵۲	२१-8-७8

	¢	শীজার নাম	-		মোট জমির পরিমাণ ।	দখল ল ওয়া জুমির পরিষাণ।	দখল লওয়ার তারিখ।
					পাঁশকুড়৷ ধানা		
					একর	একর	
সরস্বত্যা "	٠	!!	• •		೨೧೭. ೧೭	SO. 300	২৭- ৪-৬৪
স্কুন্সর নগর			٠.		० ३३	٠.٥٠	÷9-8-68
ৰ সরবন				• •	১৭.৬৬২৫	১৭ .৬৬২ ৫	<i>></i> - <i>0</i> -७8
পূৰে স্বভিয়া	• •			• .	२४.३०	২৬.৮৮	৬-১ ৬৪
কুনার আডা	• •				३० ४०	30 0 F	৬-১-৬৪
বণ্ড বোলা					აგ . ით	⊅8 . ₹8	৬-১-৬৪
গোগ্ৰাস কেশব	বাড				b.00	8 .D90	@->- 68
ধু লিয়াপুর					৩১.٩ ٥		पर्वन न श्वा श्व नारे
শুড়াই ল		• •			৬ .৩০		ď
নারায়ণ পা কুডি	ब्रा				S8. C¢		ঐ
দক্ষিণ মেচাগ্রাম	٠.				b . ೨ ೧	• •	ď
				ত্ৰ	লুক ধান।		
লেহান,					ъ.bo		
স-দিকে				• •		ዓ .৫৮২৫	ર૧- 8-৬8
রসিকপুর ু	••	• •	••	• •	₹.@O	3.5890	२१ 8-७8
· •	••	• • •	••	• •	8.30	৩.১৮	২৭ ৪-৬৪
নিল ক টি য়া	••	• •	••	• • •	૭૨ . 80	७५६०. ८८	২৭-৪ ৬৪
উত্তর বাগুয়ান	• •	• •	• •	• •	0.50	0.03	૨૧- 8-৬8
কণ্ঠি বাড়	••	••	••		89.90	85.0396	১-৫- ৬8
হরশঙ্কর খামার চ	₮	••			b.90	৮.২৩	૨૧- ৪-৬8
পদমপুর	••	• •			٥٤.۶٥ ,	३. ०११৫	২৯ ৫-৬৪
নুবারী কালুয়া		• •	• •		0.50	0.50	ર .૯-8-৬8
রাম কালুয়া	••	••		••	00.65	১৮.৮৭৫	₹ঌ-৫-৬8
वानी कानुग्रा	• •	••			0.60	0.090	२৫ ४-७8
আৰ গাছিয়া	••				30.00	১৮.৩৩	२৯ ৫- ৬৪
ৰফিচর	••	••	••	••	8 .60	8 .bg	২৫*৪ ৬৪

রাধাবভশ্র পুর

ভ্ৰনেশুরপুর

শেহারপর

চককামিনা

চাঁদখুয়া

রাজ গোদা

পাণুম বাসান

গুড়িয়া!

ধাট্যাল

টিকারামপুর

কাঞ্চনপুর

কেশবপুর

বামনপুর

काननग

ভোলসোরা

গোপালপুৰ

বাসুলিয়া

রঙ্গিবাসান

গাজিপুর

į

অন্যতবেড়িয়া

কাপাসবেড়িয়া

দক্ষিণ উসতপুর

. .

. .

. .

. .

. .

. .

. .

. .

. .

٠.

. .

. .

. .

. .

. .

ধরিশা

বর পাদুম বাসান

9.60

00.6

58.80

38.50

09.98

2.50

00.68

33.90

20 20

36 30

JJ 80

₹0 ₹0

36 PC

30.60

२७.५०

86.30

00. كاد

33.60

3.60

8 . 8२

२०.४०

90.06

৮৬ .৫0

69.0

মহিঘাদল খানা

٠.

পরিষাণ ।

একর

9 . २५৫

b.30

b.0090

90¢.cc

80.50

2.990

D54. CC

৯.২৮

20.00

JB 38

२१.४8

:: 980

35 0330

>> .9696

20.008

. . . .

১২ . ৪৬

DPOC. CC

b .b0

3.36

33C. PC

9C. C9

66.5526

০. ২৩

पथन नश्मोत्र তারিব।

BUTH JULY,

২৯ ৫ ৬৪

২৯-৫-৬৪

ર8-8-৬8

30-0-68

२8-२-७8

२৫-२-७8

২৩-২-৬8

২৫-২-৬8

9-2-68

१-२-७8

₹৫-8-68

₹0-8 ७8

২৫-৪ ৬৪

5 0-68

୬୦-୯-৬8

দখল লওয়া হয় নাই

8**-**೨-७8

২৯-৪ ৬৪

২৫-৪-৬৪

২৯-৪-৬8

७-৫-७8

২৯-৪-৬৪

২৯-৪-৬8

ર ৯-8-**৬8**

(भोक्षांत्र नाम ।	যোট জ ৰি প্রিমাণ	

তমলুক ধানা

. .

একর

'QUESTIONS AND ANSWERS

	Ċ	ब्यु विषाद नाम	1		মোট জমির পরিমাণ ।	দখল লওয়া ভ ৰির পরিবাণ।	দখল লওরার তারিখ।
				ৰ	देघांन्ल थाना		
					একর	একর	
পূৰ্বে শীরাবপুর	٠		••		0.58	0.58	২৯-৪-৬৪
জগন্যাপপুর		••			33.¥O	> २.१७৫	೨ ১-১-৬৪
রামৰাগ	• •				₹\$.98	30.900	೨ ೧-১-৬8
চাদখণ্ড				••	0.80	0.80	৩১- ১-৬8
শাশু ড়্যা	••	••		••	¢9.28	80 . იაი	35-5-68
नाका:	••		• :	••	२७. ৯ १	२४ . ४२	২২- ৬-৬৪
জগৎপৰ	••	••			১৮ ৫১	on. oc	୬ ୯-୩-৬ <u></u> 8
ইভাপর		• •	••		55 68	55.80	መ 8ፊ ነን-ነን
আহবা		••		••	२१.३8	₹0.85	ე ბ-ბ- ს 8
				স্তাহা	টা ধানা		
শি নু লবেড়িয়া					30.00	२8 . ७8२	৫- ৫-৬8
গোবিন্দপ্তর		•••)	১৭ . ১ ৬	8-0-6
রযুরামপর		••		•••	٩ .٥২	ø .৬১œ	₹ ₹ ₹ ₹ ₹
্ৰীক্ঞপুর					ø6. 9	8.39	5-0-68
বাজিংপুর					J9.68	J2 . ৮ 9 ৫	₹5-5-68
ब्ल म)					২৯ .৩২	२१.১३७	- >9-9-68
ৰনিৱাৰপুৱ			•••		3.00	0.69	0-0-68
দ্ ক-নগর		••	••	• •	26.80	36.30	0-0-69 8-0-0
নে গোপালপুন			••		১৬.৯২	১৫.৬৬	२७-७- ७ ८
गे वांशां नि	••	••	••		٥.٩٥	J00	₹ 0-0- 0-8
अयार विज्ञा		• •	••	•••	٥.٩٤	3.00¢	* २०-७-७8
হম্মদপুর	••			• •	ડ ૭.૯૨	کو. ده. د	₹ <i>0-0-</i> 58
শ রামপুর			••		₹8.90	₹0.05	50-5-68
শ্বিকা	• •		,	••	89.00	এ৮ এ১	>8- 3-68
ৰিবিঞ্চি বেড়িয়া				••	8.10	8.10	₹৫ ৫-৬৪

							•
	G	रोजात नाग	† 1		. বোট জ মির পরিমাণ।	দখল ল ক্ষী। জ নি পরিমাণ।	বৈ দখল লওশার তারিখ।
•				হুত	হোটা খানা		
					একর	একর	
পূৰ্ব শুী ক্ ঞপুর		••			8.39	9¢¢.8	১২-৬ু-৬৪
হরিপর					৬.১৮	৬.১৮	₹৫-৫-৬8
পানা					٥.88	೨.88	২৫-৫-৬৪
চাঁপি					२७.৮२	२२.३৫৫	२৫-७-७8
জগনাথ চক					3 . २৮৫	२ .२৮৫	১৬-৬- ৬8
রা মনগর					٥٤. ٦٥	39.08 2 0	১৬-৬- ৬8
পূৰ্বে রমুনাথ চক					३०३ .४२	50a.be	১৮ ৩- ৬8
জয়নগর		••			৬.৯৬	J.6098··	২৫-৫-৬৪
কুমার চক					49. POC	40. 000	১ 9- ೨- ৬8
বাড়ীন্য হাটা					₹.80	O.8b .	२१-७-७8
যাদৰ চক					33.90	C6. D	२१-৫-৬8
বিজয়রাম চক					२.७०		শ্বল লওয়াহয় না ই
উত্তর শিশুরাম চক					9.60	१ . २३	२ १- <i>७</i> -७8
হ:তিবেড়িয়া					२७८ .४७	ು ೨೬.೨೨	২১- ೨-৬8
পিতাম্বর চক					60.0		দ খ ল লওয়াহয় নাই
র দ্বগুদার চক					২ .০৬		ঐ
বিশুনাথ দত্তের চৰ	F				0.38		3

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Deputy Speaker: 1 have received 3 notices of Calling Attention on the following subjects, namely:—

- (1) Arrest of Janab Mahammad Ali and Janab Maulvi Yasin under D. I. R.—by Shri Bejoy Pal;
- (2) Supply of rice, sugar and flour through the ration shops at Katwa by Shri Subodh Chowdhury;
- (3) Allegation of mal-practice in the publication of results of Higher Secondary and School Final Examinations—by Shri Kashi Kanta Maitra.

I have selected the notice of Shri Kashi Kanta Maitra on the allegation of mal-practice in the publication of the results of Higher Secondary and School Final Examinations. The Hon'ble Minister-in-Charge will please make a statement on the subject, if possible today or give a date for the same.

Shri Sowrindra Mohan Misra: On Tuesday the statement will be made.

Shri Bejoy Pal ?

স্যার, আমার যে কলিং এয়টেনশন নোটিশ আছে সেটা অত্যন্ত গ্রেছপূর্ণ বলে আমি মনে কবি।

Shri Monoranjan Roy:

আমার একটা কলিং অ্যাটেনশন নোটিশ ছিল—আমি পরশ্বদিন নোটিশ দিরেছিলাম যে, জল-পাইগ্র্বিড়র একটা চা বাগানের একজন ম্যানেজার সেখানকার ২ জন শ্রমিককে মেরে ফেলেছে এবং ২৭ জনকে আহত করেছে—

Mr. Deputy Speaker:

আপনি আবাব নোটিশ দেবেন।

Shri Kanai Pal:

মাননীয় ডেপ্টি স্পীকার মহাশয়, আপনার মাধামে আমি একটা বিশেষ গ্রেছপূর্ণ ঘটনার প্রতি মুখ্যমন্ত্রীর দ্ণিট আকর্ষণ করছি। আমাদের নদীয়া জেলা বরাবরই ঘাটতি এলাকা, বিশেষ-করে শান্তিপ্র থানা বরাবর বর্ধমান জেলা থেকে আমদানীকৃত চালের উপর নির্ভরশীল। আমি জানতে চাচ্ছি, আজকে যখন কর্ডনি নাই তখন বর্ধমান জেলার সরকারী কর্তৃপক্ষ নদীরা জেলায় চাল আনতে দিছেন না, বাধা স্ভিট করছেন যার ফলে শান্তিপ্রে ইতিমধাই ১ টাকা ২০ নঃ পঃ চালের কেজি হয়েছে এবং তাতেও বাজারে চাল পাওয়া যাছে না। আমি প্রকৃত্ত অবস্থাটা কি সেটাই মুখ্যমন্ত্রীর কাছ থেকে জানতে চাছি।

Mr. Deputy Speaker:

আপনি ফ্রড মিনিস্টার-এর সপো তাঁর চেম্বার-এ দেখা করবেন। এখন আপনি বস্ন, obey the Chair, you must take your seat.

আপনি ফুড ডিবেট-এ একথা বলার পর ফুড মিনিস্টার এই বিষয়ে জবাব দেবেন। এখন আপনি চীংকার করছেন কেন?

Shri Nikhil Das:

আমরা চীফ মিনিস্টার-এর যে স্টেটমেন্ট পেরেছি তার মধ্যে এই পরেন্ট নাই, তিনি তাঁর ব**ঙ্ক** রাখার সময় যেন একথাটা বলে দেন।

Shri Kanai Pal:

ফ্রড ডিবেট-এ যেন এর উত্তর দেন।

Mr. Deputy Speaker:

হ্যাঁ, দেবেন।

Debate on food situation

Shri Hare Krishna Konar:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়. খাদ্য পরিস্থিতির উপর মাননীয় মৃখ্যমন্ত্রী এবং খাদ্যমন্ত্রীর একটা নিশ্বিত বিবৃত্তি আমরা পেরেছি। তিনি অবশ্য এখন কিছু বলবেন না বলছেন। যখন খাদ্যের অভাবে এবং দুর্মাল্যতার দর্শ এবং সমস্ত জিনিসের দর বৃদ্ধির দর্শ বাংলাদেশে—কলকাতা থেকে সন্দরে গ্রামাণ্ডলে একটা গভীর সংকটের সৃষ্টি হয়েছে, যখন চারিদিকে চাল নাই, তেল নাই এই রব উঠেছে—এবং সে শুধু বিরোধী দল থেকে নয়, গভর্নমেন্টের সমর্থন করেন এমন কিছ্ব কাগজ এবং সংবাদদাতা তাঁরাও সকলে এই এক কথা বলছেন যে সংকট অক্তান্ত পভীর ঠিক সেই সময় বাংলাদেশের মুখ্যমন্ত্রী একটা বিবৃতি দিচ্ছেন যে বিবৃতিটা শেষ করছেন এই বলে যে

This is a unique record not only in the whole of India but also for our own State which has many brilliant records of such bold measures in the past.

বাংলাদেশের মানুষ যথন অক্তান্ত বিচলিত এবং মানুষ যথন একটা অত্যন্ত সংকটজনক অবস্থার ভিন্তর দিয়ে চলেছে তথন একটা দেশের মুখ্যমন্ত্রী এরকম বড়াই করতে পারেন অনেক কিছু গবের কাজ করেছি এবং এজন্য গবিত, ভাবা যায় না। মাননীয় উপাধ্যক্ষ মহাশন্ত্র, কি বিশেষণ এ'দের বির্দেধ প্রয়োগ করা যাবে, অভিধানে এমন কোন কথা আছে যা এ'দের বির্দ্ধে প্রয়োগ করা যাবে? প্রকাশ্য বাজারে চাল পাওয়া যাচ্ছে না, শুধু কলকাতায় নয়, মফঃস্বলেও

[2-10-2-20 p.m.]

এখানে বর্ধমানের কংগ্রেস এম, এল, এ, যাঁরা আছেন তাঁরা বলনে বর্ধমানে প্রকাশ্য বাজারে हाल भाउमा बात्क किना स्मर्थात लाहेन पिए हत्क किना? भाननीय एउपारि म्भीकार महागत. প্রকাশ্য বাজারে যেখানে চাল পাওয়া যাচ্ছে না, গমের জন্য যেখানে মানুষকে লাইন দিতে হচ্ছে সেখানে আমাদের মুখামন্ত্রী কয়েক বছর ধরে বস্তুতা মারছেন গম খান, গম খান, খাবারের অভ্যাস বদলান। কিন্তু আমরা দেখছি গমের জন্য মান্ত্রকে লাইন দিতে হচ্ছে এবং তাও আবার পাওয়া ষাচ্চে না এই অবস্থার স্থান হয়েছে। আমি গতকাল যখন ক্ষনগরে গিরোছলাম তখন সেখান-কার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এ. কে. সেন আমাকে বললেন আমার কাছে গম না থাকলে আমি কোথা থেকে দেব? যদিও খাতায় কলমে আছে আধসের করে গম দিতে পারব কিন্ত না এলে কি করে দেব ? অথচ কয়েক বছর ধরে বন্ধতা মেরে যাচ্ছেন গম খান গম খান। আমি স্যার আগেই বলেছি যে, এই গম नार्टन पिराउ পाउरा याण्ड ना। जातभत मतरात जिला के अर्थ अर्थ । আমি ভাবছিলাম জিজ্জেস করব নির্ভেজাল তেল যখন দিতে পারছেন না তথন ভেজাল তেলটা কন্টোল-এ দিতে পারবেন কি? স্যার, এ'দের চমংকার নির্বিকার অবস্থা । তারপর, কি বলছেন, মা তেলের সাবস্টিটিউট । অর্থাৎ তেলের জারগার অন্য কিছু খান । জানেন কি যে তারও দাম বেডে গেছে? আমি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-কে বর্লেছিলাম একমাস আগে বে বাদাম ডেলের দাম ছিল আডাই টাকা সেটা এখন সাড়ে তিন টাকা হয়ে গেছে—অর্থাৎ সরষের তেলের দাম বাডার সংখ্য সংখ্য তারও দাম বেড়ে গেছে। মাননীয় ডেপ্টি স্পীকার মহাশন্ধ, আমরা দেখেছি গত পরশা দিন একটি প্রশেনর উত্তরে পি. সি. সেন বলেছিলেন ছাফ কে. জি. চাল—এ আমার দুই সংতাহ চলে। শুধু তাই নয়, তিনি আরও বলেছিলেন বেছেতু আমরা দম বে'ধে দিয়েছি সেহেতু এটা ধরে নিতে হবে তার চেয়ে বেশী দামে বাজারে চাল বিক্রি হচ্ছে না। স্যার, এবা পরিহাস क्रतरहन-- वाश्नारमत्मत मान्यस्त्र शाम निरम, जीवन निरम, क्रम्या निरम धान हार्म ठावी क्रतरहन। তারপর, আর একটা কথা লিখেছেন ডালের দর কেন বাড়িতেছে। কি লিখিয়াছেন, না ডালের উৎপাদন কম হইয়াছে। এ'রা এমনই রত্ন। তারপর, আজকাল মানুষ নাকি মাছের অভাবে প্রচিন-এর তাগিদে ডাল থাচ্ছে এবং তারজন্য ডালের দাম বেড়ে যাচ্ছে। অর্থাৎ এখানে লিখেছে, পিপল আর টার্নিং টু পালসেস্ ইন লিউ অব ফিস ইন সার্চ অব প্রটিন। পাগলামীর একটা সীমা থাকা দরকার, পরিহাসেরও একটা সীমা থাকা দরকার। স্যার, মানুষের দৃঃখ নিয়ে যাঁরা অবজ্ঞা, व्यवस्था এवर भीतराम करत जाँगत वला यास ठान्छा माथास थून करात मूछ व्यभनाधीत रह मता-বৃত্তি তাদেরও সেই মনোবৃত্তি এবং সেই মনোবৃত্তি নিয়ে বাংলাদেশের সরকার এবং মুখামূলী এখানে বিবৃতি দিয়েছেন। তারপর, উনি তুলনা করেছেন বিহার, মহারাত্ট এবং ইউ পি-র সপো। এ যেন সেই রকম কথা—অর্থৰণ আমি মদ খাইয়া মাতলামি করিতেছি কিল্ড ও'দের দেশের মত নর্দমায় পড়িয়া নর্দমার পচা জল খাইতেছি না। চমংকার তলনা। ইউ. পি. বিহার, মহারাষ্ট্র সব জারগায়ই তো আপনাদের কংগ্রেস সরকার—এ'রা সব জারগায় চোরাকারবারীদের সংশ্যে বন্ধত্ব করবে, তাদের কাছ থেকে টাকা নেবে, তাদের সংখ্য দোসতী করবে আর মানুষকে এইভাবে মারবে। এ যেন প্রতিযোগিতা হচ্ছে। আবার নিজেদের সংগ্য তুলনা করে দেখাছেন স্মামরা ভাদের মত জাহামামে বাইনি, আমাদের চেয়েও তাঁরা খারাপ। কিল্ত আমরা দেখেছি কোন

স্তরে তারা লৈছেন। তারপর, ছেদো যুতি দেখান হছে বে, দেশরক্ষার জনা টাকা খরচ হরেঁছে এবং তারজন্য দাম বাড়বে। আমি অর্থনীতির মধ্যে ঘাব না কারণ সমর অল্প, ডবে এ'রাও স্থানিন বে এটা মিথ্যা কথা। প্থিবীর অনেক দেশের ডেভলপমেন্ট হরেছে এবং আমাদের চেয়ে বেশা হিরেছে, অনেক টাকা তারা খরচ করেছেন কিন্তু সেখানে জিনিসপত্রের দাম বাড়েনি। এমন কি মনতান্ত্রিক দেশ বেখানে আমাদের চেয়ে প্রতি বংসর বেশা খরচ হর সেখানেও এত দুতু দর বাড়ে নি। আমি সেই বিতর্কে না গিয়ে একটা কথা বাল, ইনফ্রেসন নিশ্চরই হচ্ছে কিন্তু আপ্নাদের নীতি হচ্ছে মানুষকে মারা এবং সেই জনাই দর বাড়ছে। আমি একটা কথা জিজ্ঞেস করি উত্তর দেবেন—টৈত্র মানে চালের দর ২৭।২৮ টাকা থাকিল আর বৈশাখ মাসে ৩৫।৪০ টাকা হইল এটা কি করে হোল? এটাও কি মুদ্রাস্ফিতীর জনা? হঠাৎ এমন কি মুদ্রাস্ফিতী হোল যে এক মাসের মধ্যে মুদ্রাস্ফিতী কি এমন হোল যে দেশ রক্ষার জন্য এত টাকা খরচ করেছি কাজেই সর্যের তেলের দাম ৪ টাকা হবে? অতএব মুদ্রাস্ফিতী, ডেভেলপমেন্ট-এর খরচ প্রভৃতি দিয়ে এই জিনিস এক্সন্থেন করা যায় না। এই যে ১০।১৫।১৭ টাকা দর বেড়েছে এটা দেশ রক্ষার জনা নয় ডেভেলপমেন্ট-এর জন্য এটা হচ্ছে গতন মেন্ট এবং মজ্বতদারদের মিলিত চক্রান্তে যে এইভাবে মানুষকে ফ্রিজ করে, লুঠে করে কয়ে জনের হাতে মুনাফার পাহাড় জমাবো।

ডিসেম্বরের শেষের দিকে এবং জানুয়ারীর প্রথম দিকের কথা মনে আ**ছে. এই বিধান সভায়** এই প্রফল্লবাব, কি বলেছিলেন। আমি যখন খাদোর বিতকের সময় গভর্নমেন্টকে সতর্ক করে বলেছিলাম এই বছরও সংকট হবে উনি ব্যুক ফুলিয়ে বললেন যেমন করে তিনি বলেন তেমনি করে বললেন এবার অটেল ধান হয়েছে--৪৮ লক্ষ টনের জায়গায় ৫৪ লক্ষ টন ধান হয়েছে. উডিযায়ও অঢেল ধান হয়েছে, অমুক জায়গায় সাংঘাতিক ধান হয়েছে, লোকে মজুত করবে কোথায়? লোক রাখবে কি করে? অতএব চাল বাজারে আসবে। শুধু একটা আইন করে দিলেই হল দরটা বে'ধে দেব, আইনটা বে'ধে দেবো, সব গড গড করে ঠিক চলবে। তাঁর এই বস্তুতার পর ডিসেম্বর ২৭এ, ২৮এ এবং জানুয়ারীর ১লা এবং ২রা তারিখে কি বক্ততা আমরা দিয়েছি? আমরা একথা বলেছিলাম যে খাদোর উৎপাদন হলেও খাদোর সংকট আছে উৎপাদন কম করার জন্য জনসংখ্যা ্রিম্বর জন্য খাদ্য সংকট হয়, যেহেত খাদ্য উৎপাদনের পর তার একটা বড অংশ গ্রামের বড় বড় জমিদার সহরের মিল মালিকদের হাতে গিয়ে জড় হয়। আমরা বলে দিয়েছিলাম ১৩৫০ সালে বাংলাদেশের সমাজ জীবনে নৃত্ন পাপচক যা গড়ে উঠেছিল-মজতেদার মুনাফা-খোর ব্রাক মাকেণ্টিয়ারদের যে পাপচক্র ইংরেজ গভর্নমেন্ট পূষে লালন পালন করেছে, ইংরেজ গভন ফেন্টের যোগা উত্তর্রাধিকারী হিসাবে এই গভন মেন্ট গত ১৭ বছর ধরে সেই পাপচক লালন পালন করে আরও ফলে ফালে ফাঁফিয়ে তলেছে এবং এদেরই চক্রান্তের জন্য বাংলার ধান চাল চলে গেছে। আমরা দেখিয়ে দিয়েছিলাম যে চৈত্র মাস পর্যত ধান চাল যে দরে বিক্রী হয় তখন বাজার দর কম থাকে, যখন চৈত্র শেষ হয়ে যায় তখন ধান চাল বড় বড় আড়তদার বড় বড় মিল মালিক বড় বড় জোতদারদের ঘরেই চলে যায় এবং তারাই তা কণ্টোল করে, আমরা একথা নর্লোছলাম যে তাদের চক্রান্তকে ভাষ্গতে হবে। এবং ওকে যদি ভাষ্গতে না পারেন ভাহ**লে** কোন কিছু করা যাবে না। তার জন্য আমরা বলৈছিলাম পাইকারী ব্যবসা গভন মেন্ট হাতে নিতে পারবেন না, কেননা এই পাইকারী বাবসা হাতে নিতে গেলে তাদের সঞ্গে আপনাদের গাঁট-ছড়া বাঁধা চলবে না, তাদের সঞ্জে আপনাদের প্রেমের বন্ধন রয়েছে, তাদের কাছ থেকে আপনা-দের টাকা নিতে হবে, দুর্গাপুরে মিটিং করতে হবে, ৪০ হাজার টাকা খরচ করতে হবে, তাই সবটা পারবেন না, আপনারা অন্ততঃ অর্ধেক অর্থাৎ ১২।১৪ লক্ষ টন বাজার থেকে কিন্দুন, eारता अन्टरः राट्ट आभगात्मत ग्रेक थाकरा। <mark>श्रक्</mark>षत्रवादः ठा क<mark>त्रत्म</mark>न मा ४थन छेष्टिसात हा**ल** এল তখন আপনাদের হাতে নিন তাও করলেন না সব ছেড়ে দিলেন, বললেন—"দর বাধিয়া দিতেছি" যদি ভকৈ কন্টোল না করেন, ভকৈ অপরের হাতে থাকে, তাহলে আপনি দর বাধিয়া দিয়া কন্টোল করবেন তা কি হয়? আমার মনে আছে অতীতের কথা, গভনমেনট কাপড়ের দাম বি'ধে দিলেন যে অমুক কাপড়ের অমুক দাম। তারপরই বেই দোকানের কাছে গিরে বল্লাম অমুক কাপড় দিন, এই দাম, দোকামী বললে, যে অফিসার দাম-এর নোটিশ দিরেছেন তাঁর াছে যান, আমার কাছে নেই। মাল থাকবে আমার কাছে আর আপনি কন্মোল করবেন, কি হবে? নাল পাওরা বার না এবারেও তাই হবে। আপনি শুক কন্ট্রোল করলেন না। আমরা বলিনি?

স্থামরা বিরোধী পক্ষ একথা কি বলিনি? প্রফ্রেলবাব্বললেন তার দরকার হবে না আমরা শৃহখ্য মিল থেকে ২৫ ভাগ নেব। আমরা বলেছিলাম তাও পাবেন না, তারা খাতাপত্র এমনভাবে রাখে যে তারা দেখাবে ৪০ পারসেন্ট কিন্তু আমলে ২ পারসেন্ট ৩ পারসেন্টের বেশী পাবেন না তাইত হয়েছে, মিল থেকে বেশী পানিন। আমরা বলেছিলাম বেশী করে কিন্ন, শুক রাখ্ন তাঁরা তা করলেন না, তাঁরা দর বাঁধলেন লাইসেন্স করলেন অম্ক করলেন তম্ক করলেন ফলে কি হল? গিল্লী জানে কর্তার ম্বোদ কত, অতএব বড় বড় কথা বলে কি লাভ, চোরাকার বারীরা জানে যেই প্রফ্রেলবাব্ হ্মিক মারে অম্ক করবাে, এটা গোদা পায়ের লাথি এটা বড়াই মাসলে তারা করবেন না তাই যেমন করে ভাগ টাগ করে রাখতে পারে তেমনি করে করে দিলে ছার ফল কি হল প্রফ্রেলবাব্ উত্তর দেবেন। গতবারের তুলনায় এবার ধান বেশী হয়েছে, এমন করে ক্রামর ২ ২৪ মিলিয়ন ২০ থেকে ৪০ লক্ষ টন বেশী চাল হয়েছে, বাংলাদেশে ৪ লক্ষ টন চাল বেশী উৎপন্ন হয়েছে। উৎপাদন বেশী হলে দামও একট্ ক্মে এবং কমা উচিত ছিল। আজ নিশ্চয়ই প্রফ্রেলবাব্ এমন সংখ্যাতছ দিবেন না যাতে তিনি দেখাবেন এক বছরের মধ্যে এমন ছেলে পিলে উৎপন্ন হয়েছে যারা এই ৪ লক্ষ টন থেয়ে ফ্রিয়ের দিয়েছে, এটা নিশ্চয়ই হতে পারে না।

[2-20-2-30 p.m.]

ार्टा ८ मक्क पेन ऐश्मापन वाएम. ८० मक्क पेन जात्मत ऐश्मापन छात्र उपार्थ वाएम ज्वान চালের অভাব বাড়ল কেন. গভীর হল কেন? এর একমাত্র কারণ হচ্ছে গভর্নমেন্ট ইচ্ছা করে ধান চাল জোতদারদের এবং মজ্বতদারদের হাতে ছেডে দিয়েছেন এবং ইচ্ছা করে তাদের সাহায্য করে বাংলার মানুষকে মেরে তাদের টাকা করার ব্যবস্থা করে দিচ্ছেন। তারপর কি হল, তারপর সঞ্চট যা হবার তা হল, সংকট বেড়ে চলেছে। কৃতিছ নিচ্ছেন প্রফল্লবাবু যে আমাদের কাজের ফলে এপ্রিল মাস পর্যন্ত অবস্থা খুব ভালই ছিল--উই ওয়াক্তি ওয়েল টিল দি এন্ড অব এপ্রিল। লম্জা করে না? এপ্রিল মানে হচ্ছে চৈত্র মাসের শেষ যখন চাষীরা ধান বিক্রি করে চৈত্র সংক্রান্তি অর্থাৎ চাষীরা যতদিন পর্যন্ত বিক্রি করেছে ততদিন বাজারটা মোটামুটি স্বাভা-বিক ছিল। আর উনি কৃতিত্ব মারছেন যে ও'দের জন্য হয়েছে। তারপর চাষীর ধান যথন বেরিয়ে জোতদার আর মিলওয়ালাদের কাছে গেল অমনি ১০।১৫ দিনের মধ্যে বাজার উঠল অর্থাৎ দৈখবেন ঐ এপ্রিল মাসের পরে ১০।১৫ দিনের মধ্যে দামটা চড়ে গেল। এথানে দেখা যাবে চক্রান্ত, মিল মালিকদের সংখ্য প্রফল্লে সেনের জোটের চক্রান্ত। উনি কি বলছেন না উডিয়ার ব্যবসাদাররা চাল দিতে চাইল না আর গ্রামের জোতদাররা আটকাইয়া রাখিল। আমি বলি বাংলাদেশের যারা বড় বড় রাঘববোয়াল ব্যাপারী এবং মিল মালিক তারা গেল কোথায় ? উডি-ষ্যার ব্যবসাদাররা তো করবেই: প্রফল্লে সেন যদি বাংলাদেশের যারা রাঘ্র ব্যেয়াল যারা মজ্জত-দার তাদের মুনাফার ব্যবস্থা করেন তাহলে উডিষ্যার শ্রী বীরেন মিত্র তিনিই বা কেন করবেন না? তিনি বলবেন আমাদের এখানে কি মজতেদার নেই? আমি তাদের পেট ভরাব। অতএব ইনি যা করেছেন তিনিও তাই করেছেন। ইনি বলছেন যে জোতদাররাই শুধু দায়ী। কিন্তু আমি জিজ্ঞাসা করি মাঘ ফাল্গনে মাস থেকে চৈত্র মাস পর্যন্ত চাষীরা যে ধান বিক্রি করেছে সেটা কত বলনে? অন্ততঃ ৫০ পাসেন্টি বিক্লি হয়েছে যা মার্কেটেবল সার্গলাস, ৪০ পাসেন্টি বিক্রি হয়েছে? এই বিক্রি ধান চাল সব কি লোকে থেয়ে নিল? নিশ্চয়ই না? তাহলে কোথায় গিয়ে জমা হল? নিশ্চয়ই গঞ্জে, শহরে, মিলে, বড় বড় আড়তদার রাঘব বোয়ালদের কাছে জমা হয়েছে। খাতায় আপনি পাবেন না, কারণ খাতা তারা সরিয়ে রেখে দিয়েছে। উনি জানেন কোথায় রয়েছে। অথচ তাদের বাদ দিয়ে শ্ধ্ব বলছেন উড়িষ্যা আর শ্ধ্ব বলছেন গ্রাম। তার মানে শহর এবং মিলগ্রলিকে আপনারা বাঁচাতে চাইছেন যাদের সঞ্গে আপনাদের টাকার দহরম মহরম যোগাযোগ আছে। তারপর গ্রামেতে আপনারা কি করলেন, গ্রামে নিশ্চয়ই বড় বড় জ্রোতদারদের ঘরে ধান আছে, খুব ঢোল পেটালেন যে বর্ধমানে এত সিজ করেছি অমুক করেছি তমুক করেছি। কিন্তু আসলে দেখা গেল বড় বড় জোতদারদের কাছে—সময় থাকলে আমি নাম দিয়ে দিয়ে বলে দিতে পারতাম যে কার বাড়ীতে ২ হাজার ৪ হাজার ৫ হাজার মন ধান আছে, ইন্সপেক্টররা গিরে বলে দেখন স্যার, আমাদের কাছে লোক পাঠিয়েছে, অফিসার বলেছে, গভর্নমেন্ট বলেছে,

কিছু দেন আমাদের। এই তো করা হয়েছে। বড় বড় জোতদার মহাজনদের কাছ থেকে মাদ্র ১ শো ১॥ শো মণ করে নেওয়া হয়েছে এবং সাধারণ লোক যার নেই তার কাছে দািব করা হয়েছে। ফল কি হল, ৪ লক্ষ মনের মত চাল হয় এমন নাকি তারা সিজ করেছেন অর্থাং যদি ১ কোটি লোককে ১ কে. জি, করে চাল দেওয়া হয় তাহলে ১॥ সম্পাহের চাল সরকার পেয়েছেন। ফলটা কি করেছেন, ফলটা করেছেন বর্ধমান, বায়রভূম জেলায় সম্প্রুটিকে ছড়িয়ে দিয়েছেন। অতএব চাল আপনি পান নাই। আসলে আপনি জোতদার মজ্বুটারদের ধরছেন না। উনি হিসাব দিয়েছেন কত হাজায় লোককে ধরিয়াছি। বাংলাদেশের কটা চোরাকারবারী, কটা মিল মালিক, কটা রাঘব বোয়ালকে আপনি ধরেছেন তার হিসাব দিন। বেশার ভাগ দেখা যাবে ছোট ছোট দোকানদার যারা বাধ্য হয় বেশা দামে কিনে আনতে, রিসিট পায় না, তাদের ধরেছেন। তাদের ধরে বাহাদ্বির দেখাছেন যে আপনি মজ্বুটারদের বির্দেধ অভিযান করেছেন। কিন্তু আসলে সেই বড় বড় রাঘব বোয়াল যারা মজ্বুট করে রেখে দেয় তাদের ধরেন নি।

মাননীয় উপাধাক্ষ মহাশয়, আমি আর শুধু দু-একটা কথা বলবো। এর ফলে হয়েছে কি-আমরা দেখছি অবন্থা যখন অত্যন্ত সংকটাপন্ন তখন গভর্নমেন্ট বলছে আমরা এম. আর. দিচ্ছি. অমুক দিচ্ছি ইত্যাদি। কথায় এবং কাজে উনি যা লিখেছেন—আমরা কোলকাতায় ৬০ লক্ষ. মফঃস্বলে ৪০ লক্ষকে এম, আর দিতে বলেছি কিল্ডু কার্য্যতঃ কেনা জানে কি অবস্থা। আপনা-দের ঘটক আছে? প্রত্যেক জেলায় প্রত্যেক জায়গায় একই অবস্থা—বে দোকানে দরকার ২ শো মন আপনারা সেখানে দিচ্ছেন ৪০ মন, ষেখানে দরকার প্রত্যেক সম্তাহে সেখানে আপনারা দিচ্ছেন ১ সংতাহ পরে। আমি দেখে এলাম, এস, ডি, ও-কে জিজ্ঞাসা করেছি, ম্যাজিন্টেট নিজে বল্লেন কি করবো মশাই, আমি তো বলে দিয়েছি গম এবং চাল দেয়া হবে, কিন্তু ঘটক না থাকলে কি করবো? অর্থাৎ আপনারা বলছেন দাও কিন্ত আসলে দেখা যাবে বেশীরভাগ জায়গায় আপ-নারা রেশনিং দিচ্ছেন না বেশীরভাগ জায়গায় লোকে পাচ্ছে না। ঠিক তেমনি গমও দিচ্ছেন না অথচ গমের জন্য কত বাহাদ্রী আপনারা করেছেন। দ্বিতীয়তঃ দেখা যাবে রিলিফ্র্ মেজার্স বাড়িয়েছেন বলছেন কিন্তু গম তো নেই। আমাকে নদীয়া ম্যাজিন্টেট বলেছিলেন আমরা অর্ডার দিয়েছি গ্রামে রিলিফ ডব্ল করে দেয়া হোক্ কিন্তু দেখন গম তো আমাদের নেই। অ**ডার** দিয়েছেন কিন্ত তা কার্য্যকরী হবে না যতদিন না গুম আসছে—তার মানে কি এটা ধাপা নয়? অথচ লোককে বলছেন এম, আর দিচ্ছি, অমুক দিচ্ছি। কৃষি ঋণও তাই করেছেন। মাননীয় উপা-ধাক্ষ মহাশয়, আমি সরিষার তেলের ব্যাপারে যাবো না, আমি শুধু, এটুকু বলবো যে সামনের বছর আসতে দেরী আছে, বাংলাদেশের অবস্থা অত্যন্ত খারাপ, আপনারা দিল্লী থেকে ন্টক নিয়ে আস্মন। অপরাধ করেছেন আপনারা, সেই অপরাধের ফল ভোগ দেশের মানুষ কেন কর-বেন? আপনারা বাংলাদেশকে শ্রকিয়ে মারছেন। আপনারা চাল নিয়ে আস্মন যেথান থেকে হোক্ যেমন করে হোক গটক নিয়ে আস্নুন, নিয়ে এসে আপনারা এম, আর সপগৃলি চাল কর্ন. গ্রামে দিন, সহরে দিন-লোকে যাতে পায় তার ব্যবস্থা কর্ন, আপনারা গম দেবারও ব্যবস্থা কর্ন এবং সঙ্গে সংগে য়্যাণ্টি হোডিং মেজার্স চাল্ম কর্ন। আপনারা যদি মজতুত ট্রন্ধার করতে না পারেন তাহলে কিছুতেই চাল দিতে পার্বেন না এবং ম**জু**ত উন্ধার করতে গেলে আপনাদের অফিসার দিয়ে তা হবে না। যদি গ্রামের কৃষক আপনাদের সাহায্য না করেন, র্বদি সহরের লোক সাহায্য না করেন তাহ**লে কো**থায় লকোনো আছে তা কেমন করে **খেজি** भारवन। कारङहे आभनाता भान-रुषत प्राष्ट्राया निरस निन। किन्छू आभनाता कि करतरहन-सान-বের সাহায্য না নিয়ে আইন করছেন যদি কেহ পাঁচ দিন অভূক্ত থাকিয়া ছেলেপিলের শ্ক্না মুখ দেখিয়া ঘটিবাটি বাঁধা দিয়া বেশী দামে চাল বিক্লয় করিতে বাধা হয় তাহলে তাকে শাস্তি দেওয়া হইবে। তার চেয়ে আরো দুটো আইন আপনারা করে দিন না হাঁসিলে শাস্তি হইবে এবং কর্দিলে শাস্তি হইবে—এই দুটো অভিনাল করে দিন, বাংলাদেশের দুঃখ ঘুচে যাবে। আমি বলবো মান্বের পেটে যখন আগনে জনসছে তখন তারা আর বেশী দিন সহা করবে না, এই পেটের আগনেই চতুর্দশ লুই-এর মাধা উড়িয়ে দিয়েছিল, এই পেটের আগনেই অতি শক্তিমান জারের মাথা উড়িয়ে দিয়েছিল, বেশী দিন গ্রুলী করে তা দাবানো যায় না। আপনারা কি কর-ছেন—দিল্লীর হাই প্রিলশ অফিসারেরা মিটিং করেছেন কি, খাদা রায়ট হতে পারে; কেমন করে লোককে পেটানো হবে তার ব্যাপারে দিল্লীতে মিটিং হয়েছে। মিটিং কর্ন কিন্তু খাদ্য দেকেন কি করে, ধান চাল মজতুতদারদের কাছ থেকে, জোতদারদের কাছ থেকে বের করবেন কেমন করে। কিছ্ই না করে মানুহকে পেটাবার জন্য আইন করতে বাচ্ছেন। আমরা জানি গতবারে বখন দমদম দাওরাই হরেছিল তখন আপনারা অপ্রত্তুত ছিলেন, তাইজন্য একট্ বেকারদার আপনারা পড়েছিলেন। তাই আপনারা প্রস্তুত হচ্ছেন—আপনারা বড় বড় কথা বলেন, কাজ কিছুই করবেন না, কেবল মজ্বুতারদের সাহায্য করবেন, আর লোকে যদি না খেতে পেরে রাস্তার বেরোর তাদের আপনারা পিটিয়ে মারবেন। আমরা জানি ২০এ জ্বুনের হরতালের কথা—যখন ৪০ টাকার চাল বিক্রী হয়, মানুহ যখন খেতে পার না, মানুহের ঘরে বখন আগ্বুন লাগে তখন বৃত্তির দেশ রক্ষার কাকে ক্ষতি হয়না। দেশরক্ষা করছেন আপনারা? দেশকৈ ভেতর খেকে ফোঁপড়া করে দিয়ে মানুবের ঘরে কায়া এনে দিয়ে আপনারা দেশরক্ষা করছেন। দেশদোহী আমরা, না আপনারা, দেশকৈ বেকারদায় ফেলছেন আপনারা, না আমরা। তাই দেখলাম ২০এ জ্বুন হরতালের দিনে গ্রেণ্ডার করলেন আমাদের এবং আমাদের লোকদের শৃথ্ব কি তাই? আপনারা জোতদারদের গ্রেণ্ডার করলেন না, আমাদের গ্রেণ্ডার করলেন। আপনারা সেকশন ৩০ অব দি ডিফেন্স অব ইন্ডিয়া র্লসে কজন মজ্বুতারকে গ্রেণ্ডার করেছেন, কিছুই করেননি কেবল লোককে ভয় দেখাছেন পেটাবেন। আমি শৃথ্ব আপনাদের সতর্ক করে দেব, আমরা দেশবাসীকৈ বলাবা কোন উপায় নেই আন্দোলনের পথে নামা ছাড়া—কাম হোয়াট মে, এছাডা উপায় নেই, আর আপনাদের বলবো

don't play with fire, don't play with peoples' food.

তাদের অভাব ক্ষ্মা নিয়ে বেশী থেলা করবেন না, জেলে পুরে আমাদের আটকাতে পারবেন না, এই বলে আমার বছব্য শেষ করছি।

[2-30-2-40 p.m.]

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত প্রশং দিন এই বিধান সভায় ধখন প্রশ্নোত্তরকালে খাদাশস্য সমস্যার বিষয়টা এসেছিল তখন আমরা লক্ষ্য করেছিলাম মাননীয় মুখ্যমন্ত্রী অত্যন্ত ভাচ্ছিল্যভাবে মূল প্রশনকে এড়িয়ে গিয়েছিলেন। এই বিধান সভায় দাঁড়িয়ে আমাদের মুখ্য মন্ত্রী বোঝাবার চেণ্টা করেছিলেন যে পশ্চিমবাংলায় খাদ্য সমস্যা নেই, চালের অভাব নেই এবং সমস্ত কিছু ব্যাপারে সরকার তাঁর উপযুক্ত নীতি অবলম্বন করে চলেছেন। আজকে খখন আমাদের সামনে মাননীয় মুখ্য মন্ত্রী তথা খাদ্য মন্ত্রী বিব্তি দেন, তখন তাঁর স্টেটমেন্টের শেষ প্রেটায়, তিনি বলেছেন

we can assure the House that we are not going to be silent spectators in the present crisis.

যে কথা গত প্রশ্ দিন তিনি অস্বীকার করেছেন যে বাংলাদেশে খাদ্য সমস্যা বা সংকট নেই, থার আজকের বিবৃতির মধ্যে তিনি স্বীকৃতি দিয়েছেন যে না, সমস্যাটা আছে, সে বিষয় আমরা চিন্তা করছি। মাননীয় মুখামন্ত্রী বারে বারে পরিসংখ্যানের অব্দ দিয়ে বাংলাদেশের মানুষকে বিদ্রান্ত করবার চেন্টা করেছেন। কিন্তু, আমি তার কাছে আবেদন করবো যে বাংলা দেশের মানুষের জীবনের নীরস দিকটার দিকে যদি একট্ তাকিয়ে দেখেন, তাহলে দেখতে পাবেন আজকে বাংলাদেশে বৃভুক্ষ মানুষ চালের জনা, তার প্রতিটি নিতা প্রয়োজনীয় জিনিবের জন্য হাহাকার তুলেছে। বাংলাদেশের শহর থেকে সুর্ করে সুদ্র পল্লী পর্যন্ত, বাংলাদেশের মানুষ আরু কুনোর জনা, তাদের কর্ন আর্তনাদে সমন্ত আকাশ-বাতাসকে ভারাক্লান্ড করে তুলেছে। আজকে যদি মুখ্য মন্ত্রিমহাশয় তার খোলা চোখ নিয়ে, সাদা মন নিয়ে দেখবার চেন্টা করেন, তাহলে দেখবেন যে শহরের বিভিন্ন জারগায় কালো বাজারে ১-২০ পয়সা থেকে ১-৪০ নয়া পয়সায় কিলো চাল বিক্রয় হছে। আজকে তিনি দেখতে পারুবন বে পল্লীয়ামে মানুষ চালের অভাবে কুকড়ে মৃত্যুকে বরণ করবার জন্য প্রস্তুত হছেন। মাননীয় মুখ্য মন্তিমহাশয় মূল সমস্যাকে এড়িয়ে যাবার চেন্টা করলেও বাংলাদেশের মানুষ তাঁকে ক্ষমা করবে না।

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার দণ্টি আকর্ষণ করতে চাই, এই বিধান সভায় দাঁড়িক্সে গত ২৭এ ডিসেন্বর তিনি যখন বিবৃতি দিরেছিলেন, সেই বিবৃতির এক জায়গায় তিনি বলে-ছিলেন যে মোটাম্টিভাবে আমি যে হিসাব পেরেছি আমার কৃষিদপ্তর থেকে, তাতে দেখছি যে

र्शाम्ब्रम्यारमास् अ वस्त्र धात्मद्र कृतम् शुक्रम् शक्ताद्रद्र कृतमात्र व्यत्मक द्रमा दर्शः श्राप्त व মাস আলে তিনি এই কথা বলেছিলেন আমাদের বিধান সভায় দাঁডিয়ে যে পশ্চিমবাংলার ধান क्रमत्ने छेरने सत्ने दिमी इति। अथह आक्र वारमार्गमात प्रान्य ठाउँ थारमात क्रमा वधन मावी জলেছে তথন তিনি নীরব হয়ে তাদের কাছে মিথ্যা প্রতিশ্রতি দেবার ভান করছেন। আজকে আমাদের কাছে এই তথা যে দিল্লীতে যথন সমুহত প্রাদেশিক মুখ্য মুক্তীদের সুম্মেলন হয়েছিল त्मरे मत्मानत जिन स्वीकात कर्ताहरान त्य बारनात्मतम हना श्राहाङन २ एक 8b लक्ष हेन धाना শস্য এবং গত বছর আমি ৫২ লক্ষ টন খাদ্য শস্য উৎপন্ন, করতে পেরেছি। কাজে কাজেই যেখানে ৫২ লক্ষ্ণ টন খাদ্য শস্য উৎপন্ন হয়েছে এবং সেখানে ৪৮ লক্ষ্ণ টন আমাদের প্রয়োজন সেখানে আজকে আমাদের বাংলাদেশে খাদোর অভাব কেন, ঘাটতি কেন? এই সম্পর্কে সন্তোষজনক কোন জবাব তাঁর কাছ থেকে আমরা পাইনি। অথচ এই সম্পর্কে বিরোধী দলের পক্ষ থেকে আমরাই বলেছি তা নয় এই সম্পর্কে কেন্দীয় মন্দ্রী টি টি কে গত ২৮এ জলোই মাদাজের এক সভায় বলেছেন যে গত বছর সারা ভারতবর্ষে মোট ফসল, বা খাদাশস্য উৎপল্ল হয়েছিল তিন কোটী টনের মত, এবং এ বছর তিন কোটী পঞ্চল লক্ষ্ণ টন খাদাশসা উৎপক্ষ হয়েছে। টি টি কে নিশ্চয় প্রদান করেছেন যে এই ৫৫ **লক্ষ্ণ** টন চাল কোথায় গেলো? সেই সম্পর্কে সরকারের কাছে কোন রকম হিসাব নেই কেন। এবং আমি দেখেছি গতকাল কংগ্রেস পার্লামেন্টারি পার্টি মিটিংএ মাননীয় মুখামন্ত্রী যে বক্ততা দিয়েছিলেন, স্টেটসম্মানে যে বক্ততার কিছু, সারাংশ বেরিয়েছে, ডাঃ প্রতাপ চন্দ্র তক প্রশেনর উত্তরে মাননীয় মুখামন্ত্রী বলেছিলেন

"Chief Minister was stated to have admitted that there was large scale hoarding in the State. He said that of 1.2 million tons of rice which had come into the market as marketable surplus this year he could account for only 6 lakh tons."

৩০।৫১২ লক্ষ টন উদ্বান্ত খাদ্য আমাদের বাজারে আসার কথা সেখানে মাত্র ৬ লক্ষ টন খাদ্য এসেছে এবং বাকী চাল আজকে হোডারদের হাতে চলে গি'য়ছে একথা ফোর ভাবে স্বীকার করেছেন। মাননীয় মুখামন্ত্রী বারে বারে একটি কথা বলেছেন যে সরকার তার যে কর্তবা সে কর্তবা পালন করেছে জিনিসপূর্ণের দাম তেওঁখ দিয়েছে। চালের দাম বেছিধ দিয়েছে। আমাদের প্রশন হতে শ্ধেনাত কম বে'ধে দিলে চলবে না. জি নসপত্র যাতে সাধারণ মানুষের কাছে এ্যা**ভেলেবেল** হয় তার ব্যবস্থা সরকারকে করতে হবে। সেদিক দিয়ে সরকার আজ অপারগ হয়েছেন সেদিক দিয়ে সরকার আজকে ব্যর্থ হয়েছেন। এই সম্পর্কে আমরা ডাঃ রাধাকৃষ্ণণের একটি বস্তব্য লক্ষ্য করছি যে গত ২৭এ জুলাই ডাঃ রাধাকৃষ্ণন দিল্লীতে বিষ্ণান কমী সংখের এক সভায় বক্ততা প্রসংগে বলেছেন বৈ আজকে যে সমহত মানুষ পদ মর্যাদার কলেতে সূত্র্য বন্টনের ক্লেন্তে প্রতিবন্ধক হয়ে দাঁড়িয়েছে তাদের সরিয়ে দেবার যদি ব্যবস্থা করা যায় তাহলে আমাদের দেশে দে। সমস্যার সমাধান হবে, সাধারণ মানুষের মুখে আমরা খাদ্য তলে দিতে পারবো। ডাঃ রাধাকুঞ্চ গতালত সমীচান কথা বলেছেন যে আজকে যারা পথে বাঁধা সুন্থি করছে তালের বিরুদ্ধে ্যবস্থা অবলম্বন করতে হবে এবং তারা কারা এ সম্পর্কে আমাদের রাজ্য সরকার জানেন, এ াম্পরের মন্ত্রীমণ্ডলী জানেন, কিন্তু আজ পর্যন্ত তাদের বির**ুদ্ধে কো**ন বাবস্থা সক্রীয়ভাবে অব-ান্বন করা হয়নি। আজকে অতান্ত পরিন্কারভাবে একথা প্রমাণিত হয়েছে যে আজকে মজুতদাররা, জাতদাররা, অসাধ্য বাবসাদাররা একটা চক্ত গঠন করে আজকে সরকারের বিরুম্থে প্রকাশাভাবে ৃষ্ধ ঘোষণা করেছে, সেই যুদ্ধে আজকে সরকার পরাস্ত হয়েছে। এই যুদ্ধে বাবসাদারদের াথে যুদ্ধে আজকে সরকার পরাসত হয়েছে। এই যুদ্ধে ব্যবসাদারদের সাথে যুদ্ধে, ্নাফাথোরদের সাথে যুক্ষে, আজকে সরকার পিছ হটে এসেছে এবং সরকারের এমন াস্ত কেখানে নেই, সরকারের এমন ক্ষমতা সেখানে নেই যে ক্ষমতার বলে এই সমস্ত ্নাফুখোরদের সারেছতা করতে পারে, এই সমুহত জোতদারদের বিরুদ্ধে বারুগুণ অবলম্বন ব্রতে পারে। আমরা জানি **যে** একটা গণতাশ্চিক কাঠামোর মধ্যে একটা ব্_{রত}্যা সরকার াধনই মজতুদারদের বিষ্কুশেষ ব্যবস্থা অবলম্বন করতে পারে না, কথনও এদের বিরুদ্ধে ছুস্ত বোলন করতে পারে না। কিছ্লিন আগে কটকে ডাঃ হরেকৃষ্ণ মহাতাব একটি কথা বলেছিলেন

যে কংগোসের মত রাজনৈতিক দলরা বড় বড় বাবসা প্রতিষ্ঠানের কাছ থেকে যে চাঁদা নিয়ে থাকে সেই চাঁদা নেওয়া যদি বন্ধ করে তাহলে জিনিসপত্রের দাম শতকরা ৪ ভাগ কমবে। আজকে জানি মানুনীয় মুখামন্ত্রী সহ সমস্ত মন্ত্রীমণ্ডলী এবং কংগ্রেস নেতবর্গ আজকে তাঁরা উৎসকে হরে আছেন যে দুৰ্গাপুৰে কংগ্ৰেসের জনা ২৫ লক্ষ টাকা খরচ হবে সেই টাকা তোলার জন্য ব্যবসাদার-দের প্রয়োজন হবে। কাজে কাজেই আজকে তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করার দিকে তাদের অতান্ত বেশী দর্বেলতা আছে। আজকে সেইজন্য আমরা চাইছি যে এই মনোফাখোরদের বিরুদ্ধে. এই মজ্বতদারদের বিরুদ্ধে আজকে যদি সর্বাত্মক যুদ্ধ ঘোষণা করা না যায় তাহলে জিনিসপতের দাম কিছাতেই বেশ্ধ দেওয়া যাবেনা সাধারণ মানুষের কাছে বাঁধা দামে জিনিষপত্র পৌছে দেওয়া হাবেনা। আজকে তাই আমরা যে কথা বলতে চাই বার বার যেকথা বলেছেন, এবং আমাদের কাছে যে বিব্যুত দিয়েছেন সেই বিবৃতির মধ্যেও বলেছেন যে আজকে মূল্যবন্ধি ঘটার কতকগুলি কারণ আছে তার মধ্যে অনাতম কারণ হচ্চে যে আজকের পরিকল্পনা। কয়েকদিন আগে রায়প্রেতে কংগ্রেসের অন্যতম নেতা শ্রীঅতলা ঘোষ দন্ভের সংগে একটা উদ্ভি করেছিলেন যে পরিকল্পনা **Б**लाकालीन माला वान्ध घाँरव वेवर वेद कना रमरभंद मानास्वक जाग स्वीकाद करवाद कना श्रुस्क থাকতে হবে। আমি প্রশন করতে চাই যে, আমরা জানি এটুকু, সাধারণ বৃদ্ধি আমাদের আছে. যে একটা দেশে পরিকল্পনা চলা কালীন মূল্য বৃদ্ধি ঘটে কিন্তু সেই মূল্য বৃদ্ধি এমন একটা পর্যায় যাবে না যেখানে সাধারণ মানুষ একটা চরম দুর্দুশার মধ্যে পড়বে। মূল্য বুন্ধি আজকে কাদের পক্ষে সাংঘাতিক হয়েছে? আমরা দেখেছি যে দেশের জাতীয় আয় বেডেছে কিন্ত সেই জাতীয় আয় দেশের শতকরা ৬o জন মান্যকে স্পর্শ করতে পারেনি। যারা নীচের তলায় আছে সেই ৬০ ভাগ মানুষ যারা জাতীয় আয়ের একটা কপদ কেরও ছোঁয়া পায়নি আজকে তাদের কাছে মালা বান্ধি সাংঘাতিক হয়ে দেখা দিয়েছে। আজকে পরিকল্পনার জন্য মূলা বৃদ্ধি হয় কিণ্ডু সে সম্পর্কে সরকারের যে নিযুক্ত কমিটি, ডাঃ ভবতোষ দত্তের কমিটি, সৈই কমিটি কি বলেছেন? সেই কমিটি অত্যত পরিকারভাবে বলেছেন যে. "মূল্য বৃদ্ধি তার অনাতম সিন্ধানত হইতেছে যে সূত্রং উন্নয়ন পরিকল্পনার আবহাওয়ায় মূলা বৃদ্ধির চাপ এড়াইতে পারা যায়না বটে কিল্ডু ঐ চাপের মাত্রা হ্রাস করা যাইতে পারে।" ডাঃ ভবতোষ কমিটি তার রিপোর্টের মধ্যে বলেছেন যে, "হাাঁ, পরিকল্পনার জন্য জিনিষপত্তের দাম বাডিতে পারে, বায় বৃদ্ধি হইতে পারে কিল্ড সেইটা একটা মাত্রা ছাডিয়ে যাবে না।" বাংলাদেশে সেই মাত্রা ছাডিয়ে গিয়েছে।

[2-40-2-50 p.m.]

কমিটির রিপোটের একজায়গায় বলা হচ্ছে কন্টোল করতে পারেননি বলা হচ্ছে ভারতবর্ষ একটাই দেশ, সতেরাং ভারতের অন্যান্য চালভোজী রাজ্যে প্রচলিত দাম অপেক্ষা অনেক বেশি দামে পশ্চিমবাংলার লোক চাল কিনবে এটা আশা করা যায় না। আমাদের বাংলাদেশে এক রক্ষ দাম থাকরে জন্যান্য দেশে আরেক রকম থাকরে এটা চলতে পারে না। এজনা দায়ী কে? এজনা দায়ী মানাফাখোর, জোতদার, অসাধা বাবসায়ী যারা সমস্ত জিনিস হোর্ড করে রেখে বাজারে এই কৃতিম অভাবের সূডি করেছে। শ্রীমন নারায়ণ, পরিকল্পনা ক্মিশনের সদস্য, বলেছেন ক্ষিদণ্ডর এবং খাদাদণ্ডরের মধ্যে যোগাযোগের অভাবও বর্তমান খাদা পরিস্থিতির অনাতম কারণ। তিনি দঃখ করে বলেছেন যে, এই তীব্র খাদ্যাভাবের দিনেও পশ্চিমবাংলার কৃষিদপ্তর গত তিন বংসরে বরান্দকৃত অর্থের हু অংশ খরচ করতে পারেনি। ডাঃ ভবতোষ দত্ত কমিটির রিপোর্টেও ক্ষিণ্তরের অতান্ত কঠোর সমালোচনা করা হয়েছে ক্ষিণ্তরের মধ্যে যে দুন্নীতি রয়েছে তার তীব্র সমালোচনা করা হয়েছে। খাদ্য বন্টনের ব্যাপারে খাদ্যদণ্ডর আজকে চালের বাজারের দালালে পরিণত হয়েছে। আমরা দেখেছি খাদাদণ্ডরের যে সমুস্ত কর্মচারী আছেন. বিভিন্ন জেলায় যে সমস্ত কর্মচারী আছেন জেলাশাসক থেকে আরম্ভ করে, তাঁরা প্রত্যেকে ক্ষালালের হাতে পতেলে পরিণত হয়েছেন। তাঁদের কাছ থেকে আপনারা ডিফেন্স কমিটির জন্য টাকা তোলেন কংগ্রেস ফাল্ড-এর জন্য টাকা তোলেন। কাজে কাজেই একদিকে ক্রিদেণ্ডরের অপদার্থতা অন্যদিকে খাদ্যদশ্তরের বন্টন ব্যবস্থার দূনীতি আঞ্চকের এই খাদ্য পরিস্থিতির জন্য দায়ী। এই অবস্থার যতক্ষণ না প্রতিকার হচ্ছে ততক্ষণ বাংলা-দেশের খাদ্য সমস্যা সমাধান হবেনা। সেজন্য আমি পরিন্দারভাবে বলতে চাই

ষে কথা ডাঃ ভবতোষ দত্ত কমিটি স্পারিশ করছেন অবিলন্তে পশ্চিমবাংলায় একটা খাদা উপদেশ্টা কমিটি গঠন করা হোক। এই কমিটিতে বিরোধীদলের সদস্যরা থাকবেন, অন্যান্য দলের সদস্য থাকবেন এবং তাঁরা সরকারকে খাদ্য সম্পর্কে উপদেশ দেবেন। দ্বিতীয়া কথা হচ্ছে, শৃধ্ চাল গম নয়, অন্যান্য নিত্যব্যবহার্য্য জিনিসও স্টেট ট্রেডিং-এর মধ্যে আনতে হবে, এবং তার জন্য শৃধ্ সরকারী ঘোষণা নয়, কার্যাকরী ব্যবস্থা অবলম্বন করতে হবে। কিছ্বিদন আগে দিল্লীতে সমাজ উন্নয়ন ও পঞ্চায়েং এর মন্দ্রীদের একটা সম্মেলনে এস কে দে একটা সাবধান বানী উচ্চারণ করেছিলেন, তিনি বলেছিলেন

if food was not made available to people at a reasonable price, riots will start on a scale which can imperil the democratic basis of Society.

গ্রী দে এই সাবধান বানী উচ্চারণ করেছিলেন যে, খাদ্য সম্পর্কে যদিনা একটা স্কৃত্ব নীতি অবলম্বন করতে পারা যায় তাহলে সমাজের ভিতর যে আলোড়ন দেখা দেবে তাতে আমাদের এই সমাজের ভিত্তি ভেঙ্গে চ্রমার হয়ে যাবে যেমন আমরা দেখেছিলাম ফরাসী বিশ্লবের সময়, যেমন আমরা দেখেছিলাম রাশিয়ার জারের আমলে ১৯১৭ সালে। সেখানে যেরকমভাবে জনসাধারণের আন্দোলনের চাপে প্রানো শাসন্যক ভেঙ্গে পড়ে নতুন শাসন্যক চাল হরেছিল তেমন আমাদের দেশেও তার প্রনাবৃত্তি হবে যদিনা আমাদের শাসক্বর্গ এখনি স্বতর্ক হন, এই সাবধান বানী রেখে আমি আমার বস্তব্য শেষ করিছি।

Shri Somnath Lahiri:

মাননীয় ডেপটৌ স্পীকার মহাশয় সরকারী বিবৃত্তিত বলা হয়েছে যে ডেভলপমেন্ট অর্থাৎ পরিকল্পিত উল্লয়নের জন্য মলোব্দিধ অবশ্যান্তাবী। এই কথাটা অবশা ৫ দিন আগে অতলাবাব্রও বলেছেন। কথাটা কির্কম সতি। তার একটা নমুনা দিই। কিছুদিন আগে ক্যানিং অঞ্লে প্রচুর ইলিশমাছ এসেছিল। ইলিশ মাছেরা তো লেখাপড়া জানে না, তাই পরিকল্পিত উল্লয়নে প্রাচুর্যা সূচিট করা উচিৎ নয় তা তারা বুঝতে পারেনি। কিন্ত বর্ফ কলের মালিকেরা পরিকল্পিত উল্লয়নের অর্থ জানেন। তাই তারা ৪ টাকা থেকে ২৮ টাকায় দাম চডিয়ে দিলেন বরফের দাম। বরফ মালিকদের এই পরিকল্পিত উন্নয়নে সরকার বাধা দেন কি করে? কাজেই ক্যানিং এর ইলিশ ক্যানিং-এ মারা গেল। পরিকল্পিতভাবে উল্লয়ন হলে মূল্য বৃদ্ধি হয় এ কথাটা কতখানি সতা এর থেকেই ব্রুবতে পারবেন। কিছু, দিন থেকেই অতুলাবাব্, প্রফা্লবাব্রা বলতে শরে করেছেন যে পরিকল্পিত উন্নয়নশীল অর্থনীতিতে কিছুটো দর বৃদ্ধি হবেই। এবং স্বতক্ত পার্টি জনসংঘ এবং চোরাকারবারী একচেটিয়া প'্রজিপতির দল সারা ভারতে আওয়াজ তলছে যে পরিকল্পিত অর্থনীতির জন্মই দেশের যত সর্বনাশ হচ্ছে, এই সব বাদ দিয়ে প্রাইভেট ক্যাপিট্যালিস্ট অর্থনীতির হাতে তলে দিলেই ভালো হয়। অতলাবার, প্রফল্লবার, তাদেরই সাহায্য করছেন আর বলা হয়েছে যুদ্ধের জন্য ইনফ্লেসন। আমার হাসি পেল, ১৯৩৯।৪০ সালের পর যখন দ্বিতীয় মহাযদ্ধ চলছে তখন গ্রেট-ব্টেনে মাত্র ফোর পারসেন্ট প্রাইস ইনক্রীজ হয়েছিল আর আমাদের দেড় পয়সার যুন্ধ, তার জন্য মানুষকে ৬ গুলু দাম দিয়ে জিনিস কিনতে হবে! এবং তাই নাকি স্বাভাবিক আমরা দেখেছি এই পরিকল্পিত উল্লয়ন অর্থনীতির প্রয়োজনে সরকারী এবং বেসরকারী ব্যাঞ্চ থেকে খাদ্য শস্যের মজতেদারদের চোরা-কারবার চালাবার জন্য টাকা জোগাড় হয়েছে, রিজার্ভ ব্যাঞ্চ এবং অনুমোদনে ১৯৫৫ সালে ১৮ কোটি টাকা, ১৯৫৬ সালে ৩৮ ৭ কোটি টাকা ১৯৫৭ সালে ৪২ ৫ কোটি টাকা, এবং ১৯৬৪ সালের ফেব্রয়ারী মাসে এই অগ্রিম দাদনের পরিমাণ দাঁডিয়েছে ১১৩ ৩২ কোটি টাকায়। অর্থাৎ মাত্র ১ মাসের মধ্যে ব্যাৎক থেকে খাদাশস্য মজ্বতদারদের আডভাল্স দেওয়া হয়েছে সরকার এবং রিজার্ভ ব্যাৎক-এর অনুমতিক্রমে গত ফেব্রুয়ারী এবং মার্চের মধ্যে, ১৩ কোটি টাকা যাতে মজ্বভদাররা চাল আটা ইত্যাদি সমস্ত জিনিস লাকিয়ে রেখে মানাষকে মারতে পারে। ব্যাৎক জাতীয়করণের কথা নতন নয় কিল্ড এ রা ব্যাৎক জাতীয়করণ করবেন না। পরিকল্পিত উল্লয়নশীল অর্থনীতিতে মূল্যবৃদ্ধি হয় এই কথা বলে অত্ল্যবাব, ও প্রফল্লবাব,রা ব্যাৎেকর মালিকদের টাকা এবং কালো টাকা যে টাকার কোন হিসাব নাই তা বাঁচাতে

সাহাষ্য করছেন। তাঁদেরই একজন সর্বভারতীয় নেতা এই সম্পর্কে কি বলেছেন তিনিও নিশ্চর কিছু রেখেটেকে রলেছেন আমি এখানে নমুনা হিসাবে সেটা শ্নিরে দিতে চাই। কেন্দ্রীয় অর্থমন্দ্রী প্রীকৃক্মাচারী ২৮এ জুলাই মাদ্রাজে বলেছেন যদি আইন করে উৎপম খাদ্যমুব্য উৎপাদকদের কেবল সরকারকে বিক্রী করতে বাধ্য করা ষায় তবে মজ্বত খাদ্যম্য বের হয়ে আসবে দেশে যে খাদ্যম্যা নিয়ে মজ্বতদারী চলছে সেবিষয়ে তিনি নিঃসন্দেহ। এই কারণেই খাদ্যম্যের দাম অনেক বেড়ে গিয়েছে, পরিক্ষিপত উন্নয়ন অর্থনীতির জন্য নয়। গত বছর ৩ কোটি টন চাল উৎপন্ন হয়েছিল, এবছর সেটা বেড়ে ৩ কোটি ৫৫ লক্ষ টনে পেণিছেছে, এই ৫৫ লক্ষ টন গেল কোথায়? প্রফ্লেবাব্ এর খোঁজ কর্ন। আসল কথা হচ্ছে, মজ্বত খাদ্যম্য খুজে বের করতে হবে এবং ম্লাব্দিধ যদি রোধ করতে হয় তবে মজ্বত স্টক বের করতে হবে। এই বলেছেন খ্রীকৃষ্মাচারী।

[2-50-3-00 p.m.]

বাজারে. খাদ্যভোব প্রসংখ্য সরেশ্মনাম ৩টি কারণ উল্লেখ করেছেন। অর্থাৎ বাজারে এই যে কুরিম অভাব স্যাণ্ট হয়েছে সে সম্বন্ধে তিনি যে ৩টি কারণের কথা বলেছেন তার একটি হোল মজ্বতদার কর্তৃকি সব মাল ধরে রাখা, দ্বিতীয় কারণ হোল বাবসায়ী এবং উৎপাদনকারীর আঁতাত এবং তৃতীয় কারণ হোল বাজারে হিসেব বহিভতি অর্থের প্রচলন। কংগ্রেস সভাপতি কামরাজ দ্বা-মূল্য বৃদ্ধির জন্য সমাজের এক শ্রেণীর লোকের অবৈধ কার্যকলাপকে দায়ী করেন। সারম্মনাম বলৈছেন হিসেব বাহর্ভ গোপন টাকার খেলায় খাদাশসা মজ্বত করে বিপর্যয় স্কাট করেছে। স্যার, এই যে হিসেব বহিভতি গোপন টাকা এবং ব্যাঙ্কের প্রকাশ্য দাদন এই টাকা কোথা থেকে আসে এবং কারা এই টাকা নিয়ে খেলছে তার একটা ইংগিত মহালানবীশ কমিটির বিপোটে দেওয়া হয়েছে। তাহলে সরকার কেন পরিকল্পনার ঘাড়ে দোষ না চাপিয়ে এই লোকগুলোকে ধরে তাদের ঘাড়ে দোষ চাপিয়ে এই বাপারটার স্বরাহা করবার চেষ্টা করছেন না? গতবারের তুলনায় এ বছর খাদা শসের উৎপাদন বেশী হয়েছে এবং পরিকল্পিত উল্লয়ন মানে এই নয় যে. ষত খাদ্যোৎপাদন বেশী হবে ততই মানুমের হাহাকার বাডবে। স্যার, গতবার কমিউনিস্ট পার্টি দাবী তুলেছিল যে ফসলের মরসুমের সময় খাদাশসোর পাইকারী বাজার সরকার নিজের হাতে নিন এবং স্টেট ট্রেডিং চাল, কর্ম। কিন্তু পশ্চিমবাংলার সরকারের কাছে মজতেদাররা এতই ভদ্রলোক যে পি সি সেন তাদের সঙ্গে ভদ্রলোকের চুক্তি করলেন এবং ঘোষণা করলেন কোন চিন্তা নেই. আমরা চালের দর বে'ধে দিচ্ছি, মিল থেকে ২ লক্ষ টন সংগ্রহ কর্রাছ সব ঠিক হয়ে যাবে। তারপর কি হোল সেই বিদ্তুত বিবরণ আমি দিচ্ছি না কিন্তু শেষ পর্যন্ত দেখা গেল সব ঠিক নাই। কাজেই অনেক আড়ম্বর করে মুখ্যমন্ত্রীদের সম্মেলন ডাকতে বাধ্য হলেন এবং স্রম্মনাম ইত্যাদি সাহেবরা মহা হৃংকারে ঘোষণা করলেন অসাধ্ বাবসায়ীদের সারেস্তা করা হবে। তারপর সব মুখামন্ত্রীরা গিয়ে জমা হলেন সেই পর্বত শীর্ষে এবং সামিট কনফারেন্স কিন্তু দেখা গেল পর্বতের তলার ছে'দা দিয়ে একটি মেকি নেংটি ই'দূরে বেরিয়ে এল এবং দেখা গেল সেই নেংটি ইন্দুরটিও আবার মরা। তাঁরা বললেন দর বাঁধবার জন্য একটি বিশেষজ্ঞ কমিটি বসান হবে, বড়জোর একটি রাষ্ট্রায়ত্ব বাণিজ্ঞা সংস্থার মারফত কিছু, খাদাশস্য ক্রয় বিষ্করের বাবস্থা করা হবে এবং ২ বছরে সরকার, ৩টি চালকল স্থাপন করবেন। স্যার, যতগালো চালকুল শাংশ বাংলাদেশে আছে ততগুলো চালকল করতে তাদের হিসেব মত ৪০০ বছর লাগবে এবং তখন থাদাশস্যের স্কুরাহা হবে। পি সি সেন আবার ভাগোন তো মচকান না। তিনি বীরদূর্পে জানালেন চালের জনা আশ্ংকা নেই, ডিসেম্বর পর্যন্ত চলবে। কিন্তু বাস্তব অবস্থা কি? উড়িষ্যা থেকে ৪ লক্ষ টনের বদলে ৯০ হাজার টন এসেছে এবং এখানে যে ২ লক্ষ টন সংগ্রহ করার कथा हिल সেখানে সংগ্রহ হয়েছে ১ লক্ষ-টনেরও কম। সারা বর্ধমান ছেলা এণ্টি-হোর্ডিং করে শ্রনলাম মাত্র ২ লক্ষ মন ধরা হয়েছে। এটা অস্বাভাবিক কথা নয়। কারণ বর্ধমান জেলার দুর্গাপুরে কংগ্রেসের অধিবেশন হবে, ৪০-৪৫ লক্ষ টাকা চাঁদা তলতে হবে কাজেই বর্ধমানের জোতদার এবং মজ্লাতদারদের চাল যদি সিজ করা হয় তাহলে সেই টাকা উঠবে কি করে? কাজেই বর্ধমানে ২ লক্ষ মনের বেশী পাওরা যাবে না। তবে এই ২ লক্ষ মনের যে ফিগার দেওরা হরেছে সেটা সম্বধেও আমি নিম্চিত নই।

বাহোক, পি সি সেন কিন্তু শেষ পর্যন্ত সব জিনিস্টাকে 'মায়া" বলে উড়িয়ে দিতে পারেনলি। তিনি ১৯এ জলাই দমদম গোরাবাজার মিটিং-এ বলতে বাধ্য হলেন যে শতকর। ১০টি অত্যাবশ্যকীয় জিনিসের দাম বেড়েছে একমান্ত বিশ্পা এবং চেড়স ছাড়া। শ্বিতীয়তঃ বললেন কোনটির ক্ষেত্রে ২ গ্রেশ কোথাও ৭৫ ভাগ এবং কোথাও ৮০ ভাগ বেডেছে। জ্বান্তএব সিম্পান্ত কি করলেন? জনসাধারণের মত আমিও দিশেহারা। সেই দর্প কোথায় গেল? তিনি দিশেহার। পর্যাত এসেছেন স্বটাকে "মারা" বলে উড়িরে দিতে পারলেন না। এর মানে कि? এর মানে হোল সরকারের মূল্য নিয়ল্যণ নীতি বার্থ হয়েছে এবং দ্বা নিয়ল্যণের ভার ছেডে দিয়েছে মজতদার এবং কালোবাজারীদের হাতে। তারপর তিনি বলছেন স্টেট ট্রেডিং-এর কথা আমরা বিবেচনা করছি। তার রূপ কি হবে তিনি বলেননি। তবে ২৩এ জলাই পি সি সেন তার বন্ধতায় যে আভাস দিয়েছেন তা হচ্ছে দরে গ্রামাণ্ডলে সরকার পার্চেজ কর্বেন প্রকিওর করবেন। দ্বিতীয় হচ্ছে ৬০০ চালকলকে সরকারী এজেন্ট রূপে শস্য ক্রয়ের ভার দেওয়া হবে। তৃতীয় হচ্ছে ৮ হাজার ধান ছাটাই কলকে স্বধীনভাবে পরিচালনার সাযোগ দেওয়া হবে। অর্থাৎ একমাত্র পত্রেকে সমর্পন করা হবে ডাইনীর হাতে। এমন কি প্রাইস ইন্কয়াবী কমিটি পর্যতি ধান কলকে শস্য ক্লয় করতে দিতে নিষেধ করেছেন, আর এভাবে সরকার নাকি ১০ লক্ষ টন চাল সংগ্রহ করে ৬৬ লক্ষ লোকের জন্য ফাাটটোরী রেশন আর ৫ হাজারের অধিক বসতি সম্পন্ন খাটতি এলেকাগ্রলৈকে মডিফায়েড রেশনিং চাল্ব করবেন! এই শ্রনেছি জানিনা প্রফালবার বিব্তিতে আর কিছা বলবেন কিনা। বাজারে এখন ধান চাল কল ছাঁটাই কল সমস্ত জোতদারদের দথলে আছে, তাদের হাতেই স্টেট ট্রেডিং-এর ভার দেওয়া হবে প্রফল্লবাব্র বিব্যুতি থেকে মনে হল। কাল বাজার এবার রাষ্ট্রীয় যন্তের অংশ হিসাবে ক্রিয়া করতে পারবে, রাদ্দীয় যন্তের অংগীভত হবে এতদিন বাইরে ছিল। এই হল প্রফক্রেবাব্র জ্যান যা বিদ্যোষিত হয়েছে। এর বিরুদ্ধে জনম্বার্থে আমরা দাবী করি—(১) মহালানবীশ কমিটি প্রভৃতির হিসাব থেকে সিন্ধান্ত করা যায় যে মোট বাজার যোগ্য উন্বতের শতকরা ৭৫ ভাগ কেন্দ্রীভূত হয়েছে শতকরা ১০ ভাগ জোত মালিক পরিবারের হাতে, বড় পরিবারের হাতে, তাদের সমুস্ত উদ্বৃত্ত भारतेत कमल भारते थाका अवन्थात अर्थाए आशामी अरहोत्दत्तत मरथा वाँधा मरत धरत निर्देश करते।

- (২) বাকী সমস্ত বাজার যোগ্য ফসল যা উদ্বন্ত ফসল সরকারকৈ জীবিকার উপযোগী। মালো কিনে নিতে হবে কৃষি কো-অপারেটিভ মারফং এবং সরকারী কর্মচারী মারফং।
- (৩) বাজ্বর্গ জাতীয়করণ করে মজ্বতদারদের ক্ষমতা কমাতে হবে, রাষ্ট্রীয় বাণিজ্যের ম্লধনও সেখান থেকে সংগ্রহ করা **যায়।**
- (৪) নতেন ফসল উঠার আগে আগামী কয়েক মাসে অকালের অনিবার্যতা রোধ করার জন্য জনসাধারণের সংখ্য সহযোগিতায় মজ্বত ধরার ব্যবস্থা আর ধরা মাল স্থানীয়ভাবে বিতরণ করার বাবস্থা করার জন্য বিক্রী করার বাবস্থা করার জন্য একটা অডিন্যাস্স করতে হবে। নইলে স্টেট ট্রেডিং যদি ভালভাবে না হয় ষেভাবে আমরা বল্লাম, এই বছর এবং আগামী বছর মানুষ বাঁচবে কি করে: কিন্তু প্রফ্লেবাব্র দমদম গোড়াবাজারে বস্কৃতা থেকে মনে হল তিনি এখনও ভাবছেন যে কাল টাকা এক-চেটিয়া মজ্বতদার ক্রিয়াকলাপ এসবই মায়া। তিনি মায়ার খুব ভক্ত! দাম বাড়ার কারণ সমাজ বিরোধীদের সম্বন্ধে তিনি বল্লেন (১) দেশের এক শ্রেণীর লোকের হাতে কর ক্ষমতা বহুগুণ বৃদ্ধি পাইরাছে সেজন্য চালের অভাব। ধান ক্রমিতে পাট চাষের দন্য অভাব হইয়াছে, শিল্প কৃষি উৎপাদনে সামঞ্জস্য নাই, ১৭ বছরে দেড় কোটি জনসংখ্যা বৃদ্ধ। । কট্ ভেবে দেখন। অর্থাৎ মাননীয় কৃষ্ণমাচারী থেকে রাধাকৃষ্ণ পর্যন্ত যা বলেছেন সংবাদ াত্রের রিপোর্ট যা ছেপেছে, লোকের অভিজ্ঞতা যা বলছে এ সবই মায়া। প্রভৃ অতুলা বলেছেন পরিকলিপত উল্লয়নের জনা ম্লা বৃদ্ধি, তার দাসান্দাস প্রফ্লেবাব্ বলছেন পৌ ধরে লোকের াতে বেশী টাকা পয়সা হয়েছে তাই তারা চাল ডাল তেল নুন কিন্তে পাচ্ছেনা। কালবাজারী নোফাথোরকে তারা তোরাজ করে চলেছেন, এখন তার ফলে তারা তাদের পরোয়া করেনা। গদের ম্লো-নিয়ন্তণকে তারা হেসে উড়িয়ে দেয় চোখের সামনে সমস্ত মাল তারা সরিয়ে দেয় াবং সর্বের তেলে ভেজাল দেবার আঁথকার আছে বলে প্রকাশ্যে তাদের দাবী প্রতিষ্ঠিত করে

এবং তারা বলেছে বে দর না উঠলে আমরা ভেজাল দেবই। মন্দ্রীরা এখন আর দেশের মালিক নন। নেহের,জীর মৃত্যুর পর শাসকশ্রেণীর মধ্যে বে অন্তবিরোধ তারই স্ব্যোগ নিয়ে তারা পাল্টা সরকার গঠন করতে চলেছে। লক্ষ্য করেছেন কিনা জানিনা, তারা গাড়ী করে যান হয়ত কলকাড়ার রাস্তা দেখতে পাননা। বিদ লক্ষ্য করতেন দেখতে পেতেন কিছুদিন আগে কলকাতার রাস্তায় পোণ্টার পড়েছিল এবং তাতে লেখা ছিল সরকার শাসন কার্য্য চালান, ব্যবসাবাণিজ্য ব্যবসারীদের হাতে ছাড়্ন। এর বির্দ্ধে সরকার দাড়াতে পারবেন কি? মান্বের হাহাকারে এদিকে আমরা সবাই বিক্তা। আমরা বিশ্বাস করি কংগ্রাসের মধ্যে এমন অনেকে আছেন যারা নিজেরা বিচলিত।

[3-00-3-20 p.m.]

এর বির্দেশ সরকার দাঁড়াতে পারবেন কি? মানুষের হাহাকারে আমরা এদিকের সবাই বিক্ষুপ্থ। আমি বিশ্বাস করি কংগ্রেস পক্ষের মধ্যেও এমন অনেকে আছেন যাঁরা নিজেরা বিচলিত। কিন্তু ব্যাংক থেকে কালো টাকা পর্যন্ত, জোতদার থেকে মজ্বুতদার পর্যন্ত আর মোরারজী, পাতিল থেকে অতুল্য প্রফ্লুল পর্যন্ত এদের শান্ত কম নয়। এক দিকে জনসাধারণকে মেরে মুনাফা করা অন্য দিকে অর্থানীতিতে অরাজকতা স্থিত করা, রাজনৈতিক চাপ স্থিত করা এই এদের উদ্দেশ্য যা শেষ পর্যন্ত স্বতক্য পার্টি এবং জনসম্পরে উপকৃত করবে। এর বির্দ্ধে দাঁড়াতে হলে শুধু অসন্তোষ বা সদিক্ছা যথেন্ট নয়, এরজন্য সমস্ত মানুষের সপ্যে মিলে একসপ্যে লড়াইয়ে দাঁড়ান দরকার। বামপন্থী তো বটেই, কংগ্রেসের শুভব্দিশ সম্পন্ন মানুষের কাছেও আমি আবেদন করব। কমিউনিন্ট পার্টি সেই আহ্বান জানিয়েছে অগান্ট মাসে সারা ভারতবর্ষ ময় বিরাট সংগ্রাম আন্দোলনের জন্য। গত বছর যেমন কমিউনিন্ট পার্টি দিল্লীর মহা অভিযানে অন্য অনেকের চেন্টার সপ্যে মিলে বাধ্য করেছিল সরকারকে স্বন্ধ সপ্তরের জ্লুম বন্ধ করতে, স্বর্ণ নিরন্দ্রণের অত্যাচার শিথিল করতে তেমনি এবারেও যদি এই আন্দোলন সকলের সমর্থন পায় তাহলে দৃঢ় পদে সাফলোর দিকে অগ্রসর হব। তাতে যোগ দেওয়ার জন্য আমরা সকলকে আবেদন জানাছি।

[At this stage the House was adjourned for 15 minutes]

[After Adjournment]

[3-20-3-30 p.m.]

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহোদয়. পশ্চমবংশের যে খাদ্যসমস্যা এটা শ্ব্র্ আজকের নয়, এটা ১৭ বছরের কংগ্রেস শাসনের একটা কলংকজনক ইতিহাস। এ সম্বন্ধে আমরা প্রায় প্রতি বছর আলোচনা করে এসেছি। কাজেই আজকে আমরা যা বলব তা সেই প্রাণ কথাই আমাদের বলতে হবে এবং ম্থামন্ত্রী মহাশয় ১৭ বছর এই খাদ্য দশ্তর পরিচালনা করছেন, তিনি একই কথা বার বার বলে এসেছেন, তাঁর বন্ধর হচ্ছে জনসংখ্যা বেড়ে গেছে, উন্বাস্ত্রা এসে পড়েছে, খাদ্য কমে গেছে, ফলন কমে গেছে ইত্যাদি ইত্যাদি। তাঁর যুদ্ধি হচ্ছে এই যে আমাদের এখানে ১১ লক্ষ্ একর জমিতে পাট চাষ করা হয় এবং এরজন্য আমরা বৈদেশিক ম্দ্রা অর্জন করছি ১৪০ কোটি টাকা। কিন্তু আমি ব্রুতে পারি না তিনি আমাদের সামনে যে সমস্ত প্রতিশ্রুতি দেন সেগ্রেল প্রেণ করতে পারেন না কেন। গত বছর তিনি এই আশ্বাস দিয়েছিলেন যে ভয়ের কোন কারণ নেই। আমরা তাঁকে নত্ন নত্ন পরামর্শ দিয়েছিলাম, কিন্তু তিনি গ্রহণ করেন নি। আমরা ১৯৫৯ সাল থেকে দেখে আসছি তিনি যে সমস্ত তথ্য এখানে উপস্থাপিত করেন তা বাস্ত্র ভিত্তির উপর আছে বলে আমরা বিশ্বাস করতে পারি না। উদাহরণস্বর্প বলতে পারি ১৯৫১ সালে তিনি প্রথমে বললেন ৫ লক্ষ্ টন খাদ্যাভাব আছে, ভারপর কয়েরছিন পরে

লেলেন ৭৫ লক্ষ্ণ টন। তারপর কয়েকদিন পরে বললেন ৯ লক্ষ্ণ টন, তারপরে বললেন ১৫ লক্ষ্ণ টন। কাজেই কোনটা সত্য তা ব্রুতে পারি না। গত বছর তাই বললেন চন্টার কোন কারণ নেই। প্রথমে বললেন যে আমাদের খাদ্য আছে, সব ঠিক হয়ে যাবে। রে দেখা গেল ১৭ লক্ষ্ণ টন খাদ্যাভাব। আবার কয়েকদিন পরে চারিদিকে যখন খাদ্যাভাব দখা দিয়েছে, দিন দিন যখন দাম বেড়ে চলেছে ১ টাকা ১। টাকা কে, জি, চাল বিক্রি হচ্ছে খেন তিনি নিজে স্বীকার কয়লেন যে ভয়ানক খাদ্যাভাব, ২২ লক্ষ্ণ টন খাদ্যাভাব। ফলে হল ক চোরা কায়বারীয়া মুখামন্টার এই রকম বিবৃতির ফলে উৎসাহ পেয়ে দিনের পর দিন দাম াড়তে লাগল। সপ্যে দেখা গেল যে চাল ৬৫, ৭৫ নয়া পয়সায় বিক্রি হচ্ছিল সেই চাল ১ টাকা ১ টাকা ২৫ নয়া পয়সায় বিক্রি হতে আরশ্ড কয়ল। আমাদের সোভাগ্য যে জনসাধারণ খন সচেতন হল দোকানদায়দের উপর চড়াও কয়ল তখন দাম কমল। তারপর মুখামন্টা দেলেকের চুক্তি কয়লেন বাবসায়ীদের সঙ্গো, আবার হাজার হাজার মণ চাল বেরিয়ে এল। াজেই দেখতে পাছিছ এই অভাব প্রকৃত প্রস্তাবে ক্রিমভাবে স্থিট করে গভণ্মেন্ট তার জানৈতিক ক্ষমতা নিজের দখলে রাখবার চেটা কয়ছেন।

মাননীয় স্পীকার মহোদয়, ওঁর গত বছরের বিব্তিটা আমি পড়ে শোনাচ্ছি-পশ্চিমবাংলায় ামরা মনে করছি আমণের ফলন ৪৮ লক্ষ টন এবং আউস ৪ লক্ষ ৮৫ হাজার টন হবে, তাহলে ्रांगे भिनित्स ६२ लक्क ४६ शाकात ऐन ७ अन्ताना श्रीत्रभारंग किन्द्र त्वादता श्रास्त्, अर्थार ६० ক্ষ টন, ৫৩ লক্ষ টন, উড়িষ্যা ৪ লক্ষ টন, নেপাল ৪০ হাজার টন, আর এবছর কেন্দ্রীয় সরকার থকে ১ লক্ষ টন, তার মধ্যে ৭ লক্ষ টন গম। এর উপর নির্ভার করে আমাদের খাদ্য বাজেট তর্রা করতে হবে। এই ৬৫ लक्ष টন খাদা বাংলাদেশে পাওয়া যাবে। আমরা ধরলাম উডিষ্যা থকে কিছু কম চাল পেণচৈছে এবং আজ বছরের প্রথম থেকে প্রায় আমরা দেখছি চৈত্র মাস ধকে খাদোর দাম বাড়ছে এর কারণ কি? এর একমাত্র কারণ হচ্ছে যেসমুস্ত চোরাকারবারী ্বিট করা হচ্ছে তারা এই ১৭ বছর ধরে খাদ্যের দাম বাড়াচ্ছে, তারা খাদ্য মজ্বত রেখে জন-্রাধারণকে একটা বিপদের সামনে টেনে নিয়ে যাচ্ছে। এবিষয়ে আমরা বারবার সরকারকে তর্ক করে দিয়েছি। গত বছর আমরা সাজেসান দিয়েছিলাম যে মজ্বতদারদের বিরুদ্ধে ঠোর ব্যবস্থা অবলম্বন করা হোক এবং চেটি ট্রেডিং, রেশনিং-এর ব্যবস্থা করা হোক এবং র্বভিন্ন জারগার বাফার তাঁক প্রস্তৃত করা হোক। এই সাজেসান ভাল আমরা দিরেছিলাম— ামরা জানতাম প্রতি বছর ষেভাবে হয় এবছরও তাই হবে কিন্তু আমাদের সাজেসানগুলি নবার প্ররোজনীয়তা তিনি অনুভব করেননি। যদিও তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন বিরোধী ল থেকে যেসকল সাজেসান আসবে তার উপর ভিত্তি করে তিনি খাদ্য নীতি ঠিক করবেন কণ্ড প্রকৃত প্রস্তাবে তা তিনি করেননি। পরশ্নিদন তাঁকে জ্লিক্সাসা করা হল বর্তমানে চাল র পাওয়া যাচ্ছেনা তার কি বাবস্থা করছেন, কিছুতেই তাঁর সংসাহস হলনা একটা সত্য ক**থা** লার। ১ টাকা ১। আনা দরে চাল বিক্রী হচ্ছে অথচ তিনি বলছেন আমরা চালের দর বে'ধে নরেছি, কাজেই দর বাড়তে পারেনা। তিনি আমাদের কাছে ফাটিসটিক্স দিয়েছেন কতগুলিকে গ্রুগতার করেছেন কিন্তু আমরা জানি যারা খচেরা ব্যবসায়ী যারা ৫।৭।১০ মণ বিক্রী করে ারাই ধরা পড়েছে কিন্তু ধারা বড় বড় মজত্তদার, চোরাকারবারী তারা একজনও ধরা পড়েনি। মামি জানি তারা ধরা পড়লে কংগ্রেসের অস্বিধা হবে, তারই জন্য তাদের গায়ে হাত্ দিতে ারেননি। আমার অনেক বন্ধ, এখানে উল্লেখ করেছেন দ্গাপন্র কংগ্রেসের কথা, আমি জানি চব্ দ্রগাপরে কংগ্রেস নয়, এই যে ইলেকসনে জয়লাভ করেছিলেন যেথানে টাটা কোং ২০ লক্ষ াকা দিরেছিল বিড়লা যে টাকা দেয়, আটা ব্যবসায়ী তেল ব্যবসায়ী কাপড় ব্যবসায়ী তারা লক্ষ াক্ষ টাকা দের। দ্র্গাপ্রের যে ২০।২৫ লক্ষ টাকা খরচ হবে সেখানে এই সমস্ত চোরাকারবারী াড়া কারা টাকা দিয়েছে? কাজেই ষতই সদাচার সমিতি বা যা কিছ, করা হোক না কেন, ্বাসল জিনিস হচ্ছে এই সম**স্ত চোরাকারবারীদের হাতে যে কংগ্রেস বাঁ**ধা পড়ছে একথা অস্বীকা**র** স্থিবার উপায় নেই। আজ নন্দজী খুব হাকডাক দিয়ে বলছেন বর্তমানে দুর্গতির মুলে চ্ছে চোরাকারবারী কিন্তু এর প্রতিকারের কি ব্যবস্থা হবে? আমরা জানি তারা কত এর জনা দ্রী কিন্তু শ্বে ১১২ কোটি টাকা দিয়েছে ২ ।০ বছরে খাদ্য ব্যবসায়ীদের । এই ১১২ কোটি ভারা যদি দাদন পায় ভাহকে চোলালের এটা এক-কংগ্রেস সমর্থন করছেন কিনা পূল্ট করছেন কিনা বলুন। একদিকে ভারা পূল্ট করছেন আর একদিকে বড় বড় কথা বলছেন, চোরাকার-বারীরা দারী এবং হিসাব বহিছেত অর্থের জন্য এই সমসত দুটির্ক্ত হক্ষে একথা বলার কোন অর্থ খালে পাইনা। সেজন্য আমি মুখ্যমন্ত্রীর কাছে দাবী করি যদি সাত্যকারের জনসাধারণের জন্য কিছু করতে চান ভাহলে বিরোধীদল যে প্রস্তাবগর্মিল তার সামনে রেখেছেন সেগ্রিল তিনি কেন গ্রছণ করেন। তিনি একবার বলবেন চালের দাম বে'ধে দিতে পারিনা, ভেট ষ্ট্রেডিং করতে গারবে না কেন্দ্রের সংশ্যে পরামর্থা করেতে হবে, অবশ্য তিনি যে ৪টা দফা দিয়াছেন, তার মধ্যে ভেট ক্রেডিং রেগনিং-এর কথা বলেছেন।

তিনি বলছেন যে কলকাতা এবং শিল্পাঞ্চল এবং তার সংগ্যে সংগ্যে আর্বান এরিয়া, অর্থাৎ শহরাপ্তলকে নিয়ে নেবেন। কিন্তু আমি তাঁকে জিজ্ঞাসা করি এর সংশ্যে পলিটিক আছে কিনা? আমি পল্লীগ্রাম থেকে এসেছি আমি জানি সেখানে চাল পাওয়া বাচ্ছে না। সেখানে ১৮ টাকা থেকে ২০ টাকা করে ধানের মণ। সেখানে ১ টাকা করে চালের সের। কাডেই পঙ্লীর কথা বিশেষ ভাবে চিন্তা করা দরকার। আমি জানি আমি কাঁথি মহকমার লোক সেখানে প্রচর ধান উৎপন্ন হয়, কিল্ড আজ চাষীর হাতে ধান-টান নেই। সেখানকার অবস্থা আমরা কি দেখছি? সেখানে এক ফোটা চাল নেই, ধান নেই। সেখানে এক দিনের জন্যও টেন্ট রিলিফের কাজ হয়নি। সেখানকার সব লোক, বেকার অবস্থায় রয়েছে, মানুষের দুরুবস্থা চরমে উঠেছে। কাজেই আমি আশা করি, সরকার যদি তার খাদ্য নীতিকে সুষ্ঠু ভাবে পরিচালনা করতে চান, তাহলে আমি যে সাজেসানগুলি দিলাম, তা অবিলন্তে মেনে নেবেন। আমরা যা বলেছিলাম, তিনি তা স্বীকার করে নিয়েছেন কিনা? আমরা দাবী করেছিলাম যে মিল ওনারদের সমস্ত চাল যেন তারা সরকারের হাতে দেন। অর্থাৎ সরকার মিলগুলিকে দখল করে, স্টেট ট্রেডিং চাল, কর্ন, এবং খোলা বাজার থেকে সমস্ত ধান, চাল কেনার জন্য আমরঃ সাজেসান দিয়েছিলাম। এইগ্রাল যদি সরকার করেন, তাহলে বর্তমান খাদ্য সমস্যা সমাধান হতে পারে। বিশেষ করে তাঁরা চোরাকরেক্সলবের দমন করা সম্পর্কে যে প্রতিশ্রতি দিচ্ছেন্ সেই চোরাকারবারীর হাত খেকে বদি নিজেরা রক্ষা পেতে চান, তাহলে এই গঠনমূলক পদ্যা-গুলি গ্রহণ করুন।

জ্ঞামরা সতক' করে দিচ্ছি—সরকারকে তা যদি তাঁরা না করেন, তাহলে বিপ্লবের যে আগ্রন্থ জ্বলবে, তাতে এই গভর্ণমেণ্ট পুড়ে ধর্ণস হয়ে যাবে।

Shri Bejoy Kumar Baneriee:

যাননীর পশীকার মহাশয়, পশ্চিমবাংলার দ্বর্ভাগ্য যে এই খাদ্য সংকট আলকে ন্তন কথা য় । খাদ্য সমসারে আলোচনা এই বিধানসভার আল ন্তন নয় । ম্থামদ্রী মহাশয়ের পরিবংখ্যানের অনেক কথা আয়রা শ্নেছি, এখানে খাদ্যের ব্যাপারে অনশন হয়েছে, বিধানসভার
ভারা জনশন করেছেন । কিন্তু ফল তাতে কিছ্র হয়িন । এই সেদিনকার কথা এবং আজকের
চথা বখন আমরা দেখি, তখন মনে হয়, ম্খামদ্রী মহাশয় আজ য়া বলেন, তা তিনি করেন না,
। কালকে য় বলেছেন, আজকে তার উল্টো কথা আমাদের বলছেন। আমার সময় অলপ, ভা
।ছলে দেখাতে পারি—কোন তদন্ত, বিশেষ করে বিচার বিভাগীয় তদন্ত যদি হয়়, তাহলে
।মরা তা প্রমাণ করে দিতে পারি । বর্তমান খাদ্য সমস্যা সমাধানে রাম্ম্র পরিচালনার বাবস্থা
গভাবে হয়েছে, তাতে এই রাম্ম্রে অধিনায়ক যারা, তাদের নীতির জনাই আজকে বাংলাদেশের
নিবের এই রকম দুর্ভোগ ভোগ করতে হছেে । আজকে বলবার উপায় নেই । মধ্যবিত্ত বা
ামমধাবিত্ত বাগগলাকে ধরংস করার উন্দেশের বা সম্পর্ণার্কপে তার অস্তিত্ব বিলোপ করাব
।মিত্র যদি কোন দিন ইতিহাস লিখিত হয়, তাহলে এই কথাই লেখা হবে, যে কংগ্রেসের ১৭
।রের শাসনের ফলে পশিচ্মবাংলাস মধাবিত্র বাগগালী ও নিন্নমধ্যবিত্ত বাংলালী নিশ্চিহ্ন হয়ে
। এই সেদিন ভদ্রলাকের চিন্ধ এবং উভয় পক্ষের অনেক কিছ্, মেলামেশা ও স্থালোচনাব
লে বখন আয়রা বিধানসভার আধিবেশন শেষ হয়ে যাবার পয়, সহরের বহু, রাস্তায় ঘ্যুরেছি,

তথন দেখেছি সাধারণ মানুষের দুর্ভোগ। আমরা দেখেছি যে রেশন-এর দোকানে চাল নেই, রেশন কার্ড দেখিয়ে চাল পাওয়া যায়িন। আমি বিধানসভার সদস্য হিসাবে টোলফোন গাইড খ'র্জে, খ'র্জে, গাদা গাদা টোলফোন নম্বর, এক একটি ভিরেক্টর, ডেপ্রিট ভিরেক্টরের শত, শত লোককে ডেকে জিজ্ঞাসা করেও এর কোন উত্তর পাইনি। কেন এই সব রেশন-এর দোকানে চাল নেই? কেন রেশন কার্ড দেখিয়ে লোকে চাল পাবে না? আমার লজ্জ্বা হয় দেখে যে আমাদের দেশের সাধারণ মানুষ, হ্বাধান দেশের মানুষ, তারা ভিখারীর মত এদেশে ঘ্রের বিভিয়েছে, হয়রানী হয়েছে, সময় নন্ট হয়েছে, শ্রা রেশন ব্যাগ হাতে নিয়ে তারা ঘরে ফিরে গিয়েছে। এই সমস্ত অব্যবস্থার জনা, আমরা রাজ্মের অধিনায়ক এবং এদেশের মানুখ্যমন্দ্রীকে দামী কর্বছি।

[3-30-3-40 p.m.]

যদি তাদের সংসাহস থাকে তাঁরা বিচার বিভাগীয় তদন্তে রাজী হোন, তাঁরা বলনে যে তাঁদের এই দুনীতিমূলক রাণ্ট্র পরিচালন ব্যবস্থা কিভাবে মানুষকে এই অসহায় ভিক্ষুকের পর্যায়ে নাবিয়েছে। সেদিনও মুখামন্ত্রী বলেছিলেন এই সভাতে যে আমাদের ধান চাল ও মূল। নিন্ধারণ করবার নীতি নেই, তিনি বলেছিলেন আমাদের ঐ মুনাফাকারি যারা মজ্বতদার তাদের ডি-আই রুলে ধরার কোন বাবস্থা আমরা করিনি বা আমাদের সেরকম কোন সিম্ধান্ত হয়নি। তিনি উপদেশ দিয়েছিলেন গম খাও, আল, খাও, কাঁচকলা খাও, এই সব খেয়ে জীবন ধারণ কর। কিন্তু সেদিনে আমাদের একজন দায়িত্বশীল সভ্য যখন বলেছিলেন যে হাওড়াতে গম পাওয়া যাচ্ছে না, সাধারণ মানুষ তারা গম থেতে পাচ্ছেনা তথন মুখ্যমন্ত্রীর সাহস হয়নি বলতে যে জামি এই দেশের মুখ্যমন্ত্রী সেইখানে ৫ মিনিটের মধ্যে যাতে গম পাওয়া যায় তার ব্যবস্থা কর্রাছ। মুখ্যমন্ত্রী চুপ করে বসে ছিলেন বললেন যে আজ গাড়ী আর্সেনি কালকে যাবে, এখন পাওয়া যাচ্ছেনা পরে যাবে। কেন্দ্রীয় সরকারের সেইখানের যে সমস্ত ব্যবস্থা তাকে বাধাতা-ম্লকভাবে এই রাড্টের উপরে যে হৃকুম এসেছে হিজ মাণ্টারস ভয়েস বলে সেই হৃকুম এ'রা মানবেন এই হচ্ছে এ'দের কাজ। এছাড়া এ'দের কোন কাজ নেই। আজকে এই কথার উত্তর দিতে হবে যে দলীয় স্বার্থে এই মুনাফাখোর মজ্বতদারদের সঙ্গে কোন টাকা নেবার বা টাকা সংগ্রহ করার ব্যবস্থা হয়েছিল কিনা। যদি স্কুট্রাষ্ট্র পরিচালনা করতে হয় এই দায়িত্ব সরকারের থাকা উচিত, তাঁদের বলা উচিত যে সরকার চালের ব্যবসাদার, তেলের ব্যবসাদার প্রভৃতি কোন বাবসাদারের কাছ থেকে এক পয়সাও তাঁরা নেননি দলীয় স্বার্থে, দলীয় রাজ-নীতির প্রভাব বিস্তার করার জন্য। যদি আজকে তাঁরা না করেন তাহলে আজকে একথা যখন প্রকাশ্যে সংবাদপত্তে প্রকাশিত হয়েছে আজ অবধি তার প্রতিবাদ বের হর্নান, তাহলে জনসাধারণ কেন ধরবেনা যে এই টাকার দর্ণ জনসাধারণকে আজকে রাজনীতির স্বার্থে বলিদান দিতে হয়েছে, কেন তারা ধরবেনা এই দুন্নীতিম্লক রাষ্ট্র পরিচালনার ব্যবস্থা বৃশ্ব করা হোক। আজকে আমি দুটি জিনিষ চাই, যদি সাহস থাকে, অন্যান্য প্রদেশে যেমন হয়েছে, কালকেও অন্ধ প্রদেশের কথা শ্নেছি, সমুহত মজনুতদারদের কাছ থেকে চাল রাণ্ট্রায়ত্ব করা হোক, সমুহত মজন্তদারদের চাল বাজেয়া*ত করা হোক। যারা মনুনাফা করছে এই সম≖ত বিষয়ে তাদের প্রকাশ্যে গড়ের মাঠে কলকাতা সহরে দাঁড় করিয়ে চাবুক মারা হোক এবং তাদের বিচারে যদি সাবাসত হয় যে তারা এই রকম করে মানুষকে হত্যা করার জন্য দায়ী ছিল তবে তাদের গুলি করা হোক। যদি সংসাহস থাকে কালকেই এই বাবস্থা করবার জন্য, ক্ষমতা চাইবার জন্য সে-টারের কাছে আপনারা অন্মোদন চেয়ে পাঠান তা নাহলে আমার ভয় হয় আজকে উনি যে বিবৃতি দিয়েছেন এই বিবৃতির ফলে কাল থেকে আবার মান্বের দুর্গতি ও দুর্ভোগের মাত্রা বেড়ে যাবে। কারণ আমরা অতীতে দেখেছি ম্খামন্ত্রীর এক একটি বাণী তার পরেই ম্ল্য বৃণিধ, হৃত্ত, করে জিনিষের দাম বেড়ে গিয়েছে। একটা কথাও এতে নেই যে বারা হোডিং করছে বা যারা লাভ করছে সরকার তাদের প্রতি যা ব্যবস্থা করার হয় তা করবে। এখনও কন-টেমপেলটিং ট্র টেক এ্যাকশন দেখি আমরা কি করতে পারি। আমি নিবেদন করবো মুখ্যমদাীর বদি সংসাহস থাকে ত আজকে এই নিলাঁচ্জ যে বিবরণী সেই বিবরণী তিনি কলকাজার মসনাত্র

গিয়ে একবার পাঠ কর্ন, পাঠ করে দেশের ছেলে মেয়েদের, দেশের মা বোনদের কাছে বলুন যে আমরা খাদ্য সমস্যা সমাধান করবার জন্য যে রকম ব্যবস্থা করেছি আমরা তার জন্য অভিনন্দন যোগ্য হর্মোছ, তোমরা এসো দলে দলে যোগ কর। না খাইয়ে মারছো, বিষ খাইয়ে মারছো, এই সমস্ত সরিষার তেলেতে ভেজাল, চাল পাওয়া যায়না, ডাল পাওয়া যায়না, আর আজ এসে বলছেন যে চাল ডাল সবই অনেক দাম বেড়ে গিয়েছে, বহু দাম বেড়ে গিয়েছে।

কর্মদন আগে বর্লোছলেন গম আর চাল যদি খাও তাহলে ২২ টাকা করে পড়তা চালের দাস পড়বে। পর পর সমস্ত কাগজ আমার কাছে আসে। আমি দাবী করছি সাধারণ মান্বের নামে আজকে যারা এই রাষ্ট্র পরিচালনা করছেন, এই রাষ্ট্র পরিচালনা করার অধিকার তাদের নেই, কারণ তারা জনসাধারণকে না খাইয়ে মেরে ফেলছেন। আমরা দেখতে পাচ্ছি মান্ব তারা প্রসা দিয়ে ভিখারীর নতন ঘ্রছে—এই যে সব কথা লিখেছেন ন্যায্য ম্লোর দোকানে—অন্তত তোমরা গভণামেন্টকে বিশ্বাস কব

As even today when rice is not available in the open market.

অতাণ্ত বিনীতভাবে আজকে আমি মুখামালীকে জিজ্ঞাসা করি লংজা করেনা ১৭ বছর গ্রাধীনতার পর এই কথা আজকে একটা দুরিম্বাশীল মুখামালী বলছে

rice is not available in the open market in any quantity, people can at least depend on Government.

আর আমাদের তোমরা অভিনন্দন কর। সংখ্যাগরিষ্ঠতার জােরে এইখানেতে রাণ্ট্র পরিচালনা বাবস্থা হয়ত কিছ্নিদনের জনা সম্ভবপর হবে কিন্তু আমি এই ভবিষাংবাণী করে দিয়ে যাছি জনসাধারণের শান্ত আজকে কোন রান্ত্রের শান্তর চেয়ে কম নয়। সেটা দমদম দাওয়াই দিয়ে তারা দেখিয়ে দিয়েছে, তারা দেশের মান্রকে নেতৃত্ব দিয়েছে যেখানে সরকারকে বশাতা স্বীকার করতে হয়েছে। আজ এই ভাবে রাণ্ট্র পরিচালনার গতি যদি না বদলায় দ্বিউভংগী যদি না বদলায় মান্রকে কিছুতেই আমরা এই রকমভাবে কণ্ট পেতে দেব না। আমরা তাই এই বিধানসভার বাইরে প্রকাশ্যে আমরা সাধারণ মান্রকে আমরা বলব তোমরা নেতৃত্ব দাও, তোমরা এই সম্ভত অপদার্থ অসহায় অকর্মণা রাণ্ট্র পরিচালকদের বিদায় কর তা না হলে এ হবে না হবে না। আর পরিশেষে আমি একটা কথা বলতে চাই যে বিধানসভায় সর্বান্তব্ব রেশানং চাল্ফ করা বিপান্তনক হবে এই কথা মুখামন্ত্রী এইখানে দাঁভিয়ে বলেছেন, কিন্তু আজ আবার স্ট্যাট্টরি রেশন—আমরা বলি এই স্টাট্টরি রেশন এই সরকারের উপর কোন ভার থাকবে না। এই অপদার্থ সরকার—সেণ্ট্রাল গভর্ণমেন্ট তারা গোড়া থেকে শেষ পর্যন্ত চাষীর কাছ থেকে চাল কিনে মান্ত্রকে মেশন দিতে হবে। তা যদি না নেওয়া হয় প্রত্যেক স্তরে স্তরে দেশে করিছা।

[3-40--3-50 p.m.]

Dr. Pratap Chandra Chunder:

মাননীয় অধ্যক্ষ মহাশহ, আজকে যে বিষয় নিয়ে আমরা আলোচনা করছি সেটা অত্যন্ত গ্রুছ-পূর্ণ বিষয়। অলপ কিছুদিন পূর্বেই ঠিক এই রকম একটা বিষয় নিয়ে আলাপ আলোচনা করেছিলুম এবং দীর্ঘ আলাপ আলোচনার পরে বাংলাদেশে খাদ্য ব্যবস্থা সম্পর্কে কতকগর্নল নতুন নীতি গৃহীত হয়েছিল। কিন্তু তার অলপ পরে আবার আমরা দেখছি যে দেশের ব্যাদারাকথা অত্যন্ত সংগীনরূপ নিয়েছে। একথা কাউকে বলে দিতে হবে না, যারা নিজেরা হাট বাজার করেন, যাদের সংসার আছে তারা সকলেই জানেন যে কি অসুবিধার মধ্যে দিয়ে আজকে সংসার যাতা নিম্বাহ করতে হচ্ছে। আমরা জানি যে খাদের জন্য লম্বা লাইন দিতে হছে। আমরা জানি অনুবাহ করে বাংগালী

যে সমস্ত খাদ্য খেতে অভ্যুস্ত সেই সমস্ত খাদ্য প্রচুর পরিমাণে পাওয়া যাছে না, এমন কি কোথাও কোথাও একেবারেই পাওয়া যাছে না। এটা আমরা সকলেই জানি কেন না আমাদের ও নিজেদের হাটবাজার করতে হয়। আমাদেরও ঘর সংসার আছে, আমাদের জনা আলাদা কোন ব্যবস্থা কিছু নেই। সেইজন্যে এই যে আমরা গ্রুত্র বিষয় বলছি কিছু নেই। সেইজন্যে এই যে আমরা গ্রুত্র বিষয় বলছি কিছু নেই। সেইজন্যে এই যে আমরা গ্রুত্র বিষয় বলছি এবং এর গ্রুছ ঠিক ভাবে এই সভার ভিতর উপস্থিত করা হবে এটা আমি আশা করেছিলুম। কিন্তু আমি আশ্চর্যা হয়ে গেলুম যে আমাদের মাননীয় শ্রীহরেকৃষ্ণ কোঙার মহাশয় ব্যুক্ত বিদ্রুপ এবং অতি নাটকীয়তার সঞ্চে হয়ত পা নেড়ে তিনি যান্তার মত এমন কতকগুলি কথা বললেন এতে খানিকটা রাজনৈতিক ব্যাপার উপস্থিত করা গেল বটে কিন্তু এই সমস্যার সমাধানের জন্য কার্যাকিরী ব্যাপারে তিনি সম্পূর্ণরূপে মুখ্যমন্ত্রীকৈ সমর্থন করে গেলেন। কি রকম করে আমি আপনাকে বলছি। এই যে বিবরণী আপনার সামনে উপস্থিত করা হয়েছে, এই বিবরণী মুখ্যমন্ত্রী দিয়েছেন। হরেকৃষ্ণবাব্ বললেন যে খাদ্য দ্রব্যের এখানে অনটন হয়েছে যেমন করে পার্ন কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিয়ে এখানে স্টক নিয়ে আস্নুন, নিয়ে এসে এখানকার অনটন দ্র করার ব্যবস্থা কর্ন। মুখ্যমন্ত্রী ঠিক একই কথা বলছেন। ৬ এর পাতায় তিনি বলছেন

We have been moving the Government of India for fixing selling prices in the supplying States.

একে জিনিষ আমরা আমাদের দেশে উৎপাদন করিনা, অনা রাষ্ট্র থেকে আমাদের আনতে হয়, আমাদের অপা রাজ্য থেকে আমাদের আনতে হয় সেগালির উপর আমাদের কোন জাের নেই এইজনা আমরা কেল্টীয় সরকারের উপরে খানিকটা চাপ দিচ্ছি—তাদেরকে বলছি যে আপনারা দরা করে শিথর করে দিন যে উড়িষাা থেকে বা অন্যান্য জায়গা থেকে যেন আমরা চাল পাই এবং নায়ে দিনেতে আমরা পাই। সেখানে ওরা দাম বাড়িয়ে দিল আর আমরা এখানে বেশী দামে কিনে কম দরে দেব—তাতে রাজ্য সরকার ফতুর হয়ে গেল—তা তাে সম্ভব নয়। সেইজনা মুখ্যানিটা বলেছেন যে আমরা কেল্টীয় সরকারকে বলছি হরেক্ষ্পবাব্র সঞ্জে সেজনা কোন মতভেদ নেই। তারপর তিনি দ্বিতীয় কথা বলেছেন যে শুখ্য এই সম্মত হবে না যা করবেন জনসাধারণের সহযোগিতা ঘদি না পাওয়া যায় কোন খাদা বাবদ্থার স্যাধান করা সম্ভব নয়। নিশ্চরই —এবং শেষ কথা মুখ্যমন্তীর বিবৃত্তির মধ্যে আমরা পাচ্ছি

"We are going to talk over these proposals with the Government of India and with the help of all concerned we may carry out this policy successfully."

াহেলপ অফ অল কনসানডি" যাঁরা খাবেন, অর্থাৎ আমাদের মতন যারা খাদ্য থেয়ে জীবনধারণ চান তাদের সাহায্য কি তিনি চাচ্ছেন না? নিশ্চরই চাচ্ছেন। স্তরাং হরেক্ষ্ণবাব্র সঞ্চোকান পার্থক্য নেই। তৃতীয় কথা তিনি বলছেন যে হোডারিদের সম্পর্কে কি হবে? হোডারি-দের সম্পর্কে নিশ্চরই মুখামলী তাঁর এই দীর্ঘ বিবৃতি দিয়েছেন তার মধ্যে তিনি এই দিকটায় যথেণ্ট জার দিয়েছেন। আমি দেখাচ্ছি তার লেখার মধ্য থেকে দুই এর পাতায় তিনি বলছেন

"At the same time the big jotedars in West Bengal started holding back stocks with the same hope of making higher profits in future."

তিনি তো অস্বীকার করছেন না—মুখামন্ত্রী বলছেন যে "বিগ জোতদার" বড় জোতদার এই রকম সমস্ত মজতুত করে রেখেছে। তার জন্য আমরা কি করব? আমরা ধরবার চেন্টা করছি, কোথাও কোথাও ধরেছি এবং এখানে

"This is how we have met and are still meeting the challenge thrown by the hoarders."

"Challenge" একটা আমাদের সামনে এসেছে, সেই চ্যালেঞ্জ-এর বির্দেষ আমরা দাঁড়াচ্ছি। এবং সেই কাজে সাফল্য অর্জন করতে গেলেও সকলের সহযোগিতা প্রয়োজন। এখন প্রশ্ন হক্ষে এই হোডারি কিম্বা বড় জোতদারদের নিশ্চয়ই কংগ্রেসের সংগ্য এদের হাত মিলান আছে, কংগ্রেস মোটা টাকা তাদের কাছে পায়—এই রকম অভিযোগ বিরোধীদল করছেন এবং বলছেন অস্বীকার করেন কিনা। আমি আপনার কাছে অধ্যক্ষ মহাশয়, এইকথা বলছি যে ওরা বারবার ঐ একই কথা বলেন যে কংগ্রেস ক্ষমতায় এসেছে জোতদার আর মিল মালিকদের টাকা দিয়ে। এই যে এত লোক ভাটে দিছে—দৈশের মান্য যে ভোট দিছে তাদের স্বার্থ যদি দেখা না যায় কেন তারা ভোট দেবে? আজকে অসংখ্য লোক, এই খাদ্য সমস্যার নানান অস্ব্বিধার মধ্যেও আজকে কাছাকাছি যতগর্লি ইলেকশনই হউক বা বয়স্ক ভোটাধিকারীর ভিত্তিতে পৌরসভারই হউক অধিকাংশ জায়গাতে কংগ্রেসকে জিতাছে আমাদের মাননীয় বয়্ধরা পিছিয়ে আসছেন। আজকে দেশের মান্য কি এতই বোকা যে ম্ভিটময় কয়েরজন লোকের স্বার্থের জন্য যে দল দাড়িয়ে আছে সেই দলকে বারবার ভোট দিয়ে জয়য্রত্ত করবে? কেন দামটা কমছে না সেটাই হছে আসল কথা। সেটার জন্য আমাদের বন্ধবার মাননের করবা রারবার ভোট করেছে, আপনি বোধহয় জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের যে বাবস্থা রয়েছে সেই ব্যবস্থার মধ্যেই নানান রকম অস্ববিধা আছে, খাদ্য শসোর ম্লা বেড়ে যাছে সে বিষয়ে আমাদের জাতীয় সরকার বারবার চেণ্টা করছেন। এখানে একটা রিপোটা আমার কাছে আছে।

মাননীয় মধ্যক্ষ মহাশয়, চালের দর কেন বেড়েছে সেই প্রশ্ন করা হয়েছে। আমাদের মাননীয় বন্ধরা বোধহয় ফর্ড গ্রেন্স এনকোয়ারী কমিটির রিপোর্টটি পড়েননি। এই কমিটির নেতৃত্ব করেছিলেন অশোক মেটা এবং ১৯৫৭ সালে এই কমিটি রিপোর্টটি দাখিল করেছে। অশোক মেটা তথন পি-এস-পির নেতা ছিলেন এবং পঞ্চবামের একজন সরিক ছিলেন। তিনি বারবার পরিন্দার করে বলেছেন কেন এইসব খাদ্যশস্যের দাম বেড়েছে। তাঁরা যদি দয়া করে রিপোর্টিটি পড়তেন তাহলে ব্র্যতেন কেন দাম বেড়েছে। যাহোক, আমাদের ম্থামন্টী যে রিপোর্ট পিড়তেন তাহলে ব্রুতেন কেন দাম বেড়েছে। জিনিসপত্রের দাম যে বেড়েছে তাতে অনেক কথা থাকতে পারে। একটি কারণ দেখান হয়েছে যা নিয়ে সোমনাথবাব্ বাঙ্গ বিদুপ করলেন যে, উয়য়ন পরিকল্পনার জন্য এই সম্মত দাম বেড়েছে একথা পি, সি. সেন এবং অতুলাবাব্ বলেছেন কিন্তু এইসব একেবারে বাজে কথা। সাার, এরা তত্ব কথা শ্নবেন না, সত্য কথাও শ্নবেন না। মেটা কমিটি পরিন্দারভাবে বলেছেন.

"On the whole, a large part of the rise in the general level of prices may be ascribed to a general increase in demand resulting from the increase in investment expenditure on public and private account accompanied by deficit financing and credit expansion during the last few years."

এটা হচ্ছে কমিটির রিপোর্ট। স্যার, আমি জানি হরেকৃষ্ণবাব্ কুন্দেচভকে বিশ্বাস করেননা, কিন্তু সোমনাথবাব্ নিন্চরই কুন্দেচভের মতকে উড়িয়ে দেবেননা এই আশা আমি করেছিলাম। কিন্তু ২ বছরের মধ্যেই এই বইর কথা ভূলে যাবেন এই ধারণা আমার ছিলনা। এই বইর নাম হচ্ছে "রোড ট্রকমিউনিজম", এই বইখানা কুন্দেচভ লিখেছেন। এই বইতে তিনি বলছেন.

"The rate of growth of agricultural production is still lower than that of industrial production and still does not meet the growing requirements of the population".

আর্থাং কৃষি উৎপন্ন দ্রব্য যা আছে এবং জনসংখ্যার যে চাহিদা আছে তাতে এটা মেটাতে পারছে না। সংগে সংগে তিনি আরও বলেছেন,

"t)ur population has increased considerably. As I have said, compared with 1955, it has increased by more than 20 millions. Needless to say, the workers and office employees do not hoard their money, but spend it on food and other goods".

অবর্থাৎ ক্রুণ্চেভ একথা বলছেন যে, তাদের হাতে বেশী টাকা এসেছে এবং সেই বেশী টাকা দিয়ে তারা বেশী খাদ্য সংগ্রহ করছে। হরেকৃষ্ণবাব, একটি ভাল কথা বলেছেন যেটি আমি মর্থন করি। তিনি বলেছেন শ্বধ্ব খাদ্যশস্যের উৎপাদন করলে হবেনা, খাদ্যশস্যের যে বাড়াত লগ আছে সেটা বাজারে আনতে হবে—আমি তাঁর সঞ্চে একমত। তারপর মেটা কমিটি খাদ্ধ লগ্য বাজারে কি করে আসতে পারে সে সম্বশ্ধে যা বলেছেন, তার একটি লাইন **আমি পড়ে** শানাচ্ছি। তাঁরা বলেছেন,

n a developing economy it is not production of food alone but marketed urplus that is of real importance.

।ই বাজারে আনা, এটাই হচ্ছে বড় সমস্যা এবং দেখা যাক এই সমস্যা সমাধান করবার জন্য যামরা কি করেছি। অন্যান্য দেশে কি করেছে আমি জানিনা, কিন্তু আমাদের দেশে আমরা । পর্যন্ত কথনও চেষ্টা করেছি স্ট্যাট্টেরী রেশন করে প্রাপন্নির খাদ্যশস্য সরকারের মারফং যাদায় করে নেব।

3-50-4-00 p.m.]

আবার যখন দেখা গেছে এই রেশন প্রথা কার্যকরী করতে গিয়ে লোকের মধ্যে নানা বিক্ষোভ rখা দিয়েছে এবং এর ফলে নানা গণ্ডগোল দেখা দিয়েছে এবং সেই সময় খাদ্যের উৎপাদন াডে গেছে. ১৯৫৪-৫৫ সালে খাদ্যের উৎপাদন অনেক বেড়ে গেছে তখন ড্টাটটুটারী রেশন *জ*'ন করা হয়েছে, তারপর আবার যথন খাদ্য-উৎপাদন কম হয়েছে তথন সরকার নানাভাবে ালের দাম বে'ধেছে, কিছু কিছু এম আর সপ, কিছু কিছু পাশিয়েল রেশনিং-এর মধ্য দিয়ে ই সমস্ত চেণ্টা করছে। এটা ইতিহাসের কথা, প্রোনো খবরের কাগজ পড়লে নিশ্চয়ই জানতে ারবেন, অধাক্ষ মহাশয়। এখন ব্যাপার হচ্ছে কি যদি খাদা উৎপাদন অধিক হয় তাহলে। সে াদ্য বাজারে আসবে কিনা, তার স্থিরতার ব্যবস্থা আমাদের করতে হবে, এটা কি করে হয় নট আপনারা দেখন। একটা কথা হচ্ছে মধাবতী যারা রয়েছে, মিডলম্যান যারা, যাদের লাতবার বা বড় ব্যবসায়ী বলা হয়েছে নিশ্চয়ই তারা তাদের স্বার্থ বজায় রাথবার জনা অন্যায় াজ করছে. সে বিষয়ে মুখামনতী মহাশয়ও বলেছেন। তার একটা ব্যবস্থা, কন্ট্রোল করার চেণ্টা চ্ছে লাইসেন্সিং প্রভৃতিও দেখছি। কিন্তু দেখা যাচ্ছে এখন পর্যন্ত অন্ততঃ পশ্চিমবংগ সম্পূর্ণ 'ফল্য মর্জন করতে পারছে না। সেজনা মুখামন্দ্রীর প্রস্তাবে ন্টেট ট্রেডিং-এর কথা বলা হয়েছে। ামাদের বিরোধী পক্ষের মাননীয় বন্ধারা অনেকবার বলেছেন, শাধা তাঁরাই নয়, প্রানিং মিশনও বলেছেন ন্টেট ট্রেডিং সম্পর্কে যে এটা ছেলে খেলার ব্যাপার <mark>নয়। ন্টেট ট্রেডিং করতে</mark> লে অনেক আট ঘাট বে'ধে করতে হয়। চেটে ট্রেডিং-এ দুটি অবশ্য প্রয়োজনীয় জিনিস আছে. হযোগিতা এবং স্কুণ্ঠা সংগঠন। যতক্ষণ পর্যন্ত না স্কুণ্ঠা সংগঠন ঠিকমত করা যায় ততক্ষণ য[্]ত ঘেট ট্রেডিং সফল হয়না, বিশেষ করে কৃষক সমাজের সহযোগিতা যদি না পাই তাহ**লে** 📆 ট্রেডিং সফল হয়না। সেজন্য মুখ্যমন্ত্রী মহাশয়কে বার বার স্মরণ করিয়ে দিচ্ছি আমাদের ময় কম, এই সময়ের মধ্যে যাতে ণেটি ট্রেডিং কার্যকরী করতে পারি জনসাধারণের সহযোগিতা াবার জন্য চেন্টা করা উচিত। এখন দেখা যাক কোথায় ন্টেট ট্রেডিং করা হয়েছে এবং কি অব-থার মধ্য দিয়ে তার অগ্রসর হয়েছে। আপনারা দেখবেন আমরা অভিজ্ঞতায় শিখছি, কমিউনিষ্ট ার্চি থেকে জ্ঞানার্জন করছি এবং তাঁরা জ্ঞান দিচ্ছেন, ওদের যে কর্তা সোভিয়েট রাশিয়া াদের কাছ থেকে জ্ঞান নেবার চেণ্টা করছি। মাননীয় লেনিন সাহেব যখন হাতে ক্ষমতা পেলেন র্চান ষ্টেট ট্রেডিং করতে আরম্ভ করলেন। কি করলেন? প্রথমে গ্রামে গ্রামে কমিটি বসিরে ষকদের হাতে যে সার্গ্লাস, উন্বৃত্ত ছিল সেগ্রিল তাদের কাছ থেকে কেড়ে নিয়ে আসবার ^{। হটা} হল। প্রথমে ব্রিরয়ে স্বাজিয়ে বলা হল তারপর জবরদ্দিত খুন জখম মার্রপিট হল, এই-াবে চলতে লাগল। (শ্রীগোপাল বসুঃ আপনি জামেন না কিছু) হার্ট, আমি অস্তর, সোভিয়েট উনিয়ন থেকে এই যে সরকারী বইটা বেরিয়েছে তা থেকে উপস্থিত করছি, আমি তো জানিনা, ামি অজ্ঞ, কিন্তু সোভিয়েট রাশিয়ার পক্ষে ন্যাশনাল বুক এজেন্সী থেকে ১৯৪৫ সালে দালিন আমলে যে ছাপা বইটি বেরিয়েছে সেঁটা দয়া করে দেখবেন, দেখানে বলা আছে—কিছু-ন বাদে আমরা দেখলাম লেনিন সাহেব হতাশ হয়ে পডলেন ভেট ট্রেডিং-এ জবরদ্হিত কেন্ডে ায়ে এলে সেখানে কৃষিকার্য্য মরণোন্ম_{ন্}খ হয়ে গেল। এটা সরকারী বই এটা স্বয়ং স্ট্যা**লিন** মলে লেখা এবং বইটির নাম হচ্ছে

listory of the Communist Party of the Soviet Union, Bolsheviks.

ুৰেরিরেছে ১৯৪৫ সালে মম্কোথেকে, এর ২৫১ পাতায় তিনি ব**লছেন**

appropriation system had passed, that it was time to supersede i by tax in kind so as to enable the peasants to use a greater par of their surplus at their own discretion."

অর্থাৎ ক্ষমতা দিচ্ছেন পেজেন্টরা তাদের ইচ্ছামত বিক্রী করবে......[নয়েজ].....এথানে যেরকা গোলমাল চে'চামিচি হচ্ছে, সেখানেও, সেই সোভিয়েট রাশিয়াতেও চে'চামিচি হয়েছিল অধ্যয় মহাশয়, সেখানে ট্রটম্কি এবং অন্চরেরা বললেন—লেনিন সাহেব করছ কি? তোমার পশ্চাদপ সর্বা হয়ে গেল.

The Trotskyites and other oppositionists held that NEP was nothing but a retreat,

তাতে লেনিন সাহেব বললেন, আমার রিট্রিট নয়। বড় বেশী এগিয়ে গেছলাম, আমাদের বেস্ তৈরী হয়নি।

In our economic offensive we ran too far ahead, we did not provide ourselves with an adequate base.

কাজেই এ্যাড়িকোয়েট বেস যতক্ষণ না তৈরী হচ্ছে ততক্ষণ সরকারী নিয়ন্ত্রণে খান্যের মত এমন একটা অত্যন্ত জরুরী বিষয়কে, এমন একটা গুরুতের বিষয়কে নিয়ে আসা অত্যন্ত ভয়াবহ ব্যাপার। সেই এ্যাডিকোয়েট বেস তৈরি করতে যদি লেনিন সাহেবের মত কয়েকজন জবরদস্ত শাসক, যাঁরা রম্ভ গংগা বইয়ে দিয়ে নিজের হাতে ক্ষমতা নেওয়ার চেণ্টা করেছিলেন, তাঁরাও পশ্চাদপসরণ করেন তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গণতান্তিক দেশে যেখানে ৫ বছর **অন্**তর কৃষকদের কাছে ভোটের জন্য যেতে হবে সেই কৃষকের মুখের গ্রাস কেড়ে নিয়ে আসা ষে কি ভয়াবহ ব্যাপার সেটা চিন্তা করার দরকার আছে। যাই হোক, এইসব সত্ত্বেও আমাদের যে নীতি হয়েছে সেই নীতি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ঘোষণা করেছেন। স্টেট ট্রেডিং তিনি করবেন এবং সেজনা তিনি গর্ব করে বলেছেন ইউনিক রেকর্ড। কেন না গণতান্তিক পরিবেশে যেখনে ৫ বছর অন্তর সাধারণ মানুষের কাছে ভোটের জন্য যেতে হবে সেখানে স্পেট ট্রেডিং করা এতবড় যে বাবসায়ী সম্প্রদায় রয়েছে তাদের ক্ষমতা কেড়ে নিয়ে—নিশ্চয়ই ইউনিক। দেশে যে বিরাট খাদ্য সংকট চলেছে তাতে আশা করি সমগ্র ভারতবর্ষে এটা প্রচলিত হবে, এই রক্ম ব্যবস্থা যদি ইউনিক ব্যবস্থা না হয় তাহলে আর কি ইউনিক ব্যবস্থা আছে আমি জানি না। আমি বলতে পারি না গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় স্টেট ট্রেডিং-এর ব্যবস্থা করেছেন। কিন্ত স্টেট ট্রেডিং করেও সোভিয়েট রাশিয়া কি পাচ্ছে—আমরা দেখতে পাচ্ছি যে স্ট্যালিন সাহেবের সময়ে দুভিক্ষ হয়েছিল, কুশেচফ সাহেব দুভিক্ষ পছন্দ করেন না, তিনি রাশিয়ার কোটি কোটি রবেল লাভন আর আমেরিকা এইসব জায়গায় পাঠিয়ে দিয়ে বিদেশ থেকে খাদ্যাপ্য নিয়ে এসে তাদের মূথে অন্ন যোগাবার চেন্টা করেছেন। আমরা নিশ্চয়ই করতে পারি যদি আমাদের সেই অর্থ থাকে, সেই সোণা থাকে যে সোণা নিয়ে আমরা বাইরে থেকে চাল নিয়ে আসতে পারি। সেই রকম যদি আমাদের সামর্থ্য থাকত তাহলে আমরা নিশ্চয়ই তা করতে পারতাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের দিনে মূল সমস্যা হচ্ছে আমাদের দেশে যেরকম দুতে জনসংখ্যা বুদিধ পাচ্ছে তা অস্বীকার করতে পারা যায় নান সেই সমস্যা মেটাতে গেলে আজকে প্রথম এবং প্রধান কাজ হচ্ছে দেশের উৎপাদন শ্রাডান এবং সেই উৎপাদন বাডাতে গেলে যে কাজ করা দরকার নিশ্চয়ই সে দিকে আমাদের সম্পূর্ণ নজর দিতে হবে। আমরা জানি আমাদের বন্ধুরা যে সমালোচনা করেন তাঁদের সঞ্গে এক মত যে যেসব সরকারী কাজ হয় তার সম্বন্ধে অনেক গ্রুটি-বিচুত্তি থাকে। খাদ্য উৎপাদনের জন্য যে সময় হয়ত বীজ ধান যাওয়া দরকার সেই সময় গিয়ে পেছায় না, যে সময় জল যাওয়া দরকার সেই সময় জল গিয়ে পেছায় না, যে সময় সার থাওয়া দরকার সেই সময় সার গিয়ে পে'ছায় না। কাজেই আজকের দিনে উৎপাদন বৃদ্ধির দিকে সবচেয়ে বেশী নজর দেওয়া উচিত। আমি আবার বলছি আজকে আমরা খাদ্য সমস্যা নিয়ে আলোচনা করছি, কয়েক মাসের মধ্যে দু'বার আলোচনা করেছি,

কিল্তু উৎপাদন বৃদ্ধির দিকে যদি খ্ব বেশী রকম নজর না দিই তাহলে অদ্র ভবিষাতে আমাদের অবস্থা আরো খারাপ হয়ে যাবে, তখন বামপন্থীদের চিৎকারেও কিছ্বতেই সমস্যার সমদ্ধান করা যাবে না। সেজনা আপনার কাছে আমার আবেদন আজকে আমাদের দ্বটো দিক দেখতে হবে, আজকে এই উৎপাদন বৃদ্ধি করবার জন্য একটা কৃষি বিশ্ববের প্রয়োজন যেমন ইউরোপে সমস্ত রাষ্ট্র ব্যবস্থা পরিবর্তিত হয়েছিল যন্ত বিশ্ববের মধ্য দিয়ে। আজকের দিনে আমাদের এই অনুমত দেশকে প্রকৃতভাবে প্রতিষ্ঠিত করতে গেলে কৃষি বিশ্ববের মধ্য দিয়ে আমরা এই কাজে অগ্রসর হতে পারি। কৃষি বিশ্ববে অস্ক্রিবধা কি আছে—অস্ক্রিধা হছে এই একদিকে মন্ত শিল্পে যদি নানা রকম নতুন নতুন পদ্ধতি বেরোয়. বিজ্ঞান এবং নানা বিষয়ে গবেষণাগার বেরোয় তাহলে সেগ্রিল কার্যকরী করা অত্যান্ত সহজ হয়ে পড়ে। কেন না কয়েকটি ফান্তরী রয়েছে সেখানে শ্রমিকরা এক জোট হয়ে কাজ করছে, কাজেই এইসব পরিবর্তন করা সহজ নয়। কিন্তু যখনই কৃষি বিশ্ববের প্রয়োজন হয় যখন কৃষির মধ্যে বিজ্ঞান এবং কর্ম দক্ষতা বৃদ্ধির প্রয়োজন হয়, তখন সবচেয়ে বড় অস্ক্রেবিধা হয় বহু লোক নিয়ে। আমার থিসিস আমি প্রতিপ্রা করবার চেন্টা করছি। অক্সফোর্ডে একটা গবেষণা বেরিয়েছে মার্গারেট ডিগবির কোল্ডান্তর ভাগতে তিনি বলেছেন

"What are the main factors which hold it back? Perhaps the most striking is the number of individuals on whom progress depends",

[4-00-4-10 p.m.]

"নাম্বার অব ইণ্ডিভিজুয়াল" – অসংখ্য মানুষের উপর এই কৃষি উন্নতি নির্ভার করে। আপান জানেন ভারতবর্ষের শতকরা প্রায় ৭০ ভাগ মানুষ কৃষির উপর নিভার করে। কাজেই क्रमल कुलाएं र्शाल बाइपाम विल्डिश्म तथरक निर्दर्भ पिरम पिरम किरल क्रमल करल यारव अरे বুকুম ভোজবিদ্যা আমরা কেউ জানি না। কাজেই যতক্ষণ পর্যানত না দেশের মানুষকে এই কাজে উদ্বৃদ্ধ করতে পারা যাচ্ছে ততক্ষণ পর্যান্ত আমাদের দেশে খাদ্যোৎপানন বৃদ্ধি করা সম্পূর্ণ-ভাবে সম্ভব নয় এবং বৈশ্লবিক পরিবর্তন করাও সম্ভব নয়। সেজন্য আজকের দিনে প্রথম প্রদন এবং কাজ হচ্ছে এই যে অসংখ্য কৃষক সম্প্রদায় রয়েছে তাদের মনের পরিবর্তন করা এবং এই মনের পরিবর্তন করতে গেলে যে কাজ প্রয়োজন সেগর্লি করতে হবে। হোর্ডারদের শাস্তি দিতে হবে নিশ্চয়ই, তাদের কঠিন শাস্তি দেয়া প্রয়োজন, তারপর সরকারের এটি-বিচাতি যদি থাকে তার সংশোধন নিশ্চয়ই করতে হবে এ বিষয়ে কোন সন্দেহ নেই কিন্তু সংখ্য সংখ্য এটা মনে রাখতে হবে যে একটা মানবিক পরিবর্তন দরকার। ২ শো বংসরের পরা-ধানতার জনা আমাদের যে বিরাট কৃষক সম্প্রদায় হয়েছে তাদের অধিকাংশ লোকই শিক্ষিত হয়নি, শিক্ষা পায়নি। তাদের মধ্যে যদি আমরা নৃত্ন একটা ভাব জাগিয়ে তুলতে পারি তবে আমরা ঠিক সম্পূর্ণভাবে খাদ্য সমস্যার সমাধান করতে পারবো। আজকে আমরা দেখতে পাচ্ছি এ সমস্যা শা্বা বাংলাদেশে নয়, সারা ভারতবর্ষের কথা বলা হয়েছে বলে ও'রা আপত্তি কর-ছেন কিন্তু আজকে প্রথিবীর বহু দেশে খাদ্যসম্প্রা আমরা দেখতে পাচ্ছি। আমরা প্রতিদিন দেখতে পাচ্ছি যে অন্যান্য যে সমুহত আরো শক্তিশালী বহুৎ দেশ তারাও পর্যন্ত খাদ্যের জন্য অন্য দেশের কাছে হাত পাতছে। আমি সেকথা বারবার উল্লেখ করে আর সময় নন্ট করতে চাইনা. এই গ্রেত্র সমস্যা সম্বন্ধে যে দ্র্ণিটভংগী নিয়ে অগ্রসর হওয়া উচিৎ সেটাই আমি আপনার কাছে নিবেদন কর্নছ—অত্যন্ত গঠনমূলকভাবে কর্মের মধ্য দিয়ে আমাদের আজ অগ্রসর হতে হবে। আমাদের সামনে একমাত্র প্রধান কাজ হচ্ছে উৎপাদন, উৎপাদন, উৎপাদন—উৎপাদন বৃদ্ধিই প্রধান কথা এবং তার সংস্থা সংস্থা এবং সংসম বন্টন ব্যবস্থা করতে হবে। সেই বন্টনের জন্য যেভাবে কাজ করা প্রয়োজন তা স্টেট ট্রেডিং মার্ফাং হোক বা অন্যভাবে কম্মোল করেই হোক কি যাতায়াতের ব্যবস্থা নানারকম নিয়ন্ত্রণ করেই হোক, সেই ব্যবস্থা করে আমালের দেশের উন্নতি সাধন করতে হবে একথা আমি নিবেদন করছি। তাই আজকে মুখ্যমন্তী যে স্পেটমেন্ট আমাদের সামনে দিয়েছেন সেই স্টেটমেন্টের মধ্যে সামগ্রিকভাবে কারণগর্হীল সমস্ত বলে দেয়া হয়েছে। প্রথম কারণ তিনি বলেছেন এখানে উলয়নমালক যেসব পরিকল্পনা হচ্ছে সে সম্পর্কে আমি বলছি সেই কারণ তিনিও বলেছেন। আনার সঙ্গে সঙ্গে তিনি ম্নাফাখোরদের কথাও नलाइन रा এই উन्दार थानाममा जाता जलकारण मितरा ताथर गात करन এই जनम्या राह्य।

কালেই স্বামনিয়াম সাহেব কি কৃষ্ণমাচারী সাহেব বা অতুলাবাব, যে কথা বলেছেন এর মধ্যে ম্লতঃ কোন পার্থক্য নেই। দ্বটোই মুখ্যমন্ত্রীর বক্তৃতার মধ্যে রয়েছে। তিনি আমাদের সামনে যে কাজ নির্ধারিত করে দিয়েছেন সেই কাজকে সফল করবার জন্য আজকে দেশের মান্যকে সংগা নিতে হবে। আজকে গ্রামে গ্রামে গিয়ে যে সমস্ত কৃষক ভাইবোনেরা রয়েছে, যে সমস্ত লোকেরা কৃষিক্ষেত্রে কাজ করছে তাদের ন্তুনভাবে উন্বাম্থ করতে হবে। যতক্ষণ না সেই কাজ করতে পারা যায় ততক্ষণ ভাই টোজং বল্ল বা অন্যরক্ষ কন্টোল বল্ল সেটা শেষ পর্যবত সফল হবে না, যেমন সফল হয়নি লেনিনের আমলে সোভিয়েট রাশিয়ায়। সেজন্য আজকে মুখ্যমন্ত্রীর এই যে ভেটমেন্ট রয়েছে আমি এর মধ্যে কোন অসংগতি দেখতে পাছি না, বরিং আমি লক্ষ্য করছি—যে আজকে যে গ্রেবৃতর সমস্যা আমাদের সামনে রয়েছে মুখ্যমন্ত্রী মহাশয় সে সম্পর্কে সম্প্রণ অবহিত আছেন, তিনি জানেন যে কি সমস্যা রয়েছে, তিনি হাতে কলমে কাজ করছেন এবং অত্যত আনন্দের কথা হরেকৃঞ্ববাব্ শেষ পর্যবত তাকৈ সমর্থন করেছেন। এই বলে আমি আমার বক্তৃতা শেষ কর্রছে।

Shri Nikhil Das:

মিঃ পশীকার স্যার, আজকে সারা পশ্চিমবাংলায় খাদ্য সংকট এবং মূল্য সংকট চলেছে। জিনিসপত্র পাওয়া যায়, কিন্তু, নির্ধারিত দামে পাওয়া যায় না। এ সত্য কথা, সকলেই জানেন। গত জানরয়রী মাসে যে খাদ্যনীতি পশ্চিমবংগ সরকারের তরফ থেকে এই হাউসে ঘোষণা করা হয়েছিল, সেই খাদ্যনীতি আজ চরম ব্যর্থতায় পরিণত হয়েছে। আজকে যে বিবৃতি মূখ্যমন্ত্রী মহাশয় দিয়েছেন, আমরা আশা করেছিলাম যে তার এই সংসাহসটা থাকবে এটা স্বীকার করা যে গত জানরয়রী মাসে আমি যে খাদ্যনীতি ঘোষণা করেছিলাম, সেই খাদ্যনীতি চরম ব্যর্থতায় পর্যবিসত হয়েছে।

মাননীয় স্পীকার মহাশয়, আজকে যে খালা সংকট দেখা দিয়েছে এই খাদা সংকট মনুষা সূত্র্ট খাদ্য সঙ্কট। এই খাদ্য সঙ্কট কংগ্রেসী মন্ত্রীসভার সূত্র্ট খাদ্য সঙ্কট। এই খাদ্য সঙ্কট স্থিত করেছেন কংগ্রেসের মন্ত্রীবাবুরা, ঐ রথতলা এবং রামকৃষ্ণপুর, হাওডায় ঐ যে চালের বাজার আছে, তার দালাল যারা, তারা। বিভিন্ন চালকল যাদের আছে, তাদের সাথে গাঁটছড়া বাঁধা আছে বিধানসভার কংগ্রেসী মন্ত্রীবাবুদের সাথে, আর চোরাকারবারী ও মজ্বতদারদের অভি-ভাবক হিসাবে এই কংগ্রেসী সরকার কান্ধ করছেন। তারা ইচ্চাকুত ভাবে ডেলিবারেটলি একটা ব্রটিপূর্ণ খাদ্যনীতি গ্রহণ করে আজ বাংলাদেশে খাদ্য সংকট এবং মূল্য সংকট সুণ্টি করেছেন। (এ ভয়েস: এটা कि मूला সংকট?) हा। একে খাদা সংকট না বলে একে মূলা সংকট वला চলতে পারে। কারণ দেশে চাল আছে, দেশে তেল আছে, দেশে মাছও পাওয়া যায় বাজারে ৫ টাকা কিলোতে। চাল পাওয়া যায় খোলা বাজারে ১ টাকা ৪ আনা, ৫ আনা, ৬ আনা কিলো দিলে। ডাল পাওয়া যায় বাজারে ১ টাকা ৪ আনা কিলো দিলে, আলা পাওয়া যায় ৮৮ নয়া পয়স। কিলো দিলে। আসল সংকট হচ্ছে মূল্য সংকট। এই সংকট সূচ্টি করেছেন কংগ্রেসী সর-কার ইচ্ছা করে, যাদের সঙ্গে গাঁটছড়া বে'ধে আছেন, তাদের স্বার্থে'র জন্য। কৈ সাহস তো তাদের হয়নি ঐ রামকৃষ্ণপার এবং রথতলায় ঐ আড্রুদারী প্রথা তলে দিতে? রামকৃষ্ণপার এবং রথতলায় চালকলগ্রনি আজও বজায় আছে। এইসব রেখে, আজ তাঁরা খাদ্য সংকট সমাধানের চেন্টা করছেন। মাননীয় স্পীকার মহাশয়, প্রতাপবাবরে কাছ থেকে অনেক বই-এর বিবৃতি দেখলাম, অনেক বন্তব্য শ্নলাম। কিন্ত আজকে খাদ্যের যে সংকট, সেই সংকটের হাত থেকে কি করে উম্পার পাবো, সে সম্পর্কে তিনি একটি কথাও বললেন না। তিনি খালি বললেন ভবি-बाटा किंगे एप्रीपः हरत, प्रिवशास व हरत, वे हरत, स्म हरत। वर्णभारत स्य थामा मध्के प्रसाहत. সেই সঙ্কটের হাত থেকে কি করে উন্ধার পাবো, সে সম্পর্কে একটি কথাও আমরা মাননীয় সদস্য প্রতাপবাব্র কাছ থেকে শুনলাম না। গতবারে সরকারের তরফ থেকে যখন খাদানীতি ঘোষণা করা হয়, তথন বার বার আমরা বলেছিলাম যে দাম বে'ধে দেবেন না, দেবেন না, দেবেন না—র্যাদ আপনাদের হাতে স্টেট ট্রেডিং না নেন। স্টেট ট্রেডিং না করে, দাম বে'ধে দেওয়া ম্**র্থামী। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় অলেছিলেন যে আপনারা চিন্তা করবেন না, আমি** সব वावच्था करत र्िष्ठ । आयता वललाय कि करत कतरवन? তিনি वललान हर्राए आयात विद्यानि এসেছিল, আমার ঘরে শুয়ে ঝিমানি এসেছিল, রাত্রি দুটার সময় ঝিমানি ভেঙেগ গেল। তিনি

ঠিক করলেন যে মার্চ মাস পর্যত্ত যারা ধান বিক্লয়্ম করবে, তাদের ঐ ১২ টাকা, ১৪ টাকা, ১৫ টাকা, ১৬ টাকা করে দাম দেওয়া হবে। মার্চ মাস থেকে জ্লাই মাস পর্যত্ত—১ টাকা কম দাম করলেন এবং জ্লাই মাস থেকে সেপ্টেম্বর পর্যত্ত আরও এক টাকা কম দাম করলেন। এটা তিনি স্বুন্নাদেশে পেলেন। এই স্বুন্নাদেশ থেকে তিনি ঠিক করলেন যে হোডারেদের কাছে ষত্ত খান, চাল আছে, তা তিনি সব বের করে আনবেন। সেই স্বুন্নাদেশ যে বার্থ হয়েছে তা অকরে, অক্লরে প্রমাণিত হয়েছে—গ্রামে, গ্রামে হাহাকার, সহরে সহরে হাহাকার উঠেছে।

মাননীয় স্পীকার মহাশয়, আমরা গতবার বলেছিলাম যে ১৩ টাকা থেকে ১৬ টাকায়, যারা গরীব চাষী,—তারা যখনই আন্ডার ডিউরেস ধানটা বিক্রয় করে দেবে, তখন দেখবেন ধানের দাম বৈড়ে যাচ্ছে। দেখা যাচ্ছে এপ্রিল মাস পর্যক্ত ধানের দাম ঠিক ঐ একটা জায়গায় ছিল, কিন্তু, যে মৃহত্তে গরীব চাষীর ঘর থেকে ধান বেরিয়ে গিয়েছে, ধানের দাম হৃত্ত করে বাড়তে স্বর্ক্তরেছে। বড়, বড় জোতদার, মহাজন, যারা রিচ পেজানট, যারা কংগ্রেসের সক্রিয় সভ্য, যারা ধান, চালের বাবসা করে, তারা আজকে ধান, চালের বাবসাটাকে একটা অন্তুত জায়গায় এনেছে।

[4-10-4-20 p.m.]

মাননীয় স্পীকার, স্যার, আমরা গতবার ২লেছিলাম যে কথা যে ১৩ থেকে ১৬ টাকা ধারা গরীর চাষী.—তারা যথনই আন্ডার ডিউরেস ধানটা বিক্রয় করে দেবে. তথন দেখবেন ধা**নের দাম** চালের দাম বেড়ে গিয়েছে, ঠিক দেখা যাচ্ছে যে এপ্রিল মাস পর্যন্ত ঠিক ঐ একটা জায়গায় ছিল কিন্ত যে মত্রতে গরীব চাষীর ঘর থেকে ধান চাল বেরিয়ে গিয়েছে ধান চালের দাম হা হা করে বাড়তে সূর্যু করেছে, তথন জোতদার, মহাজন যারা, রিচ পিজেন্ট যারা, যারা কংগ্রেসের সক্রীয় সদস্য তারা আজকে ধান চালের বাবসাটা করে আজকে এই একটা অম্ভুত জায়গায় আমা-দের এনেছেন। মাননীয় স্পীকার, স্যার, আপনি দেখবেন আজকে স্টেটসম্যান কাগজে আ**ছে** প্রফল্লবাব, নিজে স্বীকার করেছেন যে বাজারে ১২ লক্ষ টন চাল এসেছিল, ৬ লক্ষ টনের হিসাব প্রচিছ্ন আরু ৬ লক্ষ্ণ টনের হিসাব পাচ্ছি না আমরা। তা মাটির নীচে চলে গিয়েছে এবং মাটির নীচে কোথায় চলে গিয়েছে তা প্রফল্লবাব, জানেন এবং তাঁর মন্দ্রী পরিষদ জানেন, সবাই জানেন। শুরে একটি উদাহরণ আপুনাকে দেবো, ১০, ১১, ১২ই জুলাই কাঁথিতে আমাদের মন্ত্রীবাবুরা এবং কংগ্রেসীবাব্যরা একটি বাগান বার্ডাতে বৈঠক করে এলেন। সেই বাগান বাড়ীর মালিক যিনি তার গোলায় হাজার হাজার মণ ধান ছিল এবং সেখান থেকে ক'ছটাক ধান আজ প**র্যন্ত** সংগ্রহীত হয়েছে সেই প্রশ্নটা আজ কংগ্রেসী বাব্দের করতে চাই। মাননীয় স্পীকার, স্যার, সময় আমার খুব বেশী নেই, সংক্ষেপে আমি বলবো, সরকার জানি আমাদের কথা শুনবেন না তব্ৰুও সৰ্চ টার্ম প্রোগ্রাম হিসাবে তিনটি কথা আমি সরকারের কাছে রাখতে চাই। একটি হচ্ছে এই যে এখন তাঁদের ঐ দূর্নীতিগ্রন্থ ঐ যে দণ্ডর সেই দণ্ডর দিয়ে কাজ হবেনা. সেই দণ্ডরের উপর বিশ্বাস ছেডে দিতে হবে। তাঁদের মনে যদি ভাল করার ইচ্ছা থাকে তাহলে থানাকে একটা ইউনিট ধরে সর্বদলীয় কমিটি সেই থানাতে করতে হবে। সেই সর্বদ<mark>লী</mark>য় কমিটি সেই থানায় দেখবে যে কতটা ধান চাল সেই থানায় আছে। বাড়তি ধান যদি থাকে তাহলে সে বাড়তি ধানটা দিয়ে বা চালটা দিয়ে জেলাকে কি করে খাওয়ান যায় সেই ব্যবস্থা করবে। জেলাকে খাও<mark>য়াবার</mark> পর যে বাড়তি চাল ধানটা থাকবে সেটা কলকাতা বা শিল্পাণ্ডলকে খাওয়াবার জন্য আনবেন। এইভাবে থানাকে একটা ইউনিট ভিত্তি করে তাঁরা যদি ওয়ার ফ্টিং-এ পিপিলস্ কমিটি করে এখন থেকে তার পরিবেশ সুচ্টি না করেন তাহলে আজকে জলোই মাস শেষ হতে যাচ্ছে, আজকে ्रि किंत भन्धनीन, राराकात, लाक ना त्थरा भत्रह, जान टाटानत जना लाक राराकात क्राह्म, এই অক্টোবর মাসে বাংলাদেশের অবস্থাটা কোথায় গিয়ে দাঁডাবে সেই কথাটা আমি আপনার সামনে তুলে ধরতে চাই। সর্ট টার্ম প্রোগ্রামে এই কাজটা এখনই করা দরকার। চাল কোথার গেল ? ৫৪ লক্ষ্ণ টন চাল হয়েছে তাঁরা বলছেন, উডিষ্যা থেকে ৪ লক্ষ্ণ টনের জায়গায় আমি ধর-লাম এক লক্ষ টন এসেছে, কেন্দ্র থেকে এক লক্ষ টন পেয়েছেন—৫৬ লক্ষ টন। আমানের ৬২ লক্ষ টন লাগে ও'রা ২লেন, ৮ থেকে ১০ লক্ষ টন গম আমরা খাই ও'দের হিসাবমত। ও'রা দিচ্ছেন কত? এক কে জি. করে চাল অর্থাৎ ২॥ আউন্স করে চাল আমাদের ওঁরা দৈনিক

দিচ্ছেন। অথচ সরকারই গতবারে বলেছিলেন যে গড় পড়তা ১৪॥ আউন্স থেকে ১৯ আউন্স পর্যত্ত আমরা খাই, ও'রা দিচ্ছেন কত কলকাতা সহরে র্যাশনের মারফতে এক কে, জি, চাল, এক কে. জি. আটা। আটা পাওয়া যায় না. গম পাওয়া যায় না. গম তাঁরা দিচ্ছেন না. এই আডাই আউন্স চাল থেয়ে কি লোকের চলে? এবং সেই র্যার্শনিং যদি কলকাতার বুকে চালু রাখেন তাহলে চলবে কি করে? চাল ত আছে, চালগালি গেল কোথায়, এই ৫৪ লক্ষ টন কি উবে চলে গেল । চাল আছে সেই চালকে উদ্ধাব কবতে হবে। ঐ ও'দের দিয়ে হবেনা ও'বা সেই কাজ করতে পারবেন না, জনসাধারণের কমিটি করে যদি সহযোগিতা চান, সেই জায়গায় এসে র্যাদ তাঁবা দট্রতা করেন তাহলে করতে পারবেন। মাননীয় স্পীকার সারে আর একটি কথা বলতে চাই প্রফল্লবাব, বলেছেন তাঁরা নাকি লিমিটেড ওয়েতে ষ্টেট ট্রেডিং করছেন। কোথায় লিমিটেড ওয়েতে ণেটট ট্রেডিং সেটা আমরা ব্রুখতে পারছি না। গ্রামাণ্ডলের কথা বলছেন গ্রামা-প্রলের অবস্থা খবে ভাল কারণ অফ-টেক কম হয়েছে। চাল নাকি সেখানে গত জনে মাস পর্যস্ত লোকে যা নিয়েছিল এবারে নাকি তার থেকে কম নিয়েছে। চাল যদি মডিফায়েড র্যাশন সপে না যায় লোকে নেবে কোথা থেকে? আর গত সংতাহে এবং তার আগের সংতাহে কলকাতা সহরে গমের অফ-টেক কম হয়েছে তার কারণ কি লোকে গম নিচ্ছে না? ঐ র্যাশন সপে গম নেই। আমি বলতে পারি আলিপরেদ্যার সহরে আজ ১৫ দিন হল ঐ ফেয়ার প্রাইস সপে এবং মডি-ফায়েড র্যাশন সপে চাল যায়নি। কোথা থেকে লোকে চাল নেবে? চাল তোমরা দিচ্ছো না অফ-টেক কম হবেনা কেন? এবং সেই অফ-টেকের হিসাব দেখিয়ে ও'রা আমাদের ব্রঝাতে চেণ্টা করেছেন যে গ্রামাণ্ডলের অবস্থা ভাল সহরাণ্ডলের অবস্থা একটা খারাপ কলকাতাকে র্যাশনের আওতায় আমরা ধরেছি গ্রামগুলিকে আমরা ধর্মছ বড় গ্রামগুলিতে আমরা মডিফায়েড র্যাশন সপ করছি। ভবিষাত সম্পূর্কে যেটা আমাদের প্রতাপবাব, বললেন সেটা কোথায় তিনি পেলেন আমি জানিনা যে ও'রা ণেট ট্রেডিং করবেন। মুখামন্ত্রী মহাশয় বলেছেন.

We are actively considering the question of falling up State trading in rice and paddy on a large scale.

অর্থাৎ লিমিটেড ওয়েতে চলছে, এর পরে একট্ বৃহৎ ওয়েতে করবেন তাঁরা এবং সেটা করবেন কি না করবেন এ্যাকটিভলি কাম্সডারিং অর্থাৎ করবেন যে সে সিম্পান্ত তাঁরা করেননি, সেটা এ্যাকটিভলি তাঁরা কাম্সডার করছেন। আমান্ন বন্ধবা হছে যে হাফ ওয়েতে হলে কি অবস্থা হয় সেটা এবার আগরা বৃষতে পেরেছি। হাফ ওয়ে হাউস হবে না, ষ্টেট ট্রেডিং করতে হলে ফ্রড ফ্রাফের সমস্ত জিনিসকে ষ্টেট ট্রেডিং-এর মধ্যে নিয়ে আসতে হবে। চাষীকে ইনসেন্টিভ দিতে হবে, গ্রোয়ারকে ইনসেন্টিভ প্রাইস দিতে হবে।

কৃষককে ইন্সেন্টিভ প্রাইস দিতে হবে। মধ্যবিত্ত চাষী ১০।১৪।১৫ টাকায় ধান বিক্রী করেছে, বাজারে দাম ২৫ টাকা সে কি ইনসেন্টিভ পাবে? ইনসেন্টিভ প্রাইস ধাদ না দেওয়া যায়. গ্যারান্টি অফ প্রাইস ধাদ না দেওয়া যায় তাহলে কৃষকেরা কেন ধানচাল উৎপাম করতে উদ্বন্দ্র্য হবে? আরেকটা কথা বলেছেন, আমরা কলকাতা সহরে দটিটিউটরি রেশনিং করব, মফঃদ্বলে যেখানে ডেফিসিট পকেটস রয়েছে সেখানে রেশনিং করব আর বাকী জায়গায় থোলা বাজার চলতে দেওয়া হবে। বাঃ কি চমংকার বাবদথা! কি চমংকার দোআশলা বাবদ্যা! আমরা দেটট ট্রেডিং-এর কথা বলেছিলাম, তার পরিবর্তে কোথাও রেশনিং, কোথাও মডিফায়েড রেশনিং—চমংকার বাবদ্যা! মুখামন্ত্রীর বিব্তিতে কোন আশার আলো নাই, এটা ব্রুটিপূর্ণ বিবৃতি। গতবার একটা বিবৃতি দিয়ে তিনি এই হাউসকে বিদ্রান্ত করেছিলেন, এবারও বিদ্রান্তির মধ্যে আমাদের ফেলেছেন। এবং আমি লং টার্ম পালিস সম্পর্কে দ্রেকটা কথা বলব। স্টেট ট্রেডিং প্রাপ্রির করতে হবে, ফাকি দেওয়া চলবে না। ডিম্বিকিসান-এর জায়গায় আমাদের বহুবা হচ্ছে—এক কে, জি, চাল, এক কে, জি, আটায় চলবে না, ১৮ থেকে ১৯ আউন্স দিতে হবে এবং ফেমিলি আইডেন্টিটি কাড-এর প্রু-তে দিতে হবে। তাই, মাননীয় অধ্যক্ষ মহাশেয়, আমি আপানার মাধ্যমে এই শেষ কথা বলতে চাই, এ'দের সেট টার্ম পালিসিও নাই, লং টার্ম পালিসিও নাই, সব ভাওতা, সব ধোকা। খাদ্য না দিতে পারলে সরকারের সেই কথা স্বাকার করা উচিং।

[4-20-4-30 p.m.]

Shri Gopikaranjan Mitra:

মাননীয় অধাক্ষ মহাশয়, এই কথা সতা যে, আজকে সমস্ত নিভাবাবহার্য জিনিষের মলোমান এমন একটা অবস্থায় এসেছে যে আজু আমাদের চিম্তা করতে হবে কিভাবে এই মালাব মি রোধ করতে পারা যায়। সেদিকে লক্ষা রেখে একটা সুষ্ঠা গঠনমূলক কার্যপদ্ধতি অবলম্বনের সময় আজ এসেছে। মাননীয় হরেকুফ কোঙার মহাশয় তাঁর জনলাময়ী ভাষণে এবং মাননীয় সোমনাথ লাহিড়ী মহাশয় তাঁর অম্লমধুর ভাষায় আমাদের বোঝাবার চেণ্টা করলেন যে এই মূল্যব্দিধর সজে পরিকল্পনার কোন সম্বন্ধ নাই। আমি যে কথা বলতে চাচ্ছি সেই কথা হচ্ছে, মূলাব্দিধর দুটো পর্যায় আছে, একটা হল, উৎপাদনমূলা নিজের স্বাভাবিক গতিতে একটা জায়গায় এসে দাঁড়াবে আরেকটা পর্য্যায় আছে এবং সেটাই আজকে আমাদের চিন্তার বিষয়। আজকে বন্টনের মধ্যে কার্চপি চলছে ব্যবসায়ীরা, অতিম-নাফালোভীরা উৎপন্ন জিনিস গ-দামজাত রেখে সর্টেজ তৈরী করছে—এবং এটাই হল আজকে আমাদের আটক-এর বৃহত। আজকৈ নাাযামালোর উপর যে অতিরিক্ত মালা জনসাধারণকে দিতে হচ্ছে সেটাই আমাদের চিত্তার বিষয়, অতিমানাফালোভী-দের লোভকে আজ কি করে প্রতিরোধ করতে পারা যায় সেটাই আমাদের চিন্তার বিষয়। আপ-নারা জানেন যে, এতদিন অর্থাৎ ভারতবর্ষ স্বাধীন না হওয়া পর্যন্ত এবং স্বাধীনতার পরেও আমাদের বন্টন ব্যবস্থা কিছু কিছু প্রাইভেট সেক্টর-এর হাতে ছিল। এই প্রাইভেট সেক্টর যে-ভাবে বিহেভ করেছে, ভারতবর্ষ স্বাধীন হবার পরে যেভাবে তাদের বিহেভ করা উচিৎ ছিল দঃথের স্পেণ বলতে হচ্ছে, আমাদের বড বড নেতারা আজকে বলছেন তাঁরা সেভাবে বিচেড করেনি। এর সংগ্রে সংগ্রে আমাদের চিন্তা করে দেখতে হবে-তারা বলেন প্রাইভেট সে**ন্ট**র-এর মাধামে বন্টনের ব্যবস্থা করা উচিৎ, কিন্ত কথা হচ্ছে, পার্বালক সেক্টর-এর মাধ্যমে বন্টন ব্যবস্থা প্রবর্তন করতে গোলে যে ক্যাপিটাল এবং অর্গানাইজেশন-এর দরকার সেই জিনিস আমাদের আছে কিনা। আজ দঃখের সংগ্রে আমাদের বলতে হচ্ছে, আমাদের এমন বহু, পাবলিক সার্ভেণ্ট আছেন ফারা শুধু ভাবেন মাস গেলে মাইনে পাব-এই মনোবাতি রয়েছে। আমরা বহা সিভিল সাংলাই ডিপার্টমেণ্ট এবং ফডে ডিপার্টমেণ্ট দেখেছি কিন্ত তাদের হাতে সমস্ত খাদা ব্যবস্থার ভার দেওয়া হয়েছে কিনা সেটাও আমাদের চিন্তা করার বিষয়। এবং আমি কো-অপারেটিভ সেক্টর-এর কথা বলছি। প্রাইভেট ইণ্ডিভিজুয়াল এণ্টারপ্রাইস এবং প্রাইভেট **সেক্টর**-এর অভি-মূলফার লোভ আমরা কো-অপারেটিভ সেক্টর-এর মাধ্যমে অনেকটা দমন ও প্রতিহত করতে পারি। কিন্তু, কো-অপারেটিভ সেক্টর-এর প্রতি সরকারের যুত্টা নজর দেওয়া উচিৎ ছিল ঠিক সেই নজর আজ দেওয়া হচ্চে না। তাঁরা যে প্রাইভেট বিজ্ঞিনেস করে তাকে এবং যেসব

Co-operative Wholesale Consumers' Stores

আছে তাদের এক পর্যায়ে রেখেছেন। আমি তাদের অস্বিধার কথা থানিকটা বলব। গত বছর যথন চালের দর ৪২।৪৩।৪৫ টাকায় উঠতে আরল্ড হল তথন হঠাৎ একটা জেল্টলমানেস্ এগ্রিমেণ্ট হল চাল ৩৫ টাকায় বিক্রী করতে হবে। আমি একটা হোলসেল কর্নজিমার্স স্টোর্স-এর ভাইস চেয়ারম্যান। আমাদের ২০০ বস্তা ৪২ টাকায় কিনে ৩৫ টাকায় বিক্রী করতে হল। সাধারণ বাবসায়ীরা এটা পারেন, কারণ তাঁরা নানাভাবে লাভ করেন, সাধারণ বাবসায়ী সেলস্ টাাক্স ফাঁকি দেন। কিন্তু কো-অপারেটিভ সেক্টর এই ব্যবস্থার ফলে যে লোকসান দিল সেই লোকসানের জন্য কোন ক্ষতিপ্রেণ দেওয়া হল না। সম্প্রতি মান্টার্ড অয়েল্-এর দাম দ্রত্ত্ব বাড়ল, মুখ্যমন্ত্রী ঠিক করলেন রিটেল প্রাইস তিন টাকা হবে। সেই সময়ও কো-অপারেটিভ সেক্টরকে বহু, টাকা লস দিতে হয়েছিল।

আজকে কো-অপারেটিভ সেক্টর-কে যদি সুষ্ঠ্যভাবে পরিচালনা করা যায় এবং সমবায়ের কমীরা যদি সতাস্তাই এগিয়ে আসেন তাহলে আমি নিজে বিশ্বাস করি প্রাইভেট সেক্টর এবং পার্বালিক সেক্টর এর বন্টন নীতির চেয়ে কো-অপারেটিভের বন্টন নীতিতে জনসাধারণ বেশী উপকৃত হবে। শুম্ব তাই নয়, কো-অপারেটিভের বন্টন নীতিতে অন্যান্য সমাজতানিত্রক দেশে, রুশ দেশে আমরা দেখেছি যদি কখনও জিনিসের অভাব হরেছে তখন কো-অপারেটিভ সেক্টর

ক্রনসাধারণের মধ্যে প্রচার করছে, তমি এই ক্রিনিস খাও, এটা দেশের জন্য খাওয়া দরকার। এই-ভাবে কো-অপারেটিভ সেক্টর কাজ করতে পারেন। আজকে কোলকাতায় আমরা দেখছি হোল-সেল কর্নজিউমার্স স্টোর্স-এর মাধ্যমে মাস্টার্ড অয়েল বিক্রি না হয়ে অন্য এক প্রকার এডিবেল অয়েল ৩ টাকা কে. জি. বিক্রি হচ্ছে। আজকে প্রফক্লবাব্য যথন বলেন চাল নেই গম খান তথন অনৈকে তাঁকে হাসি, ঠাট্টা করেন। যেমন, বিজয়বাব, বলেছেন, কাঁচকলা খাঁও, আল, খাও। কিন্তু খাদ্যের হ্যাবিট অনেক সময় দেশের প্রয়োজনে, জাতির প্রয়োজনে পাল্টাতে হয় এবং অন্য জিনিস নিতে হয়। তারপর পশ্চিমবাংলা যে পথ দেখিয়েছে ভারতবর্য সেই পথ ফলো করছে। পশ্চিম-বাংলা হচ্চে একমাত প্রদেশ যে প্রদেশ দরেদ্দিট নিয়ে গতবার চালের দর বে'ধেছিল এবং বার জন্য ভারতবর্ষে এই যে মুখামন্ত্রীদের সন্মেলন হয়ে গেল তাতে ভারতের প্রধানমন্ত্রী লালবাহা-দ্র শাস্ত্রীকে একথা বলতে হয়েছে যে, পশ্চিমবাংলার মুখামন্ত্রী একটি বলিষ্ঠ এবং নিভিক নীতি নিয়েছিলেন। পশ্চিমবাংলা একটা ম্যাক্সিমাম প্রাইস ফিক্স করে দিয়ে যে পথ দেখিয়ে-ছিল আজকে মহারাণ্ট্র অন্ধ্র প্রভৃতি প্রদেশ সেই পথ ফলো করছে। আমি আর একটা কথা বলে আমার বন্তব্য শেষ করব। আজকৈ সরকার ব্যবসায়ীদের বিরুদ্ধে যে সর্বাত্মক লডাইয়ে নেমেছেন তাতে জনসাধারণ বহু অস্ত্রবিধার সম্মুখীন হয়েছে। আমাদের ওখানে বার্নপূরে কয়েকজন লোকের গুলামজাত দুরা ধরার ফলে পর পর ২ দিন চাল পাওয়া যায়নি। এতে আমরা এই জিনিসই দেখছি যে, বাবসায়ীরা সরকারকে অপদস্ত করবার চেণ্টা করছে। তাই আমার বন্তবা হচ্ছে আজকে যথন ব্যবসায়ীরা দেশকে অন্যদিকে নিতে চেণ্টা করছে তখন জনসাধারণ যদি মিলিতভাবে প্রতিজ্ঞা নেয় তাহলে এটা রোধ হতে পারে। শুধু সমালোচনা করলে হবেনা. বলিচ্চালার এককভাবে নিজেদের তৈরী করে একে রোধ করতে হবে এবং এই হচ্ছে তার উপ-যুক্ত সময়।

Shri Girish Mahato:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে স্বাধীন জীবনধারণের পরিস্থিতিতে যে অবস্থা দেখা দিয়েছে ভারতবর্ষের ইতিহাসে তা কখনও দেখা দেরনি। লুন্টগকারী, শোষণকারী বিদেশীরাও এই বিশৃংখলা স্থিত হতে দেরনি। আজকে যে অবস্থা হয়েছে সেটা অরাজকতার রাজস্ব, চরম দস্কেন্ব্রির অবাধ স্ব্যোগ। স্বরাজ জীবন বলে দেশের মান্বের কোন আর্থাবিশ্বাস নেই, কোন গোরব বোধ নেই। সরকার আজকে দেশের জনগণের চোথে দানব বলে, নির্মাম নিষ্ঠ্রে বলে দেখা দিয়েছে। গত সভার পাঞ্জাবের সংস্কৃতি র্টির কথা যখন বলেছিলাম তখন ম্খামন্ত্রী বলেছিলেন ভাতের পরিবর্তে রুটি খান। আমি কোলকাতার অবস্থার কথা সেদিন ম্খামন্ত্রীকে বললাম যে, আমরা চাল পাছি না, রুটির জন্য আটা পাছি না—৪ দিন ছাতু, বৃট, ছোলা খেয়ে আছি এবং আজকে রেশন কার্ড করে এক কে, জি, চাল পেয়েছি। তখন মুখামন্ত্রী বল-লাম দুই সংতাহে আধ কে, জি, চাল খাই।

[4-30-4-40 p.m.]

বড়ই দ্বংখের বিষয় আঘার অবঙ্গা তিনি অনুভব করলেন না, তিনি জবাব দিলেন দ্ব সংতাহে আমি আধা কে, যি চাল খাই। এই আধা কে, জি-তে মাত্র ৮৩৬ গ্রাম, যে মান্ব শ্রম করে সে কি এই পরিমাণ খেরে হণীবনযাপন করতে পারে? কিন্তু এই অবঙ্গার আমাদের মুখামন্ত্রী মহাশার নির্বকার হয়ে বসে আছেন। তারপর আমার কলকাতার অনেক বন্ধ্ব যারা আছেন তাদের বলাম ভাই এরকম চাল তো পাই না, তারা বললে কত চাই? আমরা আপনাকে চাল দেব। টাকা দিলেই চাল দেবেন। আমাদের মুখামন্ত্রী বললেন ৩৬ গ্রাম চাল তিনি দৈনিক খান, দ্বই বেলার, তারপর আটা পাচ্ছিনা তেলের কথা তো শ্নেলেন। আমাদের প্র্বুলিয়ার কংগ্রেস কমিটির কোষাধাক্ষ সন্বন্ধে বলি, তিনি একজন হোল-সেলার, সর্বে তেলে ভেজাল দিয়ে বিক্রী করে-ছেন তারপর ধরা পড়ে। তিনি হচ্ছেন আমাদের স্বাস্থামন্ত্রী মহোদয়ার মাসত্তো ভাই, মান্বারর জীবন নিয়ে ছিনিমিনি খেলে ব্ল্যাকে বহু হাজার টাকা করেছেন। আমাদের প্র্বুলিয়ায় আপনি জানেন বহু লোক মারা গেছে এটা সংবাদপত্রেও বেরিয়েছে। যে জি আর টি আর দেওয়া ছার, তার চাল সে সমস্ত অফিসাররা ভাগাভাগি করে নিয়েছে লোকে পার্মনি, তারপর যেটকু

দেওয়া হত সেও বন্ধ হয়ে নেছে, বছরের পর বছর তারা বিল পায়না। শৃধ্ব তাই নয় প্রর্লিয়াতে এখন দার্ণ অবস্থা হয়েছে। এতদিন সেখানকার মান্ফেরা যে চায়ের কাজ করতো,
মহাজনদের কাছ থেকে লোন নিয়ে চায়ের কাজ করতো কিন্তু সরকার এখন যে আইন করে
দিয়েছে তাতে তা হছেে না, এখন তারা সেই লোন কোথা থেকে পাবে? সরকার থেকে তার
ব্যবস্থা নাই। মহাজনদের ধান চাল তো সরকার নিয়ে নিলেন। আমরা চীংকার করীছ প্র্কুলিয়ার
চাষ তো প্রায় বন্ধ হয়ে গেছে। এদিকে নন্দ বলেন কত কিছ্ব, কিন্তু এদিকে আমরা দেখতে
পাচ্ছি মান্ফের জীবন নিয়ে এই সরকার ছিনিমিনি খেলছে, এই হছে বাংলা সরকারের নীতি।

Shri Krishna Kumar Shukla:

মাননীয় স্পীকার মহাশয়, জাতির জীবনে সব চেয়ে বড সংকট উপস্থিত এবং সেই সমস্যা নিয়ে এখানে আলোচনা হচ্ছে। আলোচনার ধারা মুখ্যমন্ত্রী মহাশয়ের বিব্যতিকে কেন্দ্র করে যা এখানে প্রবাহিত হল তা দেখে মনে হয় না এই সমস্যার গ্রেছ বিধান সভা উপলব্ধি করেছেন। যে কজন বস্তুতা দেবার চেণ্টা করেছেন, আলোচনা করবার চেণ্টা করেছেন তাতে একজনের দোষ আর একজনের ঘাড়ে চাপিয়ে দিয়ে দায়িত্ব এড়িয়ে যাবার এই যে প্রচেণ্টা তা মানুষের জীবনে শান্তি এনে দেবে না। দুর্মভূলা দুভিক্ষাবস্থায় অনাহারে লোক মারা যাচ্ছে, দুভিক্ষের পদধর্নন वाश्नारिष्णत आकारण वाजारम धर्नानज श्रष्ट, नाना वाक्षनाभूग कथा वरन प्रत्यात मान्यत प्राप्त मन्या লাঘব করা যাবে না, এটা এ পক্ষের লোকও জানেন। বিরোধী পক্ষের মাননীয় সদস্যরাও জানেন, কেউ আসল সমস্যা স্পর্শ করার সংসাহস দেখালেন না। এ কথা বলার সাহস কেউ করতে পার-লেন না যে আজকে যে বিপদ উপস্থিত হয়েছে এবং খাদ্যমন্ত্রী তথা মুখামন্ত্রী যে বিবৃতি বিধান সভার কাছে উপস্থাপিত করেছেন এই বিবৃতিব সত্যতা স্বীকার করে নিয়ে বাঙালীর জীবনে আজকে যে দুবি^{*}সহ কণ্ট নেমে এসেছে তার বিরুদ্ধে এক জোটে সংগ্রামে নামার। একথা দেশের কেউ বলতে পারছে না যাদের কাছে মাল জমা আছে তাদের কাছ থেকে মাল টেনে নিয়ে বাজারে এই গগণস্পশী মূল্যকে কমিয়ে দেবার জন্য আমরা সহযোগিতা করতে রাজী আছি। বারে বারে প্রচেণ্টা হয়েছে আসামীর কাঠগোড়ায় সরকারকে দাঁড় ক্রানর। পশ্চিমবশ্সের ব্ভুক্ষ মানুষ যারা সাধারণভাবে মাল কিনতে পারছে না তাদের কাছে বুঝিয়ে দেওয়া যে আসা-মীকে খ'্জে বের করেছি-এই যে চালের দাম কমে না, সরষের তেল পাওয়া যায় না, চাল পাওয়া যায় না, এরজন্য আমরা আসামীকে স্পট করে দিয়েছি, আসামীকে স্পট করে দেওয়ার এই প্রচেন্টা বহুবার এখানে হয়েছে এবং এই রাজনৈতিক চালবাজি বহুবার মানুষের কাছে প্রকাশ পেয়ে গেছে। আজকে এই বিবৃতির মাধ্যমে পশ্চিমবশোর খাদ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী আসল সমস্যা তুলে ধরে বোঝাতে চেয়েছেন এই যে সমস্যা এটা শ্ব্ধ পশ্চিমবণ্গের নয়, আজ সারা ভারতবর্ষ এই সমস্যার মুখোমুখি এসে দাঁড়িরেছে। গত সংতাহে আমি উত্তর প্রদেশে গিরে ছিলাম, সেখানকার গ্রামাঞ্চল ঘ্রুরে এসেছি, দেখে এসেছি ঐ গম উৎপাদনকারী কৃষ্করা এক টাকায় ১ সের ৬ ছটাক গম বিক্রি করছে। হোর্ডারদের কথা যাঁরা বার বার করে বলেছেন নিশ্চয়ই হোর্ডারদের ক্ষমা করার কোন কারণ নেই। মানুষের জীবন নিয়ে যারা ছিনিমিনি খেলছে. প্রত্যেক মান্বের জীবনের বিনিময়ে যারা টাকা উৎপাদন করার চেণ্টা করছে তাদের বিরুদ্ধে জেহাদ ঘোষণা না করার কোন কারণ নেই। কিন্তু একটা মাত্র গোষ্ঠীকে একমাত্র সরকারকে চিহ্নিত করে দিয়ে বাজারে মূলা কমান যাবে কি? কংগ্রেস গভর্নমেন্ট বাজারে মূল্য কমাতে পারল না, সর্বের তেলে এ্যাডান্টারেসান দূরে করতে পারল না, মাছের দর আজ সাধারণ মানু-ষের নাগালের বাইরে এই কয়েকটা কথা ছাপার অক্ষরে মানুষের কাছে পেণছৈ দিলেই মানুষের জীবনে কোন শান্তি নেমে আসবে না। শান্তি আনার জন্য যদি আমরা সংঘবন্ধভাবে প্রয়াস পাই তাহলে নিশ্চয়ই এই সমস্যার সমাধান করা যায়। এই সমস্যার মুখোমুখি দাঁড়াবার যদি। সাহস থাকে এবং একে সমাধান করবার জন্য যদি চেণ্টা থাকে তাহলে আমরা প্রত্যেকে সন্মিলিতভাবে এর মোকাবেলা করতে পারি। একটা আগে সোমনাথবাবা ব্যাঞ্গ করে বলেছেন ১॥ প্রসার দড়াই-এর ২॥ পয়সার থরচের ধারু আজকে ভারতবর্ষের জনগণ ব্রুতে পারছে। কিন্তু সোম-নাথবাব, দূর্ব,শ্বির পরিচয় দিয়েছেন, সেই ধাকা তাঁর নিজের ঘর ভেণেগ চুরমার করে দিয়েছে এই কথা কি তিনি অস্বীকার করতে পারবেন ? এই ১॥ পরসার লড়াই এবং ২॥ পরসার খরচের

ধাক্স। আমরা যেমন সামলাতে হিমসিম থেয়েছি তাঁরাও তেমনি কম হিমসিম থেয়ে ধাননি। খাদানীতি বার্থতা সম্বন্ধে এখানে আলোচনা হচ্ছিল। খাদা নীতি এই বিধান সভায় নির্ধারিত হয়েছিল প্রায় সকলের মতামত সংগ্রহ করে। গতবারের সেই পরিস্থিতি মাননীয় স্পীকার মহাশয় আপনার মাধ্যমে উপস্থিত করার আবশ্যকতা আছে বলে আমি মনে করি না। সেদিন একষোগে আম্বা সকলে মনে করেছিলাম যে এইভাবে খাদানীতি গৃহীত হলে পশ্চিমবংগ্য প্রত্যেক দতরের মানুষ বাঁচতে পারে আজ স্টেট ট্রেডিং-এর কথা তোলা হয়েছে। আজকে দেশে একটা শ্রেণী আছে যারা টাকার লোভে মান,ষের জীবন নিংডে নিচ্ছে, যাদের বাডীতে মাল জন্মা আছে যাদের জন্য সাধারণ মান্ত্র খেতে পার্চেছ না, ১.২০, ১.২৫ নয়া প্রসা চালের দর হয়ে যাচ্ছে সেখানে যদি স্টেট ট্রেডিং সর্বশ্রেষ্ঠ পন্থা হয় তাহলে নিশ্চয়ই তা করতে হবে। এ কথা কেউ রূল আউট করে দের্যান, খাদামন্ত্রী এবং মুখামন্ত্রী তাঁর এই বিব্যতিতে এই কথা অস্বীকার করে নি। এখানে হোডারিদের বাঁচানর কথা উল্লেখ করা হয়েছে এবং দুর্গাপুরে কংগ্রেস অধিবেশনকে কটাক্ষ করা হয়েছে। আমরা সাধারণ মানুষের সংগে বাস করি, সাধারণ মানুষের ঘবের ভেলে বাজনীতির মধ্যে যখন আছি তথন নিজেদের বং জানি আমার সামনের শেণী যাঁব। আমাদের উপর কর্দম ছেটাবার চেণ্টা করছেন তাঁদের রংও আমরা জানি। হোডারদের সংগ্র কাদের আঁতাত সেটা সোমনাথবাব্রে জানা উচিত, নারায়ণ চৌবের জানা উচিত, জানা উচিত গোপাল ব্যানাজির জানা উচিত জ্যোতিবাবরে। তাদেরই সমর্থিত হোডারদের জনা ব্যারাকপরে সাব-ডিভিসানের শ্রমিক অঞ্চলের মান্য মারা যায়। যদি স্পণ্ট করে জিজ্ঞাসা করেন তাহলে আমি নাম উল্লেখ করে দিতে পারি। কিন্ত তা আমি চাই না। আমি এই কথা জানি যে হাল্কা-ভাবে আলোচনা করে দায়িত্ব এডাবার প্রয়াস বিরোধী পক্ষের সদস্যরা পেয়েছেন। ঠিক সে**ই** ভাবে দায়িত্ব এডিয়ে দেশের মান্যযের কাছে কেউ ক্ষমা পাবে না।

[4-40-4-50 p.m.]

আজকে তাই এই খাদ্য সমস্যা সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আপনার মাধ্যমে নিবেদন করতে চাই. একথা অনুস্বীকার্য। যে সাধারণ মানুষের জীবন আজ দুর্বিসহ হয়ে উঠেছে. একথা অনু-দ্বীকার্য যে যারা আজকে ব্যবসায় লি**ণ্ড আছেন তাদের মনোফা করার প্রবৃত্তি সাধারণ মানুষের** জীবনকে নিয়ে ছিনিমিনি খেলছে, শরীরের শেষ র**ন্ত** বিন্দু পর্যন্ত নিংডে নেবার প্রচেন্টা তা**রা** করছেন। আজকে একথা অনুস্বীকার্য্য যে দেশের মানুষ নিশ্চরই খাদ্যুলীতি চায়, দেশের মানুষ আমাদের কাছে আশ্বাস চায়, কারণ গণতন্তের কথা বার বার বিধানসভা থেকে লোকসভা থেকে দেশের মানাযের কাছে আমরা উত্থাপিত করেছি, বার বার আমরা বলেছি যদি গণতান্ত্রিক পন্থাকে বাঁচিয়ে রাথতে হয় তাহলে নিশ্চয়ই কার্যকরী পন্থা বের করে নিতে হবে যাতে করে এই মনোফাখোর, যাদের কাছে মাল জমা আছে, যে স্তরে মাল আছে সেই স্তর থেকে মাল টেনে এনে সাধারণ মান,ষের কাছে, কনজিউমারের কাছে আমরা পেণছে দিতে পারি। সেজনা জিউমারের কাছে মাল পেণছে দেবার যে পরিকল্পনা এই ন্তন বিবৃতিতে উপস্থাপিত হয়েছে এই বিব্তিকে যদি সর্বোতভাবে আমরা স্বীকার করতে পারি, গ্রহণ করতে পারি, সেটাকে কাজে লাগাবার প্রচেন্টায় আমরা নামি তাহলে আজকে দেশের দূরবন্ধার মুখোমুখি আমাদের দাঁড়াতে হবে। খাঁরা আজকে জনসাধারণের জীবনকে দূর্বিসহ করে তুলতে চান নিশ্চয়ই তাদের আমাদের এক নম্বর শত্র বলে অভিহিত করে দিতে হবে এবং যাদের স**েগ** এ'দের আঁতাত থাকবে প্রত্যেক ব্যক্তিকে বলে দিতে হবে এ'রা দেশের শত্র বিশেষ করে কমিউ নিষ্ট বন্ধুরা.....

(কমিউনিন্ট পার্টির বেণ্ড হইতে তুম্ল হটুগোল)

আমার কমিউনিষ্ট বংধ্রা আমাকৈ উত্তেজিত করবেন না, আমি তাহলে নাম বচে দেব (হটুগোল)। তাই এই যে নৃতন বিবৃতি এখানে উপস্থাপিত করা হয়েছে এই বিবৃতিকে আফি সমর্থন করি এবং আজকে আকাশ ছোঁয়া জিনিসের মূল্যকে কমিয়ে আনার জন্য যে কার্যকরী পদথা এর মধ্যে নির্দিষ্ট হয়েছে আমি তাকে সমর্থন করি এবং আমি একথা দৃঢ়েভাবে বিশ্বাস করি যে এই পদথা গ্রহণ করলে আজকে আমরা বিপদ মূক্ত হবো, পশ্চিমবাংলা হবে, গোটা

Shri Bhakti Bhusan Mondal:

াননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে প্রতাপবাবরে বস্তুতাটা অনুধাবন করে দেখলাম যে প্রতাপ-ात रामन कथा राष्ट्रान रम मन्दर्भ किए वना श्रासाजन कार्य स्थापेयां कार्यात्र रा नीजि я^ই নীতিটা ডিফাইন করতে গিয়ে তাঁর মত একজন বিজ্ঞ এবং সূবিবেচক লোক যে অর্থনীতি**র** াত ভল মানে করেছেন সেটা আমাদের পক্ষে থবে একটা লম্জার কথা বলে মনে হয়েছে। াতাপ্রাব, বলে গেলেন যে দেশের উল্লয়ন হলে দাম বাড়বে, তারপর আরো কতকগালি জিনিস ত্রিন বলে গেলেন। আমি বলতে চাচ্ছি দাম নিশ্চয়ই বাডবে সেটা হচ্ছে সেকলার ট্রেণ্ড, একটা র্জানসের দাম যে খুব প্মল স্কেলে বেড়ে যাচ্ছে প্রিথবীর ইতিহাসে এটা সম্বন্ধে আমাদের মর্পাক্র নেই এবং আর্পান্ত হতে পারে না। তার কয়েকটা কারণ আছে সে ক্ষমতা স্টেট গভর্ম-মন্টের নেই আমরা জানি, সেখানে স্টেট গভর্নমেন্টকে য়্যাকিউজ করলে অনাায় করা হবে আমি লিছি কিল্ত সেই দুটো ট্রেণ্ড হচ্ছে সেম্ট্রাল গভর্নমেন্টের ফিসকাল পলিসি এবং ইকর্নমিক ালাস। ফিসকাল পালিসি এবং ইকনমিক পালিসি অর মানিটার পালসী, এই দটোতে একটা ্রাফ্রান্ডাবে ট্রেন্ড বাডতে পারে। কিন্তু সেই বাড়ার মানে এই নয় যে ১৫ টাকায় উঠে. গম্প করে ৪০ টাকায় যাবে। আমি সেইখানে প্রতাপবাবকে বলছি যে এ সম্বন্ধে বাংলাদেশের রকারের একটা দায়িত্ব আছে.—বাংলাদেশের সরকারের অপদার্থতার জনাই এই নিজিনিসটা 'চ্ছে। তাই দেখাতে চাচ্ছি, উনি দীর্ঘদিন ধরে যতই চেণ্টা করুন, সাক দিয়ে মাছ ঢাকবেন, তা াকা সম্ভব হবে না। সামানা বাড়তে দেন, তাহলে বলার কিছু ছিল না। চাল ১৫ টাকায় জায়-ায় যদি সেখানে ২৭ টাকা বা ২৯ টাকা করা হ'ত, তা**হলে বিশেষ কিছ, বলার ছিল না, কারণ** াড়ার একটা টেন্ডেম্সী থাকতে পারে। কিন্তু, আজ ২৭ টাকা দরের চাল, ৫০ টাকায় কিনতে ছে। সূত্রাং এই যে একটি fiscal policy and monetary policy of the Central lovernment.

ম্মি বলতে চাই যিনি উত্তর দেবেন, তিনি যেন অন্ততঃ এটার সম্বন্ধে উত্তর দেন। আমি বলতে াই এই যে ফ্রাকচয়েশন হয়েছে অফ মানি এবং প্রাইস লেবেল-এর, এটা অন্য কারণে হয়েছে। সই কারণগ্রাল আমি একে, একে বলছি। সেই কারণের জন্য দায়ী হচ্ছেন আমাদের বাংলা সর-ার, সেম্ট্রাল গভর্নমেন্ট নুনু। সেই সব কারণগুলের মধ্যে প্রথম হচ্ছে আমাদের বাংলার এই মণ্দার্থ সরকার বলতে পারেন না, আমাদের যে সমুহত হ্যাণ্ডিক্যাপ আছে, সেগ**িল কেন** সন্টাল গভর্নমেন্ট বিবেচনা করবেন না। যেমন আমি আপনার কাছে বলছি আমাদের বাংলা-্রত্থে প্রায় ৫৫ লক্ষ্ণ অবাংগালী আছেন, তাদের এখানে খাদ্য উৎপক্ষ করবার ক্ষমতা নেই। সেই যে ৫৫ লক্ষ লোক, তাদের আমরা এখানে আকোমোডেট কর্রাছ, স্কুতরাং সেন্টার-এর এটা ডিউটি বলে আমরা মনে করি, যে তাদের সেই পরিমাণ চাল আমাদের এখানে দিতে হবে। অবশ্য অর্গিন এ কথা বলছি না, যে অবাধ্যালীর সঙ্গে বাংগালীর একটা ডিস্টিংশন রাথতে হবে। তা আমি বলতে চাচ্ছি না। কিন্তু আমি বলছি এ কথা ষে অন্যান্য চ্টেটস্ থেকে যাঁরা এখানে এ**সে** বসবাস করছেন, যাদের ধান, চাল উৎপাদনের ক্ষমা নেই, তাদের যেটা খাওয়াচ্ছেন বাংলার সর-কার, সেটা সেন্টারকে দিতে হবে। তারা যদি তা না দেন, তাহলে আমি বলবো আমাদের অপ-দার্থ বাংলা সরকার, সেই জিনিসটা চান না। দ্বিতীয় নম্বর হচ্ছে—বাংলাদেশে প্রায় ৩৫ **লক্ষ** উদ্বাস্তু এসেছে। এই ৩৫ লক্ষ উদ্বাস্তু আসার জন্য, বাংলাদেশে নিশ্চয়ই পূর্বে যে চালটার চলতো, সেই চালটা কম পড়ছে। তাহলে উচিৎ কি আমাদের? সেণ্টারের কাছে এই সমুহত জিনিস-পর্লি পেলস করা উচিত। যেমন পশ্চিমবাংলায় প্রাপেক্ষা বেশী জতুট্ উৎপল করার জনা, আমাদের এখানে চালের প্রভাকশন কমছে। সেই পরিমাণ চালের প্রভাকশন কমার জনা, কেন আমরা সেন্টারের কাছ থেকে সেই পরিমাণ টাকা বা চাল পাইনা? এই না পাওয়ার জনা দারী কে ? সে হচ্ছে আমাদের অপদার্থ বাংলা সরকার। কারণ আমাদের সরকার যদি ব**লতো** সেন্টারের কাছে যে আমাদের এই পরিমাণ চাল দিতে হবে, যেমন অন্যান্য ণ্টেট আদায় করছে: তাহলে বাংলাদেশের আজ এই অবস্থাটা হ'ত না।

আপনার কাছে আমি আরও কয়েকটি কথা বলতে চাই। হোডার, প্রফিটিয়ার—এই সব কথা আমরা দিনরাত শ্নছি। কিন্তু, আমি গভর্নমেন্টের পলিসি সম্বন্ধে বলছি। আমি বে অঞ্চল থেকে এসেছি, সে অঞ্চল হচ্ছে প্যাডি প্রভাকশন এলাকা, অর্থাং বারভূম, বাঁকুড়া, বর্ধমান, মেদিনীপ্রে, প্রের্লিয়ার কতক অংশ এবং ম্নিদাবাদের কতক অংশ হচ্ছে প্যাতি গ্রোইং এরিয়া। এখানে কি হয়? আপনারা লেভি করেননি, রিকিউজিশন করতে চেয়েছেন। অর্থাৎ you are directing to sell paddy to others.

এই রকম একটা রিকুইজিশন নোটিশ সার্ভ করা হয়েছে। আমি জিজ্ঞাসা করছি আপনাদের কাছে
—এই যে রিকুইজিসন-এর চাল, সেই চালটা নিয়ে আপনারা কি করছেন? বল্বন সভার সামনে
দাঁড়িয়ে। এই চালের মধ্যে মিলওনারদের সমস্ত চাল বিক্রয় করতে হবে। কিন্তু সেখানে কি
ব্যাপার, শ্বনলে আশ্চর্যান্বিত হবেন। এর মধ্যে মাত্র ২৫ পারসেন্ট চাল,—অর্থাৎ এই যে ধানটা
তারা পেলো, তার ২৫ পারসেন্ট চাল মিল, সরকারকে দেবে। আর ৭৫ পারসেন্টের সাটিফিকেট
দেওয়া হল, যে তারা ব্রাকমাকেট করবে। দেখ্বন এইটা এই সরকারের পলিসি আমাদের চাল
ধানের দাম বাড়াবার জন্য দায়ী কিনা।

[4-50-5-00 p.m.]

এই যে ৭৫ পাসেন্ট এটা সার্টিফিকেট দেওয়া হচ্ছে যে তোমরা ব্রাক মার্কেট কাছে বলছি। আমার জেলাতে ৪৮টি মিল আছে. করবে। কেন আপনাদের ৪৮টি মিলের মধ্যে ধরণে সব জায়গা থেকে ধান সিজ করা হচ্ছে সিজ করার পর সমস্তকিছ: मित्र एम ७ हा २ तक आपनात भिर्म । किन्छ भिन्न भानिकता भाव २५ पार्मिन्छे मतकातरक निरम्बन আর ৭৫ পার্সেন্ট ব্র্যাক করছে এবং ব্ল্যাকের জন্য সার্টিফিকেট দেওয়া হচ্ছে। কেন বলছি শুনুন, দ্রবরাজপারে যে ১৪টি মিল আছে সেই দাবরাজপারের মিলে আমরা অনেকে গিয়ে দেখেছি যে যদিও ৭৫ পার্সেন্ট সিজ তাদেরকে সেল করবার জন্য অর্ডার দেওয়া হয়েছে কিন্ত তারা দুছেটাক চালও দুবেরাজপুরে বিক্রয় করছে না। না করার ফলে যখন আমরা বলছি যে লাঠ कता हत्व उथन प्रथा याष्ट्रक त्य जाता वलाइ त्य ५ तक. कि. प्रविशा हत्व. २ तक. कि. प्रविशा हत्व. এই আজকের মত দেওয়া হবে। অথচ সমস্ত চালটা তারা সেই জায়গায় পাঠাচ্ছে যে জায়গায় সব চেয়ে বেশী দাম বা কোন কোন সময়ে তারা আরো ঐ মাটির নীচে পতে রাখার চেণ্টা করেছি। এই ৭৫ পার্সেন্ট সরকার তাদের ব্রাক করতে দিলো। তারপর আমি বলছি আর একটা কথা। চিন্তা করুন, এই যে রিকুইজেশন দেওয়া হয়েছে এখানে যে সব বড বড লোক, জোতদার আছে, তাদের ধান দেওয়া হোক আমাদের কোন আপত্তি নেই কিল্তু কি হচ্ছে আপনাদের কাছে বলি। ৪০ কুইন্টাল ধান রাখার কথা যেটা হাই কোর্ট হতে মামলা করে অর্ডার হয়েছে কিন্ত তব্য করছে কি, যাদের কোন ধান নেই সেই রকম লোকের ৩ কুইন্টাল ৪ কুইন্টাল, ৫ কুইন্টাল ধান বা চাল সিজ करा रुट्छ । जामि এकটা এলাকার कथा वल्लीছ এবং সেই निरा जामार्पेत उथान यिनि এ. ডি, এম, আছেন তার সঙ্গে দেখা করেছিলাম কিন্তু তিনি আমাকে বললেন, প্রতিশ্রতি দিলেন स्व, ना 80 क्टेन्गेलात कम यात्मत्र आर्घ जात्मत्र कांघ त्थाक त्यावा हत्वना । किन्जु अधिकाश्म জারগায় দেখছি বড বড লোকদের কাছ থেকে না নিয়ে সাধারণ লোকদের কাছ থেকে ৩ কইন্টাল ৫ কুইন্টাল, ১০ কুইন্টাল চাল নেওয়া হচ্ছে। আমি একটা বড় জোতদারের নাম বলছি, পরিস্কার নাম করে বর্লাছ আপনাদের কাছে সেটা হচ্ছে যাত্রা ইউনিয়নের রুস্তম মণ্ডল বলে একজন মুসল-মান আছেন তার হাজার হাজার মণ ধান থাকে তার কাছ থেকে ২ হাজার মণ ধান গভন মেন্ট বললো যে আমরা নিচ্ছি। তারপর সেই রুস্তম মণ্ডলকে আমরা জিজ্ঞাসা করলাম যে একটা গোলাও দেননি, চালাকি করছেন, আপনার যে ৮টি গোলা আছে তার মধ্যে একটি গোলার **অর্ধে'ক**টা দিয়েছেন মাত্র—আমরা সব জানি। তাদের কাছ থেকে এই যে ২ হাজার মণ দেওয়া হল এইটাই যথেষ্ট মনে করছেন কিন্ত এমন অনেক লোক আছে যাদের খাবারী নেই, কিনে ভাদের ধান দিতে হচ্ছে সরকারী লেভীর ভয়ে। আর একটা কথা হচ্ছে এই যে, এই যে লেভি যাঁরা একজিকিউট করছেন তাঁদের আবার বিছুত্ব অত্যাচার দেখা যায় তাতে আরো মর্মাহত হতে হয়। বেমন আমি আপনাকে বলি, বাহিড়ী ইউনিয়ন বোলপুর থানায়, একজনের উপর অর্ডার হল যে আজই আপনাকে ৫ কুইন্টাল ধান পেণছে দিতে হবে বোলপারের মিলে। ভদ্রলোক বাড়ীতে নেই. তার বাড়ীতে পেণছে দিলেন ঐ রিকুইজেশন লেটার। সেই লোকটির নাম আমি ভূলে গিয়েছি তা না হলে বলে দিতাম আপনাদের কাছে, এইরকমভাবে অত্যাচার হচ্ছে। শুধু তাই नम्न, এই গরীব চাষী যাদের গর্র গাড়ী নেই, এমন কাদা জায়গা আছে যেখানে তাদের বিকৃই-জেশন অর্ডারটা দিয়ে চলে আসছেন কিন্তু সেই রিকুইজিশন অর্ডার অনুযায়ী ধান দিয়ে আসার

দ্য উপায় নেই, এমন এক এক জন্মগা আছে বেখানে রাস্তা নেই, কিন্তু ঐ ছোট চাৰ্যজ্ঞিন ম মামলা স্ত্র হয়ে বাছে এই জিনিসটা আপনারা লক্ষ্য করে দেখবেন। আর সেখানে ইট্
নিদ্রে কথা বলছি, বেহেছু ঐ নিল মালিকরা মাত্র ২৫ পার্সেন্ট গভর্নমেন্টকে দেবে, এ৬
কেন্টি দিতে হবেনা, ঐ বড় চার্যাদের সপো তারা একটা রক্ষা করে নিছে যে ধান চালটা কিছ্
ন আমাদেরকে কিন্তু এই বর্ষা চলে বাবার পরে দেবেন তাতেও কাজ হবে এই কথা কলে
দেরকে মাফ করছেন কিন্তু ছোট চার্যাদের বাঁচাবার কোন উপার নেই। তাই আমি বলছিলাম
সরকারের এই খাদানীতি চালের দাম বাড়িয়ে দিছে। আমি কেবল চালের কথাই বললাম,
রো অনেক কিছু বলার ছিল কিন্তু অন্য বন্ধ্রা আমার বলবেন।

Shri Gurupada Khan:

ননীয় অধ্যক্ষমতাশয় আমরা আশা করেছিলাম খাদা সমস্যা সমাধানে বিরোধীদল থেকে আমরা গাও পাব, কিল্ডু মাননীয় মুখ্যমন্ত্রী এখানে যে বস্তব্য পেশ করেছেন তার বাইরে তাঁরা কিছুই াতে পারেনান। তাঁদের কাছে নতুন কথা শনেব বলে যে আশা করেছিলাম সেই আশা বার্থ রছে। তাঁদের বন্ধবা হচ্ছে, জোতদার এবং মজ্ঞতদাররা ধান চাল আটক করে রেখেছে। আজ ংলাদেশে এমন কোন লোক নাই যে খাদ্য পরিপিতা নিয়ে চিন্তা না করছে, প্রতোকেই আ**জকে** ত। করছে কি করে এই সংকট থেকে পরিত্রাণ পাবে। গত ডিসেন্বর মাসে আমাদের মুখ্যমন্ত্রী ত্রান জানিয়েছিলেন সকলেই সহযোগিতার জন্য যাতে করে জোণারদের বিরুদ্ধে সংগ্রাম বৈত্র করা যায়। বিরোধীদলের তরফ থেকে কোন সাডা পাওয়া যায়নি. কারণ আমি জানি ারা পক্ষীগ্রামের বাস্তব অবস্থার দিকে লক্ষা রেখে চলেননা এবং এখানে এসে নিজেদের পনাপ্রসূত কথা বলে আৰু প্রমানলাভ করেন। আজকে এই কথা সতা বে. নিতাপ্রয়োজনীয় িলসের দাম কিছু বেডেছে কিন্ত পল্লীগ্রামের দিকে লক্ষ্য করলে আমরা দেখতে পাব বে, কারী নি দুর্ভি দামের চেয়ে খাব বে বেশী বেডেছে তা মনে হয়না। আমাদের বাঁকডা জেলার গ সরকারী নির্দিন্ট দামেই বিক্রী হচ্ছে। যদি কেউ বলেন একথা সতা নয় তাহলে আমি বলব য বাস্ত্র অভিজ্ঞতা নাই। এখানে গম্পবাজী করে খবরের কাগজে নাম জাহির করা ধার। ধার্মান্ত্রমহাশ্র যে সমাধানের ইণ্গিত দিয়েছেন তার বাহিরে তাঁরা যদি কোন সমাধানের কথা াতে পারতেন তবে না হয় ব্রুক্তে পারতাম। আমি দেখে অত্যন্ত দুঃখিত হলাম যে, বিরোধী-লব দ্ব-একজন বৃদ্ধ অর্থনীতির সামান্য একটা পর্যণ্ড স্বীকার করলেন না--যখন আমাদের াবে চীন অকুসনোদ্যত তখন রাষ্ট্রীয় প্রয়োজনে একটা মন্ত্রাম্প্রীত হবে এটা স্বাভাবিক, অর্থ-িব পশ্চিত্র এই কথা বলেছেন, অথচ তারা এটা স্বীকার করেননা। হতেকৃষ্ণবাদ, যেকথা াবার চেন্টা করলেন সোমনাথবাব বাজা করে দেশরক্ষার ব্যাপারে যে ইণ্গিত করলেন তাতে জায় আমাদের নাথা হেণ্ট হয়ে যায়। এখনো চীনের আক্রমণের আশংকা দূর হয়নি। এই কারণে ধু চাল নয়। প্রত্যেকটা জিনিসের দাম বাড়তে বাধা, এটা উপলব্ধি না করলে আমি বলবো দত্রবু:িবর অভার আছে। বিরোধীদলের কোন সদসা এপ্যদিত কোন জোৎদার বা অসাণ বসায়ীর নাম লিখিতভাবে মুখামন্তীকে জানাতে সাহস করেননি। কিন্তু আমাদের সরকার নেক ধার আটক করেছেন এবং করবেন। ভবিষাতে যাতে এই ধরণের সংকট না হয় তারজনা ামাদের সরকার বলিষ্ঠ পদক্ষেপে স্টেট ট্রেডিং-এর পরিকল্পনা গ্রহণ করতে যাচ্ছেন. এজন্য আমি রকারকে অভিনন্দন জানাচ্ছি। সর্ষে তেল বাংলাদেশে হয়না, এজন্য আমাদের অন্যপ্রদেশের পুরু নির্ভার করতে হয়। আমি বলব বাংলাদেশেই যুত্তে যুথেন্ট সর্যে উৎপন্ন হয় তারজন্য ষিবিভাগক চাষীদের প্রেরণা জোগাতে হবে।

5-00-5-10 p.m.]

Shri Radhakrishna Singha:

ননীয় অধাক্ষমহাশয়, আজকে বাংলাদেশের খাদ্য শসোর যে অবস্থা হয়েছে, এবং বে জাবহ আকার ধারণ করেছে তাতে আমার মনে হয় বিতর্কের কোন অবকাশ নেই। াজকে খাদ্যের অবস্থা কি সে ব্যাপারে এটা সর্ববাদীসম্মত যে বাংলাদেশে অতাশত হাহস্কার IS—IC16

উঠেছে। ইংবাজীতে একটা কথা পড়েছিলাম ওয়াইজ মেন অূর্ণ: কঞ্জেস এটাণ্ট ফুলস্ ডিসাইড ইট। আমি জানাতে চাই যে আমাদের গভর্ণমেন্ট চাল, ডাল, তেল, মাছ এবং অন্যান্য যে সমুহত জিনিসের সমস্যার সমুধান করতে ৬ মাস আগে বর্সোছপৌন তাতে এই বিধানসভার কেউ একথা অস্বীকার করতে পারবেননা যে আমরা তার সমাধান করতে পারিনি े अवः यात्रा काटन वाङ्गार्ती. यात्रा श्रीकृष्ठे करत जारमत श्रम्यत्म्य आगता नतम शर्राष्ट्र । अर्थार এই সংঘর্ষে যদের গভর্মমেন্ট-এর পরাজয় হয়েছে। আমরা অবশ্য অনেকে এই পরাজয়ের **কথা**। ম্বাকার করবনা কারণ এই পরাজয় রাজনৈতিক। এর মধ্যে আড্নানম্প্রটিভ কজ বা ইকন্মিক কজ নেই দি ওনলি কজ ইজ পলিটিক্যাল কজ। কিন্ত এরজন, দায়ী কে? স্যার, সেদিন আমার একজন পিত্র স্থানীয় লোক আমাকে বলেছিলেন এই মুখ্যমন্ত্রী যথন প্রোস্টেস্সী জেলে ছিলেন, তিনি শনেলেন যে বাংলাদেশের লোক খেতে পারছেনা এবং সেকথা শনে তিনি অশ্র সংবরণ করতে পারেননি। কলে যখন শ্রেলাস বিধান সভার বিরোধীদলের নেতার বাডীতে গ্রম নেই তথন আমার চোখে জল এসেছিল। কেন এত তথ্যত হয়ে গেল। যাতেকে গভনমেন চালাতে গেলে গভন মেন্ট রক্ষা করবার মত ক্ষমতা থাক। চাই। আমি বলি এই সমস্যাব সমাধান করবার জন্য আপনারা প্রাফিটিয়ার্স-দের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করছেননা কেন ? আমরা দেখি থখন বন্যা বা প্লাবন হয়, যখন কমানোল হায়ট হয় তখন আপ্রব্যু মিলিটারী ডাকেন। আজকে তাদের কেন ডাকছেন না? আজকে তাদের ডেকে কেন একথা বলছেননা যে তোমরা খাদের ভার নাও? কাজেই আম দের যে সমস্যা তাতে আমি বলব দিস ইজা এ গভর্ণমেন্ট ফেইলিওর। আজকে আমাদের দেশে ধ্রুম দি প্রোসডেন্ট টাছি স্টাট বেগার সকলেই এক কথা বলচেন খাদা দাও। রাশিয়ায় চাল হর্নন বলে তারা বাইরে থেকে আনে। আপনারাও বাইরে থেকে আন্ত্রন, এটা আপনাদের কর্তব্য। ইট ইজ এ বায়েরলজিক্যাল নের্সোসটি, মান্ত্রকে খেতে দিতে **१८४ व**र्णे १८६६ म्हिन्से वासालिककाल त्नर्स्माणि वर ठातकनः १७न सन्हे नासी। आमारमञ् **পিপলস্ গভর্নমেন্ট কাজেই অন্য কাকে আম**রা দায়ী করব**় তাই আপনাদের বলছি দেশের लाकरक** नाया भारता थाना प्रवा সরবরাহ কর न এই দাবী দেশের ল্যেক নিশ্চয়ই আপনাদের কাছে করতে পারে। আমাদের প্রেসিডেন্ট ডঃ রাধাকুম্বন বলেছেন দেশের লোককে বিজনেবেল প্রাইস-এ খাদ্য ডিস্ট্রিবিউট কর্মন। আমিও আপনাদের বলছি আপনারা সেদিকে নজর দিন ষাতে দেশের লোক খেতে পায়। আমাদের পান্তন কেন্দীয় খাদামন্দী সদাব স্বর্ণ সিং যেকথা বলেছিলেন সেকথা আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছিল। তিনি পশ্চিমবাংলা সম্বন্ধে বলেছিলেন পশ্চিমবাংলায় ফি বছরের এই হাহাকার প্রধানতঃ রাজাসরকারের ভল, দুর্বল নীতি এবং কৃষি-দশ্তরের বার্থাতার ফল। তিনি আরও বলেছেন যেত্রটিপূর্ণ বিলি ব্যবস্থা, ভ্রান্ত সংগ্রহ নীতি, ভূলে ভরা সংখ্যাতত্ব এবং উৎপাদন বৃদ্ধির ব্যর্থতা। আমি বলব এই সমস্ত যদি সতা হয়, এটা যদি কেন্দ্রীয় খাদ্যমন্দ্রীর উদ্ভি হয় স্টেট মিনিস্টার-এর উপর তাহলে দেশবাসীকে উত্তর দেওয়া দরকার। যাহোক, সর্বশেষে আমি বলব স্টেট গভর্নমেন্ট যদি ফুড পলিসি রিফ্ম করতে না পারেন এবং সর্ব ভারতীয় ভিত্তিতে খাদ্য সংগ্রহ করতে না পারেন তাহলে খাদ্য সমস্যার সমাধান হবেনা। শুধু তাই নয়, এই সংগে আমার আরও বন্ধবা হচ্চে সমস্ত জোনাল সিসটেম তলে দিতে হবে। আজকে আমার কথা শনে অনেকে হাসবেন কিণ্ড আমি জ্ঞানি পাঞ্জাবে গরতে ফডার হিসেবে গম খায়, আর আমরা গম পাচ্ছিনা। (জনৈক সদস্যঃ-এবারেও 🐴 হাাঁ, এবারেও হয়েছে আই হ্যাভ সিন ইট ইন দি পেপার। সূতরাং জোনাল সিসটেম তলে দেওয়া হোক ইমিডিয়েটলী ভারতবর্ষের খাদ্য সমস্যার সমাধান হয়ে যাবে।

[5-10-5-20 p.m.]

Shri Radha Nath Das Adhikary:

স্যার, আমাদের দেশকে রক্ষা করতে হলে আমাদের যখন অর্থবায় করতে হবে এবং তা করতে গিয়ে খাদ্য দ্রব্যের যে দাম বেড়ে খাবে তাত ঠিকই। এ বিষয়ে তর্ক করবার কিছ্ আছে বলে মনে হয়না। গতবারের তুলনায় এবারে যে ফসল বেশী হয়েছিল এটা শহর ছেড়ে গ্রামের দিকে তাকালে সেটা দেখতে পাবেন। গত বছরের তুলনায় এবারে দাম জানেক কয়

আছে। এখন পর্যান্ত আমার কর্নাটিটিউয়েন্সীতে ১৫।১৬ টাকা মণ দরে ধান বিক্রী হচ্চে এবং ১৫ টাকা মণ দরে চাল বিক্রী হচ্ছে। আনম কাঁথি মহকুমায় ধান এবং চাল সম্পর্কে একটা বাজার-এর মালা উল্লেখ করছি। আমাদের কাঁথি মহকুমায় গ্রামনগর থানায় ফলন কম হয় এবং সেটা একটা ডিফিসিট এরিয়া, সেখানে ১৬-৭-৬৪ তারিখেও বাজার দর যদি দেখেন তাহলে তাই দেখবেন, সেখানে প্রচুর চাল আছে ওখ নকার এম এল এ মাননীয় বলাই लाज माम মহাপাত মহাশয় উপস্থিত আছেন, সেখানে বাজারে মাঝারী চ লের দর ৬৮ নয়। পয়সা এবং ৮৯ নয়া প্রসা হরে অতি মিহি চাল বিক্রম হয়। (নয়েজ)........আমি সারে আগনার অবগতির জনা জানাচ্ছি সেখানে এখন পর্যতি ধান কিংবা চালের দর খাব বেশী বার্ডোন। এজন্য হৈ চৈ করার কি আছে? অভ ব আছে কিন্তু গত বছরের তলনায় এবার দাম কম আছে। গত বছর সরকার প্রচর পরিমাণে গম সরবরাই করে দেশের জনসাধারণকে বক্ষা করেছিলেন। এ বছরও যাতে ভাদ আশ্বিন মাসে জনসাধ্রণের অভাব ঠিকমত মিটতে পারে সেজনা ঐ রামনগর থানাওলে প্রচর পরিমাণে গম সরবরাহ করা একান্ড প্রয়োজন। প্রমে যদি র্থেণ্ট পরিমাণে গ্রম দিতে পারেন যেমন গ্র বছর দিয়েছিলেন মান্য ইতিমধ্যে গ্রম থেতে অভাদত হয়ে গ্রেছে তাহলে আর কোন অস্ত্রিধা হবে না। মানুষ সেখানে ইতিপার্বে গ্রম খেতে অভাসত ছিলনা এখন বেশ অভাসত হয়ে পড়েছে এবার ভাদ আম্বিন মাসে খাদের যে সময় মভাৰ হয় সেই সময় সেখানে গ্ৰহ সংগ্ৰহ গিতে চেণ্টা করান। এবারে কণ্টোল এবং প্রকিওরমেণ্ট-এর ব্যবস্থা হয়েছে যার ফলে চালের অভাব সম্ভব হয়নি। স্পীকার মহাশয়, লীগ আমলে আমাদের বাংলাদেশে গ্রামে গ্রামে দুভিক্ষ দেখা দির্য়েছিল, তথন আমাদের দেশে লক্ষ লক্ষ মানুষ মারা গৈছল এবং দেশে ধান চাল প্রচুর থাকা সত্ত্বেও মারা গেছল। গ্রামে সাধারণতঃ খবে বড বড জোতদার এবং চাষী ছাডা মনাফা শিকারের জনা পান ধরে রাখেনা। তারা ধান ধরে রাখে তারা যদি ভবিষাতে ফলন ভাল হওয়া**র** আশা দেখতে পায় তাহলে তারা ধান ধরে রাখে, তারা মনোফা করার জনা ধন ধরে রাখে না। কাজেই আজ শুধু বংলাদেশে খাদাবিস্থা জটিল নয় সারা ভারতবর্ষে খাদ্যাবস্থা জটিল আকার ধারণ করেছে : আমাদের খাদামন্ত্রী তথা মুখামন্ত্রী যে পলিসি গ্রহণ করেছেন। সেজনা তার খাদ্য নীতিকে অভিনন্দিত হয়েছে, কেন্দ্রীয় খাদ্যমন্দ্রী তার প্রশংসা করেছেন। সেজন্য তার খাদা নাতিকে আমি পরের। সমর্থন করি। আর একটা কথা হচ্ছে এই যে যদি স্তিকারে চির্নিদনের মত আমাদের এই খাদ্যাবস্থাকে একটা স্থিতিশীল পর্যায়ে আনতে হয় তাহলে উৎপাদনের দিকে আমাদের যথেণ্ট নজর দিতে হবে। স্বাধীনতা পাবার **পর** খাদ্য উৎপাদ্দে যদিও যথেষ্ট অগ্রগতি হয়েছে তাহলেও আমাদের অনেক কিছু করণীয় আছে। এখনও পর্য'ন্ত আমরা জানি এমন অনেক জয়গা আছে যেসব জায়গায় ফলন একর প্রতি ৫০১।৬০ মণ হতে পারে। সেখান থেকে আমরা প্রচর ফল্ল। পেতে পারি যদি সেখানকার সমস্যাকে সমাধান করা যায়। সেই রকম একটা অণ্ডলের কথা আমি আপনাদের অবগতির জনঃ জানাচ্ছি যেমন বার জায়গা বেসিন, গঃতা বেসিন, সেখানে ফলন ৫০ মণ একরে হয় যদি ঐ অঞ্চলের ভল নিকাশের ব্যবস্থা করা হয়। মাননীয় স্পাকার মহাশ্য চাষীদের আমরা ঠিক সময়ে সার দিতে পারি না এবং চাষীদের সার বেশী দামে কিনতে হয়েছে। কাঞ্জে**ই ফল**ন ধাতে বাড়ে সেজন্য যথেষ্ট লক্ষ্য রাখতে হবে। সার, যদি তাদের ন্যায়্য মূল্যে প্রচুর পরিমাণে व्यामता ना निष्ट भारत जाराल वामारनत भक्क दिशी घलन वाशा करा संस्टर नेया। जाहाणा আমরা যেসব ইম্প্রভড ইণ্লিমেন্টের কথা বলে সাফলা লাণ্যল সেই ইম্প্রভড ইর্মাণ্লমেন্ট मायः मिलारे शत ना, स्मरे मायना नाष्ट्रान केनावात ग्राठ हामीरानत वनाम राहे. स्मरे লাশাল টানবার জনা সাস্থ সবল বলদ তাদের দিতে হবে। তাছাডা চাষীদের এর্থনৈতিক উন্নতির দিকে লক্ষ্য রাখতে হবে, তাদের অর্থনৈতিক উন্নতি যদি ভাল না হল তাহলে সারা দেশের উর্ন্নতি কথনও অব্যাহত থাকতে পারে না। আমরা চাষীদের কা**ছ থেকে** কিংবা গ্রাম থেকে কম মূলো ধন নিয়ে যেতে পারি। কিন্তু যেসব জিনিস গ্রাম **থেকে** শহরে যাবে আর শহরের যেসব জিনিস সেইসব জিনিসের দাগের সংখ্যা যাতে সমতা থাকে সৈদিকে নজর রাখা প্রয়োজন। কারণ উৎপক্ষ জিনিসের দাম যদি কমিয়ে দিই আর চার্যীদের 🖿 বেশী দামে জিনিস কিনতে হয় তাহলে গ্রামের অর্থনৈতিক ব্রনিয়াদ নাট হয়ে যাবে।

কাজেই সেই দিকে বথেন্ট নজর দেওয়া প্ররোজন। আন্ধ শুন্ব পশ্চিমবংশ নর, কের্মুজন, উত্তরপ্রদেশ, মহারান্দ্র, গ্রুজরাট, বিহার, রাজস্থান, মধাপ্রদেশ বিভিন্ন রাজ্যে খাদ্যাভাব দেখা দিরেছে। কাজেই এইবে সারা ভারতবর্ষে খাদ্যার খ্র খারাপ অবস্থা ভাকে শুর্র গায়ের জারের ক্রেডা করে আজুরে গেলে চলবে না। তারজন্য ধীরভাবে চিন্তা করে স্প্যান করে আগ্রসর হতে হবে। আজু বক্তুটা দিয়ে সমস্যা সমাধান করা বাবে না। আমরা বে স্টেট ট্রেডিং এর কথা অনেক সময় বলে থাকি আমাদের সরকারও সেই স্টেট ট্রেডিং-এর কথা চিন্তা করেছেন এবং সেটা বাভে আগামী ফসল মরস্কা থেকে চাল্ল করা বেতে পারে তার জন্য আইন-কান্ন প্রদর্শকরা হছে। সেদিক থেকে স্টেট ট্রেডিং-এর জন্য গ্রামের চাষীর কাছ থেকে জ্যেতদারদের কাছ থেকে বে ক্রেটিং-এর জন্য গ্রামের চাষীর কাছ থেকে জ্যেতদারদের কাছ থেকে বে ক্রেটিং-এর জন্য গ্রামের চাষীর কাছ থেকে জ্যেতদারদের কাছ থেকে বে বিনার নেওয়া হবে সেই ধান বাতে গ্রামে ঠিক ঐ ম্লো সরবরাছ করতে পারে সেই দিকে সরকারের বিশেষ নজর দেওয়া প্রয়েজন। তা নাহলে সেই ধান বথন নিরে এলাম তথান কম দাম আর চাষীদের ধখন ফিরিয়ে দেব তথন অতিরিক্ত দাম এই জিনিস করলে গ্রামের মধ্যে একটা হাহাকারের স্থিট হবে। কাজেই আমি মাননীর খাদ্য মন্দ্রী তথা মন্ধ্য-মন্দ্রীর খাদ্য নীতিকে পূর্ণে সমর্থন জানাছিছ।

Shri Balai Lal Das Mahapatra:

মানলীয় স্পীকার মহাশয়, রাধানাথবাব বলেছেন যে আমার এরিয়ায় নাকি ২৫ টাকা দরে চাল বাছে। কিন্তু আমি জানি এটা তিনি সম্পূর্ণ মিধ্যা কথা বলেছেন। আমার এরিয়ায় ৩০-৩১ টাকা চালের দাম আর ধানের দাম ১৮-২০ টাকা। তিনি নিজের থবরটা না বলে আমার এবিয়া বামনগরের কথা বলেছেন।

[5-20-5-30 p.m.]

Presidential reference regarding constitutional issue between Uttar Pradesh Assembly and Allahabad High Court

Mr. Speaker: Honourable members, I have to make an announcement.

I have to inform you that soon after the prorogation of the last session we received a notice from the Supreme Court of India requesting all High Courts and the Speakers and the Chairmen of the State Legislative Assemblies and Councils to appear before the Court by counsel in the matter of a presidential reference to the Supreme Court relating to the constitutional issue between the Uttar Pradesh Assembly and the Allahabad High Court. I invited the leaders of the parties in the Assembly to meet me on the 7th April last in my Chamber and they were good enough to support the need of placing the case for the Legislature before the Supreme Court. Shri A. C. Mitra, Senior Standing Counsel, was engaged with the concurrence of the Government to draft the case for the Speaker representing the Assembly and appearance was entered in the Supreme Court through Shri D. N. Mookerjee, Advocate, Supreme Court. The draft of the statement of the case was prepared by Shri Mitra and the same was placed before a meeting of the party leaders invited by me on the 17th June last. The statement of the case was accordingly filed before the Supreme Court on the 29th June. The case is now being heard before the Supreme Court.

This is for the information of the honourable members.

Now, Shri Robin Mukherjee may like to speak on the food dehate.

Debate on food situation

Shri Rabindranath Mukhopadhayay:

লিছ স্পীকার সারে এবার আমি আপনার কংগ্রেসের বন্ধরে। যা চেয়েছিলেন যে কিছু গ্যাস **দিরে** ছামি তাঁদের কতার্থ করবো সেটা আমি তাঁদের কাছে দেবার চেষ্টা করছি। আমি অনা বছরের াখো যাচ্ছিনা, কেননা প্রতাপবাব, সোজাস,জি আমাদের দেবেন কোথা থেকে চাল পাওয়া াবে এবং তার সমস্যা কি তার মধ্যে যাবার চেষ্টা করেন কি. কেবল তিনি আমাদের জ্ঞান দেবার চন্টা করলেন যে কৃষির থেকে শিলেপর উৎপাদন বেশী? যদিও তার কারণ কি স্টেট ট্রেডিং-এ क्रम विधा कि। कींच विश्लव कि अवर अंगो कि करत हुए शास हुए मार्विया अमार्विया कि? वेरुशामन वर्गने हेर्जामि अदनक कथाई वटल शिरामन किन्छ आमल कथाय कान मन्यान आमता গাচ্ছি না। সেটা আপনাদের একট, খোঁজ খবর করার জন্য আমি বলতে উঠেছি- সেটা হচ্ছে এই যে তাদের সঙ্গে আমাদের নীতি নিয়ে বিশেষ করে খাদ্যনীতি নিয়ে জীবনে কোনদিন হিল হয়নি। ভবিষ্ণতেও হবেনা। হবেনা কেন সেটা প্রথমতঃ তাঁদের ব্রুতে হবে। ব্রুমের ছারণ হচ্ছে এই যে তাদের যা পলিসি তারা যে অর্থনীতির ধারক এবং বাহক তার সত্রেধর হচ্ছেন ভারতবর্ষের মনোপলিণ্টরা. তারা হচ্ছেন আমাদের পলিটিক্স এবং অর্থানীতি সঞ্জেধর নাদের কাছ থেকে আপনারা রাজনীতি ধার নিয়ে কাজ করেন এবং তার ফল হিসাবে প্রতি ংসর এই রকমভাবে প্রতিদিন মানায়কে খাদ্য সংকটের সম্মাখীন হতে হচ্ছে। কাঞ্চেই আমাদের দংগে স্বভাবতঃই কোনদিন আপনাদের কোন মিলের সম্ভাবনা নেই এটা প্রথমতঃ বাবে নিন এবং বাঝে নেবার আরো একটা কারণ হচ্চে আপনাদের এটাও জানা দরকার কি এটা বাঝছেন না কেন যে কাইসিসটা অনেকবার বলা হয়েছে এসেনসিয়ালী এ ম্যান মেড কাইসিস, 🐠 গ্রাভারেজ অব লেবার নয় ক্লাইমেটিক কণ্ডিসন নয় এটা মান্ত্র সান্টি করেছে। এই মান্ত্র কারণ, এরা কোখা থেকে আসছে তার সন্ধান যদি নিতে হয় তাহলে কোন **পথে বেতে হ**বে সেটা ব্রুবতে হবে । কারণটা কি -কারণ গোড়াতেই বর্লোছ যে মনোপলিন্টরা আমাদের ইকনীমর বিভিন্ন সেক্টর কম্জা করে বসে আছেন, তারা যে সকল সময়ে ভারতবর্ষের সরকারের সমস্যা ব কোন জিনিসের দাম ব্যাড়িয়ে দিতে পারে এবং শেয়ার মার্কেট তাদের জন্য আছে এই হতে প্রথম কারণ। কারণটা ব্রুবনে তাহলে ব্রুবেন কি করে একে দরে করা যায়। দ্বিতীয় কারণ हरक अ'रान व हार्ट वार्शिकः वादमा, मधम्छ कमार्म अ'रान हार्ट । मुख्ताः होका अवर मामन **मिरत** কেভাবে করে খাদোর বাবস্থা করতে হয় তার বাবহার **এ'**দের হাতে আ**ছে। স**ূতরাং **আপনাদের** দশ্যে আমাদেব মিলেব কোন আশা নেই।

ত্তীয় হছে যে সমস্ত হোলসেল্স ট্রেডার্স এবং তাদের কমবাইন যারা এবং হোডার্স, গাদের হাতে খাদাশস্য মজ্বত করার যা ব্যবস্থা আছে, সেটাত একটা সেলটার্ড মার্কেটের মধ্যে দিয়ে রয়েছে, আপনাদের স্নেহছায়য় । স্বতরাং আপনারা তাদের উপর কোন রকম হস্তক্ষেপ কর'ত পারবেন না। এত পাওয়রফ্ল এ'রা ভারতবর্ষের রাজনীতিতে এবং অর্থনীতিতে যে গালা মেজর স্ট্যান্ডার্ড করছে সারা ভারতবর্ষে । উনি হয়ত বলবেন যে এটা পিচমবাংলার র্যাপার, সারা ভারতবর্ষের ব্যাপার বল এটা কেউ ব্যুবতে পারছেন না। আমলা বলছি এটা দারা ভারতবর্ষের ব্যাপার এই কারণে যে ভারতবর্ষের মোনর্পাল পদি স যেটা দিল্লীর রাজনীতি, সেখান থেকে পরিচালিত ও প্রসারিত হচ্ছে, তা কলিকাতা শহর এবং পশ্চিম বাংলার বিভিন্ন শ্রামে পর্যান্ত প্রবাহত হচ্ছে । সেই কারণে যে সঞ্জট স্থানি হচ্ছে এটা শ্রুণ্ব পশ্চিমবাংলার কর্মত নয়, একই পলিসি থেকে এসেছে, এবং সেই পালিসি হচ্ছে মেণ্টাল গভর্ণমেন্টের এবং শিচ্মবাংলা সরকরের মিলত পলিসি এবং তার সঞ্জে যক্ত হচ্ছে মনোপলিস্ট অসাধ্ব ব্যবসারী ও যারা ব্যাঞ্চিকং ব্যবসারে লিগত, তাদের পলিসি । স্বতরাং কম্যুনিন্ট পার্টির সঞ্জে এই নারণে, প্রতিবার সেখানে বিরোধ হবেই । এই শিরোধ হবে বলে তার জন্য আপনারা তৈরী থাকুন ।

স্তর্থ হচ্ছে, আর একটা ব্যাপার। গভর্নমেন্টের পলিসি তাঁরা কন্টিবিউট করছেন প্রতিবংসর এটা যে আপনারা চীনের বাহানা দিচ্ছেন, তা নয়। প্রতি বংসর তাঁরা যে বাজেট রচনা করেন, আজ পর্যন্ত গোড়া থেকে ধরনে প্রত্যেকটি বাজেট হচ্ছে ইফ্রাশনারী বাজেট। প্রত্যেকটি বাজেট হ্রাচ্চ ইনডাইরেক্ট্র ট্যাক্সেসন বাদ্ধির বাজেট। তার কারণটা কি? কারণটা **হচ্ছে সাধারণ** মানাযের পকেট কেটে, সাধারণ নানাষের জয় ক্ষমতা কেডে নেওয়া, এটাই ব্যুবতে হবে। এটা না द्यायात रकान कात्रम राहे। এটা भू: এक वह तत्र घरेना नय 59 वह रतत घरेना। এটা योम আপনারা একট্র বোরেন, ভাহলে একটা পথ খোজার দিকে নজর দিতে পারবেন বা চেষ্টা করতে পারবেন এন্য দিকে। এখানে জিনিষপত্তের দাম বাড়াটা, অন্য দেশের সভেগ মিলিয়ে আপনারা বলেছেন। কিন্ত এখানে একটা কথা ভেবে দেখকেন অন্য দেশের জিনিষপতের দাম বাডাচা, এন দেশের স্থাপ মিলিয়ে আপনারা বলেছেন। কিন্তু এখানে একটা কথা **ভেবে** দেখনের জনা দেশের জিনিয়পরের দান বাড়ে কিল্ড ভার সংগ্র সংগ্র তাদের করা ক্ষমতা ও তিন চার গুলু বাছে। দেশের এথ নৈতিক অক্সথার জন্য অনেক জিনিষের দাম বাডতে পারে. কিল্ড তার সাথে তাদের কয় ক্ষমতাত প্রত্যেকর চায়, পাঁচ গগে বাডে। অন্যান্য দেশের এ সম্পর্কে হিসাব নিলে দেখা যাবে সেখানে ভাদের ১৫ গ্রেণ, ১৬ গ্রেণ ক্রয় ক্ষমতা বেডে গিয়েছে। আল্লাদের দেশের অবস্থাটা কি দাঁডিয়েছে শনে নিন। অন্য জায়গার কথা নয়, কলকাতার আমার অপুনার কয় ক্ষমতা কোথায় গিয়ে দাঁডিয়েছে? ক্যালকাটা মিউনিসিপ্যাল গেজেটে মাত্র কয়েকদিন আলে খবর বেরিয়েছে। ক্যালকাটা মিউনিসিপানে গেজেটে সেই খবর আপনাদের. তাতে বলা হচ্ছে স্বামী, স্বাী ও ৩টি ছেলে নিয়ে পচি জনের পরিবারের মোট খাদোর জন্য যা ক্সয় করা হত, তাতে যে টাকা লাগতে। তা হচ্ছে ২২ টাকা ২৫ নয়া প্যসা। এবং মার্কেটিট। হচ্ছে কলেজ প্রীট মার্কেট। তারই হিসাবে হচ্ছে ২২ টাকা ২৫ নয়া প্রসা। ২০ বছর পরে সেই খাদেরে দাম কি হল জানেন? সেই খাদের দাম বেডে গিয়ে দাঁডাল ১১৬ টাকা ৭৫ নয়া প্রসায়। আজকে ১৩ই এ প্রল মাসে সেটার দাম আরও বেডে দাঁভিয়েছে ১৭৫ টাকা ৭২ নয়া পয়সা। এটা আমার কথা নয় কালকাটা মিউনিসিপ্যাল গেজেটে ঐ যে কলেজ স্টীট মার্কেটের হিসাব, আপনারাই দিয়েছিলেন। তাহলে ব্রুক্তে আজকে সাধারণ মানুযের কয় ক্ষমতা কোথায় এসে দাঁতিয়েছে। এবং সেখান থেকে স্টাট করে অন্য যে সমস্তগাল বললাম, তা কি করে মেলাবেন তা বোঝবার চেণ্টা করনে। আর এক দিকের ছবির কথা আপনাকে বলছি। সেটা হচ্ছে কয় ক্ষমতার আর একটা দিক। পশ্চিমবাংলা সরকার সমীক্ষা করেছেন কয়েকদিন আগে. ভাতে শতকরা ২৭টি পরিবারের দৈনিক আয় হজ্যে ৪২ নয়া প্রসা, আর শতকরা ৩৮টি পরিবারের দৈনিক আয় হচ্ছে ৮৪ নয়া পয়সা এবং ২২টি পরিবারের দৈনিক আয় হচ্ছে ১০০ নয়া প্রসা। এটা আমার কথা নয় তাঁদেরই কথা। কোথা থেকে ১৮টি করে কোথায় এ**সে** দাঁড়িয়েছে। পার ক্যাপিটা ইনকাম আপনারা যা ইচ্ছা বলনে, এটা সতা যে আজ জিনিষপ**রের** দাম প্রে'পেঞ্চা সাত, আট গুলে বেডেছে। সরকারই সমীক্ষা করেছেন কয়েকদিন আগে, আর আছ আপনারা ভল হিসাব দেখাচ্ছেন।

[5-30—5-40 p.m.]

স্থার সামাদের রোজগার এইখানে এসে দাঁড়িয়েছে। কি তর্ক করছেন এখানে, কি থিয়েরির মাউড়াছেন এখানে বসে প্রতাপবাব, আর আপনারা মিলে? মান্ধের যা কিছ্ ছিল সব কেড়ে নিয়ে চলে গিয়েছেন ইনডারেক্ট টাক্সেসশনের মারফত, ইনফ্রেটার বাজেটের মারফত এবং সমন্ত দিক দিয়ে কেড়ে নিয়ে চলে গিয়েছেন তার আজকে এখানে থিওরি কণ্চাছেন ছেট্রন্ত থিং। আজকে অপনারা এটা বোঝান যে এই থিয়োরিকে মেলাবেন কেমন করে এটার সপ্গে, কি দিয়ে কিনবেন? শক্রে সাহেব তিনি ইউনিয়ন করেন এবং উনি দালাল ট্রেড ইউনিয়ন করেন আমি জানি কিন্তু তব্ও আমি ক্রিড্রাসা করছি সোজা কথা আপনারা আমার সপ্গে মিলবেন? আমি আপনাকে জিজ্ঞাসা করছি যে ট্রেড ইউনিয়নে সেই শ্রমিকদের ক্রয় ক্ষমতা বাড়াবার জন্য লড়াই করবেন কিনা? কয় ক্ষমতা যদি না বাড়ান, যদি ৪২ নয়া পয়সা তাদের রোজগার হয়, যদি ৮২ নয়া পয়সা তাদের রোজগার হয়, যার আজ ৮ গণ্যে যদি জিনিয়প্রের দাম বেডে গিয়ে থাকে তাহলে

প্রাইমারি টাম্ক অব এান ইনডিভিজ্বয়াল ট্রেড ইউনিয়নিট তার প্রথম কাজ হবে যে, যে কোন ভাবেই হোক এদের ক্রয় ক্ষমতা বাড়াতে হবে। আপনি আস্বন আমি আপনাদের জিজ্ঞাসা কর্রছি শতকরা ৩০ ভাগ বেতন.....

[হটুগোল।]

আমি একটা আউটলাইন দিতে পারি। আমরা ঠিক কর্বছি যত চালের কল আছে হারা রঙ্জ রাইসমিল হালার নয়, তারা মাাক্সিমাম ৭ লক্ষ টন পর্যত দিতে পারে, সেটা আমরা নিষ্ণে যাব এবং মোটামটিভাবে আমি বলছি. শেষ সিম্পান্ত আমরা করিনি, এবং কলকাতা ও শিল্পাঞ্জল নিয়ে যে এলেকা বেখানে ৬৬।৬৭ লক্ষ লোকের বাস সেটা এবং এটা বাদে যে ইন্ডাস্ট্রিয়াল এলেকা আছে যেখানে লোকের কুয়শক্তি বেশি সেগলেতে আমরা স্টাটিউটরি রেশনিং করব আর বাকী কতকগালি জেলা আছে যেমন নদীয়া জেলা মালদহ জেলা যে জেলাগালি সামগ্রিক ভাবে চালের দিক থেকে ঘটিত জেলা—হাওড়া জেলার কথা আমি বল্লাম না এজনা যে মোট ১৬ লক্ষ ১৬॥ লক্ষ লোকের মধ্যে হাওড়া শহরে বাস করে ৬ লক্ষ এবং কিছু সংখ্যক বালীতে বাস করে—এগ্রালি স্ট্যাটিউটরি রেশনিং-এর মধ্যে অন্তর্ভক্ত করার পরিকল্পনা আছে। কচ-বিহারও মোটাম,টিভাবে ঘাটতি অঞ্চল। এই সংস্ত ঘাটতি এলেকা—এমনকি থানা ও অঞ্চল প্রপায়েং হলেও এই সমুহত এলেকায় আমুবা খোলাবাজার নিষিম্প করবনা কিন্তু যাকে আমুবা র্বাল স্ট্যাটিউটরি রেশনিং তা আমরা প্রবর্তন করব না, মডিফায়েড রেশনিং প্রবর্তন করব, অর্থাৎ বলকাতা এবং শিল্পাণ্ডলে স্টাটিউটরি রেশন হলে পর খোলাবাজার কিছু থাকবে না। এর পারের আমাদের অভিজ্ঞতা আছে যে যদি আমরা কলকাতায় ভালো চাল না দিই বর্মার চাল দিই মোটা চাল দিই তাহলে স্মার্গালং-এর মাধ্যমে বাইরে থেকে চাল আসবার সুভাবনা থাকে তাই কলকাতা এবং শিল্পাণ্ডলে আমরা খারাপ চাল দেব না, বাংলাদেশের সর্বোংকুণ্ট চাল মিলে যেটা হয় সেটাই আমরা সরবরাহ করব তাহলে স্মার্গালং করবার টেল্ডেন্সি হাস পাবে বাকী জায়গায় খোলাবাজার থাকবে, ধান চাল যাতায়াত করবে, সবরকম চালই যাতায়াত করতে পাববে ।

Shri Amarendra Nath Basu:

সমস্ত চাল বল্টনের বাবস্থা যথন আপনারা হাতে নেবেন তথন কি আপনারা এট্রকু বিবেচনা করে দেখবেন যে ১ কিলো চালে হবে না, কিছু বাড়ান দরকার যাতে থোলা বাজারে যেতে না দেয[়]

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি আগেই বলেছি দ্টাটিউটরি রেশনিং যথন করব তথন আমরা ১॥ কিলো চাল দেব।

Shri Nepal Chandra Rov:

এক জেলা থেকে আরেক জেলায় চাল নিয়ে যেতে পারব কিনা:

The Hon'ble Prafulla Chandra Sen:

এক জেলা থেকে আরেক জেলায় যেতে পারবে, তবে যে সমস্ত এলেকায় স্ট্যাটিউটরি রেশনিং হবে সেথানে খোলা বাজারে চাল পাওয়া যাবে না।

Shri Somnath Lahiri:

স্ট্যাটিউটরি রেশনিং-এ গম কেনা বাধ্যতামূলক থাকবে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

নিশ্চরই। গম যদি বাধ্যতামূলক না করি তাহলে কাজ চলবে না। মাননীয় সদস্যকে একটা ধবর দিতে পারি, তিনি তাতে খা্শীই বোধ হয় হবেন--মাননীয় সদস্য নিশ্চয়ই জানে যখন আগে স্ট্যাটিউটরি রেশনিং ছিল তখন আমাদের এখানে উর্ধ পরিমাণ আমরা যেটা পেত্র, ২ সের ১২ ছটাক থেকে ক্রমে ক্রমে ২॥ সের হয়েছিল, ২ সের ৪ ছটাকও হয়েছিল এবং এলনিক ১ সের ১২ ছটাক পর্যকত হয়েছিল,— তখন আমরা কেউ পাঁউর্টি এমনি কিনতে পারতাম না, পাঁউর্টি কিনতে হলে আমাদের কুপন সারেণ্ডার করতে হত। এবার এখনো আমরা ঠিক

করিনি,—১॥ কিলো চাল এবং ১ কিলো হ_{ন্}ইট কম্পালসারী করলে পর আমরা খোলাবাজ। প্রউর্নুটি ক্নিতে দেব।

Shri Harekrishna Konar:

রাষ্ট্রায়ত্ত বাণিজ্যের কথা বলছেন, কিন্তু পাইকারী ব্যবসা চলবে কিনা, পাইকারী ব্যবসা সম্প্র্ গভর্ণমেন্ট হাতে নেবেন, না, গভর্ণমেন্টও কিনবেন এবং পাইকারী ব্যবসাও লিগ্যালি চলবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননার সদস্য নিশ্চরই ব্রুতে পারছেন, বেখানে ৫৩ লক্ষ টন ফসল পশ্চিমবাংলার হয় ত মধ্যে ৪৮ লক্ষ টন আমরা খাবারের জন্য পাই, তাহলে মার্কেটেবল সার্গলাস হচ্ছে ১২ ল টন। এই ১২ লক্ষ টনের মধ্যে মিলে যে ৭ লক্ষ টন হবে সেটা সরকার নিয়ে নেবেন, সেখা। হোলসেল-এর কথা নাই। এর আগে যখন আমরা মিলকে ধান দিতাম তখনও কিছু পরিমাণ চ টেশকিতে হত। এই টেশকিছটি। চাল আমরা ছোব না। মাননার সদস্য জানেন মুশিদাব জেলার হাটেবাজারে অনেক টেশিকছটি। চাল আসে।

[1-20-1-30 p.m.]

হা ক্ষং মেসিন হালার যেগালি আছে তার সংখ্যা প্রায় ৯ হাজারের মত। এরা ধান কিনে চা তৈরী করে বাজারে বিক্রি করে। আমরা ভাবছি এ'দের কন্টোল করতে পারব কিনা। কন্টো করা মুখে বলা বত সোজা কাজে তত সোজা নর। রাইস মিল আমরা আগে কন্টোল করেছি তব কিছু কিছু দুনীতি ছিল। যাহোক মনে হয়, কন্টোল করতে পারব। তারপর, বাকী ৫ লক্ষ মণ রইল তার মধ্যে কিছুটা ঢে'কিতে হবে। মাননীয় সদস্যরা শ্নলে আশ্চর্য হবে পশ্চিমবাংলার ৬ লক্ষের উপর ঢে'কী চলে। এ'ড়া নিজেদের খোরাকীর মত রেখে বাকী হাট-বাজারে বিক্রি করে। এটা আমরা ছোবনা। তারপর, বর্ধমান, নদীয়া এবং মুশিদাবাথে যেটা সেটাতে আমরা লাইসেন্স দেব। আমাদের লাইসেন্স দেবার একটা নিয়ম আছে—বে যদি বলেন আমি ইনকাম টাক্স দিই আমাকে লাইসেন্স দেওয়া হোক তাহলে তাঁকে আম আটকাই না। তবে আমরা লাইসেন্সীর সংখ্যা কমিয়ে দেব—অর্থাৎ সমন্ত জিনিসটা মোটাম, কন্টোন্ডে হবে।

Shri Ahani Kumar Basu:

মন্দ্রমহাশর বিলের রেজালট্যাণ্ট রাইস ৭ লক্ষ টনের কথা যা বললেন তাতে আমি জানতে চ বলে এই ৭ লক্ষ টন দিয়ে কি সারা বাংলাদেশে স্টেট ট্রেডিং চাল, করা হবে? আমি দ্রিট প্র এ্যালাইড করে নিয়ে আর একটা জানতে চাই যে, গ্রামে যে সমস্ত উৎপাদক চাষী আছে তাত কাছে থেকে প্রকিওরমেন্ট-এর কোন পরিকল্পনার কথা আর্পনি চিন্তা করছেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

পরিকল্পনা আছে কিন্তু স্রেটা গোপন রাখছি।

Shri Harekrishna Konar:

মন্দিমহাশর বলেছেন ১২ লক্ষ টন মার্কেটেবল সার্গুলাস হয়। আমি তার মধ্যে যাছিছে তার মনে হয় তার বেশা হবে। যাহেকে, আপনি রললেন ৭ লক্ষ টন মিট করবেন এবং সে আপনি নেবেন। কিন্তু একটা কথা বিবেটনা কর্ন মিল সবটা রাখে না তাদের বাইরে খে বিলি করে। কান্সেই পাইকারী বাবসা যদি বন্ধ না হয় তাহলে ৭ লক্ষ টন পাপ্তরা যাবে । খাতায় কলমে হয়ত ৪।৫ লক্ষ টন পাবেন কিন্তু বাকটা ফাক দিয়ে বেরিরে যাবে এবং পাইকা বাবসা বজার থাকবে। আমি টেক্সীর কথা বা হাক্সিং মেসিনের কথা বলছে না পাইকা ব্যুক্ত নিক্তেদের হাতে নেবেন কিনা এবং লুপহোলস বন্ধ করবেন কিনা সেটা বলুন?

সমস্ত বিষয় প্রখান্পুর্থরত্বে আলোচনা করছি। মাননীয় সদস্যগণ যে সমস্ত আশংকা প্রকাশ করেছেন আমাদের কর্মচারী যাদের অভিজ্ঞতা আছে তাদেরও সেই আশংকা আছে। তবে যতদ্রে সম্ভব এই সমস্ত ল্পহোল্স বন্ধ করবার চেন্টা করছি। আমি আগেই ব্লেছি আমার বিলের সণ্ডো ব্যবস্থা করব এবং কিছু ধান প্রকিওর করব। নাইন্টি পারসেন্ট ধান প্রকিওরমেন্ট-এর দায়িত্ব সরকার নেবেন এবং যে পরিমাণ চাল আমরা নন-স্টাট্টের এরিরার চিরতরে করতে দেব সোটা আমরা কণ্টোল করতে পারব। এটা হচ্ছে আমাদের ওরাক-আউট এখনও স্বটা করতে পারিন।

Shri Harekrishna Konar:

স্টে ট্রেডিং যদি সফল হয় তাহলে প্রাইস ফিক্সেসন করতে হবে এবং যদি কৃষকদের দরের কথা বিবেচনা করা না হয় তাহলে স্টেট ট্রেডিং বার্থ হবে। কাজেই আমার প্রশন হচ্ছে গভর্গ-মেন্টের দর যদি আনরেগ্রলেটেড হয় তাহলে অনা বাবসায়ীরা বেশী দামে কিনে নেবে একথা বিবেচনা করে প্যাডির দাম ফিক্স করবার আগে বিভিন্ন পার্টির সপ্গে, বিভিন্ন গণ সংগঠনের সপ্গে—সংধ্য ব্যবসায়ী নয়—প্রামর্শ করবার কথা ভাবছেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য জানেন ধানের দর যা বে'ধে দেওরা হরেছিল সারক্লাস দেউটে বাজার খেকে কম দর বে'ধে দেওরা হরেছিল, এখন কেন্দ্রীয় সরকার-এর মন্তনালয় এ সন্বন্ধে চিন্তা করছেন কম দর বে'ধে দিলে ধান মার্কেটে খোলা বাজারে প্রশ-আপ করছে কিনা। অন্ধে দর বে'ধে দেওরা হরেছিল ১৬ টাকা, বাজারে চাল হয়ে গেল ২৭ টাকা। সেজন্য পশ্চিমবর্গ্ণ সরকার জানায়ারী মাসে সমস্ত দিক বিবেচনা করে, অনেক বাধা বিপত্তির, কথা বলছিল, আমাদের নীতি গ্রহণ করেছিলেন, আমাদের নীতি অন্সারে কেন্দ্রীয় সরকার ধানের দাম রেশন্যালী বে'ধে দেবার কথা চিন্তা করছেন, গতবারে আমরা যে দর বে'ধে ছিলাম, বিরোধী দলের সপ্পে আলোচনা হরেছিল, তাতে এক টাকা এদিক ওদিক হরেছিল, এমন কিছু বেশী নয়। একথা মাননীয় সদস্য মহাশয় জানেন ১৭ বছর আগে আমরা ৬।৭ টাকা দরে ধান কিনতাম, একজন মাননীয় সদস্য বলছেন আমরা আট টাকা চার আনা, সাড়ে আট টাকা দরে ধান কিনতাম তাতে কোচবিহারে ৭০ টাকা চালের দাম হয়ে গেল। কাজে কাজেই ধানের দর খ্ব র্য়াশনালী বিচার করে বাধিকে হবে, তা যদি আমরা বাধতে না পারি, তাহলে খোলাবাজারে দাম নিয়ন্ত্রণ করতে পারবো না।

Shri Harekrishna Konar:

বিভিন্ন পার্টির সপো গণসংগঠনের সপো পরামর্শ করবেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

পরামর্শ আমরা করতে পারি, একটা জিনিষ বলে দিছি, এবার এ সম্বন্ধে হয়ত ঠিক বলতে পাছি না, কেন্দ্রীয় সরকার সমগ্র স্টেটে ডিফারেণ্ট কোয়ালিটি অনুসারে যাতায়াত মূল্য বাদ দিয়ে দর বাধবার পরিকল্পনা করছেন। আমরা এখানে পরামর্শ নিশ্চরই করতে পারি, এ নিয়ে ঝগড়া না হয়, আমরা এখানে বললাম ১৬ টাকা হোক্ কেন্দ্রীয় সরকার বললেন ১৫ টাকা হোক্ তা নিয়ে যেন বগড়া না করি, নিশ্চয়ই পরামর্শ করা হবে।

Shri Birendra Narayan Ray:

মুখামন্ত্রী মহাশয় বলেছেন ১২ লক্ষ টন মার্কেটেবল সারক্লাস, আর সাত লক্ষ টন মিল ভাপাতে পারে, আপনারা কি চিন্তা করছেন ছোট ছোট হালারের লাইসেন্স বাড়িয়ে দিয়ে এটা করা বার কিনা?

The Hon'ble Prafulla Chandra Sea:
হাজ্যার বড় ভরাণক জিনিষ, এ বাড়াধার আাদের কোন পরিকল্পনা নাই।

Shri Nikhil Das:

১২ लक जेन भारक छिवल मात्र जाम. जा श्वरक कहा लक छेन वाकारत जामरह ।

The Hon'ble Prafulla Chandra Scn:

হিসাব করে বলতে পারি না, আন্দান্তে বলতে পারি, একটা, আগেই বলেছি এই পর্যানত ৪ লক্ষ্ণ ৮০ হাজার টন মিল্ড হয়েছে, প্রায় ৫ লক্ষ্ণ টন মিল্ড হয়েছে, তার মধ্যে আমরা ৯৯ হাজার টন প্রায় ১ লক্ষ্ণ টন আমরা জালাই পর্যানত পেরেছি, তাহলে ৫ লক্ষ্ণ টন বাজারে এসেছে তাতে সন্দেহ নাই, আমাদের ঢেকি হালারে এক লক্ষ্ণ দেড় লক্ষ্ণ টনের বেশী গেছে বলে মনে হয়না, বাড়ীতে ঢেকিতে কতকরে খাচ্ছে বলতে পারি না।

Shri Nikhil Das:

বাকী ৬ লক্ষ টন এখন হোডেডি অবস্থায় আছে?

The Hon'hle Prafulla Chandra Sen:

লে.কে কত খাচ্ছে বলতে পারিনা, আমাদের দেশ আনডেভেলপড যে বছর বেশী চাল্ল হয় বেশী করে খায়, গম বেশী করে খায়। কাজে কাজেই আমাদের যে হিসাব তা থেকে ব্যুতে পারবেন যে বছর ফসল কম হয় খায় কম, চাষী কম খায়, আর যে বছর ফসল বেশী হয় খায় একট্ বেশী। কাজে কাজেই এসব জিনিষগ্লি অণ্ক শান্ত অনুসারে বৈজ্ঞানিক-পৃষ্ধতিতে বলা খাব শক্ত।

[1-30-1-40 p.m.]

Shri Nepal Chandra Roy:

মাননীয় মন্দ্রিমহাশয় কি জানাবেন শহরের লোকেরা যে দামে চাল পাবে গ্রামের লোকেরা ঠিক সেই দামে চাল পাবে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

স্নামাদের সমস্ত পরিকল্পনাই তাই। তবে তার উপর একটা আছে আমি সেটা বলে দিই। আমরা ৭।৮ লক্ষ টন যা সংগ্রহ করব তা বাদে কেন্দ্রীয় সরকার আমাদের একটা দেবেন। মোটামাটি ২ লক্ষ টন নিশ্চরই দেবেন, তবে আমরা চাইব আরো বেশী ৩ লক্ষ টন কি ৪ লক্ষ টন। তাঁরা যে চালটা দেবেন তার মূল্য আমরা যা বাঁধব তার চেয়ে কম হবে। উড়িষ্যা থেকে ৩ লক্ষ টন থেকে ৪ লক্ষ টন চ'ল পাব। আমরা এখন যে নাঁতির কথা আলোচনা করছে, সমগ্র ভারতবর্ষ যে নাঁতির কথা আলোচনা করছে, ঐ স্টেট ট্রেডিং এর কথা এখন ভাবছে, সমগ্র ভারতবর্ষে যদি এই নাঁতি প্রবর্তিত হয় তাহলে উড়িষ্যা থেকে ৪ লক্ষ টন যদি না হয় ৩ লক্ষ টন চাল নিশ্চরই আমাদের হস্তগত হবে। কাজে কাজেই কলকাতা এবং শিলপাঞ্চলে যে মূলো লোকে চাল পাবে গভর্গমেন্ট অব ইন্ডিয়ার যে ২ লক্ষ টন চাল পাব সেটা পল্লীগ্রামে আমরা কমে দেব—সেই হিসাব পরে দেখব। কিন্তু এটা বলতে পারি বাজারে দাম কলকাতার চালের দামের চেয়ে বেশী হবে না।

Shri Nepal Chandra Roy:

গ্রামের লোকদের যদি আমরা ৬।৭।৮ টাকা মণ দরে ধান দিতে বাধ্য করি তাহলে গ্রামে চাম্ব হবে না এবং ধান তৈরি হয় না ১০।১২ টাকায়। গ্রামের লোকদের কাছে আমরা সব সমর প্রচার করি যে তোমাদের বেশী দামে ধান বিক্তি করতে হবে. আবার শহরে এসে প্রচার করও ধানের দর কমাতে হবে এটা কি করে হয়?

এই রকম প্রচার করবার কোন অবসর রাখব না। আমি বর্লোছ বে আমরা ন্যাব্যভাবে ধানের মূল্য বে'ধে দিতে চাই। গতবছর আমরা অনেকটা চেন্টা করেছিলাম, এবছর এখন খেকে আমরা আরো ভাল করে বিবেচনা করছি।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি ফ্ল স্ট্যাট্টেরী রেশনিং এবং এম, আর, সপ মারফং বে চালটা সরকার দেবেন তার পরিমান বে পরিমান প্রয়োজন হবে সেই পরিমান চাল সংগ্রহ করে বাংলা সরকার বাফার স্টক করতে পারবেন কিনা এবং তারজন্য উড়িষ্যা এবং সেণ্ট্রাল গভর্ণমেণ্টের উপর সম্পূর্ণ নির্ভার করতে হবে কিনা সেটা ক্লিয়ার করবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি অংগই বলেছি যে আমরা মিল থেকে ৭ লক্ষ টনের বেশী চাল পাবনা, উড়িষা। খ্র যদি বেশী দের তাহলে ৩।৪ লক্ষ টন পাব বলে মনে করছি, আর কেন্দ্রীয় সরকার যদি আমাদের মোটাম্টি ২ লক্ষ টন দেন তাহলে আমাদের হাতে মোট ১২ কি ১৩ লক্ষ টন চাল আসবে।

Shri Sanat Kumar Raha:

স্পেট ট্রেডিং বলতে যা মনে করেন তাতে করে স্টাট্ট্রী রেশনিং এর মারফং যে পরিমান চাল দেওয়া হবে সেটা কি ১১ লক্ষ টনের মধ্যে সম্পূর্ণ হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমর। ১। কিলো গাম করে দেব ভাবছি। ১॥ কিলো গ্রাম করে যদি দিই তাহলে সম্ভব হবে।

Shri Gopal Basu:

মাননীয় মুখামন্ত্রী মহাশয় বললেন বড় বড় ধানকলগালি থেকে চাল নিয়ে নেবেন। ধানকল-গালি যে ধান প্রোকিওর করবে সেটা কি সরকার নিজে প্রোকিওর করবেন, না তারা নিজেরাই প্রোকিওর করবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা এখন যেটা মনে মনে ভাবছি এবং এর আগেও যেটা ছিল সেটা হচ্ছে প্রোকিওরমেন্টের দুটো দিক ছিল—একটা হচ্ছে ডাইরেক্ট প্রোকিওরমেন্ট, সরকার নিজে প্রোকিওর করবেন ইন্টিরয়ার গ্রামে গ্রামে। সেটা হয়ত আমাদের আরো বাড়াতে হবে সমবায় সমিতির মারফং। আগের তুলনায় সমবায় সমিতি বেড়েছে, সমবায় বিভাগ থেকে কিছু কিছু গুনামও করা হয়েছে। কাজে কাজেই খুব ইন্টিরয়ারে যারা গরীব চাষী তারা বাধা হয় বড় চাষীদের কাছে ধান কাটবার পর ধান বিক্তি করতে, সেই ধানটাও আমরা নিতে চাই। সেজন্য সরকার থেকে সরসারি কেনার আমরা ব্যবস্থা করব। ন্বিতীয়তঃ এর আগে কোন কোন মিলকে আমাদের এজেন্ট বরেছিলাম ধান দেওয়ার জন্য। মিল বড় বড় চাষী জোতদারদের কাছ থেকে তাদের ট্রাকে করে ধান নিয়ে আসবে। এগুলি ভিটেল প্রাপ্রির ওয়ার্ক আউট করিনি, করছি।

Shri Bhakti Bhusan Mandal:

আপনি এর আগে রিশনিং-এর দ্বটো এরিয়া সম্বন্ধে বল্পেন একটা ডেফিসিট এলাকা, একটা ইন্ডাম্খীয়াল এরিয়া কিন্তু যে এলাকায় ধান গ্রো করে এবং সারম্পাস এলাকা সেই এল কার আপনারা লেভী বা সীজ করে ধান নিয়ে নিচ্ছেন—সেখানে ।করকমভারে রেশনিং চালাবেন সেটা আমাদের স্থানিয়ে দিন।

8S-E30 ·

সেই সমন্ত সারক্ষাস এলাকায় সেথানে যে পরিমাণ সারক্ষাস হিসাব করা হবে। যেমন ধরা বাক বর্ধমান জেলায় ২০ লক্ষ কি ২৪ লক্ষ লোকে আছে, ২৪ লক্ষ লোকের জন্য এডটা প্রয়োজন। অবশ্য গ্রামে আমরা যথন হিসাব করি একটা, বেশা করেই ধরি কেননা কৃষকদের খেতে বেশা হয়, আগে আমরা ধরতাম মাথাপিছ ৯ মণ ধান মানে ৬ মণ চাল, আমরা যে ৯ মা কিলোগ্রাম দিই তার ডবল হয়ে যাবে। এখন ভার্বছি আরও একটা, বাড়াতে হবে। কেননা ক্রধাপক মহলানবাশ যে সার্ভে করেছিলেন তাতে বলেছিলেন আমাদের লোকেরা ১৮ আউন্সের কম পার ক্যাপিটা পার ডে খায় এবং পক্লীগ্রামের সক্ষো যাদের সম্পর্ক আছে তাঁরা জানেন যে আমাদের কৃষকেরা এক সের তিনপোয়া চাল খায় ভাতে এবং মাড়িতে। কক্তে লাজেই তাঁদের জন্য আমরা ভাবছি, কোন সিম্পানত হয়নি যে আমরা ১০ মণ করে মাথাপিছ কৃষকদের জন্য রোখে দেব। এই হিসাব করে সেই জেলায় যেটা বাড়াতে হবে বর্ধমান জেলায় যদি ৭ লক্ষ টন ধান হয়, আয় যদি ২২ লক্ষ লোকের ঐ হিসাবে প্রয়োজন হয় ৬ লক্ষ টন ডাহলে বর্ধমান জেলা থেকে আমরা একলক্ষ টন সংগ্রহ করবো।

Shri Sushil Kumar Dhara:

এই স্ট্যাট্টেরী রেশনিং কবে নাগাদ চাল্ব করা সম্ভবপর হবে এবং এবংসর বিশেষ করে আমরা দেখাছ যে চাষাবাদের অবস্থা ভাল নয়। এখন চাষাবাদের অবস্থা যদি এই রকম চলে এবং যদি ভাল উৎপাদন না হয় ভাহলে স্ট্যাট্টেরী রেশনিং করে কি সম্ভবপর হবে :

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের ১॥ কিলোগ্রামের জায়গায় ১ কিলোগ্রাম হতে পারে তবে আমরা শুনেছি, আমাদের কৃষিবিভাগে যা থবর এসেছে তাতে এবার অবস্থা খুব ভাল এবং মাটী খুব স্কুদর তৈরী হয়েছে

(গোলমাল।

তবে চাষের কথা কেউ বলতে পারেনা। ক্যানেল অণ্ডল বাদ দিয়ে বা সেখানে আমাদের সেচের সূব্যবঙ্গা আছে তা বাদ দিয়ে অন্য জায়গায় কখন যে চাষের অবঙ্থা খারাপ হয়ে যাবে তা কেউ বলতে পারে না। একটা কথা আছে যে কার্তিকের প্রথমে বা আম্বিনের শেষদিকে ঘদি একটা বৃষ্টি না হয় তাহলে যত ভালই ধান হয়ে থাকুক না কেন তা খতম হয়ে যাবে। ঘদি আমাদের খ্ব কম হয় তাহলে আমাদের পেট কষতে হবে।

Shri Jamini Bhusan Saha:

মুখামন্ত্রী বঙ্গেন যে সরকার চিন্তা করছেন আগামী জানুরারী মাসে যে স্ট্রাট্টেরী রেশ'নং চালু করবেন তাতে করে ১॥ কিলো করে চাল দেবেন। আমার প্রশ্ন হল এই যে আগামী ৪ মাসের মধ্যে তাঁরা কি অবিলম্বে রেশনিং যা আছে এম আর সপে ১ই কিলো করে চাল দেবেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই ৪ মাস ১॥ কিলো করে চাল দিতে পারব না।

Shri Anadi Das:

এই যে স্টাট্ট্রী রেশনিং হবে বল্লেন শহরে এবং শিল্পাণ্ডলে সেতো এখন ৪ মাস দেরী. ইতিমধ্যে ৯ কিলো করে চাল যারা পাছে এবং ১ কিলো করে গম মডিফায়েড রেশনিং-এ ভাতে লোকেব কুলোচ্ছে না. বাইরে চাল কিনতে গেলে ১ টাকা. ১॥, ১। আনা দাম লাগছে—এটা সংপর্কে কি বাক্ষ্যা মুখ্যমন্ত্রী করছেন?

একট্ব আগেই আমি বল্লাম আমাদের এই পশ্চিমবাংলার ১৯৪৭ সালের ডিসেন্বর মাসে, ১৯৪৮ সালের জান্দ্রারী মাসে স্ট্যাট্টরী রেশনিং এর মোট চাল ছিল ১ সের ১২ ছটাক এবং তার পরে ২ সেরও হরেছিল। তথন খোলাবাজারে চাল পাওরা যেতনা, আটা পাওরা যেতনা, পাঁউর্টী কিনতে হলে ঐ ২ সের থেকে করতে হত। যদি আমাদের দেশে একদম ফসল না হয় বা পরিমাণ কম খাকে তাহলে আমাদের কম খেতে হবে, তবে এট্কু বলতে পারি এখন আমারা যে ১ কিলো করে চাল, ১ কিলো করে গম দিচ্ছি তা বাদে এখন খোলা বাজার থেকে গাঁউর্টী, আটা কিনে খেতে পাঁর।

[1-40-1-50 p.m.]

Shri Anadi Das:

আমার আর এতটা সাপ্লিমেণ্টারী স্যার। মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে বছরে আমাদের ৬২ লক্ষ টন খাদ্য দরকার। তার মধ্যে যদি ধরা যায় ৪৮ লক্ষ টন চাল উৎপন্ন হয়েছে, তাহলে ১৪ লক্ষ টন গম আমাদের খেতে হবে। সেটা প্রায় চালের ওয়ান ফোর্থ ভাহলে তখন কেন আমাদের চাল এবং গম সমান, সমান ভাবে খেতে হচ্ছে? এটা যদি হিসাব হয় যে ওয়ান ফোর্থ গম আমাদের খেতে হচ্ছে, তাহলে এম, আর সপে এবং বাইরেও ওয়ান ফোর্থ হুইট দেওয়া হবে না কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

এর উত্তর অত্যন্ত সোজা, আমাকে জিন্তাগা না করলেও এর উত্তর পাওয়া ষেত। আমাদের জেশে ষারা ধান চাষ করে যারা প্রডিউসার, যারা বিশেষ করে সেলফ সাফিসিয়্যান্ট প্রডিউসার, উন্দৃত্ত প্রডিউসার, তারা কেন জবরদম্ভ গম থেতে যাবেন! তারাভ তা থাবেন না তারা দুখানা বিশ্কৃট বা একখানা পাউর্,টি খেতে পারেন। তারা মাথা পিছ্, একসের চাল পারেন। আমি তাঁদের জাের করে গম খাওয়াতে পারবাে না। যারা চাষ করছেন এবং যে সমুস্ত কৃষকরা ছয় মাসের ধান উৎপার করেন. তারা ছয়য়াস গম খাবেন না, তাদের আমিত জাের করে গম খাওয়াতে পারবােনা। কিন্তু কলকাতার মত জায়গায় শহরবাসী যারা ধান চাষ করেন না, যেমন আপিন, আমি ধান চাষ করিনা নানাবায় অধাক্ষ মহাশয়, সেখানে আমাদের সমান, সমান চাল ও গম খেতে হবে শুধু তাই নয়, আমার মনে হয় গম আরও বেশাী খেতে হবে।

Shri Balai Lal Das Mahapatra:

। মাননীয় অধাক্ষ মহাশয়, আমরা সাধারণত দেখি ক্রপ কাটিং এর রিপোর্ট অনেক সময় অতি-রঞ্জিত হয়ে থাকে। সেইজন্য আমার প্রশ্ন হচ্ছে, মাননীয় মন্ত্রী মহোদয়ের, কাছে যে ফলনের হারটা ঠিক করবার সময় গ্রাম পঞ্চায়েতের সংগ্রে পরামর্শ করে করা হবে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীর অধ্যক্ষ মহাশয়, স্টেট ট্রেডিং থেকে এতদ্রে চলে গেলাম, যে এরপরে আপনিও গ্লিয়ে যাবেন, আমিও গ্লিয়ে যাবে।

Shri Balai Lal Das Mahapatra:

এটা বলার কারণ হচ্ছে যে মাননীয় খাদা মন্ত্রী মহাশয় কখনও বলছেন ৫৩ লক্ষ টন, আবার কখনও বলছেন ৪৮ লক্ষ টন। এটা সম্পূর্ণ নির্ভার করে ক্রপ কাটিং রিপোটের উপর। কত উম্বৃত্ত অথবা ঘাটতি, সেটা অনেক সময় ক্রপ কাটিং রিপোটের উপর নির্ভার করে। সেই জনা আমার প্রমন্ত্রী হচ্ছে যখনই ধানের ফলনের হারটা ঠিক করা হবে, তখন গ্রাম পঞ্চারেতের সপ্তেগ পরামর্শ করে করা হবে কিনা? কারণ, গ্রামপঞ্চারেত অনেক সময় জানতে পারেন না।

গ্রাম পঞ্চারেতগন্তি খুব ভাল ভাবে কাষ্যকিরী হোক, এটা আমরা সকলেই চাই, এবং আমার নিজের মত হচ্ছে প্রামশ্য করে করা উচিত।

Shri Somneth Lahiri:

অতিরিক্ত প্রদান। প্রদানটা করতে আমার একট্ব লক্ষা করছে, তব্ব আমি করছি। আমার সমস্যাটা একট্ব ভিন্ন। দেড় কিলো চালেতে আমার মত খানেওয়ালার চলে। তবে আমাকে কেন আবার এক কিলো করে গম কিনতে বাধ্য করা হবে? এইটাই আমি মাননীয় মল্মিমহাশয়ের কাছে ভিজ্ঞাসা কর্বছি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার মনে হয় এটা কিছ্ নিল'জের মত প্রশন নয়, ভাল প্রশনই করেছেন। কারণ ও'র দর্বারের যে অবস্থা, তাতে দেড় কিলো চালই সহ্য হবে না। আমিইত বলেছি যে আমি এক কিলোর বেশী চাল খাই না। এক কিলো চাল কিনলে আমার ছয় মাস চলতে পারে, কারণ আমি রুটি খাই। রুটি খেরে আমি দেখেছি. কোন অসুবিধা হয় না। কালকে রাত্রে আমি রুটি খেলাম, খিদে লেগেছিল চারখানার বেশী রুটি খেতে পারিনি। কাজে, কাজেই রেশনিং এর ব্যাপারে যদি আমরা বাদ বিচার করতে যাই তাহলে মুস্কিল হবে। তবে, আমরা রুশন লোকদের সম্বদ্ধে এটা ভাবতে পারি—আমাদের কাছে কিছু লোক এসেছিলেন, সোমনাখবাবুর মত হজম শক্তি যাদের লোপ পেরেছে, তাদের জন্য আমরা আলাদা কার্ড করে দেবো, ত তে লিখে দেবা যে হজম শক্তিহীন লোকেব কার্ড।

Shri Dehi Prasad Basu:

আপনার মাধ্যমে মুখ্যমনতী মহাশরের কাছ থেকে জানতে চাচ্ছি, এই যে এ বংসর থেকে গম খাওয়াবার কথা বলা হচ্ছে তা এটা সত্যি যে কেন্দ্রীয় সরকারের কাছে পশ্চিমবণ্গ সরকারের তরফ থেকে এবংসরের জন্য ৩৩ লক্ষ্ণ টন গম চাওয়া হরেছিল কিন্তু তাঁরা এক লক্ষ্ণ টনের বেশী দেবেনা সাফ জবাব দিয়ে দিয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

০০ লক্ষ টন আনলেত সর্বনাশ হয়ে যাবে. ০০ লক্ষ টন গমত আমাদের প্রয়োজন নেই। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে যে পরিমাণ গম চেয়েছি সমস্তই তাঁরা দিতে প্রস্তৃত। তবে মাঝখানে জাহাজ থেকে গম নামাতে অস্থাবিধা হয়েছিল, মাননীয় সদসারা সকলেই জানেন, এবং এখন আমাদের যে পরিমাণ গম লাগবে তার চেয়ে বেশী আমদানী হবে।

Importers of mustard oil

- *73. (Admitted question No. *17.) Shri Sanat Kumar Raha:
- খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-
 - (ক) পশ্চিমবণ্গে কতজন ব্যবসায়ী সরিষার তৈল আমদানি করেন সে সম্পর্কে কোল সরকারী পরিসংখ্যান আছে কিনা;
 - (খ) এই সকল আমদানীকারীদের আমদানী হিসাব পরীক্ষা করার জন্য সরকার হুইতে কোন ব্যবস্থা আছে কিনা : এবং
 - (গ) এই সকল আমদানীকারীদের সংখ্যা কত?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

- (क) शौ।
- (খ) হাাঁ, ওরেন্ট বেশাল এন্টি প্রফিটিয়ারিং এটি, ১৯৫৮ অনুবারী সরিবার তেল ব্যবসারিদের রাজ্য সরকারকে মন্ত্রভাল সম্পার্কত বিবরণী দাখিল করিবার ও অন্যান্য সংবাদ

সরবরাহ করিবার ও অন্যান্য সংবাদ সরবরাহ করিবার এবং উক্ত মাল সম্পর্কিত হিসাব পর রাখিবার বাবস্থা আছে।

(গ) **৭৮**।

Shri Sanat Kumar Raha:

शिकायरका कलकत वावमारी मीवसाव एटल आभागती करवन এवং जात मरशा कल?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

আগেই বলেছি ৭৮।

Shri Sanat Kumar Raha:

আর কত মণ আসে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের এখানে সরষের তেল আর সরবের বীজ যেটা বাইরে থেকে আসে এই দুটি মিলিয়ে। প্রায় ২১ লক্ষ্ণ মণ হয়, আর বাংলাদেশে তৈরী করি ২ লক্ষ্ণ মণ।

Shri Sanat Kumar Raha:

এই যে ২১ লক্ষ মণ তৈরী হয় আমদানী তেল নিয়ে তাতে আমদানী তেল কত হয়, তাতে ভেজাল হয় কিনা এইটে আমান প্রশন ?

The Hon'ble Prafulla Chandra Sen:

ভেজাল থাকতে পারে জানিনা। যদি ভেজাল থাকে, যখন তেল পর্যাণ্ড পরিমাণে পাওয়া ফেতো তখন ভেজালের প্রশন উঠেনি। গত বংসর কেউ বলেনীন যে ভেজাল হয়েছে। এ বংসর তেল যখন কম, ভেজালের প্রশন উঠেছে এবং আমাদের কাছে অনেকে বলেছেন ভেজাল হয়েছে, কেউ কেউ বলেছেন বেরীবেরী হয়েছে। আমরা বলোছ লোককে সেইজনা যে অনা তেল খাওয়া ভাল, কম করে খাওয়া ভাল। আর যে পরিমাণ তেল আমাদের প্রয়োজন সেই পরিমাণ তেল আমাদের এই বংসরে পাবার কোন উপায় নেই। কাজে কাজেই ভেজাল যেটা দিছেে সেটা ধরতে পারলেই আমরা শাস্তি দিছি এবং এ সম্বন্ধে অমাদের মাননীয়া স্বাস্থা মন্দ্রী মহোদেয়া সব

Shri Sanat Kumar Raha:

আমদানী পরীক্ষা করবার মত কি ধরণের বাবস্থা আছে? কি পরিমাণ তেল কোথার বাচ্ছে, কোন গোডাউনে উঠছে, তার হিসাবটা কি, এটা নেবার সংগঠনটা কি আপনাদের গভর্নমেন্টের? এটা কি এনফোর্সমেন্ট দেখে, না গভর্নমেন্টের তেলটা দেখবার বিশেষ ব্যবস্থা আছে সংগঠনের?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

ফ্রড ডিপার্টমেন্টের ইনেসপেক্টাররা দেখেন এবং এনফোর্সমেন্ট রাঞ্চের ইনেসপেক্টাররা দেখেন এবং কপোরেশনের স্যানিটারি ইনেসপেক্টাররাও দেখেন।

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় মখোমল্যী মহাশয় বলেছেন যে ২৩ লক্ষ মণ তেল প্রতি বংসরে আসে পশ্চিমবণ্গে.....

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি বলেছি একথা বে পশ্চিম বাংলায় যে শস্য উৎপক্ষ হয় তা থেকে আমরা ২ লক্ষ মণ ভেল পাই। আর বাকী যে ২১ লক্ষ মণ তেল আমি আন্তকে বলেছি তা থেকে বোধহয় ১৩

.

লক্ষ্যণ তেল হিসাবে আসে বেশীর ভাগ উত্তর প্রদেশ খেকে, আর বাকী তে**ল উংপনের জন্য** প্রায় ১৮ লক্ষ্যণ সবিষয়র বীজ আসে।

Dr. Kanai Lal Bhattacharvva:

আমার জিল্পাস্য হচ্ছে এ বংসরে কত তেল ও সরিষা বীজ আমাদের দেশে এসেছে বার জন্য ঘাটতি এতথানি অনুভূত হচ্ছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি নোটিশ চাই। তবে এইট্রুকু আমি বলে দিতে পারি মাননীয় সদস্যকে বে এবংসর উত্তর প্রদেশে শতকরা ৪০ থেকে ৪৫ ভাগ সরষে বীজের উৎপাদন কম হয়েছে।

[1-50-2-00 p.m.]

Shri Jamini Bhusan Saha:

স্যার, গতকাল সন্ধ্যাবেলার আমার বাড়ীর পাশে একটা তেলের দোকান থেকে ভেজাল তেল বিক্লি করা হচ্ছিল এবং সেখানে প্রায় ২০০ থেকে ৫০০ লোক জড় হরেছিল। এই সম্পর্কে আমি একজন এস আইকে ডেকে বিল, কিন্তু প্রাইমারী কেস থাকা সম্বেও এবং এস আইকে বার বার বলা সত্ত্বেও ৫ ঘন্টার মধ্যে তার বাড়ী বা দোকান সার্চ করা হলনা বা দোকানীকৈ গ্রেম্কার করা হলনা।

The Hon'ble Prafulla Chandra Sen:

সাঞ্চিত্রেন্টারীটা কি হল?

Shri Jamini Bhusan Saha:

তাকে কেন এ্যারেন্ট করা হলনা এবং এই রকম কেস কেন হয়না?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই রকম করে কি সাণ্লিমেন্টারী হয়?

Shri Jamini Bhusan Saha:

কেন সাম্প্রিমন্টারী হবেনা আমার প্রশ্ন হল কেন তাকে এ্যারেন্ট করা হলনা।

Shri Nikhil Das:

আমদানীকারীর সংখ্যা ৭৮ বলেছেন, আমার সাশিলমেন্টারী হল, কতটা তেল এই পর্যন্ত আমদানী হয়েছে, সর্যে নয়।

The Hon'ble Smarajit Bandyopadhyay:

তেল এসেছে জানুরারীতে ৩৬ হাজার মণ, ফেব্রুরারীতে ৫০ হাজার মণ, মার্চ মাসে ৪৭ হাজার মণ, এপ্রিলে ৪০ হাজার মণ, মেতে ২৭ হাজার ৫০ মণ, জ্বন মাসে ১১ হাজার মণ, জ্বলাই মাসে ৪০ হাজার ৯০০ মণ।

Shri Nikhil Das:

যোগ দিয়ে কত হল?

The Hon'ble Smarajit Bandyopadhyay:

৩৬ হাজার, ৫০ হাজার, ৪৭ হাজার, ১১ হাজার এবং এর সপো ১ হাজার বোগ দিলে বা হর ই

Shri Nikhil Doc :

গতবার এই সময়ের মধ্যে কতটা তেল বাইরে থেকে এসেছিল সেই হিসাব আছে আপনার কালেঃ

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীর সদস্যকে আমি বলতে পারি ২০ লক্ষ মণ বছরে লাগে। জানুরারী, ফেরুরারী, মার্চ, এপ্রিল, মে, জ্বন ৬ মাস হয়ে গিয়েছে, গড়ে ১১।১২ লক্ষ মণ গত বছর এসেছিল, সোজা হিসাব।

Shri Nikhil Doc:

কত এসেছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার কাছে হিসাব নাই, নোটিশ দিলে পরে বলতে পারব।

Shri Bejoy Kumar Banerjee:

মন্তিমহাশয় বলেছেন আইনতই আমাদের আমদানী পরীক্ষা করার ব্যবস্থা আছে, ওরেস্ট বেণাল আদিও প্রফিটিয়ারিং অ্যান্ট অব ১৯৫৮ এর কথা বলেছেন, তাতে বিবরণ দেবার ব্যবস্থা আছে সমস্ত সংবাদ দিতে হবে এবং মজ্বত মাল কত আছে তারও বিবরণ দিতে হবে। আমি জানভে চাই, এই আইন অনুযায়ী মজ্বত মাল কার কাছে কত আছে সরকারের কাছে এরকম কাল্টিবরণ আছে কিনা।

The Hon'ble Prafulla Chandra Sen:

এর প্রে যখন সর্যেতেলের উপর নিয়ন্ত্রণ ছিলনা তখন আমরা শুক নিতামনা। এপ্রিলমাসের শেষের দিকে যখন আমরা দাম বে'ধে দিই তখন লোকের কাছে কত দুকৈ আছে তা দিজে বলেছিলাম—মাননীয় সদসা যদি চান কার কাছে কত দুকৈ আছে, পরে দিতে পারব।

Shri Beiov Kumar Baneriee:

এই কোন্ডেন এর আনসার-এ তিনি বলেছেন ওয়েণ্ট বেশ্যল আ্যান্ট প্রফিটিয়ারিং আ্যান্ট-এ আমাদের এখানে কত আমদানী হয় ইত্যাদি সমসত সংবাদ দেবার ব্যবস্থা আছে, সেই বিবরণীর একটা কলমে আছে মজ্বত মাল কত আছে তার বিবরণও দিতে হয়। আমি জিল্পাসা করছি আইনমতই খিদ এই ব্যবস্থা থাকে তাহলে সরকার কি কার কাছে কত সর্বেতেল মজ্বত আছে এই হিসাল ব্যথন।

The Hon'ble Prafulls Chandra Sen:

এই প্রশ্ন যাদ করেন তাহলে নিশ্চয়ই জবাব দেব।

Shri Bejoy Kumar Banerjee: Sir, it is a privilege of the Members to put questions and get answers. This question which I have put as a supplementary question, 1 am entitled to get an answer as to whether,

অমি জ্ঞানতে চাই, কোন্ কোন্ আমদানীকারীর কাছে কত তেল আছে তার লিন্ট সরকারের কাছে আছে কি নেই।

The Hon'ble Smarajit Bandyopadhyay:

মাননীর সদস্য ভূল করছেন, নোটিশ দেওরা হরেছিল *ার্ডেরেরে*র আমদানীকারী কতজন ম**জ্ঞ** আছে কিনা এই প্রণন করলে আমি নিশ্চরই তার জবাব দিতাম, এবং প্রণন করলে নিশ্চরই দেব।

Shri Bejoy Kumar Banerjee:

আপনি বলেছেন বিবরণ দেবর বাবস্থা আছে।

The Hon'ble Smarajit Bandyopadhyay:

আইনে রিটার্ন দেবার ব্যবস্থা আছে, রিটার্ন তাঁরা দেন। কিম্তু প্রশনকর্তা সনং রাহা মশাই সে**টা** চার নি চাইলে নিশ্চরই দিতাম।

Dr. Anath Bandhu Ray: Sir, I want to put a relevant question in connection with this question which has been put by the Hon'ble Member, and I think it will be considered as pertinent.

মিঃ স্পীকার স্যার, কালকে মুখামন্দ্রী মহাশয় বলেছিলেন ও লক্ষ্ণ মধ্যে বাংলাদেশে হয় এবং আজকে আরেকট্র মডারেট স্টেটমেণ্ট দিয়েছেন ২-২। লক্ষ্ণ মণ হয়। যদি ও লক্ষ্ণ মণ্ ধরি ভাষালে পর এই ও লক্ষ্ণ মধ্যে দিয়ে কি আমাদের বাংলাদেশকে বাঁচান চলে না :

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য খুব খাঁটী কথা বলেছেন। তিনি খবরের কাগজে যে বিবৃতি দিয়েছেন সেটাও আমি দেখেছি। আমি কালকে যেটা বলেছিলাম, ২ লক্ষ মণের উপর তেল পশ্চিমবাংলায় উৎপক্ষ হয় আর কয়েক বছরের হিসাং থেকে আমি দেখলাম ২৩ লক্ষ মণ তেল বাংলাদেশে আমরা খাই। আমি আগেই বলেছি ২ লক্ষ মণের কিছু বেশি, কোন কোন বছর ৩ লক্ষ মণও হয় আমাদের পশ্চিমবাংলায়, বাকী ২০।২১ লক্ষ মণ তেল আমাদের বাইরে থেকে আনতে হয়। এর মধ্যে আমি আন্দাজে বলছি—প্রায় ১৩ লক্ষ মণ তেল হিসাবে আসে উত্তর প্রদেশ থেকে এবং প্রায় ৯ লক্ষ্মণ বীজ হিসাবে বাইরে থেকে আনিয়ে আমরা তেল তৈরী করি।

Dr. Anath Bandhu Rav:

ষদি বছরে ৩ লক্ষ মণ সর্বে হয় তাহলে তা দিয়ে আমাদের পশ্চিমবাংলার জনসাধারণের স্বা**স্ঞা** রক্ষা করা চলে কিনা এটাই আমার প্রশন।

[2-2-10 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য বাংলাদেশের একজন বিচক্ষণ ডাক্তার কাজেই তাঁর উপদেশ যদি আমরা শ্রিক তাহকে অনেক রোগের হাত থেকে আমরা বাঁচব এবং সর্যে নিয়ে এত বিতর্ক হবে না।

Dr. Anath Bandhu Ray:

এর একটা অর্থনৈতিক দিক রয়েছে এবং আমি মনে করি এটা একটা অপরচুন মোমেন্ট উপস্থিত হয়েছে। অনেক সময় দৈব দুর্বিপাকে এবং দুর্বক্থার মধ্য দিয়ে আমরা নিজেদের অভ্যাস পরি-ত্যাগ করতে পারি এবং উই ক্যান অ্যাডণ্ট মেজার্স জাণ্ট ট্যু কমব্যাট দিস্ প্রেসিং এক্সিজেন্সী।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদসস্যের সঙ্গে আমি একমত।

Hospital beds for the members of the Legislature

- *100. (Short Notice.) (Admitted question No. *1026.) Shrimati Biva Mitra: Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—
 - (a) whether there is any proposal to allot a few beds and cabins in any hospital to members of the Legislature; and

- (b) if the reply is in the affirmative, will the Hon'ble Minister be pleased to
 - (i) the name of the hospital or hospitals, and
 - (ii) the number of such cabins and beds?

The Hon'ble Purabi Mukhopadhyay: (a) Yes, there is such a proposal.

(b) (i) and (ii) The proposal to reserve a new cabins and paying beds in the paying annexe of the S.S.K.M. Hospital located at 5 Suburban Hospital Road, Calcutta is under the consideration of the Government.

Dr. Kanai Lal Bhattacharvva:

এই যে বেড এবং কেবিন হবে এগুলো পেয়িং হবে তো?

The Hon'ble Purabi Mukhopadhyay:

হাাঁ।

Shrimati Biva Mitra:

এই পেয়িং বেড-এ যখন রোগী থাকবে না তখন এগুলি কি খালি থাকবে ?

The Hon'ble Purabi Mukhopadhyay:

ষে বেড এবং কেবিন হবে সেগ্লোতে এম. এল. এ-র। এবং তাঁদের পরিবারের লোকেরা থাকবেন – অর্থাৎ এগ্লো রিজার্ভতি ফর মেন্বার্স অব দি লোজসলেচার। তবে তাঁরা যদি না চান তাহলে পাবলিক-কে দেওয়া হবে।

Shrimati Biva Mitra:

এম. এল. এ-দের রিলেটিভস্ যাঁরা থাকবেন তাঁরা কি কনসেসন রেট-এ থাকবেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:

এম, এল, এ-বাভ ক্রসেস্র বেট-এ থাক্রের না।

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Rice received from Orissa and Central Government

- *74. (Admitted question No. *74.) Shri Sudhir Chandra Das:
- ধাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মিশ্রিমহাশ্য অনুগ্রহপূর্বক জানাইবেন কি-
 - ক) বর্তমান বংসর উভিষ্যা হইতে জন্ন পর্যাত্ত কত ধান্য ও চাউল পশ্চিমবংশা আসিয়াছে;
 এবং
 - (খ) কেন্দ্রীয় সরকারের নিকট হইতে এই বংসর জ্বন পর্যাত্ত কত চাউল পশ্চিমবংগ সরকার পাইয়াছেন?

The Minister for Food and Supplies:

- (ক) বর্তমান বংসর উড়িষ্যা হইতে জ্বন পর্যন্ত ৬৫,৪৮৪ মেট্রিক টন চাউল এবং ৬,৫৫৯ মেট্রিক টন ধান্য পশ্চিমবঙ্গে আসিয়াছে।
- (শ) এই বংসর জ্বন পর্যাত্ত কেন্দ্রীয় সরকারের নিকট হইতে পশ্চিমবঙ্গা সরকার ৬৯,০০০ মেট্রিক টন চাউল পাইরাছেন।

Supply of rice through M. R. Shops

- *75. (Admitted question No. *81.) Shri Shambhu Charan Ghosh:
- খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্দ্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-
 - (ক) পশ্চিমবশ্যের বিভিন্ন জেলার এম আর সপগ্রলিতে মোট চাউলের চাহিদা কত: এবং
 - (খ) এম আর সপগ্রিলতে মোট চাহিদার কত শতাংশ অফ্র-টেক হয়?

The Minister for Food and Supplies:

(ক) রেশন কার্ড অন্যায়ী জন (ইউনিট) পিছু সাম্তাহিক ১ কৈলো চাউলের হিসাবে পশ্চিমবংশের সমস্ত জেলার মাসিক চাহিদা নিন্নরূপ—

মেটিক টন

मर्त्राक्ल -- ১.৩৯०

গ্রামাঞ্চল — ৪০.৯১৩

(খ) গত জনুন মাসে সহরাঞ্জে চাহিদার উপর প্রদত্ত চাউলের শতকর। ৩০ ভাগ 'অফ টেক' ঃইয়াছে।

Office-building for Mayna N.E.S. block office

- *76. (Admitted question No. *214.) Shri Ananga Mohan Das:
- **চবি ও সমন্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্দ্রিমহাশয় অনুগ্রহপূর্বেক জানাইবেন কি**
 - (ক) মেদিনীপুর জেলার ময়না থানাতে কোন সনে এন্ ই এস-রক সংস্থাপিত হইয়াছে:
 - (খ) উক্ত ব্রকের নিজম্ব কোন অফিস গৃহে আছে কিনা:
 - (গ) যদি না থাকে তাহার কারণ কি:
 - (ঘ) উক্ত ব্রকের নিজম্ব অফিসগৃত অবিলম্বে নির্মাণের কোন প্রম্তাব আছে কিনা: এবং
 - (৬) ঐ ব্রকের অফিসগৃহ নির্মাণের জন্য কত টাকা বরান্দ হইয়াছে?

The Minister for Agriculture and Community Development:

- (ক) এপ্রিল ১৯৫৯ সালে।
- (খ) না।
- (গ) অফিস গৃহ নির্মাণের জমি এখনও নির্বাচিত হয় নাই।
- (घ) शौ।
- (৩) অন্য সকল রকের মতই এই রকেরও বাজেটে অফিস গৃহ বাবদ ২৫,০০০ টাকা ও মচারীদিগের বাসগৃহ বাবদ ১,০০,০০০ টাকা বরান্দ আছে।

Scarcity of rice

- *77. (Admitted question No. *252.) Shri Gour Chandra Kundu:
- দ্যে ও সরবরাহ বিভাগের মাননীয় মন্তিমহাশের অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
 - (ক) সরকার কি অবগত আছেন বে, চাউলকল মালিকরা বিভিন্ন জেলার চাউল বাবসারীদের সরকার নির্ধারিত দরে চাউল সরবরাহ করিতে অস্বীকার করার ফলে বাজারে চাউলের দাম বৃশ্বি পাইরাছে এবং সরকার নির্ধারিত দাম অপেক্ষা অনেক বেশী দামে চাল বিজয় ইইতেছে:

- (খ) বিভিন্ন জেলার চালের বড় বড় ব্যবসারীরা চাউল মজন্দ করিয়া বাজ:রে কৃতিম অভাব স্থিত করিয়া বেশী দামে চাউল বিক্রয় করিতেছেন বলিয়া সরকারের নিকট কোন সংবাদ পেশছিয়াছে কি:
- (গ) বদি "খ" প্রশেনর উত্তর "হাঁ" হয়, তবে সরকার ঐ ব্যবসায়ীদের বিরুদ্ধে কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন এবং কত ব্যবসায়ীকে এ প্রযুক্ত গ্রেণ্ডার করা হইয়াছে, এবং কত মজুদ চাল উম্থার করা হইয়াছে ?

The Minister for Food and Supplies:

- (ক) মিল মালিকদের ব্যাপকভাবে এইর্প আইন বিরোধী কার্বে লিণ্ড থাকা সম্পর্কে নিদিন্ট অভিযোগ পাওয়া যায় নাই। তবে দ্বই জন মিলমালিককে এই প্রকার আইন বিরোধী-কার্যে লিণ্ড থাকিবার অভিযোগে ভারতরক্ষা আইনে আটক করা হইয়াছে।
- (খ) বেশী দামে চাউল বিক্রয়ের অভিযোগে বহু ব্যবসায়ীকে অভিয**ৃত্ত করা হইয়াছে। তবে** ব্যাপক আকারে ব্যবসায়ীদের চাউল মজতুত সম্পর্কে কোনও সঠিক সংবাদ সরকারের গোচরে আসে নাই।
- (গ) ১৯৬৪ সালের জান্যারী হইতে জনুন মাস পর্যন্ত ১০১ জন খ্রুচরা এবং ২ জন পাইকারী বাবসায়ীকে গ্রেশ্তার করা হইয়াছে। ইহাদের মধ্যে ৩৬ জন খ্রুচরা বাবসায়ী দণিডত হইয়াছেন এংং অবশিষ্ঠ মামলাগানলি বিচারাধীন আছে। উত্ত সময়ের মধ্যে ৪,৯০,১৯৮ কুই-ন্টালে ও ১১ কিলোগ্রাম চাউল এবং ধান উন্ধার করা হইয়াছে।

Theft of a machine from Coal Mining Machinery Plant

- *78. (Admitted question No. *286.) Shri Aswini Roy: Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—
 - (a) whether the Government is aware that a machine worth Rs. 20,000 was stolen from the Coal Mining Machinery Plant, Durgapur, in the district of Burdwan in the second week of January 1964; and
 - (b) if so, what action was taken by the Government for the recovery of the said machine?

The Minister for Home (Police): (a) On the night of 10th January 1964 one dividing machine worth Rs. 10,000 (approximately) was stolen from Block No. 3 of Coal Mining Machinery Project, Durgapur.

(b) Necessary action was taken by the Police and the machine has since been recovered.

Deep irrigation tubewells in Murshidabad district

- 79. (Admitted question No. *355.) Shri Kashi Kanta Maitra: Will the Hon'ble Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—
 - (a) the number of deep irrigation tubewells sunk in the district of Murshidabad;
 - (b) how many of such tubewells already sunk are being worked at present;
 - (c) what is the cost for sinking each of these tubewells?

The Minister for Agriculture and Community Development: (a) 33.

- (b) Six.
- (c) A statement showing cost of sinking of each of the tubewells it enclosed.

Statement referred to in reply to clause (c) of starred question No.355 List of Deep Tubewells existing in the district of Murshidabad.

Sl. Tubewell No. No.		Location	Actual expenditure incurred.		
				Rs.	
1.	7.M	Chaltin-1		19,673.58	
2.	8M	Tarakpur		20,210.50	
3.	9M	Chaltia-11		15,505,00	
4.	0M	Bhabta .		. 19,429.01	
5. 1	1 M	Gopmathpur		19,181.34	
6. 1	2M	Baninathpur		20 \$68.51	
7. 1	3M	Surapur		23,053,83	
8. 1	4M	Ramchandpur		21,073.91	
9. 1	5M	Mødhupur		. 21,564.16	
10.	6M	Alampur		27 436.42	
11. 1	7M	Madimp.n-11		21,009	
12.	8M	Surangapur-11		23,412.59	
13.	9 M	Sankra		22,170,91	
14.	20M	Gangadhem-I .		. 22,104.42	
15.	21 M	Maharadpur		22,613.67	
16.	22M	Gangadham-H		21,924.75	
17 :	23M	Chandpur		. 23,187.91	
18.	24 M	Dangapara (Gatatala)		. 22,141.75	
19.	25M	Roypur-II		22,135.92	
20.	26M	Chandpur-1		23,565.33	
21.	27M	Roypur-I		20,966.25-	
22.	28M	Ramnachandpur-II	• •	21,329.17	
23.	29M	Gahanipur	. •	21,229.92	
24.	30M	Porrishathpur		20,423.41	
25.	31M	Choa		22,968.17	
26.	32M	Shreepur		21,935,00-	
27.	33M	- Sahazadpur		22,321.00	

8	tatement rej	erred	10	in repi	y t	0 0	lause (C) 01	ntarred	quent	ion 1	Vo. 3	355— cor	cld	

Sl.	Tube veli	Location	Actual exp in liture
No.	No.		incurred.
28.	Ex-14 MD-1	Chandipur	
29.	Ex-15 MD-2	Takipur	There are Exploratory Tubewells set up by the
3 0.	Ex-16 MD-3	Edrakpur	Exploratory Tubewell Organisation of the Govt. of India. Expenditures
31.	Ex-17 MD-4	Domkol	on these Tubewells have been initially incurred by them and not yet inti-
32.	Ex-46 MI)-5	Ayra	mated to the St ate Government.
.33.	Ex-47 MD-6	Madhupur	

Arrests for hoarding rice and oil

- *80. (Admitted question No. *368.) Shri Tarun Kumar Sen Gupta: >ব্রাজ্র (প্রালশ) বিভাগের মাননীয় মিলিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
- (ক) চাউল ও তৈলের উপর মূল্য নিয়ন্ত্রণ আইন চাল্কেরবার পর হইতে ১৫ই জ্লাই পর্যক্ত কলিকাতা শহরে ও পশ্চমবাংলার বিভিন্ন জেলায় কতজন চাউল ও তৈল মিলের মালিক, পাইকারী ও খুচরা ব্যবসায়ী মজ্বতদারী এবং অতি মনোফার দায়ে—
 - (১) গ্রেণ্ডার হইয়াছেন, (২) সাজা পাইয়াছেন. ও
 - (৩) ২,000 টাকরে অধিক জরিমানা হইয়াছে : এবং
 - (খ) সর্ব্যোট কি পরিমাণ চাউল এবং তৈল মজ্বতদারীর জন্য বাজেয়াণত করা হ**ইয়াছে**? The Minister for Home (Police):
 - (क) (১). (২) ও (৩) সম্পর্কে একটি বিবরণী প্রদন্ত হইল।
- (খ) কলিক ভায় ১৬৫ ০৩০ কুইণ্টাল চাল এবং জেলাসমূহে ৩২ কুইণ্টাল ১০ কে জি ধান বাজেয়াণত হয়।

Statement	referred to in reply	to clause (Ka) of sta	arred question No. 368.
	গ্রেণ্ডারের সংখ্যা	সাজা প্রাণ্ডের সংখ্যা	২০০০ টাকার অধিক জরিমানা-দণ্ডপ্রাণ্ডের সংখ্যা
যিলমালিক			
চাউল	8	>	
তেল	•	2	
স্থাইকা রী	ব্যবসায়ী		
চাউল	220	₹8	
তৈল	Œ	8	
খ্করা ব্যব	সায় ী		
চাউল	GRA	0 38	
তৈল	224	29	

Government employees killed or injured during the last disturbances

- *81. (Admitted question No. *510.) Shri Birendra Narayan Roy: স্বৰাজ (প্ৰতিশ) বিভাগের মাননীয় মণ্টিমহাশয় অনুগ্ৰহপূৰ্বক জানাইবেন কি—
 - (ক) গত জান্মারি ১৯৬৪ সালে পশ্চিমবংগর বিভিন্ন অঞ্চলে যে দাংগা হয় তাহতে কতবিরত মোট কয়জন সরকারী ক্যাচারী হতাহত অথবা নিহত হন: এবং
 - (খ) উক্ত হাংগামায় মোট কত টাকার সরকারী সম্পত্তি নন্ট হইয়াছে?

The Minister for Home (Police):

- (ক) ৫২ জন আহত এবং ৩ জন নিহত হন।
- (খ) क्कতির পরিমাণ নির্ম্পারণ করা সম্ভব হয় নাই।

Sadachar Samiti

*82. (Admitted question No. *8.) Shri Somnath Lahiri:

স্বরাষ্ট্র (দুন'ীতি দমন) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

- (ক) জনসাধারণের অভিযোগ গ্রহণ ও নির্ম্পান্তর জনা সদাচার সমিতি গঠনের প্রয়োজন সম্পর্কে পশ্চিমবৃত্য সরকার কি কেন্দ্রীয় স্বরাণ্ট্র মন্ত্রণালয় হইতে সম্প্রতি কোনো পত্র পাইয়াছেন:
- (খ) ঐরূপ পর পাইয়া থাকিলে উহার মূল বস্তব্য কি; এবং
- (গ) জনসাধারণের অভিযোগ গ্রহণ ও নিম্পত্তির জনা বর্তমানে পশ্চিমবাংলায় কি কি ব্যবস্থা আছে?

The Minister for Home (Anti-Corruption):

- (ক) ও (খ) হাাঁ। এই সম্পর্কে একটি পত্র পাওয়া গিয়াছে। কেন্দ্রীয় সরকারের প্রগতানিত সদাচার সমিতি গঠনের প্রে অনেকগ্রিল বিষয় পরিষ্কারভাবে জানা দরকার। এই সম্বধে কেন্দ্রীয় সরকারের সহিত পত্রালাপ চলিতেছে।
- (গ) জনসাধারণের নিকট হইতে দুন্নীতির অভিযোগগানিল সাধারণতঃ মুখামন্টা, মুখাসচিব অথবা স্বরাণ্ট্র (অপ্রচার-নিরোধ) বিভাগের সচিবের নিকট পাঠান হয়। উত্ত বিভাগ ঐ অভিযোগগানিল বিবেচনা করেন এবং স্কুপণ্ট তথা-সম্বলিত অভিযোগ সম্বন্ধে ওাঁহারা অনুস্থান করেন। অনুস্থানের পর উপযুক্ত ক্ষেত্রে সংশ্লিট কর্মাচারীকে সরাসরি বিচারালয়ে অভিযুক্ত করিবার বাবকথা গ্রহণ করা হয়। অন্যান্য ক্ষেত্রে বিচারালয়ে অভিযোগ আনার পরিবর্তে বিভাগীয় ব্যবক্থা অবলম্বনের প্রয়োজনীয়তা অন্যুভূত হইলে মুখামন্টার দণ্ডরের একজন স্পেশাল অফিসার স্বরাণ্ট্র (অপ্রচার-নিরোধ) বিভাগের অনুস্থান-রিপোর্ট পরীক্ষা করেন এবং উপযুক্ত মনে করিলে তিনি একটি অভিযোগের খসড়া প্রস্তুত করেন। অতঃপর মুখামন্টার দণ্ডরের অপর একজন স্পেশাল অফিসার ঐ অভিযোগের ভিত্তিতে বিভাগায় তদন্ত পরিচালনা করিয়া থাকেন। উপরিউক্ত উভয় স্পেশাল অফিসারই অবসরপ্রাণ্ড জেলা-জজ। তদন্তে যদি কোনও অভিযোগ প্রমাণিত হয় তবে সংশিল্ট প্রশাসনিক বিভাগ যথোপযুক্ত শান্তির ব্যবক্ষা করিয়া থাকেন। এই সম্পর্কে স্পেশাল অফিসারের নিকট যথাযথ নির্দেশদান মুখাসচিব করেন এবং তাঁহার নিকটই স্পেশাল অফিসার রিপোর্ট দাখিল করেন।

License for selling rice and paddy in Calcutta

- *83. (Admitted question No. *18.) Shri Sanat Kumar Raha:
- খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্তিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-
 - (ক) কলিকাতায় খোলা বাজারে ধান ও চাউল বিক্রয় করিবার জন্য কতজ্বনকে লাইসেক দেওয়া হইয়াছে:

- (খ) এই সকল লাইসেন্সধারী বিক্রেতকে মোট কত পরিমাণ চাউল বিক্রয় করিবার অধিকার দেওরা হইয়াছে; এবং
- (গ) গত ছয় মাসে তাঁহারা কত চাউল কি দরে বিক্র ক রয়াছেন?

The Minister for Food and Supplies:

- (ক) কলিকাতায় খোলা বাজারে মোট ১০,৩৫১ জনকে ধানা ও চাউলের বাবসা করিবার জন্য লাইসেন্স দেওয়া হইয়াছে।
- (খ) পাইকারী ব্যবসায়ীর জন্য প্রতিবারে ৭৫ কিলোগ্রাম বা তদধিক বিক্রয়ের এবং এক-কালীন মোট ২০ কুইন্টালের উধের্ব মজনুত রাখার সীমা নিদেশি করা হইয়াছে। খাচরা ব্যবসায়ীদের জন্য প্রতিবারে উধর্বতম বিক্রয় সীমা ৪ কুইন্টালে নিদিটি ইইয়াছে এবং তাহাদিগকে এককালীন মোট সর্বোচ্চ ১০০ কুইন্টালে পর্যান্ত মজনুত রাখিতে সীমা নিদিটি করা ইইয়াছে। যে সব খাচর: ব্যবসায়ী এককালীন ২০ কুইন্টালের অধিক মজনুত রাখেন না তাহাদিগকে লাই-সেন্স ব্যখিতে হয় বটে কিন্তু কোন লাইসেন্স ফি বা সিকিউরিটি ডিপোজিট দিতে হয় না।
- (গ) গত মার্চ হইতে জনুন মাস পর্যন্ত খন্চরা ব্যবসায়ীরা ৪৭৪, ৭৫১ কুইন্টালে চাউল বিক্রয় করিয়াছেন। এবং দর প্রতি কেজি ৬৮ প্রসা হইতে ৮০ প্রসা পর্যন্ত ছিল।

Supply of electricity to Digha Sanatorium

- *84. (Admitted question No. *66.) Shri Sudhir Chandra Das:
- উল্লয়ন ও পরিকশপন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--
 - ইহ। কি সতা যে, ডি ভি সি-র বিদাৎে সরবরাহ লাইন দীঘা স্বাস্থা নিবাস পর্যতি
 লইয়া যাইবার বাবস্থা চলিতেছে; এবং
 - (খ) সতা হইলে, ঐ লাইন মেদিনীপুর জেলার কোন্ কোন্ শহরের মধ্য দিয়া লইয়া যাই-বার পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে ?

The Minister for Development:

- (ক) না।
- (খ) প্রশ্ন উঠে না।

Levy on rice-mills

- *85. (Admitted question No. *82.) Shri Shambhu Charan Ghosh:
- খাদ্য ও সরংরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---
 - (ক) পশ্চিমবংগার চাউল কল হইতে এই বংসর (১৯৬৪) কত পরিমাণ চাউল লেভী বাবদ আদার হইবার কথা আছে:
 - (খ) চাউলকলগালি হইতে কত পরিমাণ চাউল এই বংসর এ যাবত লেভী বাবদ সরকারের হাতে আসিয়া পেণিছয়াছে এবং
 - (গ) লেভী বাবত আদায়ীকৃত চাউলকলগুলি কি ভাবে বণ্টন করা হইতেছে?

The Minister for Food and Supplies:

(ক) চাউল কলগ্যলির তাহাদের দৈনন্দিন উৎপদিনের শতকরা ২৫ ভাগ লেভি বাবদ সরকারকে দেয়। অতএব সরকারের লেভি বাবদ আদারের পরিমাণ চাউল কলগ্যলির প্রাত্তিক উৎপাদনের উপর নির্ভারদাল। এমতাবদ্ধায় ১৯৬৪ সালে কত পরিমাণ চাউল লেভি বাবদ আদার হইবে তাহা সঠিক বলা সরকারের পক্ষে সম্ভব নহে।

- (খ) ২৫-৭-৬৪ তারিখ পর্যন্ত প্রাণ্ড রিপোর্ট অনুবারী সরকার কর্তৃক লেভি বাবদ সংগ্রেতি চাউলের মোট পরিমাণ ৯৭,২৭৫ মেট্রিক টন।
- (গ) লেভি বাবদ আদারীকৃত চাউল কলিকাতার শিশ্পাণ্ডলে ন্যায্য ম্লোর দোকানে ও জেলা অণ্ডলে মডিফারেড রেশন সপ মারফত বিভিন্ন এলাকার জন্য সরকার কর্তৃক বিভিন্ন শ্রেণীর চাউলের যে দর নিধারিত হুইয়াছে সেই দরে বংটন করা হুইতেছে।

Boundary-bundhs of the villages in Pingla police-station

- *86. (Admitted question No. *219.) Shri Ananga Mohan Das:
 কৃষি ও সম্মিট উন্নয়ন বিভাগের মাননীয় মন্দ্রমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
 - (ক) মেদিনীপুর জেলার পিংলা থানার কোন্ কোন্ গ্রামের সীমাবাধ গত ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সনে সংস্কারের জন্য মল্পুর হইয়াছিল এবং তক্ষধ্যে কোন্ কোন্-টির কাজ শেষ হইয়াছিল
 - (খ) এই বংসর ১৯৬৪-৬৫ সনে কোনু কোনু গ্রামের বাঁধ সংস্কারের মঞ্চরী আছে: এবং
 - (গ) ঐগালিব কাজ কবে আবদ্ভ হুইবে?

The Minister for Agriculture and Community Development:

- (ক) ১৯৬২-৬৩ সালে কোন সীমা ভেড়ী বাঁধ কৃষি বিভাগ কর্তৃক মঞ্জুর হয় নাই। ১৯৬৩-৬৪ সালে নিম্নলিথিত ২টি সীমা ভেড়ী বাঁধ মঞ্জুর ও সংস্কার করা হইয়াছিল। (১) সাহাডদা গ্রামে সাহাডদা ভেড়ী বাঁধ · (২) দণ্ডদীবা গ্রামে দণ্ডদীবা ভেড়ী বাঁধ।
- (থ) ১৯৬৪-৬৫ সালে পিংলা থানায় কৃষি বিভাগ হইতে অদ্যাবধি কোন বাঁধ মঞ্জুর হয় নাই।
 - (গ) প্রশ্ন উঠে না।

Proposal for full rationing in North Dum Dum municipal area

- *87. (Admitted question No. *374.) Shri Tarun Kumar Sen Gupta:
 খাদ্য ও সরংরাহ বিভাগের মাননীয় মন্দ্রিমহাশ্য় অনুগ্রহপূর্ব জানাইবেন কি—
 - (ক) ইহা কি সত্য যে, চন্বিশপরগনঃ জেলার উত্তর দমদম পোর অণ্ডলে প্রা রেশনিং প্রথা চাল্য নাই;
 - (খ) যদি (ক) প্রশেনর উত্তর হাাঁ হয়়, মাননীয় মদিয়মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
 - (১) कि कि कातरा छेड़ अलाकाय भूता रतर्गानर अथा ठाला कवा रख नारे: अवर
 - (२) धे अक्टल भूता त्रभीनः हाल, कतिवात श्रम्ञाव आह्य कि ना?

The Minister for Food and Supplies:

- (ক) হা।
- (খ) (১) ও (২) অন্যান্য এলাকার মত উক্ত এলাকার আংশিক রেশন প্রথা এম-আর চাল্য করা আছে তবে যদি মাননীর সভা সংবিধিবস্থা স্ট্যাট্টেরী রেশনিং-এর কথা মনে করিয়া থাকেন, ইহা বর্তমানে সরকারের বিবেচনার্শান আছে।

Allotment of sugar for sugarcandy manufacturers

- *88. (Admitted question No. *389.) Shri Kashi Kanta Maitra: Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—
 - (a) if it is a fact that Hon'ble Shri Saila Kumar Mukherjee, the present Finance Minister, held an enquiry into muddle relating to allotment of sugar for sugarcandy manufacturers in Howrah between March, 1964 and July, 1964;
 - (b) if so, what are the findings of the enquiry:
 - (c) if 'Probhat Sugarcandy Works' at Mackenzie Lane, Howrah, is an allottee:
 - (d) if so, since when and quantities allotted to this firm since the time when it became an allottee?

The Minister for Food and Supplies: (a) Yes. An enquiry was made by Hon'ble Finance Minister into the activities of Sugarcandy Manufacturers of Howrah.

- (b) Quite a No. of the Sugar Candy Manufacturers were found not to have been paying any income tax or paying a nominal sum as income tax inspite of their having earned substantial profits. Some of these dealers were found also to have been purchasing sugar at higher rates from the black market.
 - (c) Yes.
 - (d) (i) Since 6th April 1964.
 - (ii) 150 quintals per month since the above date.

Charge of contempt of Court against some big officers

89. (Admitted question No. '464.) Shri Cour Chandra Kundu: Will the Hon'ble Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state in view of the recent judgment against some big officers including ex-D.M. Shri D. Banerjee, present A.D.M. Shri Sen in the district of Nadia by the Hon'ble High Court on a charge of contempt of court, what action, if any, have been taken against them by the Government?

The Minister for Home (General Administration): As the officers in question have decided to prefer an appeal against their conviction by the High Court in the case referred to, the decided prefer to await the result of the appeal before taking any action on the basis of the High Court's judgement.

Price of mustard oil

- *90. (Admitted question No. *533.) Shri Birendra Narayan Ray:
- খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মিল্যিহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-
 - ইহা কি সত্য যে, গত এপ্রিল মাস হইতে সরিষার তেলের দাম অত্যুক্ত বৃদ্ধি
 পাইয়াছে: এবং
 - (খ) কলিকাতা ও পার্শ্ববতী এলাকায় ১৯৬৪ সালের এপ্রিল, য়ে, জ্বন এবং জ্বলাই মাসের বর্তমান সময় পর্যক্ত কোন্ মাসে কি দরে ঐ তেল পাইকারী এবং খ্চয়া বিভয় হইয়াছে?

The Minister for Food and Supplies:

- (क) जी।
- (খ) এতংসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (Kha) of starred question No. *90.

Statement showing minimum wholesale and retail prices of mustard oil in Calcutta and Serampere.

	Calc	itta	Serampore.			
	Wholesale prices in rupees per Quintal :	Retail prices in rupces per kilogram :	Wholesale prices in rupees per Quintal:	Retail prices in rupees per kilogram		
April, 1964 (3rd week)	 293,00	30.07	237.00	3.00		
May, 1964 (3rd week)	 290.00	3.00	278.00	3.00		
June, 1964 (3rd week)	 315.00	3.25	309,00	3.25		
July, 1964 (3rd week)	 315.00	3.25	309.00	3.25		

Arrest of wholesalers and retailers in food articles

- *91. (Admitted question No. *12.) Shri Somnath Lahiri: Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state-
 - (a) how many wholesalers have been arrested in connection with the Government's drive against black-marketing of food articles since May, 1964;
 - (b) how many retailers have been arrested for the same reason during the same period; and
 - (c) what are the names of wholesalers who are arrested?

The Minister for Food and Supplies: (a) 96 up to 27-7-1964.

- (b) 1,041 up to 27-7-1964.
- (c) A statement is laid on the table.

Statement referred to in reply to clause (c) of starged question No. 91.

- Gunadhar Dey. Prafulla Kr. Samanta.
- Ram Kr. Bariwalla. Janki Pr. Dalal. 3.
- 5. Ramniwas Gupta.
- Hardwarilal Gupta.
- 7. Tarachand Agarwalia.

- 8. Banwarilal Agarwalla.
- 9. Hrid Narayan Agarwalla.
- 10. Ram Lachan Shaw.
- 11. Birendra Kr. Nandy.
- 12. Phulchand Shaw.
- 13. Sourendra Mohon Banerjee.
- 14. Kamala Bala Bose.
- 15. Kedar Nath Bose.
- 16. Ram Lakshan Shaw.
- 17. Ratanlal.
- 18. Hiralal Shaw.
- 19. Lakshon Das.
- 20. Haran Ch. Pal.
- 21. Phulchand Gupta.
- 22. Tarak Nath Dutta.
- 23. Atul Krishna Dutta.
- 24. Srish Ch. Addy.
- 25. Surendra N. Kar.
- 26. Matajagat Missir.
- 27. Kashi Prosad Saha.
- 28. Adhir Kr. Sen.
- 29. Ranı Karan Baldeoa.
- 30. Ram Kr. Agarwalla,
- 31. Prabhudoyal Agarwalla,
- 32. Madanlal Agarwalla.
- 33. Kaluram Agarwalla.
- 34. Sagarmal Agarwalla.
- 35. Misrilal Gupta.
- 36. Muradlal Marwaii.
- 37. Jagdish Pr. Agarwalla.
- 38. Sachinchar Shaw.
- 39. Sambhunath Roy.
- 40. Hazarilal Sharma.
- 41. Ganesh Ch. Basak.
- 42. Sankar Lal Behari.
- 43. Babulal Agarwalla.
- 44. Dhirendra N. Guha
- 45. Birendra Lal Dhar.
- 46. Harekrishna Das.
- 47. Dilip Kr. Kundu.
- 48. Chotan Ram.
- 49. Rajendra Pr. Agarwalla.
- 50. Manindra Ch. Saha.
- 51. Jagadish Ch Saha (Millowner).

- 52. Banshidhar Marwari (Millowner).
- 53. Balai Charan Paul.
- 54. S Kundu.
- 55. Manindra N. Chiney (Millowner).
- 56. Amarendra N. Paul.
- 57. Yasin Molla.
- 58. Sudhir Kr. Mitra.
- 59. Benov Kr. Baneriee.
- 60. Beiov Kr. Dutta.
- 61. Bimal Ch. Mandal.
- 62. Tarak N. Sarkar.
- 63. Bishnupada Sarkar.
- 64. Jetindra N. Mandal.
- 65. Tarun Kr. Bhattacharya,
- 66. Tincowri Das.
 - 7. Birendra N. Mandal.
- 68. Benin Behari Pramanick.
- 69. Satya Narayan Das.
- 70. Banshi Badan Pramanick.
- 71. Anil Kr. Das.
- 72. Abani Bhusan Nanda.
- 73. Madan Mohan Rakshit,
- 74. Manmath Kundu.
- 75. Mulchand Marwari.
- 76. Phani Bhusan Mukherji.
- 77. Paresh Chandra Kundu.
- 78. Biswanath Dutta,
- 79. Satormal Somani.
- 80. Bata Krishna Sett.
- 81. Chandi Charan Sadhu Khan,
- 82. Anil Kumar Biswas.
- 83 Sudhangshu Bairagi.
- 84. Ramesh Chandra Koyal.
- 85. Ajit Kumar Sadhu Khan,
- 86. S. K. Sayadul Islam.
- 87. Haridas Sadhukhan.
- 88. Sew Ratan Lakhotia.
- 89. Ram Awatar Agarwalla.
- 90. Hanumandas Gupta.
- 91. Puskar Dayal Agarwalla.
- 92. Dayalal Kerani.
- 93. Kanayallal Bazaz.
- 94. Governge Lal Kundu.
- 95. Ram Chandra Poddar.
- 96. Mohan Lal Poddar.

Rice and paddy stocked by stockists

- *92. (Admitted question No. *60.) Shri Sanat Kumar Raha:
- খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্দ্রিমহাশয় অন্গ্রহপূর্বক জানাইবেন কি-
 - (ক) পশ্চিমবঙ্গে কি পরিমাণ চাল এবং ধান মজ্বতদারের ঘরে আছে এ বিষয়ে সরকারী তথ্য আছে কিনা:
 - (খ) থাকিলে উক্ত তথ্য কিভাবে সংগৃহীত হয়?

The Minister for Food and Supplies:

- (ক) কেবল মাত্র লাইসেন্স প্রাণত চাউল বিক্রেতাদের চাউলের হিসাব সরকারের নিকট **মকে** এবং ৩০-৬-৬৪ তারিথ পর্যনত উক্ত চাউলের পরিমাণের একটী বিবরণ সংলণন করা হ**ই**ল।
- (খ) লাইসেন্স প্রাপ্ত বিক্রেতারা সরকারের নিকট রিটার্ন দাখিল করেন এবং ঐ রিটার্ন হুইতেই উক্ত তথ্য সংগ্রহীত হয়।

Statement referred to in reply to clause (Ka) of starred Assembly question No. 92

Statement showing districtwise stocks of rice and paddy held by the licences under the West Bengal Rice and Paddy Control Order, 1964, at the end of 30th June 1964.

		(F	igures in Mo	etric Tonnes)			
Districts	Wholesaler		Prod	ucer	Retailer.		
	Rice	Paddy	Rice	Paddy	Rice	Paddy	
Calcutta	2,178	554	••		1,774	8	
24-Parganas	7,530	6,349	31	336	2,723	91	
Nadia	1.169	38	4	24	868	39	
Murshidabad	2 922	599	46	997	926	81	
Burdwan	 6,123	9,241	48	1,127	342	144	
Birbhum	 3,982	8,426	143	458	153	52	
Bankura	 6,354	4,442	53	684	184	143	
Midnapore	6,021	8,427	60	2.087	541	158	
Hooghly	4,073	4.153	10	440	917	207	
Howral:	1,608	481		23	1,556	244	
West Dinajpur	 7.139	6.744	840	3,794	88	13	
Jalpaiguri	 13,664	4,665	21	876	563	5 5	
Darjeeling	 5,435	935	3	32	1,737	88	
Malda	 739	48		134	н	1	
Cooch Behar	 765	1,313	4	249	344	177	
Purulia	856	527	8	79	76	24	
State Total :	 70,558	56,942	1,271	11,340	12,873	1,475	

Orissa rice

- *93. (Admitted question No. *92.) Shri Shambhu Charan Ghosh:
- খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় ফন্তিমহাশ্য অন্তহপূর্বক জ্যনাইবেন কি
 - (ক) বর্তমান বংসরে উভিষ্য। ইইতে কত প্রিশাণ চাউল পশ্চিমবংশ আসিয়াছে:
 - (থ) উড়িষ্যা ইইটে রাজ্য সরকার সরাসরি কত পরিমাণ চাউল পাইয়াছেন এবং ব্যবসাদার শ্রেণী কত চাউল আনিয়াছে; এবং
 - (গ) উড়িষ্যা হইতে ব্যবসাদার শ্রেণী যে চাউল আনিয়াছে, তাহা কোথায় কোথায় বিক্র করা হইয়াছে ?

- ৯ । শ্রীকান্তিক বস—সর্বভারতীয় খ্যাতি সম্পন্ন ক্লিকেট খেলোয়াড় এবং পাতিয়ালাম্থিত ন্যাশানাল ইন্পিটিউট অব স্পোর্টসের ক্লিকেট শিক্ষক।
- ১০। শ্রীদিলীপ বস্কু-ভারতের প্রথম এশিয়ান লন টেনিস চ্যাম্পিয়ন। নিথিল ভারত ক্রীড়া পরিষদের সদস্য এবং পাতিয়ালাম্থিত ন্যাশানাল ইনজিটিউট অব স্পোর্টসের পরিচালক পর্যদের সদস্য।
 - ১১। গ্রীপৎকজ রায় ভারতের প্রখ্যাত টেফ্ট ক্রিকেট খেলোয়াড।
- ১২ । শ্রীশৈলেন্দ্রনাথ মামা--প্রখ্যাত ফ্র্টবল খেলোয়াড়, অলিম্পিক ফ্র্টবল খেলায় ভারতীয় দলের অধিনায়ক, বিদেশে শিক্ষণ প্রাণ্ড ফ্রেটবল শিক্ষক।
- ১৩ । ডাঃ অমরনাধ মুখোপাধ্যায়--বিভিন্ন ক্রীড়া সংস্থার সহিত সংশ্লিষ্ট এবং এ্যামেচার বক্সিং এ্যাসোসিয়েশনের সভাপতি ।
- ১৪। শ্রীনিম'লেন্দ্ দে∵সমাজ সেবী এবং বিভিন্ন জ্রীড়া সংস্থার সহিত সংশ্লিন্ট এবং জাতীয় জ্রীড়া ও শক্তিসংঘের অনাতম সংগঠক।
- ১৫ । খ্রীএন ক্রাডয়াস—ভারতের প্রখ্যাত হকি খেলোয়াড়, বিশ্ব আলিম্পিকে তিনবার যোগদান করিয়াছিলেন ।
- ১৬ । শ্রীকে, কে, দাস-রেলওয়ে ক্রাঁড়া পর্যদের সহিত সংশ্লিষ্ট এবং কৃষ্টিত ও ভারোত্তলন বিষয়ক বিভিন্ন সংস্থার উদ্যোজ্য ।

- ১৭ । শ্রীগোলাম করিম—মহামেডান স্পোর্টিং ক্লাব এবং অন্যান্য ক্লীড়া সংস্থার সহিত্ত সক্রিয়ভাবে সংশ্বিকট ।
- ১৮। শ্রীটি, ম্যানিয়ন, এম-পি—আদিবাসীগণের বিভিন্ন ক্রীড়া সংস্থার সহিত সংশ্লিকট এবং স্কেক সংগঠক।
- ১৯ । শ্রীধীরেন্দ্রনাথ দে—কলিকাতার বিভিন্ন ক্রীড়া সংস্থার সহিত সংশিলত প্রখ্যাত ক্লিকেট ও ফুটবল খেলোরাড এবং ক্লিকেট এ্যাসো সম্ভ্রেশন অব বেঞ্চালের সহ-সভাপতি ।
- ২০ । শ্রীদেবেশ্দুনাথ ভট্টাচার্য—বিভিন্ন উল্লেখযোগ্য ক্রীড়া সংস্থার সহিত সংস্থিক ইষ্ট বেংগল ক্লাবের সভাপতি ।
- ২১। খ্রীমতী মমতা অধিকারী—বিশ্ববিদ্যালয় ক্রীড়া পর্যদের সদস্যা, উইমেন্স ক্রীড়া সংস্থার বুশ্ম সম্পাদিকা এবং বিহারীলাল কলেজের অধ্যক্ষা।
- ২২। গ্রীগজানন খৈতান—ভূতপূর্ব ক্লিকেট খেলোরাড় এবং বহু ক্লীড়া প্রজ্ঞিটানের সহিত সংশিল্পট।
- ২৩। ডাঃ শ্রীকুমার বন্দ্যোপাধ্যার, এম-এল-সি—বিশিষ্ট শিক্ষাবিদ এবং ভারতীর **ফুটব্ল** এ্যানোসিয়েশনের ভূতপূর্ব সদস্য।
- ২৪ । শ্রীনির্মাল মুখোপাধ্যার—হাওড়ার পোরপ্রধান এবং হাওড়ার বিভিন্ন ক্রীড়া সং**স্থার** সহিত সংশ্লিকট ।
- ২৫ । শ্রীগোপালদাস নাগ—শ্রীরামপ্রের পোরপ্রধান এবং হ্**গলী জেলার** বিভিন্ন **ত্রীড়া** সংস্থার সহিত সংশ্লিষ্ট ।
 - ২৬। মেজর এন. কে. বস্—সামরিক ক্রীড়া নিয়ন্ত্রণ পর্যদের সহিত সংশ্লিকট ।
- ২৭ । শ্রীশম্ভুনাথ মাল্লক—বিভিন্ন ক্রীড়া সংস্থা, প্রতিষ্ঠান এবং যুব সংস্থার সহিত স্থিত্ত ভাবে সংশিল্পট জাতীয় ক্রীড়া ও শক্তিসংখ্যের বিশিষ্ট সংগঠক।
 - (গ) পশ্চিমবংগ সরকারের উদ্যোগে কাউ সেল গঠিত <u>চইয়াছে</u>।

Shri Birendra Narayan Roy:

মন্দ্রীমহাশয় জানাবেন কি এর মধ্যে যে কয়টি নাম বললেন—অর্থাৎ অতূল্য ঘোষ, তুষারকান্তি ঘোষ, অশোক দত্ত, ধীরেন দত্ত এবং শ্রীকুমার ব্যানাজী এ'রা কি কখনও ক্লীড়া জগতে খেলা-ধলোর মধ্যে ছিলেন?

The Hon'ble Rabindrala! Sinha:

আমি ইতিপ্রে বাদের পরিচয় দিয়েছি তাঁরা বোঁবনকালে খেলাধ্লা করেছেন কিনা আমার জানা নেই। তাছাড়া শুখে খেলোয়াড়নের নিয়ে স্পোর্টস কাউন্সিল গঠিত হয়নি। বাঁরা খেলাধ্লার উন্নতি করবার জন্য প্রচেষ্টা করেন এবং বিভিন্ন ক্রীড়া সংস্থার সপ্যে সক্রিয়ভাবে আজও সংযুক্ত আছেন তাঁদের নেওয়া হয়েছে।

Shri Jamini Bhusan Saha:

মন্দ্রীমহাশয় জানাবেন কি অতুলাবাব কি হিসেবে এসেছেন এবং কোন জায়গায় এসেছেন?

The Hon'ble Rabindralal Sinha:

কার্র আসা হিসেবে প্রণন নেই। বিভিন্ন ক্রীড়া সংস্থার সপো বাঁরা সংযুক্ত আছেন, ক্রীড়ার উমরনের জন্য বাঁরা সক্রীরভাবে চিন্তা করেন, অতাঁতে বাঁরা খেলোয়াড় ছিলেন এবং আজ্ঞ ক্রীড়ার উন্নতি করতে পারেন তাঁদেরই নেওয়া হরেছে। অতুল্যবাব্বকে নেবার বিশেষ কারণ হচ্ছে তিনি বাংলাদেশের সবচেয়ে বড় ক্রীড়া পরিচালক সংস্থা আই-এফ-এর সভাপতি এবং যে জলক্রীড়ার জন্য বাংগালী সন্নাম অর্জন করেছে সেই জলক্রীড়া পরিচালনা সংস্থার—অর্থাং বেংগল এয়ামেচার স্ট্রীয়ং এয়াসোসিয়েশন-এর সভাপতি।

Bhrimati Santi Das:

भारत राज्या त्नारा थलागेरे थला. वर्गण्यत थला कि थला नरा?

(No Reply)

Shri Naravan Chobev:

তিনি বেশাল স্ট্রিং এয়াসোমিয়েশন-এর সভাপতি বর্তাদন আছেন?

The Hon'ble Rabindralal Sinha:

ৰঞ্জতে পারব না।

Shri Naravan Chobev:

্রেবিতান যবে থেকে গিয়েছেন তারপর থেকেই স্টেমিং-এর মান কমে গিয়েছে কিনা?

The Hon'ble Rabindralal Sinha:

ना ।

Dr. Kansi La! Shattacharva:

তিনি কি সাতার জানেন?

The Hon'ble Rabindralal Sinha:

অতুল্যবাব, সাঁতার জানেন কিনা জানিনা।

Shri Ananda Copal Mukhopadhyay:

অতুলাবাব্র নামে বিবোধীগলের সদসারা এত উম্মাপ্রকাশ করছেন কেন, তিনি কি তাঁদের পাকাধানে মই দিয়েছেন?

(No Reply)

Shri Sailendra Nath Adhikary:

আপনি বলেছেন বাংলাদেশে তিনি জলক্রীডা বিষয়ে প্রথম--

The Hon'ble Rabindralal Sinha:

একথা আমি বলিনি। খেলাধূলা না করলেও আমি আশৈশব খেলাধূলায় ইনটারেণ্টেড।

Dr. Kanai Lai Bhattacharya:

जञ्जावाद्त्र नाम कतात्र आनम्मशाभानवाद्त्र এত ज्वाना धतन राज्य

(No Reply)

Shri Jvoti Basu:

পশীকার মহাশর, সরকার যখন এই সংস্থা গঠন করেছেন—তারাই নাম ঠিক করেছেন—তখন বিরোধীদল থেকে কাউকে নেওয়া হয়নি কেন? দিল্লীতে কেন্দুরীয় সরকার যা করেছেন, আমি যতদুর জানি বিরোধীদল থেকে সেখানে নেওয়া হয়েছে পালিয়ামেণ্ট-এর মেন্বারদের এখানে কেন নেওয়া হবে না?

The Hon'ble Rabindralal Sinha:

কোন রাজনৈতিক মতবাদ বিবেচনা করে কাউকে স্পোর্টস কাউন্সিল-এ নেওয়া হয়না।

Shri Sailendra Nath Adhikary:

আপনি কি মনে করেন বিলোধীদলের কোন মাননীয় সদস্য খেলাধ্লার বিষয়ে কোনরকম আগ্রহ প্রকাশ করেন না?

The Hon'ble Rabindralal Sinha:

ব্যবিশতভাবে এরকম কোন জান আমার নাই ।

Shri Jvoti Basu:

আপনি কি জানেন যে কলেজে পড়ার সময় শ্রীমতী ইলা মিত্র খেলাধ্লায় যেরকম রেকর্ড করেছেন সেরকম রেকর্ড খবেই কম আছে।

The Hon'ble Rabindralal Sinha:

না আমি জানি না।

[1-20-1-30 p.m.]

Waterlogging of different areas under Calcutta Corporation

*103. (Admitted question No. *571.) Shri Nikhil Das: Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to state what steps are being contemplated by the Government to check the waterlogging of different areas under Calcutta Corporation even after slight showers?

The Hon'ble S. M. Faziur Rahman: A detailed study of the sewerage and drainage system of the whole of the Calcutta Metropolitan District has been undertaken by the Engineering Consortium appointed by the World Health Organisation with the supporting staff of the Calcutta Metropolitan Planning Organisation. The final Master Plan report is expected to be ready by the end of March, 1966.

In the meantime improvement of drainage on zonal basis has been indertaken and it is expected that a comprehensive sewerage and drainage scheme for Tollygunge area would be ready by March, 1965.

Shri Nikhil Das:

দামরা যেটকু সংবাদ পেলাম তা হচ্ছে ১৯৬৬ সালের মার্চ মাসে মাণ্টার স্ল্যান তৈরি হবে ধবং টাক্সিয়ের ব্যাপারে স্প্যান হবে ১৯৬৫ সালের মার্চ মাসে। এই যে ২।৩ বছর স্প্যান তে লাগছে ইতিমধ্যে কলকাতা শহরের রাস্তাগর্নাতে যে জল জমছে এবং তার ফলে গাড়ী চলাচল বা লোকের বাতারাতের বে অস্বিধা হচ্ছে সে সম্পর্কে কোন সর্ট টার্ম প্রোপ্তাম কি সরকার গ্রহণ করেছেন?

The Hon'ble S. M. Faziur Rahmen:

মাননীয় সদস্য এটা জানেন যে এইসব ব্যাপার প্রাইমারীল কর্পোরেশানের। সর্ট টার্ম লং টার্ম ক্ষীম যেগন্লি এরা তৈরি করছেন সেটা ডিফারেণ্ট প্ল্যানিং অর্গানাইজেসানের মধ্যে এসে কার্যকরী হয়। আমি সেদিন একটা কলিং এ্যাটেনসান নোটিশের উত্তর long term and short term plan

मन्दर्भ वरल निरहि । योन প্রয়োজন মনে করেন সেগালি পড়ে বলে দিতে পারি।

Shri Nikhil Das!

কলকাতা কপোরেশানের দায়িত্ব এটা ঠিকই কিন্তু কলকাতা কপোরেশান যখন দায়িত্ব পালন করছেনা তথন কি কারণে করতে পারছেনা কলকাতা শহরের লোকের অস্ক্রিধা হচ্ছে বলে সেটা কি সরকার অন্সন্ধান করে দেখবেন না? এবং সেই জায়গায় সরকারী সাহায্যের যে প্রয়োজন আছে সেই সাহায্য কি সরকার করবেন না?

The Hon'ble S. M. Faziur Rahman:

বেখানে কোন স্কীম দেওয়া হয় সেখানে যে যে রীতি এবং নীতিতে সরকারী সাহায্য বা লোন দেওরা হয় তাতে যদি কোন অস্তরায় না ঘটে।

Shri Nikhil Das:

একখা কি সতা কলকাতা কপোরেশানের যে ড্রেনেজ সিসটেম তাতে সেই ড্রেনে যে পরিমাণ সিলট জমা আছে সেই সিল্ট উম্পার না করার ফলে সামান্য ব্^{চি}ট হলে কলকাতা শহরে **জল** জমে যায়?

The Hon'ble S. M. Faziur Rahman:

হ্যাঁ, কলকাতা কপোরেশান নিজেই স্বীকার করেছেন এবং তা পরিষ্কার করবার চেচ্টা করবেন এবং সেটা সর্ট টার্ম স্পান এবং লং টার্ম স্পানে রয়েছে।

Shri Nikhil Das:

বহু বছর থেকে সিল্ট জমা আছে। কিন্তু সরকার কলকাতা কর্পোরেশানকে দিয়ে স্বয়লা পরিব্দার না করিয়ে নিষ্ক্রিয়ভাবে বসে আছে। আজ পর্যন্ত সে ব্যাপারে কোন ব্যবস্থা হরেছে বলে আমরা দেখতে পাচ্ছিনা।

Mr. Speaker:

এটার জবাব হয়ে গেছে:

Schemes of Howrah Improvement Trust

- *104. (Admitted question No. *599.) Dr. Kanai Lal Bhattacharyya: Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to state—
 - (a) on which date the Howrah Improvement Trust has began

- (b) how many scheme H.I.T. has prepared since its formation:
- (c) how many of these schemes have been completed and the total cost involved in each of these schemes; and
- (d) what is the total annual earning and annual expenditure of the Board year by year during the last three years?

The Hon'ble S.M. Fazlur Rahman: (a) 1st June, 1957

- (b) Thirteen.
- (c) None of these schemes has been completed. A statement showing the total cost of each scheme is laid on the table.
 - (d) Statement is laid on the table.

Statement referred to in reply to clause (c) of starred question No. 104.

			L. A. Cost	Engg. Cost	
			Rs.	Rs.	Total Cost
Improvement Scheme No. I			25.00,000	21,00,000	46,00,000
Improvement Scheme No. II			15,00,000	38,25,000	53,25,000
Improvement Scheme No. III		·	14.10,700	3,28,300	17,39,000
Improvement Scheme No. 1V			7.16,700	1,78,000	8,94,700
Improvement Scheme No. V	••		2.20,000	7,20,000	9,50,000
Improvement Scheme No. VI			7,70,000	4,17,800	11,87,800
Improvement Scheme No. VII				11,60,000	11,60,000
Improvement Scheme No. VIIIA				9.03,000	9,03,000
Improvement Scheme No. IX			2 20,000	1.00,000	3,20,000
Improvement Scheme No. X			22.45,000	17,60,000	40,05,000
Improvement Scheme No. XI			34,00,000	74,12,000	1,08,12,000
8.D. Scheme No. 1			42,37.000	40,00,000	83,37,000
S.D. Scheme No. 11	••	• •		1,70,00,000	1,70,00,000
	Total		1,73.19,400	3,99,14,100	5,72,33,500

	Statement	iestion No 104				
	Year			Income	Expenditure	
				Rs.	R4.	,
	1961-62			24,46,080	17,70,540	
•	1962-63		••	27,61,834	6,82,581	1.
	1963-64	••	••	15,27,460	20,35,345	٠.

Dr. Kanai Lai Bhattacharva:

মাননীয় মন্দ্রীমহাশয় বললেন যে ১লা জ্বন, ১৯৫৭ থেকে এটার কাজ আরম্ভ হয়েছে। আজকে ৬ বছর হয়ে গেল তাঁরা ১৩টা স্কীম নিয়েছেন কিন্তু একটা স্কীমও কর্মাপ্লট করতে পারেন নি। জ্বানতে পারি কি কেন তাঁরা এতদিনে করতে পারেননি?

The Hon'ble S. M. Faziur Rahman:

১৯৫৭ সালে হাওড়া ইমপ্রভ্নেণ্ট ট্রান্ট গঠিত হয়েছে। হাওড়া ইমপ্রভ্নেণ্ট ট্রান্ট গঠিত হওয়ার সাথে সাথে কাজ স্বর্ করে দিয়ে টেকনিক্যাল দ্টাফ, আদার দ্টাফ, সার্ভে, অল দিজ থিংস এগ্রাল করতে সময় লেগেছে। দ্বিতীয়তঃ যে দ্কীমগ্রাল প্রিপেয়ার করা হয়েছে সেই দ্কীমগ্রাল প্রিপেয়ার করতে যে

various phases and formalities observe করতে হয় সেগালি তাকে করতে হয়েছে। তারপর স্কীমগালি কমাপ্লাট হওয়ার পর গভর্ণমেণ্ট স্যাংকসান নিতে হয়, সেই স্যাংকসান নিতে হয়েছে এবং স্যাংকসান নেওয়ার পর ল্যান্ড আকুইজিসান প্র্যোসিডিংস করতে হয়েছে। এইসব কারণের জন্য বিলম্পিত হয়েছে। যে স্কীম গ্রহণ করা হয়েছে এর মধ্যে অনেক স্কীম কার্যকরী করা হছে এইরকম অবস্থায় আছে।

Dr. Kanai La! Bhattacharya:

মাননীয় মন্দ্রীমহাশয় কি একটা স্কীমের নাম করতে পারেন যে স্কীমের কাজ কিছুটা এগিয়েছে?

The Hon'ble S. M. Fazlur Rahman:

কাজ এগিয়েছে এরকম স্কীম আছে – স্কীম কর্মাণ্লট হবার পর ল্যান্ড এয়কুই জিসান হচ্ছে, সেখানে ৪৫ ল্যাকস অলরেডী ল্যান্ড এয়কুইজিসানের জন্য কর্মাণ্লট হয়েছে এবং সেই কাজের জন্য ২ কোটি ৬৪ লক্ষের একটা কোস অব একজি কউসন চলছে।

Shri Anadi Das:

মশ্রীমহাশয় বলবেন কি যেসব প্কীম নেয়া হয়েছিল তার ফলে যারা এ্যাফেক্টেড হচ্ছে, তাদের প্রবাহেণির পরিপাথী হওয়ার দর্গ জনসাধারণের সহযোগিতা পাচ্ছেননা এবং সেজন্য এই প্কীম গ্রাল অনেক দেরী হচ্ছে কিনা?

The Hon'ble S. M. Faziur Rahman:

ল্যান্ড এ্যাকুইজিসান প্রসিডিংস যদি কোন ব্যক্তিগত, সম্প্রদায়গত স্বার্থের বির্দেখ হয়, ল্যান্ড এ্যাক্ইজিসান কালেক্টরের কাছে যদি আপত্তি হয় তাহলে সেই আপত্তির শুনানী হয়। সহ-যোগিতা পেলে ল্যান্ড এ্যাকুইজিসান প্রসিডিংস দ্বর্যান্বত হয়, সহযোগিতা না পেলে আইনের যা নির্দেশ সেই অনুযায়ী কার্যকরী হয়।

Dr. Kanai Lal Bhattacharva:

মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চরই জানেন বেসমস্ত স্কীমগ্রালি আগে গ্রহণ করা হয়েছিল সেগ্রালি কমিস্টিনা করে আমাদের মাননীয় অর্থমন্ত্রীর বাড়ীর সামনে এবং হাওড়া মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানের বাড়ীর সামনে অত্যন্ত স্বর্যান্বত করে মাননীয় মান্ত্রন্থ্য স্ত্রের সভাপতিত্বে দুটো পার্ক ওপেন করা হয়েছে।

The Hon'ble S. M. Faziur Rahman:

দুটো পার্ক ওপেন করা হয়েছে তবে কার বাড়ীর কাছে করা হয়েছে তা বলতে পারিনা—জন-সাধারণের সূবিধার্থে করা হচ্ছে এট্কু বলতে পারি।

Dr. Kanai Lal Bhattacharya:

১৩টা স্কীমের মধ্যে এই স্কীম দুটোর সিরিয়াল নং কত ছিল?

The Hon'ble S. M. Faziur Rahman:

তা আমার কাছে এখন নেই।

Dr. Kanai Lal Bhattacharya:

মন্ত্রীমহাশর কি জানেন যে এই ১৩টা স্কীমের মধ্যে এই দুটো পার্কের সিরিয়াল নং ছিল ১০?

The Hon'ble S. M. Fazlur Rahman:

সেটা আমি এখন ঠিক বলতে পারবো না।

Dr. Kanai Lal Bhattacharva:

মন্ত্রীমহাশয় কি জানেন যে ১নং এবং ২নং স্কীমের কাজ এখনও সারে করা হয়নি?

(No Reply)

মন্ত্রীমহাশয় কি জানেন যে ৩নং স্কীমে ৯টা পার্কের ব্যাপারে স্কীন অনেক হয়েছিল কিন্তু একটাও পার্ক করা হয়নি, মন্ত্রীমহাশয়ের বাড়ীর সামনে পার্ক ছাড়া >

The Hon'ble S. M. Fazlur Rahman:

এটা বলতে গেলে পূথক নোটিশ চাই।

Proposal for a junior basic training school at Santipur

*105. (Admitted question No. *602.)

Shri Kanai Pal:

শিক্ষাবিভাগের মাননীয় মণ্ডিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

- (ক) শান্তিপ্রে জানিয়ার বেসিক ট্রেনিং স্কুল স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা : এবং
- (খ) যদি (ক) প্রদেনর উত্তর "হাাঁ" হয়, তবে এই পরিকল্পনা কার্যকরী করিতে কত সময় লাগিবে?

The Hon'ble Rabindralal Sinha;

- (ক) নাই।
- (খ) এ প্রশন ওঠে না।

Shri Kanaj Pal:

মল্টীমহাশয় কি বলবেন পশ্চিমবাংলায় কতগর্বাল জর্বনিয়ার বেসিক ট্রেনিং দ্কুল আছে?

The Hon'ble Rabindralal Sinha:

পশ্চিমবাংলার থবর নোটিশ দিলে বলতে পারবো, নদীয়া সম্বন্ধে বলতে পারি।

'Shri Kanai Pal:

नपौत्रा त्यमा मन्दरन्थरे वन्त्र ।

The Hon'ble Rabindralal Sinha:

नमीयाय प्रति कानियात त्रिक त्रोंनिश करमक आहा এवः ८ठो भि. कि. त्र्कम आहा।

Shri Kanai Pal:

কোথায় কোথায় প্রতিষ্ঠিত সেটা বলবেন কি?

The Hon'ble Rabindralal Sinha:

একটা হচ্ছে ধর্মদা, একটা হচ্ছে আদ্বিলয়া—এই দুটো হচ্ছে জ্বনিয়ার বেসিক দ্রৌনং কলেজ, আর স্কুল হচ্ছে কৃষ্জনগর, কৃষ্ণগঞ্জ, দেবগ্রাম, পলাশীপাড়ায়।

Election of Contai Municipality

*106. (Admitted question No. *672.)

Shri Sudhir Chandra Das:

স্বায়ন্তশাসন ও পণ্ডায়েং বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) ইহা কি সত্য যে, কাঁথি মিউনিসিপ্যালিটির নির্বাচন প্রনরায় স্থাগিত রাখা হইয়াছে;
 এবং
- (খ) সভা হইলে, তাহার কারণ কি এবং পনেরায় নির্বাচন করে হইবে?

The Hon'ble S. M. Faziur Rahman:

- (क) शौ।
- (খ) ১৯৬৩ সালের ২২এ ডিসেম্বর কাঁথি মিউনিসিপ্যালিটির নির্বাচনের দিন স্থির করা হইয়াছিল। উক্ত মিউনিসিপ্যালিটির ওয়ার্ড বিভাগ করণে এবং নির্বাচনী ভোটার তালিকার ব্রুটি বিচ্যুতির অভিযোগ পাইয়া সরকার তদনত সাপেক্ষে উক্ত নির্বাচনী দিন বাতিল করিয়া দেন। পরে তদনত অভিযোগ সতা বলিয়া প্রকাশিত হওয়ায় ন্তন করিয়া ওয়ার্ড বিভাগ ও নির্বাচনী প্রণয়ন করিতে বিভাগীয় কমিশনারকে (ডিভিশনালে কমিশনার্স) নির্বোচন সম্পল্ল করা হায় বে বর্ডমান করা বায় সে বর্ডমান আর্থিক বংসরে কাঁথি মিউনিসিপ্যালিটির নির্বাচন সম্পল্ল করা যায় যে বর্ডমান আর্থিক বংসরে কাঁথি মিউনিসিপ্যালিটির নির্বাচন সম্পল্ল করা যায়রে।

Shri Sudhir Chandra Das:

ৰব্ৰিমহাশয় জানাবেন কি এই মিউনিসিপ্যালিটি প্ৰতিষ্ঠিত হয়েছিল কোন সালে ?

The Hon'ble S. M. Fazlur Rahman:

১৯৫৮ সালের ২৬এ আগন্ট।

Shri Sudhir Chandra Das:

এই ৬ বছর মনোনীত সদস্যরা কাছ করছেন এটা কি সভা :

The Hon'ble S. M. Fazlur Rahman:

देंग ।

Shri Sudhir Chandra Das:

এই ৬ বছর মনোনীত সদস্যরা বে কাজ করছেন এর নেয়াদ বৃদ্ধি কড়বার করা হরেছে। এই নিষ্টনিসিণ্যালিটির একটেনসান কতবার করা হরেছে বলতে পারেন কি?

The Hon'ble S. M. Faziur Rahman:

.ak चार्कि अक्टिन वलाफ शांताका मा।

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রিমহাশয় কি বলবেন যে কাঁখি মিউনিসিপ্যালিটের ইলেকসন যে ডেফার করলেন তার আপে তার ইলেকটোরাল রোল বা অন্যান্য আনুসন্ধিক কাজগুলি কি সম্পূর্ণ হয়েছিল স

The Hon'ble S. M. Fazlur Rahman:

যা হয়েছিল হওয়ার পর একজন কমিশনার আপত্তি করেন যে ঠিকমত ডিলিনিটেসন হয়নি, ডিস্টিবিউগন অব ভোটার্দ ঠিক হয়নি, ভোটার্স লিস্ট এক জায়গায় থেকে আর এক জায়গায় চলে গেছে. ভোটার্সের নাম একজনের নামের জায়গায় আর একজনের নাম চলে গেছে এটা সত্য প্রাণিত সওয়ায় পনরায় ডিমিলিটেসেন কমপ্রিট করে ডিস্টিবিউসন অব ভোটার্স কমপ্রিট করে নির্বাচন কার্য পবিচালনার নির্দেশ দেয়া হয়েছে।

[1-30-1-40 p.m.]

Shri Anadi Das:

এই রকম দায়িত্ব পূর্ণ পদে যদি এই রকম লোক নিয়োগ কবেন, চাহলে কি ইলেকশন ভেফার করা হবে ং

The Hon'ble S. M. Fazlur Rahman:

যদি সেটা ইন দি ইণ্টারেফা অব পাবলিক-এর পক্ষে অপ্প্রিধা হয় এবং ন্যায়সংগত ও আইন গঞ্জু না হয়ে থাকে, তাহলে নিশ্চয় কলা হলে।

Shri Sailendra Nath Adhikary:

নাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন যে ডিলিনিটেশন যখন তৈবী কব। হয়েছিল, তার পরে ইলেকটোরাল রোল তৈবী হয়েছিল, এবং গেই ইলেকটোরাল রোল তৈরী হবার পরে ডিলিমিটেশন সংক্রান্থ বাাপারে তিনি যাপত্তি পেযেছিলেন। এটা কি করে সম্ভব হবে স

The Hon'bie S. M. Fazlur Rahman:

ডিলিমিনেসন না হলে, এই বর্তমান পূর্ণ বয়স্কদের ভিত্তিতে নির্গাচন হতে গেলে, **পুর্ধম** ডিলিমিনেশন, তারপত্র ভোটার লিস্ট দরকার হয়।

Shri Narayan Chobey:

উনি বলেছেন যে আপত্তি পেয়ে তারপর উনি ডিফার করেছেন। কিন্তু মিউনিসিপ্যালিটির যা পুসেস ও যা পুসিডিওর তাতে ডিলিমিনিশন হওয়ার পরেই আপত্তি দেয়। তারপর ইলেকটোরান রোল তৈরী হয়। কিন্তু ইলেকটোরাল রোল তৈরী হবার পরে ডিলিমিনেশন সম্পর্কে আপত্তি এলো, তারপর আপনি অ্যাকশন নিলেন। এই করকম উৌ পাল্টা কেন করলেন, সেটা আমি জানতে চাই।

The Hon'ble S. M. Fazlur Rahman:

উল্চৌ. পালন হয়নি। আমর। যতক্ষণ অভিযোগ না পাবো, ততক্ষণ কোন অ্যাক্সন *লেণ্ড*া সম্ভব নয়। অভিযোগ আসে সাধারণের কাছ ধেকে, কমিশনারের কাছ পেকে এবা পাবলি গুএর কাছ ধেকে।

Shri Kashi Kanta Maitra:

ৰান্নীয় মন্ত্ৰিন্তাশয় কি জানেন বেম্বল মিউনিসিপালি আক্রের সেকশন ৫ এবং সেকশন ২০ **अडे मडे शांता**रक

delimination of constituencies and number of commissioners to be elected in respect of each of the municipalities,

এই প্রতিশন রুরেছে, এবং তাতে মাননীয় সদস্য শৈলেন বাব, যে কথা বললেন যে ডিলিমিনেশন হয়ে যাবার পর গভর্গমেণ্টের নোটিফিকেশন হয়ে যায়। আমি জিজ্ঞাসা কর্বা**ছ**ের**গাল** মিউনিসিপ্যাল এয়াঞ্জের কোন ধারায় আপনারা ক্ষমতা দিয়েছেন যার ফলে ডিলিমিনেশন হয়ে যাওয়ার পরেও মিউনিসিপালিটির কোন পার্টিকলার কমিশনার বা কোন নাগরিক আপত্তি করলো বলে আপনারা এত খরচপত্র করে এত পার্বালক এব মানি ওযোসটড করে যেটা করেছেন সেটাকে নালিফাই করে দিলেন? কোন আইন বলে এটাকে নাকচ করে দিলেন, বলবেন কি?

The Hon'ble S. M. Fazlur Rahman:

কোন ধারা তে। উল্লেখ করতে পারি না। কিন্তু যেহেত মিউনিসিপ্যালিটির অধিকার ডিলিসিনেশন সরার^{্ন} তারা ডিলিসিনেশন করে সোটা সাইন সঞ্চত ভাবে করে। ডিস্টি**ট্ট** ম্যাজিস্ট্রে না কমিশনারের কাছে, সেটা করবার তাদের অধিকার আছে। কিন্তু নিউনিসিপ্যালিটি যদি বে আইনী ভাবে জনস্বার্থ বিরোধী কোন কাজ করে, সেখানে নিশ্চয়ই সরকারের হস্তক্ষেপ করার প্রয়োজন আছে।

Upanchaki Complete Basic School

*107. (Admitted question No. *709.)

Shri Amarendra Nath Roy Prodhan:

শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---

- (ক) ইহা কি সতা যে. উপশুকী কর্মাপলট বেসিক স্কুলের (কোচবিহার জেলা) চেয়ার. টোবল বেণ্ড প্রভৃতি আসবাবপত্র নাই. এমনকি ঘরের বেড়া ও ছাদের কিয়দংশও নাই
- ্থ) উত্তর 'হাাঁ' হইলে, গত কয় বংসর ধরিয়া সংস্কারের অভাবে বিদ্যালয় ভবনটিব এই অবস্থা চলিতেছে ?

Shri Kanai Pal:

মি: স্পীকার সাার, এই প্রশানির উত্তর টেবিলে দেওয়া নেই। এটা খুব ওরুত্বপর্ণ প্রশু।

The Hon'ble Rabindralal Sinha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশৃটি সম্পর্কে আমি আপনার কাছে আবেদন জানাচিছ, আমি পরে এটার জবাব দেবো, আজকে এটা বন্ধ থাক, কেন না কুচবিহার থেকে এলেও আমি সমস্ত তথা পাইনি। আমি টাঙ্ক টেলিফোন করে চেষ্টা করেছিলাম টাঙ্ক লাইন খারাপ থাকার সেখানে স্থবিধা হয়নি এখন উত্তর দিতে গেলে বলতে হয় যে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ কর। হইতেছে।

Mr. Speaker:

भारत (मार्थना

B.T. College at Burdwan

- *108. (Admitted question No. *750.) Shri Aswini Roy: (a) Will the Ho'ble Minister-in-charge of the Education Department be pleased to state whether the Government have any information regarding the starting of the B. T. College at Burdwan?
- (b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—
 - (1) when the classes will begin;
 - (2) what would be the intake of the trainees;
 - (3) the total number of applicants and students admitted up to July,
 - (4) the names and qualification of the teaching staff appointed till July, 1964?

The Hon'ble Rabindralal Sima: (a) Yes. It had been decided to start a B.T. College under Government management with effect from the current session.

- (b) (1) The D.P.I., West Bengal, has been authorised to take preliminary steps to start the college from the current session and the classes are expected to begin shortly.
- (2) Two hundred (200) ultimate; in the present session, sixty (60) trainees will be admitted.
- (3) The total number of applications received, as reported, is three-hundred and eleven (311) and sixty (60) will be admitted.
- (4) Teaching staff are being selected; the list will be finalised very shortly.

Shri Aswini Roy:

এই কলেজটা কোনখানে বর্তমানে রয়েছে আবাসম্থল?

The Hon'ble Rabindralal Sinha:

ইউনিভাবসিটি এরিয়ার মধ্যে ৫ একর জমি দিচ্ছেন সেথানেই কলেজ হবে। তবে বর্তামানে আরুত করার জন্যে এখন ঐ ইউনিভারসিটির সংগ্যেই কো-অপারেশনে আমরা বর্তামান সেসনে কোন একটা কলেজ বিল্ডিং-এ আরুত করবো।

Shri Aswini Roy:

প্রিন্সিপাাল এ্যাপয়েণ্টেড হয়েছেন কি?

The Hon'ble Rabindralal Sinha:

না, এখন পর্যন্ত হয়নি ৷

Transfer of primary school teachers

*109. (Admitted question No. *790.)

Shri Ramandranath Dutta:

শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন कि-

- ক) প্রাইমারী শিক্ষকদের এক স্কুল হইতে অন্য স্কুলে বদলি করার কোন বিধান আছে
 কিনা:
- (थ) वर्णान कतात्र विधान थाकित्न कि नौंकित्क वर्णान कता रश्न : अवर
- (গ) বদলির সময় কোনরূপ ট্রান্ডেলিং অ্যালাউন্স দেওয়া হয় কিনা?

The Hon'hie Rahindralai Sinhe:

(ক) ও (ব) ১৯৩০ সনের বঙ্গীর (গ্রামীন) প্রাথমিক শিক্ষা আইনের বিবিদ্ধন্ধ নিরমানুবারী জিলা বিদ্যালর পর্বদ্ধ, অধীনস্থ প্রাথমিক শিক্ষকদিগকে জিলা বিদ্যালর পরিদর্শকের অভিনত বিবেচনা করিয়া ঐ জিলা মধ্যেই এক স্কুল হুইতে জন্য স্কুল বদলী করিতে পারেন।

(গ) न।।

Dr. Kanai Lal Bhattacharya:

এই যে বদলী কৰাৰ সদয় কি দেখা হয় যে অঞ্চলে সেই টিচাৱের বাড়ী সেখাম থেকে যে ফুলে বদলী করা হয়েছে সেধানে যাওৱার জন্ম তার অস্তবিধা আছে। এই রক্ষ শ্বণের যদি কোন অস্তবিধা খাকে তার দিকে কি দৃষ্টি দেওৱা হয়।

The Hon'ble Rabindralal Sinha:

শিক্ষা দপ্তৰ বা শিক্ষা বিভাগ বদলী করেন।, করেন জ্বেলা স্কুল পর্যৎ আবাৎ তিন্ট্রিই স্কুল নোর্ড। তবে রুলে বলা আছে যে জ্বেলা স্কুল বোর্ড কোন টিচারের এগাপরেণ্টনেণ্ট বা ট্রান্সফার ডিন্ট্রিই ইনেশপেন্টারের বিপোর্ট বিবেচনা না করে করতে পারেন না, রিপোট বিবেচনা করে করতে সন্ধ। কি নীতিতে, কিভাবে করে সেটা স্কুল বোর্ড বলতে পারবে আমার জ্বাম। বেই।

Shri Nani Bhattacharlee:

মাননীয় মন্ত্রিমহাশর কি বলবেন যে একটা প্রাথমিক শিক্ষককে অন্য স্কুলে বদলী করার সময় অন্য কোন এটাকাডেমিক কোয়াশিফিকেশনের জন্য নয়, যেমন অন্য কোন রাজনৈতিক দলভুক্ত তাব। যন ঘন ট্রান্সফাব হচেছ এ অবস্থার কোন রিপোর্ট আপনি পেয়েছেন কিনা বা শিক্ষা দপ্তর পেয়েছেন কিনা। প্র

The Hon'ble Rabindralal Sinha:

না, এই রকম কোন রিপোর্ট পাইনি।

Shri Nani Bhattacharlee:

মাননীয় মদ্বিমহাশয় কি বলবেন যে. তিনি একটু আগেই বলেছেন যে ডি, আই. এর রিপোর্টের উপর ভিত্তি করে একটা ফুল থেকে আর একটা ফুলে তাকে ট্রান্সফার করা যেতে পারে এব ফুল বোর্ড সেটা করে খাকে। এটা ক্টু আপনি জানেন যে ডি, আই. এর রিপোর্টের উপর ভিত্তি না কবেই ফুল বোর্ড অনেক সময় এই সমস্ত প্রাথমিক শিক্ষকদেব বদনী করে দেয় ?

The Hon'ble Rabindralal Sinha:

আমি একণা কথনও বলিনি বে ডি, আই, এর রিপোর্টের উপর ভিত্তি করে ট্রান্সকার করা হয়। ট্রান্সফার করার অধিকার স্কুল বোর্ডের। তবে সেই ট্রান্সকার করতে হলে সেই ফুলটা পড়ে দিচিছ আপনাদের কাছে.

No appointment or transfer of teachers shall be made by the Board except after considering the report of the D.I. of schools.

ডি. মাই, সব ফল্ম-এর রিপোর্ট টা কন্সিডার করে, ডিসিশন উইল বি বোর্ড স।

Shri Nani Bhattacharjee:

ভিস্টিক্ট কুল্স অব ইনস্পেটারের রিপোনটা বিবেচনা করে এই যে ট্রান্সফানের বিধানটা এবানে আছে, আপনি কি জানেন বা আপনার শিক্ষা দপ্তর কি এই ধরণের ধবর বাধেন যে জলপাইগুড়ি কুল বোর্ড ডি. আই. এর রিপোর্ট বিবেচনা না করেই অনেক ক্ষেত্রে প্রাথমিক শিক্ষকদের বদলী করেছে এক কুল থেকে অন্য কুলে এবং এটা ৬ ু জলপাইগুড়ি জেলার ঘটনা নয় অন্যান্য জেলারও ঘটনা ?

The Hon'ble Rabindralal Sinha:

ন। সাশারণভাবে এই রকম কিছু আমাদের জান। নেই। তবে কোন পাটিক্লার ব্যাপারে আপনার। নোটিশ দিলে আমি খেঁজি করতে পাবি।

[1-40-1-50 p.m.]

Dr. Kanai Lal Bhattacharva:

মন্ত্রিমহাশয় কি জানেন যে হেতু একজন লোক কংগ্রেসের মেম্বার নয় সেহেতু এই রাজনৈতিক কান্যে তাকে এক স্কল পেকে আর এক স্কলে বদলী কর। হয়।

The Hon'hle Rabindralal Sinha:

ना ।

Shri Kashi Kanta Maitra: The Hon'ble Minister has quoted certain rules—statutory rules—under the Act and he has said that whenever a decision or an order is passed report of the District Inspector is taken into account and on the basis of that report the transfer is made. So I am asking that if the report is adverse to any particular teacher concerned is any opportunity afforded to him for making representation against such report?

The Hon'ble Rabindra Lal Sinha: All that I said is that transfer is made after considering the report. It does not mean that on the basis of that report transfer is made and whether a teacher is given any opportunity to show cause against a report or not that is not known to us. That is a matter for the District School Board.

Shri Kashi Kanta Maitra: Will the Hon'ble Minister give an assurance that he will look into the matter because the allegation is that a large number of teachers has been so transferred and inform the result in this session?

The Hon'ble Rabindra Lai Simha: I cannot give any assurance. If you put a specific question it will be enquired into.

SS-E34

Shri Jyoti Basu:

ডি, আই রিপোর্ট দেন যার উপর ভিত্তি করে বা যেটা বিবেচন। করে এক জারগা থেকে আরু এক জারগার ট্রান্সকার করেন বা করেন না। আমার প্রশু হচেছ এই ডি. আই. রিপোর্ট টা কি ? এটা পানিস্যেশ্ট ? এক জারগা থেকে আর এক জারগার যে ট্রান্সকার করা হয় এটা কি পানিস্যামণ্ট না এফিসিয়েন্সীর জন্য ট্রান্সকার করা হয় ?

The Hon'ble Rabindralal Sinha:

সাধার-। তঃ ট্রান্সকাব পানিসনেণ্ট নয়। নান। কার্ণে ট্রান্সকার রেকমেও করতে পারেন আবার নাও করতে পারেন। এ ব্যাপারে বোর্ড-ই ফাইন্যান ডিসিশন নেবে আফটার কন্সিডারিং দি রিপোর্ট। আবার এমনও হতে পারে দে মে নট এ্যাক্সেপ্ট। এছাড়া ট্রান্সকার-এর আবও কতগুলি কাল-। হতে পারে, যেনন কোন স্কুলে, বেশী শিক্ষক আছেন কান্তেই সারিয়ে দেওয়৷ হোল। আবার এমন হতে পারে কোন জায়গায় নূতন স্কুল হচেছ্ কাজেই সরিয়ে দেওয়৷ হোল, অাবার এমন ছতে পারে কোন জায়গায় নূতন স্কুল হচেছ্ কাজেই সরিয়ে দেওয়৷ হোল, অাবার কোন জায়গায় পানিসনেণ্ট-এর ভাবও থাকতে পারে। আবার এমনও হতে পারে শিক্ষকের ব্যবহারের জন্য স্থানীয় লোকের সহানুত্তি তাঁর উপর থেকে চলে গেছে এবং সেই কারণে তাঁকে অন্য স্থানে পাঠিয়ে দেওয়৷ হোল। তবে এওলি সবই আমি আন্দাজে বলছি।

Shri Jvoti Basu:

এই যে রিপোর্ট দেয় এগুলি কি সিক্রেট, ন। আপনার মাধ্যমে যদি আমরা চেয়ে পাঠাই ভাষকে এয়াসেধলীতে পেতে পারি ?

The Hon'ble Rabindralal Sinha:

এন ভাৰাৰ ভুঠাং দেওয়া সম্ভব নয়।

Shri Mrigendra Bhattacharyya:

মিরিম শশর। ঠিক জানেন মেদিনীপুরের একজন শিক্ষক নাম সতা পাল তাঁকে বীরভূমে ট্রান্সফার করা হয়েছে এবং তার ফলে তাঁকে দৈনিক ১৬ মাইল যাতায়াত করতে হয়। ৩২ তাই নয়, ডি. আই. হুকুম দেওয়া সক্ষেও স্কুল বোর্ড তাঁকে ট্রান্সফাব করেনি।

(নো রিপ্লাই)

Shri Ramendranath Dutta:

মন্ত্রিমহাশয় জানাবেন কি, যখন কোন শিক্ষককে বদলী করা হয় তখন কি কারণে তাঁকে বদলী করা হোল যৌন তাঁকে জানান হয় কি না এবং যদি বিনা কারণে বদলী করা হয় তাহলে তাঁকে টি. এ. দেওয়া হবে না কেন ?

The Hon'ble Rabindralal Sinha:

কি কারণে বদলী কর। হোল সেন সরকারী কর্মচারীদেরও জানাবার রীতি নেই এবং কথনও জানান হয়ন।। যথন তাঁর। চাকুরীতে চুকেছেন তথন বদলীর ব্যবস্থা আছে এবং বদলী হবেনও। কি কারণে বদলী হয়েছেন সেন জানাবার রীতি নেই এবং রুলস্-এ ভাতা দেবার ব্যবস্থা নেই।

Shri Copal Baneriee:

প্রাথমিক শিক্ষকদের এই যে মাইনের হার এটা কি সর্বসময়ের জন্য এটা বর্ষন নির্ধারণ করা হয়েছিল তথন কি আংশিক সময়ের কর্মচারী হিসাবে করা হয়েছিল গ

The Hon'ble Rabindralal Sinha:

প্রশাস বন্ধতে পারলাম না---

Shri Gopal Banerjee:

े कथा इटाइ, यदि जाः निक मनदात कर्यहाती इन ठाइटन

Mr. Speaker: Mr. Baneriee.

আপনার প্রশাচা করুন।

Shri Copal Banerjee:

আমার পুশুটাই করছি, স্যার, যদি আংশিক সময়ের কর্মচারী হন তাহলে সাবসিডিয়ারি ইনকাম এর স্থযোগ তাঁকে দিতে হবে তাই আমি জিপ্তাসা করছি তাঁদের মাইনের স্কেল নির্ধারণ করার পর সাবসিডিয়ারি অকুপেসন এর স্লযোগ দেওয়া হয় কিনা।

(নো রিপ্লাই)

Shri Balai Lal Das Mahapatra:

মন্ত্রিমহাশয় বলেছেন শিক্ষকদের সরকারী কর্মচারী হিসাবে গণ্য কর। হব এবং অন্যান্য সরকারী কর্মচারীদের যেভাবে নান্যকার করা হয় শিক্ষকদের বেলায়ও সেইভাবে হয়।

Mr. Speaker:

আপনার প্রশুটা করুন।

Shri Balai Lal Das Mahapatra:

তাহলে আমার প্রশু হল, ইলেকশন-এর সময় তাঁদের প্রচারকার্য্যে যাওয়া পঞ্চ করবেন কিনা ?

(No Reply)

Supply of fish in mofussil markets

*110. (Admitted question No. *826.) Shri Monoranjan Hazra:

মংসাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

- (ক) মফঃস্বল অঞ্চলের বাজারে মাছ সরবরাহের জন্য সরকার কোন ব্যবস্থা করিয়াছেন কিনা; এবং
- (খ) বাবস্থা করিয়া থাকিলে, তাহা কি?

The Hon'ble S. M. Fazlur Rahman:

- (क) गा।
- (४) थुनु छेट्ठं ना।

Shri Monoranjan Hazra:

মফ:স্বলের বাজারে মাছ তাহলে বিক্রী হবেন। এটাই কি আপনার অভিনত?

The Hon'ble S. M. Faziur Rahman:

মাছের ব্যবসায়ীরা প্রাইভেট ট্রেড নিশ্চয়ই করবে।

Shri Monoranjan Hazra:

আপনার দপ্তর থেকে কর্ম নিয়ে নাইসেন্স করবার জন্য বলা হরেছে এবং মফ:স্বলের বারা মাছের বাবসারী তারা সেই কর্ম নিয়ে গিয়ে অ্যাপ্লাই করছে, কিন্তু মুসকিল হচেছ, কোন জারগার ডিলার না বললে দেওয়া হবে না, তার থেকে ধারণা হয়েছে বে সরকার লাইসেন্স ^স দিলে আমরা মাছ আনতে পারব। তাছাড়া আনতে পারব না।

The Hon'ble S. M. Faziur Rahman:

প্রশুটা ছিল, নফ:ম্বল অঞ্চলের জন্য নাছ সরবরাহ করবার কোন ব্যবস্থা সরকার করেছেন কিনা, আমি উত্তরে "না" বলেছি। তার ধেকে লাইসেন্স দিলে মাছ জানতে পারবে এই প্রশু উঠে কিনা। আপনি বিবেচনা করে দেশবেন, স্পীকার নহাশর।

Shri Monoranian Hazra:

वामात गांभिरमण्डोति १८६६, मकः चटनत वाजारतत जना नारेरमन्त्र- धत भरताजन चार्छ किन। १

The Hon'ble S. M. Fazlur Rahman:

ৰকংস্বলের বাজারের জন্য এননিতে লাইসেন্স-এর প্রয়োজন নাই, তবে আইনের আওতার পডলে নিশ্চমই নিতে হবে।

Shri Monoranjan Hazra:

মক্ষ:ম্বলের বাজারে অর্ধাৎ কলকাতার বাইরে যে বাজার সেখানে কলকাতা থেকে মাছ কিনে নিমে গিমে বিক্রী করতে হয়—এবং সেখানেই হচেছ অস্কবিধা। কলকাতা থেকে মাছ মাম আর সেজনাই লাইসেন্স-এর প্রয়োজন হয় এক্ষেত্রে মন্ত্রী মহাশয়ের কি বজরা আচে গ

The Hon'ble S. M. Faziur Rahman:

আবার প্রশটা করুন।

Shri Monoranian Hazra:

কথাটা হচেছ, মকঃস্বলের বাজারের জন্য লাইসেন্সএর প্রয়োজন নাই বুঝলাম, কিন্তু থেছেতু কলকাতা খেকে মাছ কিনে নিয়ে যায় সেইছেতু তার। লাইসেন্স-এর আওতায় পড়ে এক্কেন্ত্রে লাইসেন্স নিতে হবে কিন্। ধ

The Hon'ble S. M. Faziur Rahman:

त्म तकम कान व्यवश छेड्छ शल वित्विष्ठन। कत्त तम्बर्छ शत ।

[1-50-2 p.m.]

Shri Gour Chandra Kundu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে মফঃস্বলের বাবসায়ীরা কলকাতা থেকে লাইসেন্স লওয়ার পর তাদের উপর এই আদেশ দেওয়া হয় যে কলকাতা থেকে তোমাদের মাছ কিনতে হবে এবং মফঃস্বলে গিয়ে বেচতে হবে, সেই আদেশ পাওয়া সম্বেও তার: কলকাতার বিভিন্ন ব্যঞ্জারে গিয়ে মাছ পায়না, তার ফলে মফঃস্বলে মাছ না যাওয়ার ফলে সেখানে মাছের দর ৫।৬ টাকা হয়েছে?

The Hon'ble S. M. Faziur Rahman:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশেনর সপ্গে ঐ প্রশ্নটা প্রাসন্থিক হবে বলে আমার মনে হয় না, ব এটা আপনিই বিচার কর্ন।

Shri Ahani Kumar Basu:

মাননীয় মন্ত্ৰিমহাশয়ের কাছে জানতে চাই মফ:স্বলের কোন ডিলার যদি কলকাত। থেকে মাছ কেনে তাহলে তাকে লাইফেন্স করতে হয় কি হয় না ?

The Hon'ble S. M. Faziur Rahman:

লাইসেন্সিং স্বর্ডারের আওতায় যদি পড়ে তাহলে নিশ্চয়ই করতে হয়, আওতায় না পড়লে করতে হয় না।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয়কে স্পেসিফিক প্রশু করছি, তিনি কি দয়। করে জানাবেন কলকাতার কোন কোন এলাক। এই লাইসেন্সিং-এর স্বাওতার বাইরে?

The Hon'ble S. M. Faziur Rahman:

कनकाठांत्र त्यशीरन त्यशीरन लाग्टिमिन्गः प्रकृति ए १३। आह्यः एम्टे एम्टे व्यनाद्धाः नाहेरमिन्मः प्रकृतिकार विराह

Shri Abani Kumar Basu: Sir, my supplementary is, which are the creas in Calcutta which are excluded from the operation of licensing Order.

The Hon'ble S. M. Faziur Rahman:

यागारक प्रथक त्यांनि पिरल यागि विश्वपद्धार छानाव।

Shrimati Santi Das:

যাননীয় মন্ত্রিমহাশয় দর। করে ছানান <mark>সানাদেন বাংলাদেশেন গৃহের বদুন। সনন। গেছে বিধন। সার</mark> কতদিন থাকবেন।

(No Reply)

Import of fish from East Pakistan

111. (Admitted question No. *831.) Shri Sunil Das Cunta:

াংস্য বিভাগের মাননীয় মন্তিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) ইহা কি সতা যে ও জি এল মারফত পূর্ব পাকিস্তান হইতে পশ্চিমবঞ্গে মাছ আমদানি বৃথ করিবার জন্য কেন্দ্রীয় সর্কার হইতে পশ্চিমবঞ্গ সরকারের নিকট প্রস্তাব করা হইয়াছে?
 - (খ) বদি (ক) প্রন্থের উত্তর "হাাঁ" হয়, মাননীয় মন্তিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
 - (১) কি কারণ দর্শাইয়া কেন্দ্রীয় সরকার এই প্রস্তাব করিয়াছেন ; এবং
 - (২) পশ্চিমবর্ণ্য সরকার উক্ত প্রস্তাব সম্পর্কে কি সিম্ধান্ত গ্রহণ করিয়াছেন?

The Hon'ble S. M. Faziur Rahman:

- (क) হাা।
- (খ) (১) কারণ হিসাবে কেন্দ্রীয় সরকার বৈদেশিক মন্ত্রার বর্তমান অনটনের সময়ে পূর্ব পাকিস্তান হইতে আমদানীকৃত মংস্য বাবদ উত্তরোত্তর ব্যর বৃন্ধির কথা উল্লেখ করিয়াছেন।

(২) পশ্চিমবংশে মংস্যের চাহিদা আভাশ্তরীণ উৎপাদন ও অন্যান্য রাজ্য হইতে সম্ভাবা সরবরাহের কথা পর্যালোচনা করিয়া রাজ্যসরকার বর্তমানে উক্ত প্রস্তাব বিবেচনা করিতে সম্মত নতেন।

Shri Ahani Kumar Basu!

মাননীয় মন্দ্রমহাশয় কি দয়া করে জানাবেন প্রবিংগ, পাকিস্তান থেকে মাছ আমদানি করতে কি প্রিমাণ ফবেন একচেঞ্জের এখন লাগছে ?

The Hon'ble S. M. Fazlur Rahman:

৩ থেকে ৪ কোটি টাকা।

Proposal for the setting up of a Higher Secondary School at Chittaranjan *112. (Admitted question No. *860.) Shri Haridas Chakrayorty:

শিক্ষাবিভাগের মাননীং মণিরমহাশং অনুগ্রহপুরেক জানাইবেন কি –

- (ক) বর্ধমান ভোলার চিত্তরঞ্জনে একটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের কোন পরিকল্পনা সর্বকারের আছে কিনা : এবং
- (थ) পরিকলপনা থাকিলে, তাহা করে নাগাদ কার্যকরী হইবে?

The Hon'ble Rabindralal Sinha:

- (ক) না:
- (খ) প্রশ্ন উঠে না।

Class !V employees of the State Government

*113. (Admitted question No. *876.) Shri Sanat Kumar Raha: Will the Hon'ble Minister-in-charge of the Finance Department be pleased to state whether the State Government consider the desirability of increasing the pay and D.A. for its Class IV employees?

The Hon'ble Saila Kumar Mukherjee: The answer is no. Shri Jvoti Basu:

আপনি বঙ্গেন "নো", আমার সাণ্লিমেণ্টারী হচ্ছে মন্ত্রীমহাশয় কি জানেন যে কেন্দ্রীয় সরকার একটা কমিশন য়াপয়েন্ট করেছেন অর্ন্পাদনের মধ্যে রিপোর্ট দিতে যে সমস্ত সরকারী কর্ম-চারীদের মাণ্গীভাতা বাভাতে হবে কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমাদের কাছে সে খবর আসেনি।

Shri Jyoti Basu:

আপনি জানেন কিনা যে দিল্লী সরকার এটা ঘোষণা করেছেন—একটা ওয়ান ম্যান কমিশন করেছেন মাপ্তী ভাতা সম্বন্ধে বিচাব কববাব জনা ?

The Hon'ble Saila Kumar Mukherjee: আমাদের কাছে কিছু আর্মেনি।

thei Jvoti Basu:

আপনি একরকম কিছা করার কথা বিবেচনা করবেন কিনা?

The Hon'ble Saila Kumar Mukheriee:

আমানের এখানে এরকম কিছা করার সিন্ধান্ত আমরা গ্রহণ করিন।

Shri Canesh Chosh:

আপনি যে "নে।" বল্লেন াড়াবেন না, ডি. এ বাড়াবার কোন সিম্ধান্ত করেননি—এই "না" বলার কারণটা কি জানাবেন কি?

The Hon'ble Saila Kumar Mukheriee:

কারণটা হচ্ছে ১৯৬১ সালে যখন পে কমিটির রায় অনুসারে আমারে পে বৃদ্ধি হয় তখন সর্ব-ভারতীয় কণ্ট অব লিভিং ইন্ডেক্স যেটা সেই অনুপাতে যে পয়েণ্ট বেড়েছিল তার চেয়ে বেশী বৈতনের মান্রা ছিল এবং এবার ১৯৬৪ সালের বাভেটে যখন আবার মাণ্ণী ভাতা বৃদ্ধি করা হয় তখন আমরা সর্বভারতীয় কণ্ট অব লিভিং ইন্ডেক্সের ভিত্তিতে দেখেছি যেখানে কণ্ট অব লিভিং ইন্ডেক্স ৪৭৭ ২ ছিল সেখানে হোল বেংগলে কণ্ট অব লিভিং ছিল ৪৮০-২। তা সাহেও আমরা ১৯৬৪ সালে বাড়িয়েছি। স্বৃতরাং এই নীতিতে এবছর বেড়েছে বলে আমরা আজকে আরু সেটা বিবেচনা কর্বছি না।

Shri Nikhil Das:

কাস ফোর টাফের মাইনা কত এখানে আর ডি. এ. কত পয়?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আপনি ডিটেলস প্রশন কর্মন, প্রশেনর জবাব দেব।

Shri Nikhil Das:

উনি যদি না জানেন স্বাধ আমি বলৈ পিতে পারি যে রোগ ফোর গ্রাফের মাইনে এবং মাপ্রীভাতা যা ভাতে সেটা ৭০ টাকার উপর ওঠে না এবং সেই টাকায় তাদের সংসার চলে কিনা এটা কি বিবেচনা করে দেখেছেন অর্থানতী মহাশয়?

The Hon'ble Saila Kumar Mukheriee;

তাদের দহেথ কটে সম্বংশ আপনাদের মত আমরাও সজাগ কিবতু আমাদের যে নিয়ম বেধি দেয়া। ংক্তে সেই নীতি অনুসারে এ বছর বেজেছে বলে এটা নিবেচনা করার কোন প্রশন নেই।

Shri Monoranjan Roy:

অথমিটো কি জানেন যে এই কটে অব লিভিং ইণ্ডেক্স যেটা তৈরী হয় সেটা জোক্ত্রী এবং জাল করে তৈরী করা হয় কনজিউমাসা প্রাইস ইণ্ডেক্স ফর ওয়াকিং ক্লাস বাংলাদেশে সেটা তৈরী হয় সেটা ছাড এবং নেই ভিত্তিতে আপনারা চতুর্থ ডিভিশনের যারা কর্মচারী তাদের বেতন এবং ভাতা নিন্ধারিত করেছেন, সেই ভিত্তিতে আপনারা আর বাড়াবার প্রয়োজন মনে করেন না কিংতু জিনিসপ্রের দাম যে বাড়ছে সে সম্বন্ধে কি চিন্তা করেছেন সেন্দ্রীল গভন-মেট একটা ক্মিশ্র বিস্থেছেন, আপনাদের ওরক্স কোন ক্মিশ্র বসাবার প্রস্তাব আছে কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee:

জেগতি বাবরে প্রশেষর উত্তরে আমি এটা বলেছি।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্দ্রীমহাশেয় কি জানাবেন যে ক্লাস ফোর এমপ্লয়ীদের তরফ থেকে ৩০ টাকা মান্দ্রী-ভাতা অবিলন্দেব দেবার জনা প্রার্থনা জানিয়ে তাঁর কাছে বা তাঁর দশ্তরে একটা রিপ্রেক্তেনটেসন এবং মেমোরেণ্ডাম এসেছিল কি না এবং আসবার পর তিনি সেই আবেদন পর সম্বন্ধে কি বিবেচনা কর্মছন?

The Hon'ble Saila Kumar Mukheriee:

শুধু ক্লাস ফোর নয়, তদুখুর্থতম কর্মচারীদের কাছে থেকেও আবেদন পাচ্ছি এবং আমাদের অর্থ বিভাগ বিবেচনা করছেন যে আমরা এ বছর বাডাতে পারবো কি না?

Shri Jvoti Basu:

প্রশীকার মহাশয়, আয় আপনার দৃষ্টি একটা বিষয়ের প্রতি আকর্ষণ করছি। সিটি কলেজ থেকে ২০০ ছাত্র এসেছেন, তাঁরা বলছেন তাঁদের একটা বিবৃত্তিতে যে তাঁদের সেসান ফি ১২ টাকা থেকে ১৫ টাকা এবার করা হয়েছে। তাঁরা বলছেন ইউ জি সি গ্রান্ট যথন দেয়া হছে তথন এ জিনিস যদি হয় তাহলে এসব মধ্যবিত্ত ছেলেরা তাঁদের কত অস্ক্রিষা হবে। সেদিকে দৃষ্টি আকর্ষণ করার জনা তাঁরা এখানে এসেছেন, সরকার এ বিষয়ে কোন হস্তক্ষেপ করবেন কিনা এবং প্রয়োজন মনে করেন কিনা এগলি জানতে চাঁচ্ছি সরকারের কাছে। ২০০ ছাত্র এসেছেন আপনারা বৃঝতেই পারছেন যে আজকেব দিনে যদি আবার প্রতিটি ছেলের ৩ টাকা করে বেড়ে যায় তাহলো কি অবসথা হবে আমাদের দেশের শিক্ষার পক্ষে। সেজন্য আমি আপনার মার্ফণ্থ এদিকে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করলাম।

12-2-10 p.m.1

Shri Nikhil Das:

মাননীয় অধাক্ষ মহাশয়, আমি এর সংখ্য একটা যোগ করতে চাই সিটি কলেজের ছাত্ররা তাদের দাবী নিয়ে অনশনরত করে আছে।

Shri Nepal Chandra Roy:

মাননীয় দপীকার মহাশার, আমি আর একট্র যোগ করতে চাই—বাংলাদেশের একমাত্র সিটি কলেজেরই সেসন্স চার্জ বৈড়েছে, অন্য কোন কলেজে বাড়োন। কিছুদিন আগে এ সম্বন্ধে আমি মাননায় শিক্ষামনতী মহাশারের দৃণ্টি আকর্ষণ করেছিলাম, উনি বলেছিলেন যে ঐটা প্রাই-ভেট কলেজ, তাতে আমার কোন হাত নেই। কিন্তু, হাত না থাকলেও, যেহেতু এতবড় একটা কলেজ, বাংলা দেশের মধ্যে সবচেয়ে বড় কলেজ, সেখানে এই বাপোরে সরকারের নিশ্চয়ই হাত দেওয়া উচিত।

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এখানে কয়েকদিন প্রে যথন খাদ্য নিয়ে আলোচনা আরল্ড হয়. এবং মাননীয় সদস্যরা, এ পক্ষ থেকে, ওপক্ষ থেকে কিছ্ গণ্ডগোল স্থিট করেন, এবং আপনি অনুগ্রহ করে মন্তব্য করেছিলেন যে এই রকম গোলমাল বাঞ্চনীয় নয়। য়াই হোক আমি গত ব্হস্পতিবার, ৬ই আগন্ট বিরোঘীপক্ষের ৯ জন নেতৃস্থানীয় ব্যক্তিদের সপ্যে এই ব্যাপার নিয়ে আলোচনা করেছলাম, এবং অনেকু আলোচনা করবার পর এই সিম্পান্তে উপনিত হয়েছি, আনন্দ সহকারে জানাচ্ছি, যে এখানে যে কোন বিতর্ক হোক না কেন বিরোঘী পক্ষ বা আমাদের পক্ষ থেকে, সেই সময় কাউকে কোন বাধা দেওয়া হবে না। প্রত্যেকই নিজের নিজের বন্ধবা বলতে পারবেন। অবশ্য য়েমন অন্যান্য জায়গয় আছে, আমাদের এখানেও সেই রকম হতে কোন আপত্তি নেই,—অর্থাৎ কেউ যদি সামান্য প্রন্দন করেন, তিনি তা নিশ্চয়ই করতে পারবেন। কিন্তৃ কোন বন্ধৃতা বা বিতর্ক যখন চলছে, সেই সময় কোন রকম বাধা দেওয়া বা অস্থাবিধা

সূচ্টি করা, আমাদের এ পক্ষ থেকে বা ঐ পক্ষ থেকে হবে না। এই সিম্পান্ত আমরা গ্রহণ করেছি। এটা খ্বই আনন্দের কথা। কেননা, আমাদের মনে যতই রাগ বা ক্রোধ বা বিক্ষোভ থাকুক না কেন, আমরা এখানে আলোচনার মাধ্যমে আমাদের কথা উত্থাপন করতে চাই, সেই আলোচনার আমরা অংশ গ্রহণ করতে পারবো না, যদি সেখানে বাধা স্টিট হয়, যদি কাউকে, বলতে কেউ বাধা দেয়। আমি আপনাকে এই কথা আমাদের পক্ষ থেকে জানাচ্ছি—যে ভবিষাতে আমরা কোন রকম বাধা স্টিট করবো না।

Shri Jvoti Basu:

মাননীয় স্পীকার মহাশন্ত্র, আপনি শ্লেছেন ই.তপ্রের্ব আমরা যে আলোচনা করেছিলাম.— মুখামন্দ্রী মহাশার যখন আমাদের ডেকে পাঠান। আপনি এখানকার অধিবেশন অনিদিন্টি কালের জন্য মূলত্বী করে দেবার পর, আমরত গিয়েছিলাম আপনার কাছে এ স্ব্রেণ্ধ আলোচনা করতে।

আমরাও নিশ্চয় এদিক থেকে মনে করি যে এখানে এমন একটা অবহথা সৃষ্টি হবে, যেখানে একেবারে কাজই চলবে না অধিবেশনে, এবং আপনার এই রকম আদেশ, অনি দিটি কালের জন্য হাউসের বিজনেসকে মূলতবী রাখতে হবে, এটা নিশ্চয় কেউই চাইবে না, বিশেষ করে যথন আমাদের এত জিনিস আলোচনা করবার বিষয়় এই অধিবেশনে আছে। তবে এটাও আমরা জানি, যে কথা লিডার অব দি হাউস, প্রফ্লেরাব্র বলেছেন যে এনেক সায়য় উত্তেজনা সৃষ্টি হয়, এবং তা প্রকাশও পায়। এটা নাতুন কৈছব নয়। প্রশাব বা ক্রতা চলা কালে, তখনও কিছব, কিছব বাধা সৃষ্টি হয়। তবে সেটা যদি এলা পর্যায় যায় যে একজন সে তার নিজের কথা বলতেই পাললো না, তাহলে, সেটা নিরপ্রকি হয়ে যায়, এটা আমাল ব্রিমা। এটা ঠিক যে একটা রীতিনীতি আছে সংসদীয় গণতকে যে হাউসে আমরা আমাদের কথাগালি কি ভাবে প্রকাশ করবো, যথন আমাদের বিক্ষোভ হবে, সেগালি আমরা কিভাবে প্রকাশ করবো, বা কিছব ওয়াক আউট, বিভিন্ন রকম জিনিস এখানে আছে। তা যাই হোক, এটা স্ব্রেছ এথানে, এবং আমাদের যে আনক বছবা আছে সরকারের বিরস্কের, সেটা আমরা নিশ্চয়ই বলবো, এবং তার স্ব্রোগ আমরা চাই, এবং সরকারেরও যা বস্তবা, তা তারা বলবেন। আমারা আশা করছি যে, যেভাবে আমাদের সিন্ধানত হয়েছে, সেইভাবে আমরা কাছ পরিচালনা করতে পারবো।

Shri Hemanta Kumar Basu:

দ্পীকার মহোদয়, ডাঃ রায় যথন ছিলেন তথনও তাঁর বক্তৃতার উপরেতে আমরা অনেক সয়য় মনেক প্রশ্ন করতাম এবং মনেক সয়য় এয়ন অবদথা হোত যে হাউস অচল অবদথায় দাঁড়াতো কিন্তু তাতে আমাদের হাউসকে সাইনি ডাই এাডজোর্গড করতে হয়নি। সেদিন আমাদের মুখানকর যথন বক্তৃতা করছিলেন তথন আমাদের অপজিশনের দিক থেকে যেসব প্রশ্ন করা হচ্ছিল সে প্রশ্ন ঠিক বাধা দেবার জনা করা হচ্ছিল না। খাদোর উপরে বাংলাদেশে যে পরিদ্যিতির উল্ভব হয়েছে এবং সেইজনা উত্তেজনা একট্ শেশী হয়েছিল কিন্তু যাই হোক এয়ন অবদ্থা নিশ্চয়ই হওয়া উচিত নয় যাতে আনাদের পক্ষেই হোক বা ওপক্ষ হোক কোন পক্ষই তাঁর বক্তবা বলতে পারবেন না বা আয়য়য় তা শানবো না এটা হওয়া উচিত নয়। এবং এই রকম হলে নিশ্চয়ই সেটা দ্বংথের হবে। আমি আয়য়য় পার্টির দিক থেকে বলছি যে, যে পক্ষই শৃত্তা কর্ক, সরকার পক্ষই বক্তৃতা করনে, তাঁরা তাদের বক্তৃতার উপর যে প্রশ্ন করবার ন্যায়্য অধিকার আছে সে অধিকার নিশ্চয়ই তাঁরা প্রয়োগ করবেন। কিন্তু সে অধিকার এয়নভাবে প্রয়োগ করবেন না বাতে করে সেই বক্তৃতা সম্পূর্ণরূপে বাধাপ্রাপত হয় বা অচল হয়। এই কথা বলেই মুখামন্টা যে কথা বলেছেন তা সমর্থন করছি।

Shri Somnath Lahiri:

সেদিন ম,খামন্দ্রী এবং সবকার পক্ষেদ সংগ্রে বিরোধী পক্ষের বিভিন্ন দলের কথাবার্তার ফলে আলকে থেকে এয়সেম্বলী যদি আবার স্বাভাবিকভাবে চলে তা আমরা। প্রত্যেকই সমর্থন করনো । কারণ এ্যাসেন্বলী অচল হয়ে যাক এটা সরকার পক্ষ চান বা না চান—হয়ত চালনা, আমরাও চাই না, আমাদের জনসাধারণের পক্ষ থেকে অনেক কথা বলবার আছে এবং সেই কথা বলার একটা প্রধান ফোরাম এ্যাসেন্বলী যা গণ আন্দোলনকেও সাহায্য করে। কাজেই আমরা কেউ ননে করি না যে এ্যাসেন্বলী এই রকমভাবে চালাবে। যতে এ্যাসেন্বলী বন্ধ হয়ে যায় । অবশ্য সব পক্ষকেই এবং সরকার পক্ষকেও এটা মনে রাখতে হবে বিক্ষোভের সময় স্বভাবতঃই মাঝে মাঝে হয়ত একট্ উগ্রতা স্ভিট হতে পারে, মাঝে মাঝে এক আধট্ অপ্রীতিকর অবস্থারও স্ভিট হয়ে যেতে পারে ভা বাঙ্ধনার, নয় সতাই কিন্তু তাহলেও মনে রাখতে হবে যে কি করে আমরা একটা অপ্রতিকর অবস্থার ও পক্ষকে যাতে সালা বাংলায় বলে একটা ক্ষমাঘেয়া করে নেওয়া তার দরকার হয় । কারণ এই হিসাবে আমি বলছি যে আমার ধারণা উভয় পক্ষেরই স্বার্থে এ্যাসেন্বলীকে চালা রাখা গণতদের যেট্কু প্রতিষ্ঠা দেশে আছে তা চালা রাখা । কাজেই হাউস চালা থাকুক তারই জন্য যে চেন্টা হবে সেই চেন্টার আমার সম্পূর্ণ সহযোগিতা করবো একথা বলা বাহলো মাত্র।

Shri Nani Bhattacharjee:

গত ৬ তারিখে যে আলোচনা সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের নেতৃব্দের মধ্যে দিয়ে হয়েছে সেই আলোচনা অন্সারে নিশ্চয়ই আমর। এখানে চলবো। সেখানে একটা কথাই বলা দরকার যে যদি কোন সমালোচনা কোন বন্ধার উঠে বা মহতবঃ হয় কিবা কোন প্রশ্ন জিল্ডানা করা হয় তাহলৈ সংগে তেলে বেগলে জনলে ওঠার কোন কারণ নেই এবং টেবিল চাপড়ানর কোন বাপার আসে না তার থেকে, একেবারে বন্ধৃতা বন্ধ করে দেবার বাপারও আসে না। কিন্তু যাই হোক আমি সেদিকে যাছি না। সংশোধীয় গণতন্তের মধ্যেই মনতাবার অধিকার আছে, মাঝে মাঝে ইনটারাপশনেরও অধিকার আছে কিন্তু জচল করে দিতে কেউ চার না।

Mr. Speaker:

অধিকার নেই, কিন্ত করা হয়।

Shri Nani Bhattacharjee:

আমরা চাই যে এই হাউস চলক। আগেও চেয়েছি এখনও চাচ্ছি যে এই হাউস চলকে এবং বিশেষ করে খাদাসমস্যা সাংঘাতিক, অনাস্থা প্রস্কাব এই সরকারের বিরুদ্ধে আছে, আমাদেরও বক্তবা ব্যুভাবে আছে। স্তুতরাং এদাসম্বলী চলকে এটা অন্মন্তা চাই এবং ভালভাবেই চলকে এটা আমরা চাই। সেদিক থাকে নিশ্চয়ই আমরা আশা করব আমরা যেমন সহযোগিতা করছি বিভিন্ন দিকের সব মাননীয় সদস্য সেই রকম সহযোগিতা করবেন।

[2-10= 2-20 n m.1

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় স্পীকার মহাশয়, লিভার অব দি হাউস আমাদের সামনে যে কথা বললেন তাতে এটা বোঝা গেল যে একটা ভীষণ ঝড় ঝঞ্জা থেকে তাঁর শিক্ষা লাভ হয়েছে এবং আমরাও কিছ্ কিছ্ শিথেছি। সার, আমরা সংসদীয় গণতন্ত মেনে চলি এবং অগজিসন-এর দারিছ নিয়ে সমালোচনা করি। তা যদি না করতাম তাহলে সমালোচনার অধিকার নিজেদের হাতে গ্রহণ করতাম না। লিভার অব দি হাউণ্যের কাছে আশা করব দিকিন হাউসের লিভার হিসেবে যদি মনে করেন অপজিসনের প্রথা ঠিকমত হচ্ছে না তাহলে অপজিসন লিভারকে ডেকে মীমাংসা কবা উচিত এবং আমরা আশা করব তিনি সেইভাবে করবেন। তৃতীয় কথা হচ্ছে আমরা এখানে শান্তিপূর্ণভাবে কাজ চালাতে চাই, তবে ব্যাপার হচ্ছে টেম্পার আউটসাইড দি হাউস স্ভ বি রিফ্লেকটেড ইনসাইড দি হাউস। আমাদের এই হাউস পার্লামেন্টারী ডেমোক্রেসীর মূল শির্তার উপর দাঁড়িয়ে আছে। এখানে অপজিসনের তরফ থেকে যদি টেম্পার শো করা হয় তাহাল দৌজারী। বেঞ্কের

তরফ থেকে এই রকম টেবেল থাবরান উচিত নয়। যা হোক, গভর্ণমেন্ট বেশ্বের দায়িত্ববাধ অত্যন্ত লেট-এ হলেও এবং অপ্রীতিকর অবস্থা হলেও আন্ধকে লিভার অব দি হাউস আমাদের সংগ কো-অপারেসন-এর কথা বলে হাউস চালাবার যে দায়িত্ব নিরেছেন তাতে আমি আমার পক্ষ থেকে এটরুকু বলতে পারি হাউস যাতে ভালভাবে চলে সেদিকে আমরা দৃণ্টি রাখব। তবে লিভার অব দি হাউসকে আবার বলব পার্লামেন্টারী ডেমোক্রেসীতে হাউসকে যেভাবে দেখা হয় তিনি যেন হাউসকে সেইভাবে দেখেন।

Shri Bejoy Kumar Banerjee:

মাননীর স্পীকার মহাশর, আজকে মাননীয় মুখামন্ত্রী মহাশার এই বিধান সভার কার্য যাতে সন্চার্ত্রপে এবং শান্তিপূর্ণ পরিধেশের মধ্যে পার্রচালিত হয় তারজনা যে আবেদন করেছেন সেই আবেদন অনুযায়ী যাতে এই সভার সব কাজ সংঘবন্দভাবে এবং ব্যক্তিগতভাবে সার্থক র্পায়ণ করা যায় তারজনা আমরা সর্বদাই প্রস্তুত থাকব। কার গুণ, কার দোষ সেটা আজ আর হিচার্য বিষয় নয়। আমাদের প্রতাকের একথা বোঝা উচিত আমরা বিধান সভায় জনসাধারণের প্রতিনিধি হিসেবে এসেছি কাজেই আমাদের কারত্র এরকম কেন আচরণ করা উচিত নয় যার উপর একটা প্রতিক্রিয়া হয় বা বর্ষাপাত করে বা গণতালুকে হত্যা করা হয়। আমারা যদি এই সভায় আমাদের বন্ধব পেশ করতে না পারি তাহলে সেই দায়িত্ব এক। কংগ্রেস দলের নয়, একা বিরোধী বলের নয় ারা সেই দায়িত্ব সকল দলের। সকল দলের বান্তিগত প্রচেটায় সেই কাজ সফল হতে পারে একথা বলে মুখামন্তি চলাশ্র থে আবেদন করেছেন তাকে আমি সমর্থনি করছি।

Shri Anadi Das:

মাননীয় সপীকার মহাশয়,)লভার অব দি হাউস ষেকথা বলেছেন সে সম্বশ্ধ আমরা আলোচনা করেছি এবং একম এ থরেছি। এবে একথা কিছুতেই ভুলতে পারি না আমরা যথন অপজিসনে আছি এখন বাইরে যে সেন্টিমেন্ট আছে সেটা যদি এগ্রসেন্দ্রলীতে রিফ্লেকটেড না হয় তাহলে অপজিসনের কাজ সমাকভাবে পালিত হয় না। গভর্গদেন্ট সাইডে এক্সিকিউটিভ-এর সুযোগ আছে এবং অপজিসনের সুযোগ হচ্ছে বাইরে যে অভাব অভিযোগ আছে, সেন্টিমেন্ট আছে সেগুলোকে এগ্রসেন্সলীর মধ্যে নিয়ে তাসা এবং এটা যদি আনা যায় তাহলে এক্সিকিউটিভ-এ বারা আছেন তাঁরাও উপকৃত হবেন। কাজেই আমরা এমন নিশ্চয়ই কাজ করব না এবং করিওনি যাতে এগ্রসেন্দ্রলী বন্ধ হয়ে যেতে পারে। একটা ভিটামীন্ড এফার্ট এবং এগ্রসেন্দ্রলীতে একটা স্টেটমেন্ট দেখান এই দুটোর মধ্যে নিশ্চয়ই পার্থক্য আছে। বাইরে যে জনতার বিক্ষোভ আছে এবং নানাবিব অভাব-তাভিযোগ সম্পর্শে তাদের যে চাঞ্চল্য প্রকাশ পায় এবং সঙ্গো তার তফাং নিশ্চয়ই আছে, আমরা তাদের সেই চাঞ্চল্য কথনো কখনো নিশ্চয়ই প্রকাশ করব। কিন্তু আমরা নিশ্চয়ই চাই না এ্যাসেন্বলী বন্ধ হয়ে যাক। সেদিক থেকে লিভার অফ দি হাউস যে কথা বলেভ্লে সেটা প্রণিধান্যাগ্য।

Shri Cirish Mahato:

স্যার, এই অবস্থার অবসানে আমরা খুকী হয়েছি। এই ব্রুঝাপড়া এমন কোন কঠিন ব্যাপার ছিল ন। শাসকলে এবং বিরোধীদল উভয়েরই গণতালিক অধিকার রয়েছে। জনগণও চায় গণতালিক পথে তাদের মত ও দাবী বাস্ত হোক। জনগণ চায় সরকার পক্ষ তাদের ন্যায়সংগত দাবিদাওয়া উপেক্ষা না করে বিচার করে করবেন, কারণ তাঁদেরই হাতে ক্ষমতা রয়েছে। সরকার পক্ষ র্যাদ আমাদের ন্যায়সংগত দাবী বাক্ষজালে উপেক্ষা না করে আমাদের সংগে প্রামর্শ করে কাজ করেন তাহলে কোন গণডগোল হয় না। সেইজন্য আমি আপেন জানাছিছ তাঁরা যেন এই অবস্থা অনুভব করে কাজ করেন, তাহলে কোন গোলমাল হবে না।

Shri Kanai Pal:

মাননীয় পশীকার মহাশয়, আমি একজন ইণিডপেণেডেও সদস্য হিসাবে আপনার কাছে এট্রক্ বলতে চাই ন্যায়সপ্যত অধিকার হোক বা না হোক, এটা এ্যাসেম্বলী অর পালিরামেন্ট-এর কন্ডেন্শন যে, পক্ষে বা বিপক্ষে যে বস্তুতা হয় তাতে কিছু ইন্টারাপশন হয়—অবশ্য ষত্থানি সংগত। কার্র বস্তুতার বাধা দেওয়া বা কার্র বস্তুতা শ্নতে না দেওয়া সংগত নয়। যেটা ন্যার্ন সংগত সেটা আমরা শ্নব এবং মেনে চলব।

STARRED QUESTIONS

(to which answers were laid on the Table)

Payment of deficit grant to high and higher secondary schools

- *114. (Admitted question No. *918.) Shri Sailendra Nath Adhikary:
 শিক্ষা বিভাগের মাননীয় মন্তিমহাশয় অন্ত্রহপূর্বক জানাইবেন কি—
 - (ক) উচ্চ মাধ্যমিক ও উচ্চ বিদ্যালয়গ**্লি**তে ডেফিসিট গ্র্যাল্ট নির্মাতভাবে দেওরা হর কিনা:
 - (খ) উত্তর 'না' হইলে কারণ কি: এবং
 - (গ) সরকার ইহার প্রতিবিধানে কি বাবস্থা গ্রহণ করিতেছেন এবং তাহা করে হইতে কার্ম-করী করা হঠাব।

The Minister for Education:

- (क) হাঁ।। বর্তনানে নির্মিত দেওরা হইতেছে।
 - (খ) প্রশু উঠে না।
 - (গ) প্রশ উঠেনা।

Fish price in Malda town

- *115. (Admitted question No. *934.) Dr. Colam Yazdani:
- মংস্যা বিভাগের মাননীয় মন্তিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-
 - (ক) গত বংসর জনুন, জনুলাই মাসে মালদহ টাউনে মাছের দর কত ছিল এবং এই বংসর ঐ সময়ে কত:
 - মালদহ জেলা হইতে গত বংসর ঐ সময়ে কত মাছ চালান হইয়াছিল এবং এই বংসর
 কত এবং কোথায় মাছ চালান হয়: এবং
 - (গ) মালদহ টাউনে মাছের উধর্বমুখী মূলা রোধের জন্য কোন ব্যবস্থা হইয়াছে কিনা?

The Minister for Fisheries:

(ক) গত বংসর ও এই বংসর জন, জলাই মানে মাজের গাড় দর নিমারূপ ছিল---

			১৯৬৩)	১৯৬৪	
		•	<u>ू</u> न	<u>जू</u> तरे	<u></u>	जूनारे
(5)	ক্লই-কাতলা	 	3.00	२.४१	0.00	٥.٩٥
(२)	रे निम	 	J. 00	3.00	٥.٩٥	٥.৮٩
(၁)	শিক্তি, যাগুর	 	२.७১	२.४१	२.४३	٥.১১
(8)	কুচোচিংড়ি	 	5.80	5.95		• •
(a)	<u>ৰাটা</u>	 	२.२৫	२.४७	₹.8೨	৩.৬৮
(७)	বাগ্দা চিংড়ি	 	२. ३१	2.69	••	



(খ) গত বৎসর ও এই বংসর জুন জুনাই নাসে কত নণ নাছ চালান হইরাছিল এ বিধরে তথ্য পাওরা বার নাই। তবে গত বছর নোট ২১,০০০ নণ এবং এই বছর (জানুরারী হইতে জুনাই পর্বস্ত) নোট ৪০০০ নণ নাছ চালান দেওরা হয়।ইহার বব্যে প্রার ৮০ পারসেন্ট ভাগই শীতকালে চালান দেওরা হয়। এই অঞ্চল হইতে নাছ শিলিগুড়ি, জনপাইগুড়ি, কুচবিহার, পঃ দিনাজপুর প্রভৃতি স্থানে চালান দেওরা হয়রা থাকে।

(গ) ना।

North Bengal State Transport Corporation

*116. (Admitted question No. *947.) Shri Jiban Krishna Dey: ফুরান্ট্র (পরিবহণ) বিভাগের মাননীয় মন্দ্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) ইহা কি সতা যে, নর্থ বেপাল স্টেট ট্রান্সপোর্ট কপোরেশন ১৯৬৩-৬৪ সালে গাড়ি-ক্ষকলেপ ১৫ লক্ষ টাকা সরকারের নিকট ঋণ চাহিয়াছিল:
- (খ) সত্য হইলে, ঐ টাকা ঋণন্বর ্প সরকার দিরাছিলেন কিনা ; এবং
- (গ) না দেওয়া থাকিলে, তাহার কারণ কি?

The Minister for Home (Transport):

- (क) न।।
- (খ) 'ও (গ) পুশু উঠেনা।

Asansol municipal tax

- *117. (Admitted question No. *949.) Shri Bejoy Pal:
- (ক) স্বায়ন্তশাসন ও পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ইহা কি সত্য যে, গত এ্যাসেসমেন্টের পর আসানসোল পৌরসভার গরীব করদাতাদের বর্ধিত কর যাহাতে লাঘব হয় তাহার জন্য মন্ত্রিমহাশয় এ্যাডমিনিন্টেট্রটারকে নির্দেশ দিয়াছিলেন?
 - (খ) হ'দ (ক) প্রশেনর উত্তর 'হাা' হয়, মাননীয় মন্তিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-
 - (১) রিভিউ করার সময় ঐ নির্দেশ কার্যকরী করা হইতেছে কিনা; এবং
 - (২) কতগুলি ক্ষেত্রে এবং কি হারে বর্ধিত কর কম করা হইয়াছে?

The Minister for Local Self-Covernment and Panchayats:

- (क) 'ও (ব) (১) হঁ**ग।**
- (খ) (২) অদ্যাবৰি ৭৫২ খানি দরখান্তেব শুনানী এবং বিচার করা হইরাছে।
- (১) শহরের স্থৃদ্ধ এলাক। সমূহের গৃহাদি যাহ। ব্যবসা বাণিজ্যের কেন্দ্রস্থল এমন সমস্ত হের ব্যবিত করের শতকর। ২০ হইতে ৩০ ভাগ কমান হইয়াছে।
- (২) বদ্ধাদের নিমিত্ত গৃহাদির কর যাহা স্মৃদ্ধ এলাকায় স্বস্থিত সেইরূপ ক্ষেত্রে বিদ্ধিত **করের** শুকুকুরা ৩০ ভাগ হুইন্ডে ৫০ ভাগ পুর্যন্ত কমান হুইয়াছে।
- (৩) অনুনুত এণাকায় গৃহাদির বন্ধিত করের শতকর। ৪০ ছইতে ৬০ ভাগ পর্যন্ত লাষৰ কর। ছইয়াছে। এমন কি কতকগুলি ক্ষেত্রে পর্বেকার করই বহাল রাখিবার সিদ্ধান্ত লওয়। ছইয়াছে।

[902.] দুৰ চেয়ে দু:ৰের কথা হচেছ যে তিনি আমাকে আক্রমণ করতে গিয়ে বাংলাদেশের দট। ন্ত্র পতিষ্ঠানকৈ আক্রমণ করেছেন। আজকে তিনি দেখাবার চেষ্টা করেছিলেন যেহেত আমি দ্ধী আছি দেছনা পত্রিক। যুগান্তরের বিজ্ঞাপন বেড়ে যাচেছ। আমি তাদের মনে করিয়ে দ্রা আনু বিষয়ে বিষয়ে দুই বছর আমি আছি শিল্প মন্ত্রী হিগাবে এর আগে ৪৪ বছর ধরে পত্রিকা চলে এসেছে এবং ৩০।৩৫ বছর যুগান্তর চলে এসেছে। যার। তাকে খবর দিয়েছেন তার। তাকে ভুল খবর দিয়েছেন এ বিষয়ে কোন সন্দেহ নেই। তার কারণ আমি নাকে অনুবোধ করব যে একজন অন্তত একটা ইণ্ডাণ্ট্রিয়ালিফ বা একজন বিজ্ঞাপনদাতাকে তিনি অন্তত আমার কাছে নিয়ে আহ্বন যিনি এসে আমার কাছে বলবেন যে হাঁ। ত্রকণবাব আপনি আমাকে বলেছিলেন যে যুগান্তরে বিজ্ঞাপন দিন। যদি তাও না বলতে চান তাহলে আমি বলছি—আমি অন্তত বিশ্বাস করি হেমন্ডদাকে। তাঁর প্রতি আমার পরে। শ্রদ্ধা আছে। আমি তাঁকে বলছি তিনি হেনন্তবাবর কাছে নিয়ে যান এবং তিনি যুদি বলেন যে হা। তরুন আমার কাছে দুই জন বলে গেছে তাহলে আমি সেনা মেনে নেৰ ষ্টে অনাার করেছি। এই সমস্ত হাউসের সামনে দ।ড়িয়ে অ।মি এই কণা বলে ফাচিছ। এখানে তিনি মে মাসের বিজ্ঞাপন এবং জুন মাসের বিজ্ঞাপনের ফিগার দিয়ে তিনি ব্ঝাবার (চিষ্টা করেছেন কিন্তু তিনি ভুলে যাচেছন যে দুই বছর আমি শিল্প মন্ত্রী গভর্ননেশের যে বিজ্ঞাপন এবং তা আমি ৮।১০ বছর ধরে আমি মন্ত্রীসভা সধ্যে রয়েছি অত্রব দই মাসের হিসাব দিয়ে তিনি কি প্রমাণ করবার চেষ্টা করলেন তা আমি ব্রুতে পারলাম ন।। এবং দই মাসে যদি কারে। বিজ্ঞাপন পরে কিন্বা বাড়ে তাতে এটা নিশ্চয়ই প্রাণিত হর না যে ১২ বছর আনি এখানে রয়েছি দুই মাসে এই জিনিঘ হয়েছে। তিনি য। ফিগার দিয়েছেন—তাতে তার বোধ হয় ঠিক জানা নাই যে এই তিন বছরে আমাদের সমত্ত অন্যান্য এ ক্রাস সংবাদপত্র ভার৷ স্বাই এব প্রকল সংবাদপত্র যদিও কারে৷ বিরুদ্ধে আমি কোন কথা বলব ন।—তবে এই টুকুই **যামি বলব যে আনন্দৰাজারই হক আ**র সেটট**স**ন্যান হউক, টাইনস অব ইণ্ডিয়া হউক, হিন্দু ইউক, হিন্দুখান টাইনস হউক যে কোন বড় বড় কাগজ্ঞই হউক দেশের যে আপনি খৌজ নিয়ে দেখবেন যে ভারতবর্ষের অ√ নৈতিক প্রগতির স**জে সজে** প্রত্যেক কাগজেতেই কি ভাবে উনুত হয়েছে। এবং সেটার সঙ্গে মিলিয়ে আপনি দেখবার চেটা করবেন যে পত্রিকা এবং যুগান্তর যার৷ এ ক্লাস পেপার তাদের উ**ণুতি বেশী হয়েছে** কি কম হয়েছে। যদি প্রমাণ করতে পারেন যে হিন্দু, হিন্দুস্থান টাইনস, আনন্দ্রাজার পত্রিকা,

পুত্যেক কাগজেতেই কি ভাবে উনুত হয়েছে। এবং সেটার সঙ্গে মিলিয়ে আপনি দেখবার
চেটা করবেন যে পত্রিকা এবং যুগান্তর যার। এ ক্লাস পেপার তাদের উনুতি বেশী হয়েছে
কি কম হয়েছে। যদি পুমাণ করতে পারেন যে হিন্দু, হিন্দুস্থান টাইমস, আনন্দনাজার পত্রিকা,
সেটাসমান, টাইমস অব ইণ্ডিয়। এদের চেয়ে পত্রিক। এবং যুগান্তরের বেশী উনুতি হয়েছে
তাহলে আমি পদত্যাগ করব—এই কথা আমি আপনাদের কাছে বলে দিচিছ। অতএব
আমি অপুর্বাবুর কাছে এই অনুরোধ করব যে আমার প্রতি বিষেম কারে। প্রতি নেই। আমার
হয়ত বহু দোঘ বয়েছে আমি হয়ত বহু জিনিঘ করতে পারিনা, বহু কিছু ফেইল করি
কিন্তু আমার দংধ এই যে কাগজের সঙ্গে মহায়। শিশির কুমারের নাম জড়িত যে কাগজের
সঙ্গে মতিলাল গোদের নাম জড়িত যে কাগজ তাদের সাধামত হয়ত কাজ করবার
চেটা করেছে, এই দুটো পুতিছানকে জড়িয়ে নিয়ে আমাকে আক্রমণ করবার চেটা

করবেন না। আমার নিজের বহু দোঘ রয়েছে তাই দিয়ে আমাকে আক্রমণ করতে পারতেন। আমি আজকে আর নেশী কিছু বলতে চাই না, ভুণু এই চুকু বলব যে এতক্ষণ ধরে যে আলোচনা হয়েছিল, তাতে কোন ব্যক্তিগত আক্রমণ দেখা যায়নি, কিন্তু অত্যন্ত দুঃধের কখা যে আলোচনার শেঘ সন্ম এই পুশু এগেছে। আনি গাড়ীতে লাল আলো। জালি কি জালি না আমাদের মুখ্যমন্ত্রী তার জবাব দেবেন। এবং লাল আলো জেলে যদি আমি কোন অন্যায় করে থাকি মুখ্য মন্ত্রী আমাকে শান্তি দেবেন এবং তারজন্য আমি অপূর্বনাবুর কাছ থেকে শান্তি পেতে রাজী নই। এবং গাড়ীটো আমিতাত্বাবুর হউক বা যাই গাড়ী হউক আমি

নিশ্চরই আনধ্র বন্ধুর গাড়ী চড়তে পারি—এই অধিকার নিশ্চরই আমার আছে, মন্ত্রী হয়েছি বলে আমি কারে। গাড়ী চড়তে পারব না—এ জিনিষ হতে পারে না। তবে নিশ্চরই যদি এমন ঝোকের গাড়ী আমি চড়তাম যার সঙ্গে সরকারের কোন কণ্টাষ্টএর পুণু আছে কিষা পারমিটএর কোন সর্ব্ধ আছে তাহাল নিশ্রই সেট দোঘনীয়া হত। এখানে যে সমস্ত প্রশু উধাপনা কর। হয়েছে জামি আশা করি তার জলাধ ধ্যান্ত দিয়েছি। কলে প্রশান মন্ত্রি

প্ৰাৰুসনাল ভিলিফিকেশন না আসত আমি আৰও ৰুসী ছুভান্ন আম সকলের সালে ২ছছপর্ন

ৰলোভাৰ নিয়ে আমি চলবার চেষ্টা করি কারণ আমি জানি বে আমাদের শত বিরোধীত। সজেও আমর। একদেশের সন্তান একই উদ্দেশ্য নিয়ে আমর। বহুবার কাজ করবার চেষ্টা করছি। আমি এখানে আর বেশী কিছু বলব না শুধু বে প্রস্তাব এসেছে তাক্ক বিরোধীতা করে আমি আমার বন্ধব্য শেষ করছি।

Shri Somnath Lahiri:

ৰাননীর শীকার মহাশর, মুখ্যমন্ত্রী মহাশরের দৃষ্ট আকর্ষণ করছি একটি বিষরের প্রতি বে পশ্চিম বাংলার বে সমস্ত পোলিটেকনিক আছে ডিপ্লোম। ইঞ্জিনিরারিং কোর্সে সেধানকার স্টাফ এর লোকের। এই হাউসের কাছে এসে জম। হরেকে, তাদের একটা স্বারকলিপি তারা দিরেছে চীক বিনিস্টার এর কাছে সেটা যদি চীক যিনিস্টার দর। করে নেন তাহলে তারা বাধিত হবে।

[6-15-6-25 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহালয়, সর্বপুধ্বে আমি কতকগুলি খুচরে। হলেও অত্যন্ত গুরুছপূর্ণ অভিযোগের জবাব দিতে চাই। আমাদের একজন মাননীয় সদস্য বিরোধীদলের নিশ্চয়ই তিনি বলেছেন বে কুথার জালায় মূশিদাবাদ জেলায় ডাহাপাড়াতে একটা মহিলা তার শিশু সন্তানকে গজাবক্ষে বিসর্জন দিয়েছে। আমি এই মাত্র মূশিদাবাদ জেলার ডিস্ট্রিক মাজিস্ট্রেটএর কাছ থেকে খবর নিয়ে জানলাম যে সেই মহিলাটি যার নাম হচেছ শ্রীমতী মালতী গোস্বামী স্বামীর নাম হচেছ শ্রীপ্রিয়নাথ গোস্বামী তিনি জর্বাৎ ঐ মহিলাটি উল্মাদ she is confirmed lunatio

জানাকে ডিটিকুট ন্যাজিটেকুট কখনই মিধ্যাকথা বলেন নি। আমি এ ব্যাপার সন্ধন্ধ কিছুই জানতাম না, তার কাছে থেকে শুধু যে টেলিকোন এ খবর নেওয়। হয়েছে তা নয়, য়েডিওগ্রামএ খবর নেওয়। হয়ছে যে এই মহিলাটি উন্মাদ। যদি এটা মিধ্যা খবর হয় তাহলে নিশ্চয়ই আমি ডিটিকুট ম্যাজিটেকুটকে শান্তির ব্যবস্থা করব তবে খবর হচেছ এই যে এই মহিলাটি কনকার্মত লুনাটক এবং অত্যন্ত দুংবের বিষয় যে এই মহিলাটি তার কনিছা কন্যাকে ভাগরখীতে বিশর্জন দিয়েছে, তবে আমি এইটুকু আপনাকে বলতে পারি যে ক্ষুবার তান্তনায় দেননি। আমাদের এখানে আরেকটি প্রশু করা হয়েছিল যে শ্রীমতী চামেলী বয় য়য়য়ে জামাদের যিনি ডাইরেটর অব স্ট্যাটিস্টিক্স তিনি তাঁর চেহার। তাল বলে যেহেতু তিনি ফুলরী সেজন্য অন্যান্য স্বাইকে বাদ দিয়ে তাকে নিয়োগ করা হয়েছিল। আমি এই মহিলাটি ইনি পি. এস. সি. কর্তৃক নিয়ুক্ত হয়েছিলেন নিশ্চয়ই তাঁর অন্যান্য গুণ আছে, যদি তিনি ফুলরী ছল তাহলে নিশ্চয়ই অপরাধের কথা নয়।

ভারপর, আর একজন মাননীয় সদস্য বললেন আমাদের খাদ্য বিভাগের যিনি সচিব সেই শ্রীগান্ধুলী নাকি অনেক টাকা ধরচ করে বাড়ী করেছেন। আমি এইমাত্র ধরর নিয়ে দেখলাম যে তিনি বাড়ী করেছেন ঠিক এবং এই যে বাড়ী করেছেন সেটা তিনি ধার নিয়ে দেখলাম যে তিনি বাড়ী করেছেন কপোরেশন থেকে এবং অন্যান্য জ্বায়গা থেকে টাকা ধার নিয়ে ছিলেন এবং প্রত্যেকবার টাকা ধার নেবার সময় সরকারের অনুমতি নিয়েছেন। সবস্ক তিনি বোধ হয় ধার নিয়েছেন ৭০-৮০ হাজার টাকা। তিনি সরকারের অনুমতি নিয়েছেন এল. আই. সি. এবং অন্যান্য জায়গা থেকে যদি ঋণ গ্রহণ করে থাকেন তাহলে সেটা বোটেই দোবের নয়। এছাড়া আর একজন সরকারী কর্মচারীর বিরুদ্ধেও অনেক অভিযোগ করা হয়েছে। আমি কর্মচারীদের কথা যে বলছি তার কারণ হচেছ তার। এখানে এসে তাঁদের বিরুদ্ধে যে সমস্ত আলোচনা কর। হয়েছে তার জ্বাব দিতে পারবেন না, বাহোক, সেই কর্মচারীটির নাম হচেছ পি. কে. সেন গুপ্ত, ডেপুটি কর্প্টোনায় অব রেশনিং। বলা থরেছে তিনি নাকি অন্যান্ধভাবে এবং এরকম ইন্সিত করা হয়েছে বোধহর বুদ্ধ নিয়ে

হালনেলার, ইম্পোর্টার নিরোগ করেছেন। আনর। এই সমন্ত লোক নিয়েনে করবার পরর কেটি নীতি গ্রহণ করি। ১৯৬০-৬১ সালে চিনির উপর নিয়ন্ত্রণ ছিল এবং পরে উঠে। রেছিল। ১৯৬০-৬১ সালে যারা ভাল কাজ করেছিল—অর্থাৎ তাদের মত অ্যালট্রেণ্ট দেওরা রেছিল তার শতকরা ৫০ ভাগের বেশী যারা চিনি এনেছিল তাদের কাজ দিয়েছি। জর্থাৎ ানাদের ঐ নীতি অনুসারেই তারা কাজ পেরেছে।

Shri Jiban Krishna Dey:

खकाँ जाता इस्लार्ने दिवत नाम वनरवन कि ?

The Hon'ble Prafulia Chandra Sen:

মার কাছে সেই নাম নেই। কারুর নাম গোপন নেই, আমি সব দিতে পারি। বাছোক দি এটুকু বলতে পারি আমর। এরকম কোন তথ্য, পুমাণ বা অভিযোগ পাইনি বাতে করে বা বার আমাদের এই কর্মচারীর। যুস নিচেছন। তারপর আর একজন সদস্যের দেখলাম 20 কাকে বলে, হাজার কাকে বলে, লক্ষ্ণ কাকে বলে তার জ্ঞান কম আছে। তিনি বেলন লক্ষ্ণ লক্ষ্য কা কাক্ষিনীইজার। মাননীয় স্পীকার মহাশায়, গত কাল আপনি শুনেছেন মাদের এই বলে দোঘ দেওয়। হয়েছে যে আমাদের ফার্টিলাইজার বিতরণ ভালভাবে হয়নি। ক্রেয় সরকার পেকে আমাদের যতান আালটমেণ্ট কর। হয় আমর। ততান নিতে পারি না, ছে এই মাননীয় সদস্য শ নয়, হাজার নয়, লক্ষ্ণ লক্ষ্ণ টনের কথা বলেছেন। মাট যে টিলাইজার ছিল তার পরিমাণ হচেছ ২ হাজার ১৮ টন এবং তার মূল্য হোল ৬ লক্ষ্ণ ৬৬ জার নিকা। ইতিমধ্যে ২ লক্ষ্ণ ৯২ হাজার চাক। আদায় হয়েছে এবং বাকী আছে ৩ লক্ষ্ণ ১ হাজার চাক। এই ফার্টিলাইজার চামীর কাছে দেওয়। হয়েছে এটা ব্ল্যাক মার্কেটে যায়নিং তার কোন পুমাণও পাইনি। তবে যে ৬ জন ডিস্ট্রিবিউটর এই অপকর্ম করেছে দের ৬ জনের বিক্রম্কেই ফ্রিনিনল কেস করা হয়েছে।

·25--6-35 p.m.]

ব এদেব মধ্যে দ'জনের বিরুদ্ধে সিভিল স্থাই করা হয়েছে, আর একজন অফিসারকে দপেণ্ড করা হয়েছে। সমস্ত বিষয়টা বিচারাধীন আছে। মাননীয় সদস্য আর একটা কথা ালেন. সেখানে তাঁর হিসাব ভুল, তাঁর হিসাব জ্ঞান একটু কম। তিনি বললেন সেক্সটুল न य कार्य ठांत १२ त्या है। तकना इदाछन । १२ त्या है। नग् , ५२ तहे। না হয়েছিল এবং এক একটি সেক্সটুলের মূলা হচেছ ২ হাজার ৫ শো ৪০ **ह।। ১৯৬১–৬২ সালে কেনা হয়েছিন এব**ং তিনি অভিযোগ করে বলেছেন াধ হয় দঃখ করে বলেছেন যে গেক্সটুলের কাছ ভাল হয়নি। কিছু ক্রটি ছিল। আসর। ভার বেসিসে এই জিনিসঙলি কিনেছি। এটা সানাদের দেশী জিনিস এব যেখানে সেখানে উযোগ পেয়েছি শেখানে শেখানে আমর। এর মেরামত করবার ব্যবস্থা করে দিয়েছি। একটা নিস আপনাদের বলছি সেটা হচেছ এই যে জিনিস বিক্রি কর্ছি যখন लिंगेलिस्टिक्त तेका जामाराव नमा इस उथन जामता द्वनी करत अखिर्याण शांटे। माननीय ্যক মহাশয়, একটা কথা অনেকেই বলেছেন এবং আপনি ৰোধ হয় গুনেছেন যে শ্ৰীকামরাজ্ব নি স্থানাদের কংগ্রেসের সভাপতি তাঁকে স্থামর৷ ব্র্যাক্যার্কেটিয়ারদের কাছ থেকে টা**ক৷** গ্রহ করে বরে দিরেছি। আমি কিছু নাম বলুছি, আমি এক পরুণা আদার করিনি বহু াকের কাছে, বহু বন্ধুর কাছে প্রদেশ ক থেম কনিটির পক্ষ থেকে চিঠি দেওন। হয়েছিল, होका व्यानास है देसके वह सरका विकाशनीय शाकातत छै अत्त, अन कारक मिन्द्रमा शासक, মি নাম পরে দিচিছ। কারণ, এ নিরে মনে হচেছ যে আমর। যেন সমস্ত চিনির বসায়ীদের কাছ থেকে টাক। সংগ্রহ করেছি। আমাদের এখানকার একজন এম, এল, এ, কানাইলাল দে তিনি দিয়েছেন ২ হাজার টাকা। রতন লাল স্কুরেখা দিয়েছেন ৭ হাজার শো টাকা। আনন্দরাজার পত্রিকা ৫ হাজার টাকা প্রথম কিন্তিতে, অমতরাজার পত্রিকা হাজার ও শো টাকা, ধুগান্তব ২ হাজার ও শো টাকা, ইস্ট এনাংগলিয়া প্লাসটিক ইণ্ডিয়া লিনিটেড হাজার টাকা,শ্রীজিরাউন হক প্রথম কিন্তি ২॥ হাজার টাকা, মিত্রীয় কিন্তি ২॥ হাজার

ন্ধাৰা। জিবাউল হকের সজে আমাদের কোন কারবার নেই। শ্রীমতী ইলা পাল চৌধুরী দিয়েছেন ১ হাজার টাকা। ন্যাশন্যাল রাবার এণ্ড কোং দিয়েছে ১০ হাজার টাকা। ক্রানাল রাবার এণ্ড কোং দিয়েছে ১০ হাজার টাকা। ক্রানাল স্যানুক্যাকচারার্স দিয়েতে ২ হাজার টাকা। এটা একটা বাঙ্গালী প্রতিষ্ঠান। ক্রেরের ১০ হাজার টাকার চেক দিয়েছে। এস, গাঙ্গুলী ২ হাজার ১ টাকা, শ্রীজগন্যাথ কোনে ২ হাজার ৫ শো টাকা। ইন্তিয়ান রাবার ম্যানুক্যাকচারিং কোম্পানী ১ হাজার টাকা। এণ্ডার্সন রাইট লিমিটেড, চিনির কারবার নেই, এরা দিয়েছে ৫ হাজার টাকা। দোরামিক সেন্স কর্পোরেশান ১ হাজার টাকা। জ্বোদিয়া কাজোরিয়া কোলিয়ারী ৭৫০ টাকা। ক্রিটাকা বিলাবেল এগাসিওরেন্স দিয়েছে ১০ হাজার টাকা। শীতলপুর কোল ৭৫০ টাকা, আমোদিয়া কাজোরিয়া কোলিয়ারী ৭৫০ টাকা, ইন্ট বরাকর কোল ১ হাজার ৫ শো টাকা। জি. ডি. কোঠারী ২ হাজার ৫ শো টাকা, সন্তিকা ১ হাজার ১ শো টাকা। শ্রীঅার কে গোয়ালকা, এম. পি. ৫ হাজার টাকা দিয়েছেন। শ্রীএস. ডি. বিনানী ৫ হাজার টাকা। শ্রীজেব নমা। শ্রীজরেশ চক্র রাম প্রথম কিন্তি ২ হাজার ৫ শো টাকা, বিভীয় কিন্তি ২ হাজার ৫ শো টাকা, বিভীয় কিন্তি ২ হাজার ৫ শো টাকা, বিভীয় কিন্তি ২ হাজার ৫ শো টাকা, চিনির কারবারী নমা। শ্রীডি. এন. সে দিয়েছেন ৫ হাজার টাকা। বিভীয় কিন্তি ২ হাজার ৫ শো টাকা, চিনির কারবারী নমা। শ্রীডি. এন. সে দিয়েছেন ৫ হাজার টাকা। বিভায় টাকা।

শ্রীসতা দিন্হ। ৫১, এ ভাত্তিওয়াল। ১ হাজার টাক।, কোলে বিশ্কুট স্যাও কোং ৬ হাজার টাক। বাই চেক, শ্রীবৈদ্যনাধ বাানাজী, এম এল এ দিয়েছেন ২ হাজার টাক।, শ্রী জে এন মুধাজী ২ হাজার টাক।, বেকল ফাইন ম্পিনিং-এর শ্রী বি দি নাগ দিয়েছেন ১ হাজার টাক।, ব্রিটেনিয়৷ ইঞ্জিনিয়ারিং ৫ হাজার টাক। বাই চেক, এম্পায়ার জুট ১৬৩০ টাক। বাই চেক, নেলিবাল। জুট ১৩৬৯ টাক। বাই চেক, প্রেসিডেন্সী জুট মিল ১৩০৩ টাক। বাই চেক, কেলাভন জুট আও কোং ২২৯০ টাক। বাই চেক, চিত্রা ভালসা জট মিল ১৯৫৫ টাক। বাই চেক, মালেকজাওার জুট ১৪৫৩ টাক। বাই চেক, মেবনা জুট ৫ হাজার টাক।, শ্রীকিশোরীলাল চনানিয়। ৫ হাজার টাক।, নর্থ ক্যালকাটা ডিস্ট্রিই কংগ্রেস কমিটি তলে দিয়েছেন খুচর। খুচর। করে ৩ হাজার টাক। বাই চেক, মিতীরবার আবার দিয়েছে জ্যুতবাজার পাত্রিক। ২০০ হাজার টাক। মালেশী স্থগার সাপ্রাই ২ হাজার টাক।।

(जुमून इहेह्राशान)

২ লব্দ ২৪ হাজ্ঞার ২ শো ৩২ টাকার মধ্যে যাঁর। চিনির কারবার করেন তাঁদের কাছ থেকে ৪ হা**জার** টাক। মাত্র পাওরা গেছে।

(তুমুল হট্টগোল)

আদানসোলের শ্রী এস গড়াই—মন্ত্রী গড়াই তিনি দিরেছেন ১০ হাজার নৈক। । আমাদের এই বে টাক: আদায় হয় প্রত্যেকটি সংগৃহীত অর্থের জন্য রিসিদ দেয়। হয় এবং আমাদের থাতা অভিট করা হয় এবং আমাদের অভিটেন হিসাব আমাদের প্রদেশ কংগ্রেস কমিটির একজিকিউটিভ কমিটির কাছে স্টি

(जुमून इहिरशान)

বুদ্ধিন হচেছ ঠিক্ষত জবাব পেলে ওঁরা চেঁচাবেন। আমাদের এখানে মাননীর সদস্য একজন, আমি নাম করবোলা, বল্লোন বে আমরা বেসার্গ জনুপূর্ণ। ভাণ্ডারের কাছ থেকে এবং নির্মল হিন্দৎ সিংকার কাছ থেকে টাকা পেরেছি কিন্তু আমি বা লিস্ট দিরেছি তাতে এই নাম পাইনি।

Shri Kashi Kenta Maitra: I am prepared to go before the Privilege Committee and suffer any consequences for what I have said.

The Hon'hie Prafulla Chandra-Sen:

আন্ধান্তে এনেক্ষ্য- সলস্য় কলেছেল বে আনানের এখানে ৫টা না ৬টা ভালিকা দের। হয়েছে বিশ্ব-স্থান্ত-এয়া নাম কেটে দেয়। হয়েছে। আনরা বেনার্গ বুরি জগও লোং নামারী কার্ম তাকে দিয়েছি আজি এইনাত্তে খবর বিরে, জানকান বে দুটি কোংকে দুজনই নাজানী আবর ভালাদিয়েছিনাক ্রেকার নাম হচ্চে নুরি আঙি কোং, আর একটার নান হচেছ মেশার্স আইগিন আঙে কোং। দেশার্স আইগিন আঙ কোং করলা নিয়ে টাকা দেন নি। এই রকম বহুবার হবার পর আমাদের দার বীরেন বিত্র এবং এ বি গাঙ্গুলী তথন আনাদের ওথানে ছিলেন, ও দের স্থপারিশে আইগিন কোংর নান কেটে দের। হয় এবং মেশার্স নুরি আঙি কোংকে রাখা হয়েছে এবং ৬টা ডাম্প দেরা হয়েছে, ৫টা ডাম্প নর। আর একটা পরর শুনলাম একজন বলেছেন শ্রীস্থপাংশু দত্তকে আমরা ডিকেন্স অব ইপ্তিরা রুলে ডিটেন করেছি অন্যায়ভাবে যেহেতু তিনি কংগ্রেস পরিত্যার্গ করেছেন। জানি এইমাত্র তার কাইল সরকে হোম সেকেটারীকে বলছিলাম এনে দেখান। তিনি যে সব জিনিস আমাকে পেরিয়েছেন আমি তা এখানে প্রকাশ করতে পারবো না কিন্তু আমি সম্পূর্ণভাবে এ সরকে সাটানিকায়েও বে তাকে সন্যায়ভাবে ডিটেন করা হরনি। ঠিক সেক্যা বলতে পায়া বাদন কুমার সিং সরকেও। তারপর আমাদের আনামবার্গ সরকে ৪টা লোকেব নান একজন রাননীম সদেশা করেছেন শর ধান গীছ করা হয়েছিল। ৪ জনের নাম হচেত শ্রীকৃষ্ণ মঙল একে আমি চিনি না, আমি আমার বন্ধ ডাঃ রারাকৃষ্ণ পালকে দেখছি না, আমি তাকে জিন্তাগা করেছিলাম যে কৃষ্ণ মঙল বলে কাউকে চেন কি, বল্লেন না। ধর্মদাস রায়কে চিনি গোলক দত্তকে চিনি, ডাঃ সঞ্চন ঘোষ, এম.বি., বি.এস.

[6-35--6-45 p.m.]

যানি আরামবাগের এস. ডি. ওর কাছে নেলিফোন করেছিলান, লাইনন। খারাপ খাকার, সানি মন্য করেজজনের কাছ থেকে জেনে খবর পেলান যে আরামবাগের যে করজন লাকের প্যাতি যাজ করা হরেছে. তাদের মধ্যে একজনকেও ছেছে দেওয়া হয়নি এবং মানি আপনদের বলতে পারি আমার কাছে আরামবাগ খেকে কেউ আমেনি। আর কেই মণ্ডলও আমেনি, এবং আমি তাকে চিনিও না। এই খুচরা কতকগুলি খবর আমার দেওয়ার কথা ছিল, আমি আপনাকে তা দিলাম। আরও কতকগুলি খুচরা খবর বলে দিই। এই ধান, চাল ইত্যাদি ব্যাপারে অনেকের ধারনা যে আমর। বেশী লোককে ধরিনি। তা স্বানি একটা হিসাব আনিয়েছিলাস তাতে দেওলাম

number of persons arrested so far for violating the Anti-Profiteering Act. ২.৮২৬ জন। তার মধ্যে তোলগেলার্গ হচেছ ১০৮ জন। আর

number of persons already convicted

২.২১০ জন। তার মধ্যে হোলসেলার্স হচেচ ৭০০ জন। মার যত লোককে আনরা এই বান. চালের ব্যাপারে মিলার্স ও হোলসেলার্স এর মধ্যে, ডিটেন করবার অর্ডার দিয়েছি, তার সংখ্যা হচেছ ১৬ জন। আমার মনে হর পুচরা জিনিসগুলির আমি মোটায়ুটি জবাব দিয়েছি। এবার আমি মাননীয় সদস্য শ্রীদেবী মহাশ্রের প্রশ্নের উত্তর দেবে।। তিনি একটা প্রশা করেছেন যে এই রাজ্যে সোসিয়াল সাভিস্থর হার নিমুত্ম অপচ ট্যাক্স উচ্চত্য। আমি সমস্ত রাজ্যের ট্যাক্স রেট কত এবং সোসিয়াল সাভিস্থর হার নিমুত্ম কত, তার একটা হিসাব আনিয়েছি। তার প্রথম শাঁচটা যদি পঢ়ি, তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয়্র, আপনি বুবাতে পারবেন পার ক্যাপিটা ট্যাক্সেশন শানাদের ও অন্যান্য সেটটের কত? হারেস্ট হচেছ গুজরাটে ২১.৮, আর সেকেও হচেছ শাইসোর্থ ১৮.৯, থার্ড হচেছ ও্রেস্ট বেঞ্চলের ১৮.২, ফোর্থ হচেছ কেরলেন্র ১৮, এবং কিক্শ্ হচ্ছে নাম্যাজ্ব-এর ১৭.১—সিক্সং আর বলে লাভ নেই।

(এ ভয়েন: সৰ ট্যাক্সেন্ন এর কথা বলা হরনি।)

শ্বিবি টোটাল স্টেট ট্যাক্সএর কথা বলেছি। ক্যাপিট্যালএর সতে আমাদের কি সম্পর্ক ? টোটাল ^{ফি}টট ট্যাক্সএর কথা বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা জিনিষ দেখে, আমার খব ভালই লাগলো, এর জন্য মাননীয় সদস্য গ্রীদেবী বস্কুকে ধন্যবাদ দিছি, কারণ তিনি এই প্রশ্নটা করেছেন বলে, আমাদের বর্তমান কি অবস্থা, তা ব্রুতে পারছি। আছা পার ক্যাপিটাল এক্সপিণ্ডিচার অব সোমিয়াল সার্ভিসেতে প্রথম হচ্ছে মাদ্রাজ ১১-৪, সেকেণ্ড হচ্ছে মহারাষ্ট্র ১-১, থার্ড হচ্ছে গুলুরাট ৯, আর ফোর্থ হচ্ছে ওরেস্ট বেণ্গল ৮-৮ এবং তারপর ফিফ্রুও ও সিক্সও হচ্ছে উত্তরপ্রদেশ ৫-৩ এবং বিহার ৫-২। কাজে কাজেই এই কথাগ্লের জবাব পরিক্লারভাবে দেওয়া হল। এই খ্রুচরা জিনিবগ্রিল, আমার যতদ্বে স্মরণ আছে, আমি সব যা ট্রুকে রেখেছিলাম, তার জবাব আপনার কাছে উপস্থাপিত করলাম।

এবারকার এই যে অনাস্থা প্রস্তাব এলো, যেটা আমাদের বন্ধ, এবং বিরোধী দলে। ধ্বতা মাননীয় জ্যোতিবাব, এখানে উপস্থাপিত করেছেন, এবং তা করে উনি গতকাল যে বক্ততা দিলেন তা শনে মনে হল তিনি একটা পরাজিত মনোভাব নিয়ে বক্ততা করছিলেন। আমার মনে হয় তিনি একটা অসহায়ের মনোভাব নিয়ে, একটা অক্ষমের মনোভাব নিয়ে, একটা দূর্বল মন নিয়ে ষাকে বলে একটা পরাজিত মনের ভাব তাই নিয়ে বক্ততা কর্রাছলেন। এবং আপনার সমরণ আছে বোধ হয় যে তিনি নিজেও স্বীকার করেছেন একথা যে আমাদের সে শক্তি নেই, আমাদের त्म भागर्थ (तर आगाएन एम वल तारे अर्थाए कमानिक शार्षित वा भगरा विराह्म एएन याए করে এই সরকারকে তাঁরা হটিয়ে দিতে পারেন। কিন্ত সংগ্রে সংগ্রে তিনি আমাদের অভিশাপ দিয়েছেন, অভিশাপত নিশ্চয়ই দেবেন, অভিশাপ দিয়েছেন এবং শাসিয়েছেন এই বলে যে আমরা কিছা করতে পারবো না যতই এখানে বস্তুতা দিই না কেন এই সংসদীয় গণতলের মাধ্যমে আমাদের করবার কিছু, নেই। তবে, হাাঁ লক্ষ্ম লক্ষ্ম লোক, কোটি কোট লোক বাইবে ষাঁরা আছেন তাঁরা ওঁদের বলে দিয়েছেন অনাস্থা প্রস্তাব আনবার জনে। কিভাবে বলালন আমি জানি না, আপনি অনুমান করে নেবেন কিভাবে বলেছেন, এবং তাঁদের আশীবাদ দিয়েছেন এবং বদি এই অনাম্থা প্রস্তাব এখানে পাশ নাও হয় এবং মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি বুঝতে পারছেন যে এটা পাশ হবার কোনই আশা নেই তাহলে তিনি ভয় দেখিয়ে বলেছেন যে বিশ্লব হবে। আমি যথন জ্যোতিবাবরে কথা শূর্নাছলাম, হাসাছলাম যে বিপলব এইভাবে হয় না। করে তারা এইভাবে কথা বলে না. বিপলব করবার যে নিয়ম, বিপলব করবার যে পর্ম্মাত বিপলব করবার যে অবস্থা, বিশ্লব করবার যে পরিবেশ, তা ভিন্ন রকম। এখানে গণতক্রে সমস্ত ব্যবস্থা রয়েছে। শুধু তাই নয়, এর পূর্বে যতবার আমাদের এখানে অনাস্থা প্রস্তাব এসেছে, এই গতকাল এবং আজকে আমাদের প্রতি যে সমসত দোষারোপ করা হয়েছে, আমাদের যে সমসত ত্রাটি বিচাতি, অন্যায়, অবিচার বিরোধী দলের মতে দেখান হয়েছে এবং লোকের সমক্ষে রাখা হরেছে, এর মধ্যে আমিত ন্তন কিছা পেলাম না। এর পূর্বে যতবার অনাস্থা প্রস্তাব এসেছে , তাতে এর চেয়ে বেশী অভিযোগ আমাদের বিরুদেধ ছিল, মন্ত্রীমণ্ডলীর বিরুদেধ এর চেয়ে বেশী অভিযোগ ছিল, এর চেয়ে নিন্দা আরো তীর ছিল, তীরতর ছিল। কাজে কাজেই নতেন কথা কিছ, শর্নিনি আর মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকেও নির্বাচনে দাঁড়াতে হয়। আপুনি স্পীকার বটে কিণ্ড আমাদের দেশে স্পীকারকে কেউ ছাডে না, নির্বাচনে স্বাইকে দাঁডাডে হয়। নির্বাচনের সময় এই দুই দিন ধরে আমরা এখানে যে আলোচনা শুনেছি তার চেয়ে ঢের বেশী কথা শ্রনেছি, এর চেয়ে ঢের তীর সমালোচনা শ্রনিছি এবং ৩ মাস ধরে ৪ মাস ধরে দেশবাসীকেও শ্নান হয়। আমাদের এখানে নির্বাচনে যাঁরা দাঁড়ান এ পক্ষেরই হোক আর বিরোধী দলেরই হোক, আমরা প্রত্যেককেই তার মনের কথা বলবার সুযোগ দিই, কাউকে বাধা দিই না। কিন্তু তা সত্তেও আমাদের লোকে বেশ ভোট দিয়েছে। এখানে অধ্যক্ষ মহাশ্র, আজকে একজন সদস। স্মরণ করিয়ে দিয়েছেন যে আমরা ৪৫ পারসেণ্ট ভোট পেয়েছি। আচ্ছা, আপনি কল্পনা কর্ন যে আমাদের দেশে ত্রকটি দল নেই, সেদিন যখন আমার ঘরে এই আগষ্ট भारत विद्यार्थी मत्त्वत वन्ध्रतम् त्र त्राच्या त्राच्या वर्त्राष्ट्रमाम. जारज वक्कात्तत त्राच्या कथा বলতে কিছু পাওয়া যায় না. ৮ জন কি ৯ জন উপস্থিত ছিলেন. ৯ জনের সংগ্য কথা বলতে হয়েছে। তাহলে এই বাংলা দেশে এই ৯টি দল এবং আরো দল আছে যা আসতে পারেনি। কেন? না, পশ্চিম বাংলার লোকের রাজনৈতিক চেতনা আছে বলে এখানে হিল্ফ্

মহাসভার কেউ আসতে পারেনি, রামরাজ্যের কেউ আসতে পারেনি, জনসন্বের কেউ আসতে পরেরিন। এটা আমাদের পশ্চিমবংগার পক্ষে একটা গৌরবের বিষয় আমরা রাজনৈতিক ন্তিভগা নিয়ে চলি তা আজকে যে কথা বলছেন যে শতকরা ৪৫ ভাগ পেয়েছি, কি ৪৯ ভাগ ্যু-ত্রু-বা নিজ্ম কথা নয়, যেখানে এত বহু দল, মাল্টি পার্টি সেখানে ডেমোক্রাসির এই ম্বাস্থা ইয় ।

16 45- -6-55 p.m.l

খাজকে মাননীয় গধ্যক্ষ মহাশয়, যদি এখানে একটা বিরোধী দল থাকত, যে বিরোধী ব্রুসপ্রমিণ্ডল একটা নেতৃত্ব থাকত, এক কথায় যদি কথা বলতে পারত আজকে বিরোধী দলের কথা আমাদের মাথা পেতে শ্নতে হত। আজকে বিরোধী দল যদি সংঘবন্ধ হত, বিরোধী দলের যদি নেতৃত্ব থাকত, তাহলৈ সতি তো যদি আমাদের পক্ষের লোকেরা যদি ভাল কাজ না করত, আমাদের পক্ষের লোকেরা যদি জনসাধারণের সম্মুখীন হতে না পারে নিশ্চয়ই সম্মারা চলে সেতে পারি। বিরোধী দলের মাননীয় বন্ধুরা বলেছেন "তোমরা চলে যাও" একজন মাননীয় ব৽ধু তিনি বেশ শিক্ষিত তিনি বলেছেন যে "তোমাদের মাথা মুডিয়ে মাথা নাড়া করে ঘোল ঢালতে হবে, তোমাদের শাড়ী পরাতে হবে, ভোমাদের গাধার ট্রপী পরিয়ে"--ধাই হউক তিনি খুব সূর্চিসম্পন্ন বন্ধ, তিনি এই ভাষা প্রয়োগ করেছেন। এবা বিংলব আনবেন? এরকম লোক বিংলব আনতে পারে না। বিংলবের প্রহসন হতে পারে এটা বিশ্লবের থিয়েটার হতে পারে—কি করে বিশ্লব আসে তা আমরা জানি। আম<mark>রা অনেক</mark> বিশ্লবের ইতিহাস পড়েছি। বিশ্লব এইভাবে হতে পারে না। আমি মনে মনে ভাবছিলাম বে আজকে আমাদের বাইরে যারা আছেন লক্ষ লক্ষ কোটি কোটি লোক তাদের নামে এখানে অনাস্থা প্রস্তাব এসেছে, কিন্তু আমাদের ভাবা উচিত যে লক্ষ্ণ কেন্টি কোটি লোক—কিন্তু মাননীয় ঋধাক মহাশয়, আপনিও জানেন, আপনিও কলকাতা সহরে বাস করেন গত তিন চারটি ষে পর্বে খাদ্য আন্দোলন হয়েছে এখন নাকি খুব ভয়ঙ্কর অবস্থা হয়েছে তাহলে এর আগে তত ভয়ংকর অবস্থা হয়েছিল না সে সমস্ত খাদা-আন্দোলনে ৫০ হাজার ৬০ হাজার লোকের শোভাষারা আসতো ঐ জ্যোতিবাব, নিয়ে আসতেন তখন নাকি আমরা ঠ্যাপাতাম। তা আক্তকে ঠা।প্যাচ্ছি না কিন্তু তব্বও ৫০০ লে।কের বেশী আসেনি -লক্ষ লক্ষ কোটি কোটি তা ৫০০ যদি লক্ষ লক্ষ কোটি কোটি হয়! আমাদের অঞ্চের জ্ঞান একটা কম তা আমি আগেই বলেছি। সে দিন খুব বড় মিটিং হল ময়দানে কত বস্তৃতা কত আমাদের দোষ, আমাদের বুটি কত আমাদের অপরাধ কিছ্ই তো শ্নলাম না. আপনিও বোধ হয় শ্নেছেন কি দোষের হরেছে। মাজ জনসাধারণের মনে উত্তেজনার স্থিত করতে পারছেন না উদ্দীপনার স্থিত করতে পারছেন না, উদ্দীপনার সুণিট করতে পারছেন না কেন না জনসাধারণকে ও'রা যতটা নির্বোধ মনে করেন জনসাধারণ ততটা নির্বোধ নয়। আজকে জনসাধারণ সচেতন জনসাধারণ বোঝে যে কে ভাল কে মন্দ, জনসাধারণ হাডে হাড়ে উপলব্ধি করছে যে এদের হাতে যদি ক্ষমতা আসে তাহকে এরা কিছুই করতে পারবেন না। এদের করবার কিছুই ক্ষমতা নেই। একজন মাননীয় সদস্য বললেন আপনি কি পারবেন আপনার কি সামর্থ্য আছে আপনার কি করবার শক্তি আছে? আমি বলি নিশ্চয়ই আছে। কাজে কাজেই ওপক্ষের সাহস নেই; সামর্থ েই এত বকুতা, এত তা:•লালানের চেণ্টা কিন্ত জনসাধারণ আসছে না। এতেই প্রমাণ হচ্ছে **লক্ষ লক্ষ** কোটি কোটি লোক তাদের পিছনে আছে। সেজন্য আমরা ওদের কথায় এটা হাসির কথাও নয় ভামাশার কথাও নয় পদত্যাগ করতে পারিনি। হ্যাঁ পারতাম পদতাাগ করতে র্যাদ ব্যুতাম যে ঐ বিরোধী দলের একটা নীতি আছে. একটা নেতৃত্ব আছে, সংহতি আছে— নিশ্চয়ই দেশের কল্যাণের জন্য আমরা পদত্যাগ করতে পারতাম। আমরা আমাদের কংগ্রেসের নিদেশি, আসাদের শ্রীকামরাজ তাঁর পরিকল্পনা যখন এনেছিলেন, তাঁর নিদেশি আমরা সকলে তথন প্রায় ৩৫ জন মন্ত্রী ছিলেন সকলেই পদত্যাগ করেছিলাম। আমিও পদত্যাগ করেছিলাম পদতাগে করতে আমাদের এওটকু ভয় নাই দেশের যদি কল্যাণ হয় নিশ্চয়ই পদতাগ করব। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশর, আপনি নিশ্চয়ই তানেন যে এগদের হতে একদিনও রাজ্য চলবে না, কোন সমস্যারই সমাধান এখন করতে পারবেন না। এদের ক্ষমতা নেই, এরা দর্ব'ল, এদের সংহতি নেই, এদের বিচার বৃদ্ধি নেই, এদের হিসেবজ্ঞান নেই, এ<mark>দের</mark>

ছারিছ নেই। কাজে কাজেই দেশের লোক নির্বোধ নর। তারা দেখছে কি পেয়েছে কংগ্রেস শাসনে, তারা জানে কংগেসের শাসনে দিকে দিকে উনতি হয়েছে। তারা বোকা নয় কিছ এর। মনে করেন দেশের লোক নির্বোধ—দেশের লোক নির্বোধ নয়। আমি এদের সতক করে দিচিছ যে বড কথার হার। বড বলির হার। দেশের লোককে পতারিত কর। যাবে না গত তিনটা সাধারণ নির্বাচনে কার স্বার্থে দেশের লোক ভোট দিয়েছে। আমি বল্ছি আবাৰ দেবে। কাজে কাজেই এই যে মনাস্থা প্রস্তাব যে মনাস্থা প্রস্তাবের সমর্থনে কেউ কিছ ৰলতে পারেন নি। এই অনাস্থা প্রন্তাব যতই এরা মনে করেন যে জনসাধারণের আশীর্নাদ নিরে এসেছেন সে দাবী অগত্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিরোধী দলের বন্ধ শীজোতি বস্তু মহাশয় বলেছিলেন যে আমরা অনাম্বা প্রভাব এনেছি খাদ্য বিত্রকের **জন**ে। তা আমর। একট বন্ধি রাখি। আমার কাছে আমাদের চীফ ইইপ মহাশয় যখন এসেছিলেন বে খাদ্য বিতর্কের জন্য কি একদিন রাধব ? আমি বললাম যে অনাস্থা প্রস্তাব আসছে কাগজে দেখছ না, তাতেই খাদ্য বিতৰ্ক হবে। তা আপনি মাননীয় অধাক নহাশয়, লক্ষ্য ব্দরলেন দই দিন খাদ্য বিতর্ক আবার এই দই দিন খাদ্য বিতর্ক নিয়েই তে৷ শতকব৷ ৯০টি বব্রুত৷ ছল। কাজে কাজেই সেই কারণে আমর। তখন এই অনাস্থা পস্তাব আসবে বলে---তার্পব कि घटिए रा बहेन। आश्रीन थुव जान जारवरे आरम वनः वना कि अना आजराक्षानियन्छ মোশন সানলেন। আমি বালাম স্মাডজোর্নমেণ্ট মোশন নেওয়া হউক। তারপরে এরা প্রার হাতে পায়ে ধরার মতন যাকে বলে তপন বললেন না না মহাশয় আড়জোর্মমণ্ট মোশন আহান। দৰকাৰ নেই।

[Noise and interruptions]

আমি এদের অনাস্থা প্রস্তাবের বিরোধিতা কর্ছি।

[6-55-7-5 p.m.]

Shri Jyoti Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনাকে একটি কথা বলতে চাই। পি. সি. সেন যে বস্তুত।
দিয়েছেন সে সপ্তমে আনার কিছু বস্তব্য নেই। আনার বক্তব্য হচেচ আপনাব ঘনে, আপনার
সামনে আমাদের বিজনেস এনাডভাইসরি কমিটির মিটিং হয়েছিল এবং সেথানে আমনা। আপনাকে
বে অনুরোধ করেছিলাম আপনি সেই অনুরোধ মেনেছিলেন—ধর্মাং মুখা মন্ত্রীকে ডেকে পাঠাতে
হবে যে কি বিজনেস হবে। সেই আলোচনার ফলে কি হয়েছে সেটা আপনি ভানেন। কিছ উনি যেটা বল্লেন সেটা কখন হোল । উনি যাত্রার দলের মত আস্ফালন কর্লেন এবং
নিকই ভাবে কভকগুলি কথা বল্লেন।

[Noise]

উনি যেট। বললেন সেটা অসত্য ভাষণ এবং এটা বল। তাঁর অভ্যাগ হয়ে গেছে। আপনাকে মনে[™] করিয়ে দিচিছ, আপনাকে সাক্ষী মানছি এবং সেখানে অন্যান্য বিরোধী দলেব লোকেরাও ছিলেন, সেখানে আমরা কখন পি সি সেনের হাতে পায়ে ধরেছি?

[Noise]

আবরা আলোচন। করার পর সিদ্ধান্ত হয়েছে যে কোন বিজনেস আমর। নেব এবং সেটা আপনি অনুমোদন করেছেন, আমর। অনুমোদন করেছি এবং সরকার পক্ষ অনুমোদন করেছিল এই বখন অবস্থা তথন আমি জিল্ঞাস। করি এটা অসত্য কথা কিনা যে আমর। ঐ নিকৃষ্ট বুখ্যমন্ত্রীর হাতে পারে ধরেছি? স্পীকার মহাশর, আপনি তখন ছিলেন না , কিন্তু আপনাকে বনে করিয়ে দিই যে, আমাদের হাতে পারে ধরবার জন্য কোলেকে পাঠিয়েছিলেন। আবর্ম দরা করে মুখ্যমন্ত্রীর বরে গিয়ে বাজে আলোচন। করি তার জন্য কোলে এসে আমাদের অনুরোধ করেছিলেন, হাতে পারে ধরেছিলেন এবং বলেছিলেন দয়। করে গভর্নরকে চিট্রি লিখবেন না—'বালোচনা করে নিন। এই অবস্থার আমরা আপনাকে সাক্ষী মানছি, আপন্ধি উন্ধিৰ কিন্তুর কর্মন।

Shri Kashi Kanta Maitra: Sir, on a point of privilege. The question is that when the Business Advisory Committee had come to a decision and you as Speaker decided on a course of action, and when the whole House accepted the proposal that came from the Chair, as was made by you as the Speaker of the House, in the presence of all members in the House, is it open to the Hou'ble Chief Minister, who is also the leader of the House, to make such a statement which is an affront not only to the Chair but also to the whole House. I am asking a ruling from you if it was open to the Chief Minister to make such a malicious statement before the House.

Dr. Kanai Lal Bhattacharya:

আজকে মুখ্যমন্ত্রী যে স্টেটনেণ্ট করলেন সে সংক্ষে আমার কিছু বক্তবা আছে, কারণ আমিও সেখানে প্রেজণ্ট ছিলাম। আমরা বিজনেস এয়াডভাইসরি কমিটিতে ডিসিসন নিই এবং সেই অনুসারে হাউস ডিসিসন নের। আমরা মুখ্যমন্ত্রীর হাতে পায়ে কখন ধরলাম ? কংগ্রেস যখন নো কনফিডেন্স মোশন আলোচনা করবার স্থযোগ না দিয়ে হাউস সাইনিডাই এয়াডজোর্ন করতে যাচিছল তখন আমরা গভর্নককে চিঠি লিখছিলাম। সেই সময় কোলে এসে বললেন চিঠি লিখতি হবে না, আপনারা মুখ্যমন্ত্রীর ঘরে আহ্বন। মুখ্যমন্ত্রী যে পুপু ফেলেছিলেন সেই খুগু তিনি চেটে তুলেছিলেন। এবং আজকে তিনি অসত্য ভাষণ করে আমাদের নামে যে এয়াসপার্সান করলেন আমি আশা করি তা তিনি উইপড় করবেন।

Mr. Speaker:

পরশার কে কার হাতে পায়ে ধরেছে আমি জানি না, সে কথা বলে আমার লাভ নেই। আমাদের বিজনেস এরাডভাইসারি কমিটিতে যে কথা হয়েছিল সেকখা আমি বলতে পারি। পরশার বলেছে, দুঁদিক পেকে বলেছে, আমি সে বিষয়ে জানি না। বিজনেস এরাডভাইসারি কমিটিতে এই কথা সেন। সেনা হল—মাননীয় জ্যোতি বস্তু তুলেছেন, বিজনেস এরাডভাইসানি কমিটিতে এই কথা হয় যে ফুড ভিবেট হবে ২ দিন, তারপর নো-কনফিডেন্স হবে ২ দিন, দরকার হলে সময় বাড়ান হবে। তারপর আমি যথন জিঞাস। করি এরপরে কি এরাডজোর্নমেণ্ট মোশান করা হবে, না, উইপড্র করা হবে তথন বলা হয় উইপড্র করা হবে। এরাডভাইসারি কমিটিতে এইটুকু হয়েছিল পরশার কে কার হাতে পায়ে ধরেছে তা আমার কাছে নেই।

Shri Somnath Lahiri:

স্যার, আপনি যে বর্ণনা দিলেন তার থেকে একপাই প্রমাণ হল যে মুখ্যমন্ত্রী যা বলেচেন সেটা সত্য কথা বলেন নি, সেকথা সম্পূর্ণ মিধ্যা। সেকথা রেকর্টেড হয়ে থাকে। তিনি প্রত্যাহার করবেন কি করবেন না তার চেয়ে বড় কথা আপনি যেকথা বললেন। **চীফ** বিনিস্টাবের মধে সেই জিনিস পড়ল যা পড়া উচিত নয়।

The Hon'ble Prafulia Chandra Sen:

আজকে জ্যোতিবাবু বলেছেন যে জগনাধ বাবু গিয়ে তাঁর হাতে পায়ে ধরেছেন। <mark>আনাদের</mark> এই গণতমে ১াতে পায়ে ধরে যদি কারোর ন্যায় বিচার করার দিকে যুক্তি দিয়ে ধাকেন তাহলে জন্যায় কি হ**রে**ছে?

Shri Copal Basu:

তিনি হর উইপ্জুকরুন না হর স্যার, ঐ কথাগুলি এরপাঞ্জ করুন।

(তুমুল হটগোল)

[7-5-7-15 p.m.]

Shri Ananda Copal Mukhopadhyay:

স্যার, জহরনার যথন প্রেণ্ট অব অর্ডার রেজ করেন

(তমল হটুগোল)

Mr. Speaker: Motion before the House is the motion of no confidence moved by Shri Jvoti Basu:

<mark>আপনার।</mark> প্রেণ্ট এব প্রিভিরেজের জবার চেয়েছিলেন—মুধ কট। জিনিগুট আলার নেপুশো **জ্যোত** আমি চানিল।

Shri Kashi Kanta Maitra:

আমার বণৰ, পরে-র এব ব্রিভিবেস হত্তে এন। বিজ্বেস অ্যাডভাইবরী কমিটি ডিসিসানের পর হাউসের কাছে পুপোজাল মাছে কবে কোন দিন কি আলোচনা হবে you cannot go behind that.

Mr. Speaker:

छैनि এ गश्रक किছ रालन नि

(তমল হটগোল)

Shri Jvoti Basu:

উনি বলুন এখানে দাঁড়িয়ে যদি সেই সাহস থাকে—এই ধরণের কথা উনি অনবরত বলেন, উনি বলুন ওঁর সঙ্গে কবে কোপায় আমাদের বিজনেস অ্যাডভাইসরী কমিটির বাইরে কে ওঁর হাতে পায়ে ধরেছে। আমি এন জানতে চাই ওঁর কাছে। প্রফুলুবাব বলন।

(তুমুল হটগোল)

The Hon'ble Jagannath Kolay:

वाननाता वनुद्राव करनिष्ठतन य जाएएकार्गरमण्डे सामान त्रादन ना।

(তুম্ল হটুগোল)

The Hon'ble Prafulla Chandra Sen:

प्यािजाव चनदाव करति हिलन चार्क हार्गरमान केले इनिमिन्न केले केले केले केले केले केले हार्ग मा

Shri Jyoti Basu:

আমি বলছিলাম উনি বিজনেস আচভাইসবী কমিটির কথা বলুন **

একথা আমি ব ৰ্চি যদি সং সাহস্থাকে বন্ধুন বাইরে কোপায় কি হয়েছে ? আমি জিজ্ঞাস। করছি মুখ্যমন্ত্রীর সদে কোন দল ইণ্ডিভিজয়ালের কোথায় কি কথা : যে ছে যে আমর। হাতে পায়ে ধরেছি, আমর। বলেছি যে আমর। আাডকোর্ননে-ট মোশান নেব না. দয়। করে আমাদের ছেডে দিন

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাকে হাউসে গণেশ বাব্ বলেছেন।

(ত্যল হটগোল)

5hri Canesh Chosh:

উनि *** कथा वलाइन।

[তুৰুৰ হটগোৰ]

^{**}Expunged by order of the Speaker.

^{***}Expunged by order of the Speake .

Point of Order

Shri Ananda Gopal Mukhopadhyay: On a point of order Sir, প্ৰথম যে দিন এখানে হাউস আরম্ভ হয়

[Noise and interruption]

বাসর: অর্ডার পেপারএ দেখি যে অ্যাডজোর্ন মেণ্ট সোণান মুত করা হয়েছে, এবং সেই অ্যাডজোর্ন মেণ্ট মোশন এর সধ্যে খাদ্য সংক্রান্ত বিষয় পাকে।

[Interruptions]

ক্যানিই পার্টি খাদা সংক্রান্ত যে জ্যাডজোর্ন নেণ্ট যোগন আনে, সেই আ্যাডজোর্নমেণ্ট মোগন আপমি এখানে হাউদের সামনে উপস্থিত করেন লিভ গ্র্যাণ্টএর জন্য, এবং হাউস সেই আ্যাডজোর্নমেণ্ট রোগনকে লিভ গ্র্যাণ্ট করে, এবং এই হাউসে চিক হয় যে পরের দিনে এই আ্যাডজোর্নমেণ্ট রোগনকে লিভ গ্রাণ্ট করে, এবং এই হাউসে চিক হয় যে পরের দিনে এই আ্যাডজোর্নমেণ্ট রোগন হবে। জামি আ্যাংগ্রুল কাচ্ছে জানতে চাচিচ যে হাউসের আ্যাংকের প্রোথামএ এই আ্যাডজোর্নমেণ্ট যোগনটা আলোচনার জন্য কথা ছিল, এটাকে কেন উইখড্যু করে। হল গু বিজ্ঞানে ক্রিটিল সামনে এই রোগনকে উইখড্যু করেছেন গু নামা আচ্ছেনানেণ্ট গোগন এনেছেন, তারাট কি উইখড্যু করেছেন, না, বিজ্ঞান ক্রিটি উইখড্যু করেছেন গু আমার এইটা হ'ল প্রথম পরেণ্ট। আলাক সেকেও পরেণ্ট হচেচ যে কথন এখানে প্রথম আ্যাডজোর্নমেণ্ট মোগন আনবার পরে না ক্রিটিডেন্স মোগন টেবিল্ড হয় গ

আমন। ফাস্ট বিজনেয় রিপোট পড়ে, অর্ডার পেপারএ দেখি যে নো-কনফিডেন্য মোশন টেবিল্ড ১০চছ।

[Noise and interruption]

আপনি এই হাউপের সামনে সেই নো কন্ডিভেন্য নোশন টেনিলভ করতে নেন, এবং নো-নো-ক্যজিডেন্য নোশন এর আলোচনার জন্য কবে দিন ধার্য্য হবে, আপনি জানতে চান। তথন হাউসেব লিডার তার পবের দিনই যাতে নো কন্জিডেন্য মোশন এর আলাচন। হয়, তার জন্য ভার নোট দিয়েতিলেন: তারপরের দিন এই নেন্দ্রনজিডেন্য মোশনএর আলোচনা কেন হর্মিত কান। সে দিন এ সম্বন্ধে আলোচনা না কবতে চেয়েছিলেন, কানা স্বেধানে আপনাৰ সামনে থিয়ে আড্রেজার্নমেন্ট মোশনটা তুলে নিয়েছিলেন, আপনি দ্যা করে হাউসকে

Mr. Speaker: Mr. Basu, if you want to reply, you may.

Shri Canesh Ghosh:

ৰাৰ্নীয় শ্ৰীকার নহাশয়, আনি কিছু বলতে চাই, আপনি দয়। করে আমার কথাটা একটু ভুনুষ্ট অনুমীৰ মুখ্য মধী মহাশ্য আমার নাম বেকাৰ করবেন, সেইজন্য আনি বল্ছি। উনি বল্লেন যে

[Noise and interruptions]

Mr. Speaker:

पक्चन ननात (माना याग्र प्रवादे এक माप्ट ननात (माना याग्र ना ।

Shri Canesh Chosh:

ৰান্নীয় নুধ্য মত্ৰী মহাশ্য আমার নাম করে বললেন্, তাই আমি বলচি। ধেটা যাার, উনি বলেছেন

[Noise and interruptions]

Shri Ananda Gopal Mukhopadhyay:

^{নি: স্পীকার দ্যার}, আমার স্বার একটা পরেণ্ট অব অর্ডার আছে।

Shri Canesh Chosh:

नि: न्यीकात गात, जामि जाननात नामियन नित्त वतन्ति, वामादक वन्तर कि.।

Mr. Speaker: Please

धँत शराको या याजीवते जाला स्थानक जिला

Shri Ananda Copal Mukhopadhyay:

মি: শ্লীকার স্যার, আমার প্রথম পরেণ্ট অব অর্ডার হচেছ ২৭এ তারিখে এই হাউস বসবার পর আাডজোর্ননেণ্ট মোশন আসে, এবং তারপর নো-কনফিডেন্স মোশন টেবিলড হয়। বিশ্ব তার পরের দিন আমাদের হাউসের অর্ডার পেপারএ সেই আাডজোর্ননেণ্ট মোশনটা দেখতে গেলার না এবং নো-কনফিডেন্স মোশনএর ডেট অনেক পিছিয়ে গিয়েছে দেখলান। আমি আপনার কাছে আনতে চাই যে এই আাডজোর্নমেণ্টকে আপনি নিজে তুলে নিয়েছিলেন, না, আপনি নিজে নাকচ করেছিলেন স আপনি হাউসে ঘোষণা করেছিলেন যে এই আাডজোর্নমেণ্ট মোশনএর লিভ গ্রাণ্ট করা হয়েছে এবং নো-কনফিডেন্স মোশন টেবিলড করার জন্য হাউসের লিভ আপনি গ্রাণ্ট করেছিলেন এবং হাউসের নিভ আপনি গ্রাণ্ট করেছিলেন এবং হাউসে নো-সনফিডেন্স মোশন মাতে প্লেস হয়, তার জন্য করেছিলেন এবং হাউসের নিভ বান ডেটএ হবে, সেটা আপনি লিডার অব দি হাউসকে জিজ্ঞাস। করেছিলেন। এবং তিনি বলেছিলেন পরের দিনই হতে পারে।

এই দুটি এয়াজেও। অর্ভার পেপারে তার পরে আমর। দেখিনি। তাখলে এয়াডজোর্নমেণ্ট মোশনকে উইপভা করলে অর্ভার পেপারে নো কনফিডেন্স মোশন আরে। কেন পিছিয়ে পেল এই দুটি বিষয় আমি আপনার কাছে জানতে চাই।

[7-15-7-25 p.m.]

Shri Canesh Chosh:

মি: স্পীকার, স্যার, আশ্চর্যা হচিছ সেদিন গোলমাল হবার পরে বিরোধী পক্ষের কমল <mark>বাবুকে বের</mark> করে দিলেন, আছকে ওধান পেকে যথন গোলমাল হচেছ আপুনি তথন **বিছু** করছেন না।

Mr. Speaker: What is the inference?

Shri Ganesh Chosh:

দি ইনফারেন্স ইজ ক্য়ির, মাপনি কিছু করছেন না। আমি সাপনার কাছ থেকে বলবার পার্মিশন নিলাম আর ওবান থেকে যথন গোলমাল হচেছ তথন কিছুই করছেন না। এর থেকে কি মনে হয় নিঃ প্রিকার যা মনে হয় সেটা ভাল মনে হয় না। যাই হোক আবি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। যাই হোক মিঃ প্রীকার, সাার, এই মুখ্যমন্ত্রী আমার নাম করলেন, যথন এয়াডজোর্নমেণ্ট মোশন আপনি এয়াকসেট করেছিলেন তথন আমার। ওঁদের হাতে পারে ধরে অনুরোধ করেছি না কার জন্য এই কানেকশনে আমার নাম বর্গলেন। এটাজজোর্নমেণ্ট মোশন গৃহীত হবার পর তথন প্র্যাম ডিসকাশন হয় তথন আপনার করেই হয়েছে। আপনরা ঘরের বাইরে আমার সঙ্গে পুকুলু বাবুর কোন সময় দেখা হয়েছে ভালত সব সময় প্রতি মুহুর্তে, প্রতিদিন ** কথা বলেন। এক নম্বরের ** বালী, উনি বনুন রে ওঁর সঙ্গে কোখার আমার দেখা হয়েছে, এবং এই বিজনেয় স্বরুচে কোখায় ওঁব সয়ত আমার

(হটগোল)

^{**} Expunged by order of the Speaker.

Mr. Speaker:

র: ভাষ মিধ্যাবাদী কথাটা উইখড়া করে নিন।

Shri Canash Chosh:

আমি বলবো, আমি বলেছি উনি **বাদী। আমি আবার বলছি **কাদী । সংখ্যালন খাকে বলন উনি।

(হট্টগোল)

Shri Bejoy Kumar Banerjee:

মি: স্পীকার স্যার, আমবা কোন রাজ্যে এখন বাস কর্চি এটা জানতে চাই।

Mr. Speaker:

এখন এয়াসেওলীতে বলে আছেন।

Shri Bejoy Kumar Banerjee:

দ্যার, প্রথমতঃ আমর। এখানে চুপ করে বংশ আছি। মুখ্যমন্ত্রীর আবেদনে হাউস ভালভাবে চলবে কালকে সন্থ পক্ষই আমর। বলেছি আর আজকে এইরকম এবং। সেনিন ম্থামন্ত্রী বলতে পাননি, হাউস বন্ধ হয়ে পোল, আবার হাউস বগলে। আর আজকে মুখ্যনারী এই কথা বলে একনি ঘানা ঘানলেন। তাহলে একি অবস্থা মুখ্যমন্ত্রী কি নলতে পাবেনন। যে আমি যদি বলে থাকি এবং তাতে কারো মনে যদি লেগে থাকে, যাই বলে থাকি আমি তা প্রত্যাহার করছি, ক্ষমা চাইছি। আপনার উচিত, আপনি এই দেশের নেতা, যদি কারো বলে কোন কর্প হয়ে থাকে তাহলে সেটা প্রত্যাহার করা আপনি এই অগতঃ সন্বোলন, স্বামর। বলতাম না, স্যার, সেদিন জগ্নাগবার ...

The Hon'ble Prafulia Chandra Sen:

পামার কথায় যদি কাবে। মনে লেগে থাকে আমি প্রত্যাহার ওরতি।

Shri Canesh Chosh:

টনি উইখড়া করুন।

Mr. Speaker: The matter ends here and the word "নিপ্যা" is expunged rom the proceedings.

Now, Shri Jyoti Basu.

7-25-7-37 p.m.]

Shri Jyoti Basu:

পীকার মহাশয়, আমি এই যে ধরুণ এই শেষ ঘটনাটিও ঘটলো, এবং নুধানশ্বী ঘটালেন, এতেই গোপনি বুঝতে পারছেন যে কেন এই সরকার যার নেতৃত্ব করছেন প্রফুলুবাবুর মত একজন দুম্ব কেন তাঁর বিরুদ্ধে আমাদের এই রকম অনাত্বা প্রতাব আনতে হয়। আপনি ক্যি করলেন যে উনি এতক্ষণ ধরে বজ্তা দিলেন কেউ ওঁর বজ্তার সময় বাধা দেয়নি, জনি রজ্তা দিলেন, কিন্ত খাদ্যের কথা তিনি একটিও বললেননা, ভোটের কথা ভনলাম, দুলাম বিরোধী দল কোধায় কি ছোট ব্যাপারে ঠিক ঘটনা নয়—এই রকম কথা বলেছেন, বিরুদ্ধি রক্ম অনেক কথাই ভানলাম কিন্ত আসল যে কথা য়। নিয়ে বিরোধীদলের পক্ষ থেকে বিরুদ্ধি করাত্বা এবাই অনাত্বা এবাই অনাত্বা এবাই আরম্ভিক বিরুদ্ধিত বিরুদ্ধি বিরু

^{**}Expunged by order of the Speaker.

ৰারে বারে এঁরা বলেন ঠিকই বলেন যে আর কিছুই বলার নেই যে কডকগুলি *লো*ক আমাদের ভোট দিরেছে শতকর। ৪৫ হউক যাই হউক আমাদের ভোট দিরেছে। এই আমাদের পক্ষে যথেই, সেই অপরাধ তার। করেছে কাজেই সমস্ত দেশকে আমাদের এই ভাবে লাঞ্চিত করতে হবে, এই ভাবে আমাদের অপুমানিত করতে হবে, এই ভাবে गमछ प्रभटिक अनोशदित अक्षीशदित आमार्कित त्रोथरिक शदित व आमार्कित अधिकात वि जिथिकात जागारिक गाँगे पिरा पिरा । এই तक्य याता । जांचे एनन, এই तक्य याता कथा बरलन তारमत नमरफ मोनात्म मानरमत कथा आगता এই জनाই निल य छोता अगन कि কংগ্রেসকে যদি ভুল করে ভোটও দিয়ে থাকে এই জন্যুই কোটি কোটি মান্য ভারা ধিককার (मय, এই जना कार्ति गानम जागता तनि, गागारमत शक छाता जननमन करतन এই जना দামরা বলি যে এই সরকারের সঙ্গে কোন জারগার সহযোগিত। করব। আমরা সহযোগিত। করবার কোন স্থান কোন জারগা বিন্দমাত্র কোথাও আছে বলে আমর। মনে করতে পারছি ना--- এই तक्य यथन এদের ননোভাব ওদের দটিভঙ্গী হয়। সেইজন্য আমর। বলি যে বিপ্লবের কথা নয়, যানর। জানি যে বিপ্রব একদিন হবেই, ইতিহাসের গতিতে তাকে কেট ঠেকাতে পারে না---কত সহয় ঐ রকম অসতাচারী ঐ রকম মিপাবাদী যতই মন্ত্রী আন্তন অভ্যাচারী যত গুলি চালান, কেউ কিছু করতে পারবেন না, ঠেকাতে পারবেন না। কিছু আছকে সে কথা নর, আজকে আমরা বলছি এই সরকারের কাছে মিনতি করে, এই সরকারের কাছে প্রস্তাব পাশ করে এদের সঙ্গে আলোচনা করে বিন্দুমাত্র একটি দাবীওকেউ কপনও পায়নি,কেউ কখনও পাবে না। আপনি জানেন ঐ ওদের পাৈল্ড কণ্টোল স্তান থেকে সারম্ভ করে, ষা কিছ 'ওঁর। অত্যাচার করছেন, এই গত দবছর ধরে এটাতে প্রপনে মানুষ আদ্বহত্যা করেছিল. তাদের ঐ সমস্ত আইনের কলে বোধ হয় শ'পানেক হবে, এই সমস্ত স্থাশিলপীরা পাৰহত্যা করেছিল। তাতেও কিন্তু ওদের মন গলেনি। আপনি জানেন তারপর ঐ ষে ডি. আই. রুল যা করে কর্ণ্ঠরোধ করবার চেটা করছেন, ১৩ মাস বিনা বিচারে আমাদের, গ্রেপ্তার করে রেখেছিলেন, জানি না. কেন, কোন কাঠগভায় আমাদের দাঁভ করাতে পারেন নি। এইভাবে ভাবছিলেন যে মান্দকে অত্যাচার করে এই ভাবে ভাবছিলেন যে गानघरक ডি. আই. রুলএর ভয় দেখিয়ে আপংকালীন অবস্থা বলে চীনাদের অবস্থা বলে তারা মানুষকে স্তব্ধ করিয়ে রাথবেন। আমি বলি এতবড় বীরপরুষ বলতে ও লজ্জা হয় একটা করে দিলেন ১৩ মাস সেখানে বিনা বিচারে রেখে দিলেন। কাপরুষের দল যত ও**খানে** বশে আছেন মন্ত্ৰীর দল এই করে তার। ভাবছেন সব নিস্তব্ধ করিয়ে রাধবেন। কিন্তু নিস্তব্ধ **খাকে** নি. আপনি জানেন আজকে স্ট্রাইকএ স্ট্রাইকএ দেশ ভরে গেছে, আপনি ছানেন পেদিন আমেদাবাদে গুলি চলেছে, আপনি জানেন যুখন ১৯৫৯ সালে ষ্থন ৮০টা লোককে ওরা গুলি করে হত্যা করেছিল সেই অবস্থা আবার তার। এনে হাজির করেছেন। এ জন্য আজ চারিধারে সমস্ত ডি. আই. রুল আপতকালীন অবস্থা এমার্জেন্দী সমস্তকে পায়ে পদদলিত করে সমস্ত মান্ম আজ এগিরে চলেছে, সেদ্শা আপনি চারিবারে দেখছেন ঐ ওজরাটের মতন জারগায় দেখছেন, বাংল। দেশে দেখছেন, কেরালায় দেখছেন, ইউ পিতে হতে চলেছে, মহারাষ্ট্রে কালকে হবে আপনি জ্ঞানেন. ''নহারাষ্ট্র কদ' তার। আন্দোলন করছে। এই জন্য আমি বলি তার পরবর্তী কালে আরও ব্যাপক গণ্যনাবেশ আন্দোলন, জেনরাল স্টাইক সমস্ত ভারতবর্ষ ব্যাপী---এছাড়া অন্য কোন পথ ওঁর। আমাদের সামনে পোলা রেপেছেন ? তার উত্তর আমর। পাইনি-বিপুবেদ্ধ কথা এখানে হচেছন।। কিন্তু বুভুকু মানুষ তাদের যথন খাদ্য নেই অর্দ্ধাহারে অনাহারে থাকে যধন যুরে যুরে তেল পায়না, ডাল পায়না চাল পায়না—আর এখানে এসে নিখা। ভাষণ মন্ত্রীদের শোনে, এখানে এসে লেবার মিনিস্টার এর কথা পোনে—যিনি নিজে এবং তার গভর্নসেণ্ট লেবার কমিশনার খেকে আরও করে কেন্দ্রীয় সরকার বলেন জিনিঘের দান কমে গিয়েছে জ্বন-**জুলাই** মাসে। কোন লোক আছে বিজয়বাংকে জিন্তাসা করেছিলাম—আজকে যদি কে**ন্দ্রীর** সুরকার ও বলে খাকে আপুনি বহুন কোন জিন্দের দাম কমে গিয়েছে? আজু অবুধি তার জবাব পাইনি। বললেন যে তরকারির দাম কমে গেছে, আমর। জিপ্তাসা করি কোন তরকারির দাম কমে গেছে ? বাডীতে আপনার মহিলা নাই কেউ তাকে গিয়ে বাড়ীতে জিজ্ঞাসা করবেন ঐ ঝেটিয়ে বাড়ী পেকে বের করে দেবে যদি মনুষ্যম্ব পাকে। এই জন্য স্পীকার মহাশ্রু, আমরা

ক্তি জনাস্থ। জানব, ঐ কংগ্রেসের বেফ থেকে একজন বলেছিলেন যে আমাদের সধবাদের ক্রচলন বিধব। করে রাধবেন ? মাহু পাওয়া যায়না বাজারে। আন্যা দেখেছি বোটিং এ বেখানে वाजापन कालादात्रा थाटक कालादा शिन्त्रिभाज वरनन एक गोरीक वरनन व काठे भिक्षापन জনা মাছ জোগাড় করতে পার্রছিনা, তিন সপ্তাহ ধরে। এই এবস্থার আগনার। স্টেকরেছেন দুষ্টে জন মেশানেছন, খাদ্যে বিষ মেশানেছন, আর এখানে একে বলছেন কাল ব্যাপারীদের বিরুদ্ধে আনর। সংগ্রাম করছি। আর আপনার। কালা বাজারীদের পক্ষ সমর্থন করছেন আমাদের बन्छिन। এমন निर्नेष्ठका---- पे शुंजन। बारक वन। इरम्रिइन, स्रोमन। यथन छ्वान छानाम स्वाद द्वा लामनाथ नाहिकी महानम तरनिकटनन त्यहे छक्तमहिना धहेशारन माछिरा वनरान उँता नाकि কালা ব্যাপারীদের বিরুদ্ধে সংগ্রাম করছেন। আর ঐ যে লিস্ট পড়া হল ঐ লিস্ট তো ছাপান निग्हें, এकजन औं होंका ना २० होंका निरम्धक लाई निग्हें शह लानातन जात राकीता কার। १ কংগ্রেসের যাদের নাম কর। হল তার থেকে আরম্ভ করে প্রথম যার নাম করলেন তার থেকে আরম্ভ করে সবহ বিজ্ঞিনেসমান। এদের তো দিতেই হবে। এদেব তো ইনভেস্ট্রেণ্ট আডিভার্টিইজ্যেণ্ট তার জন্য ২ হাজার ২।। হাজার নাকা গরচা কর। কিচ্**ই** नग। এ कि ना जाता ? এই जना आि ननिजनाम अटे मनकात्तर এই मन साक्षर प्रामें করবার প্রয়োজন হয় না। আগে হয়ত বিরোধী দলর। বালপদ্বী দলবা কমিউনিস্ট পার্টি এসৰ কথা আনর। আগে বলতান যে ওর। একচোনিয়া পজিগতি যার। আছেন যার। কালা ব্যাপারী যারা অতিমনাফাখোর তাদের পদলেহন করেন, তাদের সঞ্চে গান্ছভা এদের ওর। পূর্টেপার্থক যেমন তালাও ওদেব পৃষ্ঠপোষক—তার। যেমন ম**ড্যন্ত করতে সমস্ত** সুমাজ ব্যবস্থার বিকল্পে তেমন এর। যড়যন্ত্রকারী বলে মান্ত্রের কাছে আলকে তাদের স্বরূপ श्कान इत्य यात्रकः। आकृतः सामातन्य शहे कथा नन्तुः स्थान त्रकता आक प्राप्ति বলি এই সমস্ত কথা এবং এমন ও পরিসংখ্যান দিচেত্ন যেখানে ৫ হাজার ১০ হাজার লোক হচেছ পেখানে বলছেন ৫০০ লোক হয়েছিল। অবস্থা ওতেই যদি সম্ভই থাকেন তাহলে থাকন। আমরা জানি যথন হরতাল ধর্মঘট ডেকেছিলাম, দুই হাজার লোককে গ্রেপ্তার করেছিলেন ধর্মঘটের আগে কিন্তু যতুই নিগাকথা তারপর দিন বলুন ঐ গড়িয়াহাট লোডের কাছ থেকে আরম্ভ করে বিভিনু জারগায় ঘানি চুরেছি—আপনি কি বলতে পারবেন কোন প্রিম বিপোট পেকে মাস্ত দক্ষিণ কলিকাত। অঞ্লে কোণায় একনি দোকান, আপনার পুলিষ ভোর ভূল্ম করে খোলাতে পেরে• हिल—भारत नि এই कथा यागत। জानि । जानि यागत। (ये यमःश्रा तार्मत गर्भा ७०कि याभनात। জোর করে বের করেছিলেন। কিন্তু এই জন্য খাসর। বলচি যে খাজকে মান্**য সাড়া দিয়েছে** এবং পুমাণ হয়ে গেছে আমাদেব ভলাণিয়াবদের আমব। বলেছিলাম যে জোব চলম করে: ন।— মান্য স্কেচ্ছায় দেখ কত্টা ধর্ম্মাই করে। তথাপি আশ্নারা ২ হাজাব লোককে গ্রেপ্তার করেছিলেন। পলিম পাঠিয়ে পাঠিয়ে লেক মার্কেট গড়িয়। হাট মার্কেট--- আমি জানি দোকানদারদের गटक कथा नर्त जागारान्त जलाभिहेशाववा हरन यात्राव भटत जाभनारान्व भनिम शिरा वरनाहरून যে দোকান হোমাদের খোলা রাগতে হবে. পুটেকশন তোমর। পাবে। তবুও একটি দোকানও খোলা ছিল না, কারণ সেই দোকানদাররাও বলছে যে আমাদের উপরে জুলুম করছে যে সরকার সব কিছু ব্যাপারে সেইজনা আমর। দোকান বন্ধ করব। আজকে আর্মি সেজনা বলতে চাই এই যে সমস্ত ব্যবহার এদের যে দৃষ্টিভঙ্গী এদের কার্য্যক্রম এই সমস্ত পেকে একদিকে সামাদের নজর দিচেছ এক দিকে আমর। ভাবিত হচিছ—এক চিস্তা আমাদের মধ্যে আসছে যে যদি विनुषाज किছ यामन পরিবর্ত্তন অসম্ভব যদি ছিটেকোটা ও পেতে হয় তাহলে আন্দোলন, সংগ্রাম একতাবদ্ধ হঁওয়। ছাড়। আর কোন পথ আমাদের সামনে নেই। আজ ৬৭ এটা মধের কথা নয় যে নেতৃত্ব ২০ এ মে বাংলাদেশ দিয়েছিল যার ফলে দিকে দিকে ছড়িয়ে গৈছে সেই আন্দোলন সেই সংগ্রাম এবং তারপর কেন্দ্রীয় সরকার পশ্চিম বাংলা সরকার কিত্রি প্রানেশিক কংগ্রেসী সরকার বলতে আরম্ভ করেছেন যে আচ্ছা এবার আমর। কিছু নবেস্থা করব। ভানুয়ারী নাস আত্মক আনর। ব্যবঙা করব। কৈ এতদিন তে। বলেন নি এই আন্দোলন হবার পার্গে। পুফুলু বাবু মাঝে মাঝে অনেক খারাপ কথার মধ্যে এক একটা ভাল কণাও বলেন। আমি বাংলাদেশের জনসাধারণকে একধ। বলব লক্ষ্য করুন—এই মুধ্যমন্ত্রী বারে বারে এই কথা বলেন ে আপনার। যদি মিছিলে না আসেন, সাপনার। যদি পওগোলের স্কৃতি না করেন, আপনার। যদি হাজারে হাজারে সমবেত না হন আপনার। যদি হরতাল ধর্মঘট ন। করেন তানা হলে আমি কিছুদেবনা। কেননা প্রমাণ হয়ে গেলবে আপনার। কংগ্রেসের পক্ষে **P**:

ৰিবাধী দলের পদ্ধে আপনার। নেই। বাংলাদেশের মানুদের একথাও আদকে বুঝবার সময় একেছে। এবং আনি জানি যে তার। বুঝতে আরম্ভ করেছেন, তারা বুঝেছেন এইজনা ২০এ কে হরতাল ধর্মণট হয়েছিল। আমি জানি আমর। গ্রেণ্ডার হব। আমি জানি মানুষ যদি বাঁচতে চায় তাহলে এইগব বাধা আগবে কিন্তু একে ঠেলে একে তূণের মত মনে করে এগিরে যেতে হবে তাছাড়া কোন পথ বাংলাদেশের মানুষের সামনে নেই।

The motion of Shri Jyoti Basu that this Assembly expresses its want of confidence in the Council of Ministers was then put and a division taken with the following result:

NOES -149

Abdul Bari Moktar, Shri Abdul Gafur, Shri Abdul Latif, Shri Abul Hashem, Shri Abamed Ali Mufti. Shri Ashadulla Choudhury, Shri Baidya, Shri Ananta Kumar Bankura, Shri Aditya Kumar Bandyopadhyay, The Hon'ble Smarajit Bancrjee, Shri Baidyanath Banerjee, Shri Jaharlal Banerjee, Shrimati Mava Banerjee, Shri Sankardas Barman, Shri Shyama Prosad Basu, Shri Abani Kumar Bauri, Shri Nepal Bazlur Rahaman Dargapuri, Moulana Beri, Shri Dayaram Bhagat, Shri Budhu Bhattacharyya, Shri Bejoy Krishna Bhattacharyya, The Hon'ble Syamadas Bhownik, Shii Barendra Krishna Biswas, Shri Manindra Bhusan Bose, Shri Promode Ranjan Chakravarty, Shri Hrishikesh Chakravartty, Shri Juantosh Chatterjee, Shri Mukti Pada Chattopadhyay, Shri Brindabon Chattopadhyay, Dr. Susil Ranjan Chowdhury, Shri Birendra Chunder, Dr. Pratap Chandra Dakua, Shri Mahendra Nath Das, Shri Abanti Kumar Das, Shri Ambika Charun Das, Shri Ananga Mohan Das, Dr. Bhusan Chandra Das, Shri Dinabandhu Das, Dr. Kanai Lal Das, Shri Mahatab Chand Das, Shri Radhanath Das, Shrimati Santi Dasadhikari, Shri Radha Nath Das Gupta, The Hon'ble Khagendra Nath Das Gupta, Dr. Susil

Dev. Shri Kanai Lall Dhar, Shrimati Charu Shila Dhera. Shri Sushil Kumar Dutt, Shri Ramendra Nath Dutta, Shri Asoke Krishna Dutta, Shrimati Sudha Rani Fazlur Rahman, The Hon'ble S. M. Gayen, Shri Brindaban Ghosh, The Hon'ble Tarun Kanti Ghosh Chowdhury, Dr. Ranjit Kumar Guha, Dr. Prabodh Kumar Haldar, Shri Haralal Halder, Shri Jagadish Chandra Hansda, Shri Debnath Hansdah, Shri Bhusan Hazra, Shri Parbati Charan Hembram, Shri Kamala Kanta Jalan, The Hon'ble Iswar Das Jana, Shri Mrityunjoy Jana, Shri Prabir Chandra Joyna: Abedin, Shri Karam Hossain, Shri Khamrai, Shri Niranjan Khan, Shri Gurupada Khan, Shri Satyanarayan Kolay, The Hon'ble Jagannath Mahanty, Slori Charu Chandra Mahata, Shri Mahendra Nath Mahata, Shri Surendra Nath Mahato, Shri Debendra Nath Maitra, Shri Anil Maitra, Shri Birendra Kumar Maiti, The Hon'ble Abha Maity, Shri Bijoy Krishna Maity, Shri Subodh Chandra Majhi, Shri Budhan Majumdar, Shrimati Niharika Mallick, Shri Ashutosh Mandal, Shri Krishna Prasad Misra, The Hon'ble Sowrindra Mohan Mitra, Dr. Gopikaranjan Mohammad Hayat Ali, Shri Mohammad Israil, Shri Moitra, Shri Arun Kumar Mondal, Shri Amarendra Mondal, Shri Rajkrishna Mondal, Shrimati Santilata Mondal, Shri Sishuram Mookerjee, Shri Naresh Nath Mukherjee, Shri Ajoy Kumar Mukherjee, Shri Pijush Kanti Mukherjee, The Hon'ble Saila Kumar Mukherjee, Shri Santosh Kumar Mukherjee, Shri Shankar Lal Mukherjee, Shri Shankar Lal Mukhopadhyay, Shri Ananda Gopal Mukhopadhyay, Shri Manik Chandra Mukhopadhyay, The Hon'ble Purabi Nahar, The Hon'ble Bijoy Singh

Naskar, The Hon'ble Ardhendu Shekhar Noronha, Shri Clifford Pal, Shri Probhakar Pal, Dr. Radha Krishna Pandit, Shri Krishna Pada Pemantle, Shrimati Olive Platel, Shri R. E. Poddar, Shri Badriprasad Pramanik, Shri Puronjoy Pramanik, Shri Rajani Kanta Pramanik, Shri Tarapada Prasad, Shri Shiromani Raikut, Shri Bhupendra Deb Ray, Dr. Anath Bandhu Ray, Shri Kamini Mohan Ray, Shri Siddhartha Shankar Roy, Shri Arabinda Roy, Shri Bankim Chandra Roy, Shri Ganesh Prosad Roy, Shri Ganesh Prosad Roy, Shri Nepal Chandra Roy, Shri Pranab Prosad Roy, Shri Tara Pada Saha, Dr. Biswanath Saha, Shri Dhaneswar Santra, Shri Jugal Charan Saren, Shri Mangal Chandra Sarkar, Shri Sakti Kumar Sarkar, Shri Narendra Nath Sen, Shri Bijesh Chandra Sen, Shri Narendra Nath Sen, The Hon'ble Prafulla Chandra Sen. Shri Santi Gopal Shamsuddin Ahmed, Shri Shamsul Bari, Shri Syed Sharma, Shri Jaynarayan Shukla, Shri Krishna Kumar Singha, Shri Hiralal Singhadeo, Shri Raj Rajeswari Prosad Singhadeo, Shri Shankar Narayan Sinha, Kumar Jagadish Chandra Sinha, Shri Phanis Chandra Tanti, Shri Anadi Mohon Tarkatirtha, Shri Bimalananda 1 udu, Shrimati Tushar Wangdi, The Hon'ble Tenzing Ziaul Haque, Shri Md.

AYE8-75

Abul Mansur Habibullah, Shri Syed Adhikary, Shri Sailendra Nath Bagdi, Shri Jakhan Baksi, Shri Monoranjan Banerjee, Shri Bejoy Kumar Banerjee, Shri Gopal Basu. Shri Amarendra Nath

Basu, Shri Hemanta Kumar Basu. Shri Jyoti Basunia, Shri Sunil Besterwitch, Shri A. H. Bhaduri, Shri Panchu Gopal Bhattacharjee, Shri Nani Bhattacharya, Dr. Kanai Lal Bhattacharyya, Dr. Aboni Bhattacharyya, Shri Mrigendra Chakravarty, Shri Haridas Chattoraj, Dr. Radhanath Choubey, Shri Narayan Chowdhury, Shri Benoy Krishna ('howdhury, Shri Subodh Das. Shri Anadi Das, Shri Gobardhan Das, Shri Narayandas Das, Shri Nikhil Das, Shri Shambhu Gopal Das, Shri Sudhir Chandra Das Gupta, Shri Sunil Das Mahapatra, Shri Balai Lal Dev. Shri Tarapada Dhibar, Shri Radhika Dolai, Shri Nagen Ghosh, Shri Ganesh Ghosh, Shri Sambhu Charan Golam Yazdani, Dr. Guha, Shri Kamal Kanti Haldar, Shri Mahananda Hansda, Shri Jaleswar Hazra, Shri Monoranjan Konar, Shri Harekrishna Kundu, Shri Gour Chandra Lahiri, Shri Somnath Mahata, Shri Padak Mahato, Shri Girish Maitra, Shri Kashi Kanta Majhı, Shri Kandru Majumdar, Shri Apurba Lal Mandal, Shri Adwaita Mandal, Shri Siddheswar Mitra, Shrimati 1la Mondal, Shii Bijoy Bhusan Mondal, Shri Dul d Chandra Mukherjee, Shri (tirija Bhasan Mukaopadhyay, Shri Rabindra Nath Murmu, Shri Nathaniel Nawab Jani Meeria, Shri Syed Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad Pal, Shri, Bejoy Pal, Shri Kanai Raha, Shri Sanat Kumar Ray, Shri Birendra Narayan Ray Chowdhury, Shri Khagendra Kumar Roy, Shri Aswini Roy, Shri Bijoy Kumar Roy, Shri Monoranjan Roy, Dr. Narayan Chandra Roy Pradhan, Shri Amarendra Nath Saha, Shri Abhoy Pada Saha, Shri Jamini Bhusan Sen Gupta, Shri Niranjan Sen Gupta, Shri Tarun Kumar Singha, Dr. Radhakrishna Boren, Shri Suchand l'hakur, Shri Shreemohan

The Aves being 75 and the Noes 149, the motion was lost.

Adjournment

The House was then adjourned at 7-37 p.m. till 1 p.m. on Wednesday, the 12th August, 1964, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Benga' Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legisla ive Building, Calcutta, on Wednesday, no 12th August, 1964, at 1 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble Keshab Chandra Basu) in the Chair, 11 Hon'ble vinisters, 3 Hon'ble Ministers of State and 203 members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1-00—1-10 p.m.]

Rupnarayan bridge at Kolaghat

*172. (Admitted question No. *152.) Shri Narayan Choubey: (a) Will the Hon'ble Minister-in-charge of the I'ublic Works (Special Road) Department be pleased to state if it is a fact that the Government have been constructing a new bridge on the Rupnarayan at Kolaghat?

- (b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—
 - (i) what is the estimate for this bridge:
 - (ii) when the construction work started and what was the target date of completing the work of construction;
 - (iii) the name of the contractors entrusted with the job of this construction;
 - (iv) whether the Government are aware that the Railway Department have been constructing another bridge on the Rupnarayan at Kolaghat within a few hundred yards of the bridge under construction by the State Government; and
 - (v) if so, when the Railway started construction of their bridge?

The Hon'ble Khagendra Nath Das Gupta: (a) Yes.

- (b) (i) Rs. 1,12,21,000.
- (ii) Started—January 1962. Target—June 1966.
- (iii) Messrs. Gammon India Ltd.
- (iv) Yes.
- (v) About October 1963.

Shri Narayan Choubey:

ই যে ১কোটি, ১২ লক্ষ, ২১ হাজার টাকা এসটিমেটের কণা কলক্ষন, এটা আগে কত ছিল ৷ ই এসটিনেট, সাগে কি কোন রকন চেঞ্জ হয়েছে !

মাননীয়া মন্দ্রী মহোদয়া জানাবেন কি, এই যে ১৫ টাকা আর ১২ টাকা করে গ্রামের বৃশ্ধ লোকদের দেবার ব্যবস্থা করেছেন, এটাতে আপনি কি মনে করেন, যে শহরের একজন বৃশ্ধ বা বৃশ্ধা মানুষ, সে এই ১৫ টাকায় একবেলা খেয়ে বে'চে থাকতে পারে?

Mr. Speaker:

ওটার জবাব হয়ে গিয়েছে।

Shri Nepal Chandra Roy:

সারে উনি এর জবাব দেন নি।

Mr. Speaker:

ক্রিন এর জবাব দিয়েছেন। উনি বলেছেন, আমাদের আর্থিক সংগতির হিসাবে দেওয়া হয়েছে।

Shri Nepal Chandra Roy:

আমার এই প্রশ্নের জবাব উনি দেন নি। আমার প্রশ্ন হচ্ছে যে, এই ১৫ টাকায় একজন লোক থেয়ে পরে বে'চে থাকতে পারে কি না? ২৫ হাজারের জায়গায় যদি আমরা ১৫ হাজার লোককে দিই, যাতে, যাদের দেবো, তারা যেন বে'চে থাকতে পারে, সেই ব্যবস্থা কর্ন। কারণ; আমি সব লোককে কিছু করে দেবো,—ঐ দেও কিঞ্চিত না করে, যাকে দেবেন সে যেন বে'চে থাকতে পারে তার ব্যবস্থা করা উচিত। কারণ, ঐ থিওরিতে এ'দের বাঁচান যাবে না। সেজনা আমি নাছি টাকা যদি কম থাকে, সেই টাকা কম লোককে দিয়ে, বেশী করে টাকা দেওয়ার ব্যবস্থা আপন রা চিন্তা করছেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, ঐ রকম চিন্তা আমরা করছি না। ১৫ টাকা করে সহরের লোককে এবং ১২ টাকা করে গ্রামের লোককে দিলে, মোটাম্টি আমাদের দেশের যে আর্থিক অবস্থা, তাতে চলতে পারে বলে আমরা মনে করি। এ সম্বন্ধে অন্য লোকের ভিন্ন মত হতে পারে, এ নিয়ে আলোচনা করেও কোন লাভ নেই।

Shri Narayan Choubey:

আমার সাম্পিমেণ্টারী হচ্ছে যে, আপনারা ১২ টাকা এবং ১৫ টাকা করে দেবেন এবং এর জন্যে প্রত্যেক বংসর নিশ্চরই একই টাকা এ্যালটমেণ্ট হবে না। তাহলে যে লোকটা এ বংসর পাচ্ছে, তাকে আগামী বংসর পাবার জনা কি আবার দরখাসত করতে হবে?

The Hon'ble Abha Maiti:

আমরা যদি রলেস রিল্যাক্স করে দিই, রলেস রিল্যাক্স করলে আরও অনেক দরখাস্ত আসবে।

Shri Narayan Choubey:

ন। আমার প্রশ্নটা হচ্ছে যে, যাদের এই বংসর স্যাংশন করলেন তাদের কি আবার দরখাসত করতে হবে পরের বংসর পাবার জন্য?

The Hon'ble Prafulla Chandra Sen:

না। যতদিন মারা যাবেন না, ততদিন পাবেন।

Shri Anadi Das:

মাননীয় মন্তিমহাশয় বললেন যে, এই রুলস রিল্যাক্স করার কথা চিন্তা করছেন, আমি জিড়াসা করতে পারি কি যে, এই রুলস কতদিনে রিল্যাক্স করার ব্যবস্থা কমন্সিট হবে?

The Hon'ble Abha Maiti:

^{চিন্}তা নয়, আমরা কার্য আরম্ভ করেছি—তাড়াতাড়ি শেষ করে ফেলতে পারব।

Shri Anadi Das:

কতদিনে শেষ হবে?

The Hon'ble Abha Maiti:

া বলতে পারি না।

SS-E78

Shri Anadi Das:

মাননীর মন্দ্রীমহাশয় বলবেন কি, এই যে দরখাস্তগর্নাল আসছে এবং ম্যাজিশেষ্টটের কাছে যা এনকোয়ারি করবার জন্য সেখানে ডিলেড হচ্ছে ব্রুবতে পারা যাছে। কোন একটা টাই: লিমিট দিয়ে দেবেন কি যে, এত দিনের মধ্যে এই এনকোয়ারি কমপ্লিট হবে? কারণ, যা ওক্ত এজ পেনশন চাচ্ছেন তারা খ্রুব দ্রবস্থার মধ্যে কটাচ্ছেন। তাদের যদি এনকোয়া করতেই ৬ মাস চলে যায়, তা হলে সেই পাওয়া-না-পাওয়া সমান হয়ে যাবে। তাই টাই লিমিট করে দেবেন কিনা?

The Hon'ble Abha Maiti:

আমরা সাধারণত বলি যত তাড়াতাড়ি পারেন দেবার জন্য এবং আমরা ১৫।২০ দিন পর আবা বিমাইন্ডার দিই সেগুলি তাড়াতাড়ি এনকোয়ারি করে পাঠাবার জন্য।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্দ্রী মহোদয়া জানাবেন কি, আপনারা যে র্লস রিল্যান্ত্র করবেন সেই দ্রিণ্টভণা থেকে আমি বলছি—যারা বর্তমানে এই রকম দ্বঃস্থ অবস্থায় পড়ে গ্রাচুইটাস রিলিফ পাছে। জ্বাই ডোল বাকে বলে, তিনি কি আবেদন করতে পারেন। ন্বিতীয়তঃ যে ফর্মে আবেদন করে, সেই ফর্মটা সরল বাণগলা ভাষায় হবে কিনা। তৃতীয়তঃ সেই ফর্ম বা দরখাস্ত বি ভি ধ র অফিসে দেওয়া সম্ভব কিনা?

The Hon'ble Abha Maiti:

জামি বলছিলাম যে, সেই চার টাকার কথা—যারা ড্রাই ডোল পাছে । আমার সে পরিকল্পনা রুরেছে । ড্রাই ডোলের ব্যবস্থা হ্রাস করে আমরা যদি এখানেই তাদের পেনশনের ব্যবস্থা কর্টেই, যাদের বরস হয়ে গিয়েছে তা হলে বোধহয় অনেক ভাল হবে এবং তা আমরা করবার চেট করছি । আর একটা কথা, বি ডি ও-র ওখানে ফর্ম দিতে আমাদের কোন আপত্তি নেই আমরা দিয়ে দেব । আর বাংলায় ফর্ম আমাদের ইতিমধ্যেই হয়েছে ।

Shri Ananda Gopal Mukhopadhyav:

মাননীয় মন্ত্রীমহাশয় কি আমাকে জানাবেন এই ষে, সহরে এবং গ্রামে এই ১৫ টাকা এবং ১: টাকার পার্থকা না রেখে স্বটাকে ১৫ টাকা করা সম্ভব কিনা?

The Hon'ble Abha Maiti:

এখনও সে রকম ভাবি নি।

Shri Kanai Pal:

মাননীয় মন্দ্রীমহাশয়, আপনার কাছে আমার প্রশ্ন হচ্ছে এই, যে জেলাতে, মিউনিসিপাট এলাকায় এবং বিভিন্ন স্থানে যখন এই দরখাস্তাট করতে বলা হয়, তখন অতি সর্ট টাইম ছিল কিন্তু তার পরেও দরখাস্ত করা যাবে কিনা, জনসাধারণের এমন কোন ধারণা ছিল না। তা এখন সরকার থেকে পরিক্লার কোন নির্দেশ দেওয়া হবে কিনা, যাতে জ্বনসাধারণ ব্রুগ্রে পারে?

The Hon'ble Abha Maiti:

আমি ব্বতে পেরেছি আপনার প্রশ্ন। আমি বলছি। আমাদের কোন টাইম-লিমিট ^{নেই} বেদিন ইচ্ছা যখন ইচ্ছা তারা দরখাস্ত করতে পারে।

1964.7

Relief Committee, Hooghly Sadar

*230. (Admitted question No. *397.) Shri Sambhu Charan Chosh: গ্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অন্ত্রহপূর্বক জানাইবেন কি—

- কে) হাগলি সদরে কোন রিলিফ কমিটি আছে কিনা
- (খ) রিলিফ কমিটি থাকিলে গত এক বছরে এই কমিটির করটি সভা অনুষ্ঠিত হইয়াছে:
- (গ) সদর এলাকায় যাহাদের খয়রাতি সাহায়্য দেওয় হয়, তাহাদের তালিকা প্রত্তুত কে
 করেন: এবং
- (ঘ) খয়রাতি সাহায্য গ্রহণকারীদের তালিকা কমিটি কর্তৃক অনুমোদন করা হয় কিলা?

[1-20-1-30 p.m.]

The Hon'ble Abha Maiti:

- (ক) হাাঁ;
- (খ) ৪টি ;
- (গ) ও (ঘ) খয়রাতি সাহাযোর তালিকা রিলিফ কমিটি প্রস্তৃত করেন, কিন্তু এই তালিকা জেলা শাসক, মহকুমা শাসক বা সরকার হইতে অধিকার ও অনা কোন কর্মচারী দ্বারা অন্ত্র-মোদিত হইয়া থাকে।

District Officer of Relief Department in Murshidabad district

*231. (Admitted question No. *438.) Shri Sanat Kumar Raha:

উদ্বাস্ত রাণ ও প্রের্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

- (ক) মালিদাবাদ জেলায় রিলিফ দণতরের জেলা আধিকারিক বর্তমানে কে আছেন:
- (খ) উক্ত আধিকারিক কত বংসর হইতে এই পদে এই জেলায় বহাল আছেন ·
- (গ) উক্ত রিলিফ ও রিহ্যাবিলিটেশন দণ্ডরের বিরুদ্ধে কোন অভিযোগ সরকার পাইয়াছেন কিনা:
- (ঘ) পাইয়া থাকিলে, তাহার তদতত হইয়াছে কিনা : এবং
- (৬) তদনত হইয়া থাকিলে তাহার ফলাফল কি?

The Hon'ble Abha Maiti:

- (ক) শ্রীবিনয়ভূষণ চক্রবতী বর্তমানে ম্রিশদাবাদ জেলার জেলা প্নর্বাসন আধিকারিকের পদে রহিয়াছেন।
 - (খ) উক্ত আধিকারিক ১৯৫৮ সালের ৭ই মার্চ হইতে ঐ জেলার ঐ পদে রহিয়াছেন :
 - (গ) হাা।
 - (ঘ) অভিযোগের সত্যাসতা সম্বন্ধে তদনত হইতেছে।
 - (B) जमन्ठ धरनर एमर रहा नारे कार्रकार धरे श्रम्न धन्नर छेटी ना।

Shri Sanat Kumar Raha:

প্রথম অভিযোগ আপনারা কোন্ সালে পেরেছেন?

The Hon'ble Abha Maiti:

আমার মনে হয় বছর খানেক আগে।

Shri Sanat Kumar Raha:

২ বংসর পূর্বে 'মূর্শিদাবাদ বার্তা' পগ্রিকায় এসম্পর্কে লেখা হয়েছিল, সেটা কি পেয়েছেন?

The Hon'ble Abha Maiti:

আ—পাইনি।

Shri Sanat Kumar Raha:

ৰে ভন্নলোক মুশিদাবাদ জেলায় গিয়েছিলেন তাঁর বিরুদ্ধে নানান অভিযোগ থাকা সম্বেও তাঁরে ক্ষেত্র রাখা হয়েছে কেন?

The Hon'hie Abha Maiti:

ভারত বর্দাল করার ব্যবস্থা হচ্ছে।

Shri Sanat Kumar Raha:

অস্ত্রকার্য কখন শ্রু হয়েছে এবং কবে শেষ হবে?

The Hon'ble Abha Maiti:

ৰূবে শেষ হবে বলতে পারিনা। মুখামন্ত্রীর সেকেটারিয়েট-এর যিনি দেপশাল অফিসার তাং জ্বনত করতে দেওয়া হয়েছে।

Shri Copal Banerjee:

সাধারণভাবে একজন সরকারী কর্মচারী কর্তদিন থাকেন?

The Hon'ble Abha Maiti:

সামারণতঃ তিন বংসর।

Shri Copal Banerjee:

বিশেষ একজন কর্মচারীর প্রতি দাক্ষিণ্যের কারণ কি?

The Hon'ble Abha Maiti:

ৰূবে বেশি গোলমাল না করলে রিলিফ এ্যান্ড রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট-এর কর্মচারীদে ভাষ্টাতাড়ি বর্দাল করা হয় না, কারণ তাতে কাজকর্মের অস্ক্রিধা হয়। প্রাণো দিনের স্থি ক্রলস্থে মানা হয়, তা হয় না।

Refugees

- *232. (Admitted question No. *532.) Shri Birendra Narayan Ray:
- **ইস্বাস**ত তাণ ও প্নের্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অন্ত্রহপ্রেক জানাইবেন কি-
 - ক) ইহা কি সত্য যে, গত জান্য়ারি ১৯৬৪ সাল হইতে বর্তমান সময় পর্যন্ত কিছ্সংগ্
 প্রেপাকিল্ডানের বাস্তুত্যাগীদের পশ্চিমবংগের বাহিরে পাঠানো হইয়াছে;
 - (ব) সত্য হইলে, তাহাদের সংখ্যা কত;
 - (গ) ইহা কি সত্য যে, উত্ত ব্যক্তিদের মধ্যে কিছ্নুসংখ্যক প্রনরায় পশ্চিমবঙ্গে চ্^{রিট্} আসিয়াছেন: এবং
 - (ঘ) সত্য হইলে. তাঁহাদের সংখ্যা কত?

The Hon'ble Abha Maiti:

- (क) जी।
- (খ) ১,৫১,০৩২।
- (গু) হা।
- (ছ) ১৮.৬৩৩ I

Shri Birendra Narayan Ray:

কি কারণে তারা পশ্চিমবঙ্গে ফিরে এসেছে?

The Hon'ble Abha Maiti:

অনেক কারণ ছিল। সেখানে থাকার অস্বিধা ছিল। আর একটা বড় কারণ হল, আমরা যে নীতি নিয়েছিলাম, উইদাউট ট্রাভেল ডকুমেণ্ট সব লোকজনকে নেব, তার স্যোগে পা**ষ্টিম** বপোর বিভিন্ন কলোনীতে যারা প্নবাসন পেয়েছিলেন তাঁরা সেখানে গিয়ে উত্তেজনা দেবার চেণ্টা করেছিলেন এবং কিছ্ব লোককে সংগ্য করে নিয়ে আসবার চেণ্টা করেছিলেন। কিছ্ব লোক আবার দর্থাস্ত করেছে ফিরে যাবার জন্য।

Shri Gopal Banerjee:

এমন কোন প্রমাণ আছে, কলোনীর লোকেরা উত্তেজনা দিরেছে? প্রমাণ থাকলে কি শাস্তিম্লক বাবস্থা করা হয়েছে এবং কতজনের বির্দেধ শাস্তিমূলক বাবস্থা অবলম্বন করা হয়েছে?

The Hon'ble Abha Maiti:

বেসব জেলা থেকে আমরা সংবাদ পেয়েছি আমরা সেসব জেলার ডিণ্ট্রিক্ট মাজিণ্ট্রেট-কে ব**র্লোছ** তাদের যেন না দেওরা হয় এবং ক্যাম্প-এর মধ্যে ধরা পড়লে যেন শাস্তিমূলক ব্যবস্থা করা **হয়।**

Shri Copal Banerjee:

কতান অভিযান্ত হয়েছে এবং কতজন ধরা পড়েছে—আমি জানতে চাই।

The Hon'ble Abha Maiti:

একটা কলোনীর কথা বলতে পারি। কেলেঘ'ই থানার কেলেঘাই কলোনীর এক ভদ্রলোক লিখেছেন, সেখান থেকে একটা পরিবার চলে গিয়েছে। আমরা তদত করে দেখলাম সেটা সত্যা, কিন্তু তখন আর তাদের ট্রেস করা যায় নি। চন্দিশ পরগণায় কতগুলি কলোনী থেকেও লোক চলে গিয়েছে, নাম আমি এখন খ'নুজে পাছিনা। অনেকে নাম পালটে দেয়, নাম পালটে দিলে খ'নুজে পাওয়া সম্ভব নয়। যে কলোনী থেকে গিয়েছে সেই কলোনীতে যদি ফিরে আসে, ভবে তাদের বিরন্ধে শাস্তিমূলক ব্যবস্থা করতে হবে। যারা এখনও ফিরে আসে নি, তারা বিদি বিশেষ সময়ের মধ্যে ফিরে না আসে, তবে তাদের জমি নিয়ে নেওয়া হবে।

Shri Birendra Narayan Ray:

সরকারী কর্মচারীদের হ্দরহীন আচরণের জন্যই উম্বাস্ত্রা ফিরে এসেছে—একথা কি ঠিক?

The Hon'ble Abha Maiti:

প্রথমদিকে সেখানে অনেক রকম অসূত্রিধা ছিল—একথা বলা হয়েছে।

Shri Sailendra Nath Adhikary:

আমি মন্ত্রীমহোদয়াকে বলছি, একটা পরিবারের কর্তা হয়তো কোন একটা খারাপ কাজ করেছে, ভাই বলে সমস্ত পরিবারকে শাস্তি দেওয়া—এটা কি জাণ্টিফায়েড বলে মনে করছেন?

The Hon'ble Abba Maiti:

এটা জাতিফিকেশন-এর কোন কথা নয়। শাসনকার্য্যে নিয়ম শৃত্থলা রক্ষার জন্য কিছ্ কিছ কঠিন কাজ করতে হয়।

Dr. Kanai Lal Bhattacharva:

মাননীর মন্দ্রীমহে।দরা জানাবেন কি, তারা সেখানকার স্থানীর অবস্থার জন্য নাথাকতে পেরে কোষার গিয়েছে?

The Hon'ble Abha Maiti:

মানা এবং কুর্দ ক্যাম্প থেকে বহু লোক বিভিন্ন রাজ্যে চলে গিয়েছে এবং এখনও আমর তাদের খোঁজ পাইনি বলেই আমি বলেছি, তারা ফিরে এসেছে।

Shri Narayan Choubey:

কেলেখাই থেকে চিঠি দেওয়া হয়েছে বে, ৩৫টি পরিবার চলে গিয়েছে এবং এনকোয়ারি করে দেখলৈন এটা গত্য কথা—এটা আপনি বললেন। কি করে ধরলেন, তারা চলে গিয়েছে?

The Hon'ble Abba Maiti:

ৰা গেলে কিছু লোক তো থাকত।

Shri Narayan Choubey:

ৰাদু তারা মানা ক্যান্সে গিয়ে থাকে, তাহলে কি কেলেঘাই-এর ডিপার্টমেন্টাল ক্রিক্রেটারে নিয়ে গিয়ে তারের আইডেপিউন্ট করা বায় না?

The Hon'ble Abha Maiti:

বত সহজ বলে মনে হয়. আইডেণ্টিফাই করা তত সোজা নয়।

[1-30-1-40 p.m.]

Shri Niranian Sen Cupta:

দশুকারণ্যের চেয়ারম্যান শ্রীশৈবাল গ্*ত এই অস্বিধাগ্রিল দ্ব করবার চেণ্টা করেছিলেন বলে শ্বাসনারা তাঁকে বাধা দিয়েছেন—একথা সত্য কিনা?

Mr. Speaker: That question does not arise.

Covernment help to the new migrants

*238. (Admitted question No. *545.) Shri Tarun Kumar Sen Gupta:

উন্দাস্তু রাণ ও প্নর্নাসন বিভাগের মাননীয় মন্তিমহাশয় অন্গ্রহপ্রেক জানাইবেন কি. প্রে পাকিস্তান হইতে বিগত দাঙ্গার পর যেসকল উন্বাস্তু বৈধ বা অবৈধ উপায়ে ভারতে স্থায়ীভাবে বসবাস করিবার জন্য আসিয়াছেন, কিন্তু দণ্ডকারণ্যে যান নাই, তাঁহাদের প্নবাসনের জন্য বা অন্যান্য সাহায্য যথা—চাকরি, বাবসা-ঋণ, গৃহনির্মাণ বা জমিক্সয়ের জন্য ঋণ, দ্রোরোগ্য ব্যাধি চিকিৎসা প্রভৃতির জন্য বিশেষ স্বযোগ-স্বিধা দেওয়ার কোন সরকারী পরিকল্পনা আছে কি?

The Hon'ble Abba Maili:

এইপে কোন পরিকল্পনা নাই।

Shri Tarun Kumar Sen Gupta:

বর্তমানে কোন পরিকল্পনা নেই—ভবিষাতে কোন পরিকল্পনা নেবেন কিনা?

The Hon'ble Abha Maiti:

ভবিষতে কি করব-সেকথা এখন বলতে পারছি না।

Shri Tarun Kumar Sen Gupta:

আপনারা কি কেন্দ্রীয় সরকারের সঙ্গে এ'দের সম্পর্কে ব্যবস্থা করবার জন্য কোন পরিকল্পনা উপস্থিত করেছিলেন?

The Hon'ble Abha Maiti:

হাউসের সকলেই একথা জানেন, যারা এখানে থেকে যাছে তাদের জন্য কোন আলাদা ব্যবস্থা কর্মছ না। আমি বারেবারে একথা বলেছি, বেশী লোক এখানে এসে বদি থেকে যায়, তাহলে পাঁচম বাণালার অর্থনীতির উপর চাপ পড়বে—বিশেষ করে স্কুল, কলেজ, হাসপাতাল এবং ইন্ডাস্ট্রির উপর চাপ পড়বে। আমি ভারত সরকারকে এসব ব্যাপারে সাহাষ্য দেবার জন্য জানির্মেছ, যাতে আমাদের ভার লাঘব হতে পারে।

Shri Tarun Kumar Sen Gupta:

ভারত সরকার এই সমস্ত িটিটেউ:১৯৫রে চাকুরি এবং শিক্ষার ব্যাপারে সাহাষ্য দিতে চার, কিন্তু আপনারা তা নিচ্ছেন না—একথা সতা কিনা?

The Hon'ble Abha Maiti:

এটা সম্পূর্ণ অসত্য কথা।

New refugees

- *234. (Admitted question No. *575.) Shri Nikhil Das: Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—
 - (a) whether it is a fact that some of the new refugees sent to other States for rehabilitation are deserting due to non-availability of minimum necessaries of life and delay in rehabilitating them; and
 - (h) if so, what action Government contemplates to take in this regard?

The Hon'ble Abha Maiti: (a) Some such complaints were brought to the notice of the State Government.

(b) The State Government has drawn the attention of the Government of India to the grievances of deserters for early suitable action.

Shri Nani Bhattacharjee:

মাপনি বললেন, সাম সাচ কমপেলটন ওরার রট ট্রু দি নোটিশ অফ দি স্টেট গভনমেন্ট। নীধরণের কমপেলন জানাবেন কি?

The Hon'ble Abha Maili:

ামি আগেই বলেছি, সেখানে থাকার অস্ববিধা হচ্ছে খ্ব গরম এবং জলের অস্ববিধা। এইসব নস্বিধার জন্য অনেকে চলে এসেছিল এবং আমরা যখন ভাদের কাছে জিল্ঞাসা করি, ভব্দ তারা এইসব কথা বলেছে। আমরা গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার কাছে জানিরেছি যাতে এই: অসুবিধা তাড়াতাড়ি দুরে হয়।

Shri Nani Bhattacharlee:

আপনারা সেম্মাল গভর্নমেন্টকে কবে নাগাদ এসব জানিয়েছেন ?

The Hon'ble Abha Maiti:

আমরা যখন যখন খবর পেয়েছি, তখন তখন জানিয়েছি।

Shri Nani Bhattacharjee:

সেই করেসপনডেন্স-এর উত্তরে সেন্ট্রাল গভর্নমেন্ট কি বলেছেন?

The Hon'hle Ahha Maili:

ৰত'মানে এইসৰ অস্বিধা নেই। কাজেই আমরা মনে করি, নিশ্চয়ই তাঁরা আমাদের কং শ্বনেছিলেন—এবং কর্তব্য বিবেচনা করেই শ্বনেছিলেন—এবং তার ফলে এইসৰ অস্বিধা অ নেই।

Shri Nepal Chandra Rov:

নতুন রিফিউজীরা একটা প্রবলেম হরে দাঁড়িয়েছে এবং ডেজার্টাররা এমনভাবে পরিচয় দিয়ে সেটা মাল্যমহাশয় হাউসে বলতে পারছেন না। মনে হয়, ভাই-বোনে বোধহয় স্বানী-দ্বী বং পরিচয় দিছে। আমার প্রশন হচ্ছে, এইসব এ্যাভয়েড করবার জন্য সরকার কি এটা চিন্দ্ করছেন যে, তাদের ফটো তুলে রাখলে এটা প্রিভেন্ট করা যাবে এবং তা যদি হয়, তা হলে সে ফটো তোলার এ্যারেঞ্জমেন্ট কিভাবে করেছেন?

The Hon'ble Abha Maiti:

এ রকম কিছু হবে না এবং করবও না।

Shri Narayan Choubey:

আজকে অনেকে চলে এসেছে পাকিস্তান হতে কিন্তু কত রিফিউল্লী পাকিস্তানে ফিরে যে চাষ্ট্র সেটা আপনার জানা আছে কিনা?

The Hon'ble Abha Maiti:

আমার জানা নেই। কোন রিফিউজী পাকিস্তানে ফিরে যেতে চায়—এই রকম সংবাদ আপনা জানা থাকতে পারে, কিন্ত আমার জানা নাই।

(নয়েজ)

Mr. Speaker: For other reasons you may not say.

The Hon'ble Abha Maiti:

আঞ্জকে এই ধরনের সাম্পিমেণ্টারী করে কি পাকিস্তানের স্বিধা করে দেওয়া হবে? আঁট আগেই বলেছি যে, আমার এই ধরনের খবর চাই। স্পীকার মহাশয়, পাকিস্তান গভর্গমেণ্টা খেকে নানাভাবে প্রচার করছে—লক্ষ লক্ষ রিফিউজী ফিরে আসছে। আমি বেসব কথা বলাটি তা সম্বেও যদি এয়াসেম্বলীতে এই ধরণের কথা বলা হয়, তাতে পাকিস্তানের স্ক্রিধা করে দেওয়া ছাড়া আর কি হবে?

Mr. Speaker:

ফর সিকিউরিটি রিজনস ইউ মে নট সে। যে জিনিষ বলা হল, এর উত্তরে আর্পনি বলতে পারতেন—বলুব না। এই ধরনের উত্তর দিতে পারতেন।

Shri Jyoti Basu:

আমার সাণ্লিমেণ্টারী হচ্ছে, একটা রাগটাগ ভূলে গিয়ে বলান—এই যে এইমার শানলাম অসাবিধা হবে, সেখানে ক্যান্দেপ গিয়ে, হাজার হাজার যে বাস্ত্হারা যে সেখানে যাচ্ছে, আমি জানতে চাই, পশ্চিমবংগ সরকারের পক্ষ থেকে এমন কোন নিয়ম হয়েছে কিনা যাদের সেখানে পাঠান হয়েছে প্রনর্বাসন পাবার আগে, জমি ইত্যাদি পাবার আগে, ক্যান্দেপ কতদিন থাকতে হবে?

The Hon'ble Abha Maiti:

আমি আগেই বলেছি, মানা ক্যান্দেপ যারা আছে বিভিন্ন জায়গায় তারা চলে গেছে প্নবসিনের জন্য। আমি মানা ক্যান্দেপ গতবার গিয়াছিলাম, দেখলাম প্রানো যে রিফিউজীরা ফেব্রেরারীমার্চ মাস পর্যকত যারা গেছে, তাদের দেখি নি, এবং যারা গিয়াছিল তারা বিভিন্ন জায়গায় ডিসপার্স'ড হয়ে গেছে প্নবসিনের জন্য। নিশ্চয়ই তাদের এক-দ্মাস থাকতে হয় এবং বর্ষাকাল হলে আরও বেশী থাকতে হয় । রিক্লামেশন করতে হয়ত অস্ক্রিধা আছে, কিছ্কিন তাদের থাকতেই হবে।

Shri Debi Prosad Basu:

আমার কথা হচ্ছে, মাননীয় সদস্যরা ব্যাকরণে ভুল করছেন। মাননীয় মন্ত্রীমহাশয় না ব'লে। মাননীশ্য মন্ত্রী মহাশয়া বলা উচিত।

Mr. Speaker:

আর্থান ভল করবেন না, আর যেই কর্মন।

Adulteration of food-stuff

- *235. (Admitted question No. 1645.) Shri Ancaga Mahan Das: *বত্পবিভাগের মাননীয় মন্তিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--
 - (ক) ঘি. সরিষা তৈল, দুধ এবং বিভিন্ন প্রকার মসলাতে ভেজাল চলিতেছে বলিয়া সরকার কোন অভিযোগ পাইয়াছেন কি: এবং
 - (ণা) গত ১৯৬৩-৬৪ সালে কত জন ভেজাল খাদ্য বিক্রেতা এই রাজ্যে ধরা পড়িয়াছে এবং কত জনের বির_{ন্}দেধ আদালতে অভিযোগ করা হইয়াছে এবং তাহাদের কত জনকে কিবাপ শাস্তি দেওয়া হইয়াছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

- (ক) সরকার সরাসরি কোন অভিযোগ পান নাই ; তবে খাদাদ্রব্যে ভেজাল সম্পর্কে সরকার অবহিত আছেন।
- (খ) খাদ্যে ভেজাল সম্প্রকীয় তথ্যাদি ইংলিশ ক্যালেন্ডার হিসাবে রাখা হয়। গত ১৯৬৩ সালে ১,৪৯২টি খাদ্য নমুনা বিশেলখণাগারে পরীক্ষান্তে ভেজাল বলিয়া ধরা পড়িরাছে। উদ্ধ বংসরে ১,৮৫৬টি (পূর্ববংসরের বকেয়া সহ) মামলা রুজু করা হইয়াছে। শাস্তির পরিমাশ বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন রূপ। ১৯৬৩ সালে শাস্তির পরিমাণ সর্বাধিক ৮,০০০ টাকা পর্যক্ত জরিমানা এবং সর্বাধিক ২ বংসর প্রক্ত সম্লম কারাদন্ত হইয়াছে।

Shri Ananga Mohan Das:

ছিতে কতগ্রাল ভেজাল কেন্, সর্যে তেলে কতগ্রাল, দুধে কতগ্রাল কেন পাওরা গেছে—সেগ্রাল প্রথক প্রথক বলতে পারেন না?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আজাদা প্রশ্ন দেবেন।

Shri Ananga Mohan Das:

এই যে সর্বে তেলে ভেজাল পেয়েছেন, এগজামিন করে কি ভেজাল পেয়েছেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:

মাননীর অধ্যক্ষ মহাশর, প্রায় প্রতিদিনই প্রশ্নোন্তরের সময় বিস্তারিত তথ্য পরিবেশন করেছি, যদি বলেন তো আবার হাউসের সামনে দেব।

Mr. Speaker:

আপনারা শনেছেন কি কি ভেজাল দেওয়া হয়, আর বোধ হয় বলার প্রয়োজন নেই।

[1-40-1-50 p.m.]

Shri Jyoti Basu:

দা। আমি জিজ্ঞাসা করছিলাম ঐ ঘি সম্বন্ধে। ১৪ তারিখে কলকাতার একটা কোর্টে মামলা হারেছে যে, আগমার্কা ঘিয়ে ভেজাল পাওয়া গেছে এবং ম্যাজিন্টোট বলছেন অফিসার যাঁরা সাক্ষা দিয়েছেন আমার কোর্টে তাদের নিশ্চরই কোন আইন আছে যাতে সাজা দেওরা যায় এবং সাজা দেওরা উচিত। এই ঘিয়ে কি ধরণের ভেজাল পাওয়া গেছে এবং সেই অফিসারের বিষয়ে কি করা হয়েছে মন্দ্রী মহাশয় জানেন কিনা?

The Hon'ble Purabi Mukhopadhyay:

মাননীয় অধাক্ষ মহাশয়, আগমার্ক সংক্রান্ত প্রশেনর উত্তর স্বাস্থা দণ্ডরের অন্তর্ভক্ত নয় তব.ও আমি এই উত্তর দিতে পারি। কারণ, ওটা ভেজাল প্রমাণিত হওরায় আমরা আমাদের দশ্তর থেকে তদন্ত করেছিলাম। আগমার্ক সংক্রান্ত যে অর্গানাইজ্বেসান সেটা কেন্দ্রীয় সরকারের ফডে এনন্ড এগ্রিকালচার ডিপার্টমেন্টের অন্তর্ভক্ত। ফডে এন্ড এগ্রিকালচার ডিপার্টমেন্টের এক-জ্বন এ্যাডভাইসার আছেন তিনি প্রত্যক্ষভাবে এর চার্ক্তে আছেন। আমরা খবরের কাগজ মার**ফং** প্রথমে আগমার্ক সম্বন্ধে ঐ বিচারের রিপোর্ট দেখতে পাই এবং দেখা মাত্রই আমরা সেই বিচা-ব্রের জাজমেন্ট কপি সংগ্রহ করি এবং সদস্যদের অবগতির জন্য জানাচ্চি যে, আমি এবার যখন দিল্লী গিয়েছিলাম তখন তার একটা কপিও আমার সঙ্গে নিয়ে গিয়েছিলাম। মাননীয় মুখা-মন্ত্রী যখন ওখানে ছিলেন তিনিও এ সম্পর্কে ওখানে কথা বলেছেন। শ্রীসত্ত্রন্ধানিয়মের দুষ্টিতে আমরা এই ব্যাপারটা এনেছি। আগমার্ক সংক্রান্ত অফিসার সম্বন্ধে যে বিরূপে মন্তব্য করা হয়েছে ডিফেন্স উইটনেস হিসাবে যাঁরা ওখানে সাক্ষ্য দিয়েছিলেন তাঁরা আমাদের পশ্চিমবণ্গ সরকারের অফিসার নন। কেন্দ্রীয় সরকারের আগমার্ক দেওয়ার যে আইন আছে সেই আইনের অন্তর্ভক্ত কতকগুলি পর্ম্বতি আছে, সেই পর্ম্বতি অনুযায়ী আগমার্ক দেওয়া হয়। এবং আগ-শার্ক দেওয়ার অধারটিও পশ্চিমবণ্গা সরকারের নেই। কিন্তু যেহেতু আমরা প্রত্যক্ষভাবে সংশ্লিক হরে বাছি, কারণ শাশ্চমবশ্যে আগমার্কে পর্যন্ত ভেজাল বৈরিয়েছে. সেজন্য বে সিবিহাসনেস এটাতে দেওয়া উচিত আমরা সেইভাবে তাতে দিরেছি এবং এই জাজমেন্টের সকল কেল্টীর খাদ্য এবং কৃষি মন্ট্রীর কাছে পেণছে দিয়ে এসেছি।

Shri Jyoti Basu:

আমি যেটা জিজ্ঞাসা করেছিলাম তার উত্তর এখনও পাই নি। কি ভেজাল পাওয়া গেছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

ार्गानभाव कराहे ।

Shri Jyoti Basu:

আমি এখন জিল্ঞাসা করতে চাই, সরষের তেল ৩১৯০ নরা পরসা করা হল এবং আমাদের যখন কোন কর্তৃত্ব নেই এই আগমার্ক ব্যাপারে, তাদের অফিসারদের ব্যাপারে তখন যদি সরষের তেলে ভেজাল হয় তাহলে আমাদের এখানে কিছু করণীয় আছে কিনা এবং সরকার কি মনে করেন এ ব্যাপারে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

<u>जाननीर जक्षाक प्रशास के सम्भारक विम्लादिक वला पदकात । प्राननीर प्राथामणी कथात्न</u> যখন পাইস ফিক্সোন ঘোষণা করেন তখন তিনি আগমাকের দাম কেন বেশী রাখা হল তার জনা বলেছিলেন যে আগমার্কে আইন অনুযায়ী পর্ম্বতি অনুযায়ী কোন ভেজাল থাকবে না । এটা পিওর আনএ্যাডালটারেটেড বলেই দাম বাডানো হরেছিল। বিরের সম্পর্কে এই প্রথম আমাদের নজরে এসেছে যে, তাতে ভেজাল পাওয়া গেছে। আমাদের বিরোধী দলের সদসারা ষেমন এনিয়ে চিন্তিত হয়েছেন আমাদের সরকার পক্ষের সদসারাষ এটার সম্পর্কে খবে বিচলিত श्राह्म । आश्रमार्क सम्भव्द स्मान्न कम्मीत्र सत्रकात्रक वना श्राह्म स्य. सम्रू वावस्थाणे পর্ম্মার্কটা তাদের ঢোলে সাজাতে হবে এবং এমনভাবে আগমার্কিং-এর বাবস্থা করতে হবে খাতে তার মধ্যে কোন রকমভাবে ভেজালের সম্ভাবনা না থাকে। এই আইনটা যদি আপনারা পডে দেখেন, তা হলে দেখতে পাবেন বে. এই আইনেতে পশ্চিমবণ্স সরকারকে এরা সরাসরি কোন কর্তত্ব দিচ্ছেন না যে কর্তত্ব আমরা চাই। সেদিন ল্যাবরেটরি সংক্রান্ত যে ব্যবস্থার কথা রাশা হরেছে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ইতিমধ্যে ব্যবস্থা করেছেন, এই হাউসকে তিনি জানিরেছেন ষে যুক্তক্ষণ অবধি ছোটখাট বাবসাদাররা পর্যস্ত নিজেদের তেলকলগুলিতে নিজেরা আন্তর্ভাট্ট তৈরি করতে না পারবে, ততক্ষণ কেন্দ্রীয় ল্যাবরেটরির মাধ্যমে তাদের সাহায্য করব এবং এই বিষয়ে আমাদের ওয়েন্ট বেণাল ল্যাবরেটবে যেটা পশ্চিমবণা সরকারের কমবাইণ্ড ল্যাবরেটবি তাদের সার্ভিসও আমরা এই আগমার্ক অর্থানাইচ্ছেসানকে দেব। আমরা এটকে বলতে পারি. আগমার্ক সংক্রান্ত কোন প্রোডাইনে যাতে কোন ভেজাল না হয় তার জন্য যা করণীয় আমরা নিশ্চয়ই তা করে।

Shri Jyoti Basu:

আমি জিজ্ঞাসা করছি, এই যে ভেজাল ঘি পাওয়া গেছে এগালি কোন্ মার্কা ঘি এবং বাকি বিগলি কি করা হয়েছে—এটা মন্ত্রীমহাশয়া জানেন কিনা?

The Hon'ble Purabi Mukhopadhyay:

ভাজাসেটে আছে সমস্তটাই সীজ করে প্রতিয়ে দেওয়া হয়েছে, আগমার্কা ছি।

Shri Jyoti Basu:

কোন দোকানে বা কোথায় বিক্রী হয়েছে—জাজমেণ্টের কপিটপি আছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমার কাছে জাজমেশ্টের কপি ছিল, নিয়ে আসি নি।

Shri Jyoti Basu:

অন্য কোন ব্যাঞ্চে হর্নন—এটা তো বিভিন্ন জারণা থেকে আগমাক' হয়ে আসে:

The Hon'ble Purabi Mukhopadhyay:

যে জায়গা থেকে এটা হর্মোছল তার মালিকের নাম এবং কোং-র নাম জাজমেন্টের কপিতে আছে। আমি একটা জাজমেন্টের কপি এখানকার টেবিলে বিলি করে দেবো।

Shri Narendra Nath Sen:

মন্দ্রীমহাশয় বলবেন কি, যেসব সরিষার তেল আজকাল টিন প্যাকিং-এ করে বিক্রী হচ্ছে সেগ্রালির বিশান্ধতা সম্পর্কে কোন রকম প্রীক্ষার ব্যবস্থা আছে কিন্য?

The Hon'ble Purabi Mukhopadhyay:

হার্ম আছে।

Shri Narendra Nath Sen:

কিভাবে করা হয়?

The Hon'ble Purabi Mukhopadhyay:

টিনগ্নির ভেতর থেকে টক নিয়ে পরীক্ষা করা যায়—এতে এমন কোন ব্যবস্থা নেই যে খ্রুর। খুলে িক্রী করতে শুধু নেওয়া হবে।

Shri Kashi Kanta Maitra:

গতদিন মুখ্যমন্ত্রী এ সম্বন্ধে যে বিবৃতি দিয়েছেন এবং আজকে স্বাস্থ্য মন্ত্রী যে বিবৃতি দিলেন তার পরিপ্রেক্ষীতে আমি অতিরিক্ত প্রশ্ন করছি যে কর্নান্টিটিউসনের ৭ সিডুলে যে তিনটা লেজিসলোটিভ লিস্ট আছে দেটি লিস্ট, ইউনিয়ন লিস্ট এবং কনকারেন্ট লিস্ট, আগমার্কিং এটা কনকারেন্ট লিন্টের আওতায় আসে এবং নেটট গভর্ণমেন্টের এ সম্পর্কে ক্ষমতা আছে বলে আমার ধারণা। আমি জিজ্ঞাসা করছি, যখন ভারত সরকারের নীতি হচ্ছে এসব ব্যাপারে আগমার্কিং দেব এবং পশ্চিমবংগ সরকারের নিম্পর্বারিত নীতি হচ্ছে আগমার্কিং না থাকলে আমরা তাকে প্রশ্ন করবো না ওখন পশ্চিমবংগ সরকার এ ব্যাপারে কি কেন্দ্রিয় সরকারকে জানিয়েছেন বে, সংবিধানে কি বাধা আছে যার ফলে রাজ্য সরকারকে এব্যাপারে কনসাল্ট করা হবে না।

The Hon'ble Purabi Mukhopadhyay:

সংবিধানের প্রশ্ন আমি এখন তুলতে চাই না, কারণ এই জাজমেন্ট কেন্দ্রিয় সরকার কবে পাবেন তা আমরা জানি না। যাতে খ্ব তাড়াতাড়ি তাঁদের হাতে জাজমেন্টের কপি পেশিছায় তার বাবস্থা আমরা করেছি এবং আমরা তাঁদের কাছে লিখেছি, মুখেও জানিয়েছি মাননীয় মুখামন্টা মহাশয় তাঁদের কাছে জানিয়েছেন একথা যে আগমার্ক অর্গনাইজেসনের ভার আমাদের দেয়া হয়। যদি তাঁরা দিতে আপত্তি করেন তাহলে কর্নাস্টিউসনালি যে ব্যবস্থা আছে তার আগ্রহ নেয়া হবে।

Shri Ananga Mohan Das:

সরিষার তেলে যে পটাসীয়াম সাইনাইট পাওয়া গিয়েছিল এটা কি স্তা?

The Hon'ble Purabi Mukhopadhyay:

थों। मछ नय-मार्टेनारेषे दल्या रेपोमीयाम मार्टेनारेषे द्वाय ना।

Citizens of the Indian enclaves in Cooch Behar district

*236. (Admitted question No. *725.) Shri Amarendra Nath Roy Prodhan:

উদ্বাস্তু রাণ ও প্নর্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বেক জানাইবেন কি-

- (ক) কোচবিহার জেলার শালবাড়ি, কোটভাজিনী, বেউলাডাণ্গা, নাটোকটকা, দহলাখাগড়া-বাড়ি প্রভৃতি ভারতীয় ছিটমহল হইতে বর্তমান বংসরে গত ১লা জ্লাই ১৯৬৪ পর্যক্ত কত জন ভারতীয় নাগরিক কোচবিহার ও জলপাইগ্রিড় জেলায় আশ্রর লইয়াছে: এবং
- (খ) এই সমস্ত নাগরিককে সরকার হইতে কি কোনপ্রকার সাহায্য প্রদান করা হইতেছে?

The Hon'ble Abha Maiti:

- ক) বর্ণিত ভারতীয় ছিটমহলগ
 লি হইতে মোট ১৪৫৫ জন ভারতীয় নাগরিক
 কাচবিহার ও জলপাইগ
 িড জেলায় আগমন করিয়াছেন।
 - (খ) হাাঁ।

i1-50-2 p.m.]

Shri Amarendra Nath Roy Prodhan:

আর্পান বললেন যে, ১৪৫৫ জন এসেছে। আমি বলছি—এই সংখ্যাটি ১০ হাজার হবে। আর্পান এদের কোন প্রকার উদ্বাস্তু রিলিফ দেবেন না বলেই, সংখ্যাটির কারচুপি করেছেন—এটা ক সত্য?

The Hon'ble Abha Maiti:

এতে কোন কারচুপির প্রশ্ন নেই। যা আমরা পেয়েছি তাই বলছি।

Dr. Kanai Lal Bhattacharva:

এপিন বললেন যে, এখানে ১৪৫৫ জন এসেছে। এই সংখ্যাটি কে সাম্লাই করেছেন।

The Hon'ble Abha Maiti:

अला अर्थातीरे अर्थार फिल्पिके <u>प्रााक्तिलो</u>रे ।

Shri Amarendra Nath Roy Prodhan:

এইসব ছিট্মহল উদ্বাদ্জুদিগকে প্র'পাকিদ্তানের আগত উদ্বাদ্জুদের সম্পর্যায়ভুক্ত বলে কি বিবেচনা করা হবে ?

The Hon'ble Abha Maiti:

ভারত স্বকারের কাছে আমরা যখন তাদের প্নর্বাসনের কথা লিখেছিলাম, তখন তাঁরা বলে-ছিলেন যে এ'দের প্র্বাপাক্সতানের উদ্বাস্তুদের সমান পর্যায় গণ্য করা যেতে পারে, এবং সেইভাবে তাদের বাংলাদেশের বাইরে পাঠাবার কথা বলা হয়, এবং আমরা এই বিষয় তাঁদের অনেকের সঞ্চো কথা বলোছিলাম, তাঁরা কেউ বাণ্গলাদেশের বাইরে যেতে রাজী নন।

Shri Kashi Kanta Maitra:

^{উনি} যে ফিগারটা দিলেন যারা ছিট্মহল থেকে এসেছেন, সে সম্বন্ধে আমি একটি সা<mark>ণ্লিমেন্টারী</mark> ^{করতে} চাই। প্রশাকিস্তান থেকে মারা আসছেন, যেমন গেদে, পেয়ৌপল ইত্যাদি বিভিন্ন জারগা থেকে বেমন এলে, চেক্পোন্টে তাঁদের ডকুমেণ্ট রেজিন্মেশন করার ব্যবস্থা আছে, এবা সেখানে যেমন তাদের রেজিন্মেশন-এর ভিত্তিতে চেক ও ভেরিফাই করা সম্ভব, তেমনি এদের বেলাতে, যারা ছিট্মহল থেকে কোচবিহারে এসে পেণিচাচ্ছেন, তাদের সংখ্যা ঠিক কড, সেটা যাচাই করবার জন্য তাদের কি কোন রকম ডকুমেণ্ট বা কাগজপত্র দেওরা হয়ে থাকে, যার শ্বারা জানা যায় যে তারা সেখান থেকে এসেছেন?

The Hon'ble Abha Maiti:

ষে সমস্ত লোক এসেছেন, তারা সাধারণত আগেই কোন একজন গ্রামের সর্দার বা ঐ পাড়ার সর্দার এসে বলে যায় যে আমরা অমূক দিন আসছি। তারই ভিত্তিতে তারা যথন এসে বলেন আমরা এতজুন এসেছি, তারই ভিত্তিতে আমি এই ফিগারটা দির্মেছি। আপনি যেটা বলেছেন যে ম্যাজিন্দ্রেটের কাছ থেকে স্লিপ, ডকুমেণ্ট ইত্যাদি তাদের দেবার ব্যবস্থা আছে কিনা? এ রকম কোন আইডেণ্টিফাই-এর ব্যবস্থা আমাদের নেই।

Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয়া মন্দ্রীমহোদয়া বললেন যে, তিনি ঐ ভিত্তির উপর নির্ভর করে এই সংখ্যাটি দিয়েছেন। কিন্তু, আমি একজন ঐ এলাকার বিধানসভার সদস্য হিসাবে, আমি নিজে মন্দ্রী মহাশায়াকে চিঠি লিখেছিলাম, এবং তাতে বলোছলাম যে সংখ্যা দশ হাজারের উপর হবে। তিনি কোন প্রয়োজন বোধ করলেন না সেটা এনকোয়ারি করার?

The Hon'ble Abha Maiti:

আমরা সেটা এনকোয়ারি করবার জন্য ডিপ্মিক্ট অর্থারিটিকে দিয়ে দিয়েছি।

Shri Nani Bhattacharjee:

মাননীয়া মদ্বীমহোদয়া বদলেন যে, এদের দ্রেফিউজি হিসাবে গণ্য করবার জন্য কেন্দ্রীয় সরকারকে জানানো ও লেখা হয়েছে। আমি অবাক হচ্ছি যে যারা ছিট্মহলের লোক. তারা ভারতীয় নাগরিক, তাদের কেন রেফিউজি হিসাবে গণ্য করা হবে?

The Hon'ble Abha Maiti:

আমি তা বলিনি। আমি বলেছি যে, চিঠি লেখা হয়েছিল, এবং তাঁরা বলেছেন যে এ'দের উদ্বাহতু হিসাবে গণ্য করা যায়, এবং সেইজন্য এদের বাণ্যলালেছেনর বাইরে পাঠাবার কথা বলেছেন।

Shri Nani Bhattacharies:

মিঃ স্পীকার স্যার, উনি বলেছেন যে এ'দের উম্বাস্তু হিসাবে গণ্য করা যায়। এ'রা উম্বাস্তুই নন্—এ'রা ভারতীয় নাগরিক।

Mr. Speaker:

উনি তাই বলেছেন-গণ্য করা যায়।

Shri Nani Bhattacharjee;

বেশ, কিন্তু লেখানে আমার সাপেলমেণ্টারী হচ্ছে এই, বে বাণালাদেশের সরকার বা কেন্দ্রীর সরকার তাদের বাংলাদেশে রাখার বা বাণালাদেশে তাদের প্রবাসনের দ্যুরিছ নিছেন বা কেন?

The Hon'ble Abha Maiti:

এখানে আমাদের জারগার অস্ক্রিধা আশ্র, সেইন্দ্রনা।

ζ· ··

Shri Amarendra Nath Roy Prodhan:

নেছের, নন্দ চুক্তি অন্সারে বের,বাড়ী এবং ছিট্মহল এক সপো ভাগ হবার কথা ছিল; কিম্ছু বের,বাড়ী ভাগ হওরার আগেই, বের,বাড়ীর ১২ হাজার উদ্বাদ্পুদের জন্য ইতিমধ্যে বাড়ি তৈরী করা হরেছে। আমার প্রদন হচ্ছে, পশ্চিমবংগার মধ্যে ছিট্মহলের যেসকল ৪০ হাজার উদ্বাদ্পুরুরেছে, বা ভবিষ্যতে আসবার সম্ভাবনা রয়েছে, এবং যে ১০ হাজার উদ্বাদ্পু ইতিমধ্যে চলে এসেছে, তাদের জন্য বাড়ীঘর নির্মাণ করার পরিকল্পনা কি সরকারের আছে?

The Hon'ble Abha Maili:

মাননীয় সদস্য ভাল করেই জানেন যে, যেসকল বাড়িঘর তৈরি করা হয়েছিল, সেখানে কেউ যান নি। তারা যদি আসেন, তখন তাদের জন্য ঘরবাড়ির বাবস্থা করা হবে। আগে থেকে বাড়ি, ঘর তৈরি করে রেখে অর্থের অপচয় করার প্রয়োজন আছে বলে আমি মনে করি না। ধেসমুস্ত ঘরবাড়ি আছে, সেখানে তারা যান নি।

Shri Amarendra Nath Roy Prodhan:

আপানি নিশ্চর জানেন বে, ছিট্মহলের উন্বাস্তুদের জন্য কোন ঘরবাড়ি তৈরি করা হয় নি। বেরুবাড়ীর উন্বাস্তুদের জন্য তৈরি করা হয়েছে। বেরুবাড়ী এখনও বিভাজন হয় নি, সেইজন্য উন্বাস্তুর প্রান্ন উঠে না।

(নো রিপ্লাই)

Shri Hemanta Kumar Basu:

ছিট্মহলের অধিবাসী, ছিট্মহল থেকে যারা এখানে এসেছেন, তারাত ভারতীয় নাগরিক। তাদের উদ্বাস্তু হিসাবে কেন গণ্য করা হচ্ছে, তা আমি ব্রুবতে পারছি না। যেভাবে বের্বাড়ী উদ্বাস্তুদের জন্য প্নর্বাসনের ব্যবস্থা হবে, সেইরকমভাবে ছিট্মহলের লোক, যারা এখানে এসেছেন, তারাত ভারতীয় নাগরিক, তারাত প্রবিগের উদ্বাস্তু নয়। কাজেই তাদের এই পশ্চিমবৃণেগ প্নর্বাসনের ব্যবস্থা কেন করা হবে না? তাদের কেন প্রবিশেগর উদ্বাস্তুদের সংগে সমানভাবে গণ্য করা হছে, তা আমরা ব্রুবতে পারছি না?

The Hon'ble Abha Maiti:

আমি আগেই বলেছি যে, এদের প্নর্বাসনের জন্য আমরা ভারত সরকারকে লিথেছিলাম। তাদের উদ্বাস্তু হিসাবে গণ্য করা হোক প্রবিশোর মত একথা আমরা বলিনি। এদের বাবস্থা করা হোক প্নর্বাসনের জন্য—এই কথা আমরা ভারত সরকারকে জানির্রোছলাম: এবং সেই জন্য ভারত সরকার আমাদের বলেছেন যে, নিশ্চয় এদের প্নর্বাসন দেওয়া যেতে পারে, যদি তারা বাণগলাদেশের বাইরে যান। কারণ আমরা আজকে নয় ১৯৫৪ সাল থেকে এই কথা বলছি যে বাণগলাদেশের ভিতর আর এমন কোন জায়গা নেই, যেখানে এদের প্নর্বাসন দেওয়া যেতে পারে। সেইজনা ১৯৫৪ সাল থেকেই এই নীতি গ্রহণ করা হয়েছিল যে, সমুহত উদ্বাস্তুকে, বিশোষ করে এগ্রিকালচারিণ্ট যারা, এদের যদি প্নর্বাসন দিতে হয়, তা হলে এদের বাণগলাদেশের বাইরে যেতে হবে। স্কুতরাং এখন যখন এখানে ভারতীয় এলাকা, ছিট্মহল থেকে লোকগানি আসছেন, তাদের ভারতবর্ষের কোন একটা জায়গায় প্নর্বাসন করে দেবার জনাই, এবং যেহেতু ভারত সরকার আমাদের বলেছেন, সেইজনাই আমি পশ্চিমবংশের বাইরে এইসব উদ্বাস্ত্রদের পাঠাবার কথা বলেছিলাম।

Shri Hemanta Kumar Basu:

এবা পশ্চিমবশ্যের বাইরে যাবে কেন? একথা কি আপনারা ভারত সরকারকে লিখেছিলেন বে, এই ১৪ শোর মত লোক, এরা পশ্চিমবশ্যের অধিবাসী হয়ে থাকতে চায়, কাজেই এদের পশ্চিমবশ্যেই পনের্যাসন করার বারকথা করা উচিত্?

The Hon'ble Abha Maiti:

এখানে যদি স্টেবল জারগা থাকতো, তা হলে ছিট্মহলের লোক কেন, অপর ৬ ক ুলেও আমরা এখানে রাখতে পারতাম।

Shri Somnath Lahiri:

ছিট্মহলের লোকেরা সরকারী একটা সিম্ধান্তের ফলে বাস্তুচ্যুত হয়েছেন ভারতীয় নাগরিক, তাদের ক্ষতিপূরণ দেবার কেন কোন ব্যবস্থা হচ্ছে না।

The Hon'ble Abha Maiti:

দে প্রন্ন আমাকে করলে হবে না. হোম ডিপার্টমেণ্টকে করতে হবে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্দ্রী মহোদয়া বললেন যে, এদেরকে ভারতীয় নাগরিক হিসাবেও ট্রিট করছেন আবার উন্দাসতু হিসাবেও ট্রিট করছেন—দ্টোই তাঁরা করতে যাচ্ছেন। আমি মাননীয় মন্দ্রী মহোদয়াকে জিল্পাসা করতে চাই যে বাঞ্গলাদেশের মাটিকে অন্য দেশকে দেবার পর সেই পাপের ভাগ কি এই সমস্ত নরনারীকেই ভোগ করতে হবে—না আপনারা তার জন্য কোন প্রায়শ্চিত্ত করবেন?

(নো রিপ্লাই)

Unregistered medical practitioners

*237. (Admitted question No. *762.) Dr. Kanai Lal Bhattacharyya: Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

- (a) whether the Government is aware-
 - (1) that a huge number (about 25,000) of persons have been practising as quack doctors (medical practitioners) in West Bengal, and
 - (2) that these persons are catering modern medical facilities (allopathic) at cheaper rate to the poorer section of the people; and
- (b) if so, whether the Government consider the desirability of granting permission to register their names with the registering authorities in this State?

The Hon'ble Purabi Mukhopadhyay: (a) The number of unregistered persons practising in the allopathic system of medicine is not available.

- (2) Medicines other than sulpha drugs, antibiotics etc., prescribed by unregistered medical practitioners can be served by any licenced dealer. The rates charged and the categories of people treated by them are not known.
- (b) No. Only these holding qualifications enumerated in schedules attached to the Indian Medical Council Act, 1956 and the Bengal Medical Act, 1914 are entitled to registration with the State Medical Council.

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় মন্দ্রীমহাশয় বোধ হয় আমার প্রশ্নটা ভাল করে পড়েও দেখেন নি। জবাবটা ^{যা} দিয়েছেন এর সপ্যে ঠিক কমেনস্বেট হচ্ছে না। যাই হোক, আমি সাম্প্রিমেন্টারি জিঞ্^{সা} কর্মিছ যে. এই যারা কোয়াক ভালার হিসাবে পরিচিত তাদের রেজিন্টার কেন করা হবে না? ধর্থন অন্যান্য প্রদেশে তাদের সামান্য একটা শিক্ষা দিয়ে, সামান্য একজামিনেশন করে রেজিন্টার করা হচ্ছে তথন আমাদের প্রদেশে হবে না কেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রশ্ন তিনি করেছেন তার উত্তর দিয়েছি। এর মধ্যে কোন রক্ষম না পড়ে দেখবার কোন কারণ হয় নি, প্রতি পয়েশ্টে উত্তর দিয়েছি। এবং অতিরিক্ত প্রশন ষা তিনি করেছেন তার জবাবে আমি এইটনুকু শ্বন বলব যে, ইণ্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল এয়াষ্ট্রী এবং ওয়েণ্ট বেণ্গল মেডিক্যাল কাউন্সিল এয়াষ্ট্রের সিডিউল অনুষায়ী যত জনের কোন ইনিন্টিন্টিউলনাল ট্রেনিং ছিল, তাদের প্রত্যেকেই রেজিম্মেশন দেওয়া হয়েছে। এই সম্পর্কে অন্য কোন জানারকে রেজিম্মেশন দেবার আমাদের কোন পরিকল্পনা নেই।

nr Kanai Lal Bhattacharyva:

র্জাতরিক্ত প্রশন, স্যার, ভারত সরকার এই কোয়াক ডাক্তারদৈর প্রাকটিস বন্ধ করে দেবার জন্য কোন আইন প্রণয়ন করার উদ্দেশ্যে পশ্চিমবংগ সরকারের কোন মতামত গ্রহণ করেছেন কি?

The Hon'ble Purabi Mukhopadhyay:

ভারত সরকার প্রত্যোকটি স্টেটেই লিখেছিলেন। কয়েকটি স্টেট আইন প্রণয়ন ইতিমধ্যেই করেছেন, কয়েকটি ভেট এখনও করেন নি। আমরা পশ্চিমবংগ সরকারের পক্ষ থেকে এখনই কোন আইন করার কথা চিম্তা করিছ না।

Dr. Kanai Lal Bhattacharyya:

অন্যান প্রদেশে যে আইন করা হয়েছে তাতে কোয়াকদের প্রাকটিস বংধ করার জন্য করা হয়েছে, না রেজিন্টেশন দেবার জন্য করা হয়েছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

না না সম্পূর্ণ বন্ধ করবার জন্য করা হয়েছে।

Dr. Kanai Lal Bhattacharvva:

কিত তার মধ্যে তাঁরা অনেকগ্রাল রেকগনাইজ করে নিয়েছেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:

যেগ্নিল রেকগনাইজ করেছেন সেগ্নিল আমাদের এখানে ইতিমধ্যেই রেকগনাইজড হয়ে আ<mark>ছে,</mark> তাঁরা অলুবেডি বেজিন্টার্ড ।

Remission of Government loans to the refugees

*238. (Admitted question No. *780.) Shri Nani Bhattacharjee: উদ্বাস্তু হাণ ও পুনুৰ্বাসন বিভাগের মানুনীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) ইহা কি সত্য যে, পূর্ব পাকিস্তান হইতে আগত উদ্বাস্তুদের ১,০০০ টাকা পর্যন্ত ঋণ মকবের জন্য কেন্দ্রীয় সরকার সিন্ধান্ত করিয়াছেন :
- (খ) সতা হইলে, সে সম্পর্কে কোন ানদেশ পাশ্চমবর্গা-সারকার পাইয়াছেন কিনা : এবং
- (গ) পাইয়া থাকিলে, পশ্চিমবংগ-সরকার এ সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন? SS— ম.70

The Hon'ble Abha Maiti:

- (क) शौ।
- (थ) जी।
- (গ) এতদ্ সম্পর্কে বিস্তারিত নির্দেশি দিবার জন্য পশ্চিমবঙ্গা সরকার থসড়া প্রস্তৃত্ত করিয়াছেন এবং ভারত সরকারের ইচ্ছান,সারে তাহা মহাগাননিকের নিকট দেখিবার জন্য প্রেরণ করিয়াছেন ফেরং পাইলেই নির্দেশনামা বাহির করা হইবে।

Shri Nani Bhattacharlee:

হুগোর্লানিকের কাছ থেকে এই খসড়া কি নাগাদ ফেরং আসবে অনুমান করছেন, এবং আর
ক্রুকটি হচ্ছে, এর মধ্যে অনেক রোফউজিদের লোনের জন্য সাটিফিকেট ইসার করা হচ্ছে।
স্কুতরাং সেগর্লি বন্ধ রাখার কি ব্যবস্থা করছেন?

The Hon'ble Abha Maiti:

আদাম বলে বিচ্ছি। মহাগাননিকের ওখান থেকে হয়তো মাসখানেকের মধ্যে এসে যাবে। আর হলং যেটা করলেন, ইতিমধ্যেই আমরা সব জায়গায় বলে দিয়েছি যে, এই ধরনের লোকের উপরে আদি সাটিফি:কট হয়ে থাকে, তাহলে সেগালি যেন স্থাগিত রাখা হয়।

New refugees

*239. (Admitted question No. *832.) Shri Sunil Das Gupta:

উদ্বাদ্য প্রাণ 3 প্রের্বাসন বিভাগের মাননীয় মন্তিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

- (ক) ইহা কি সতা যে, পূর্বে পাকিস্তান হইতে ষে সমস্ত ব্যক্তি বর্তমানে উম্ফা (রিফিউজি) হইয়া ভারতে আসিতেছেন পশ্চিমবঙ্গ সরকার সরকারী কাগজপ তঃহাদের ফিউজিটিভ বলিয়া উল্লেখ করিতেছেন?
- (ঝ) যদি (ক) প্রশেনর উত্তর "হাঁ" হয়, মাননীয় মন্তিমহাশয় অনুগ্রহপূর্বক জানটের বি —
 - (১) েই স**্তুহত ব্যক্তিকে বি**শিষ্টজি না বলিয়া ফিউজিটিভ বলা হইতেছে কেল: এবং
 - (২) হৈ সিম্পান্ত কবে গ্রহণ করা হইয়াছে?

12—2-10 p.m.]

The Hon'ble Abha Maiti:

- **(ক)** না।
- (খ) (১) এ প্রন্ন উঠে না।
 - (২) এ প্রশ্ন উঠে না।

Shri Kamal Kanti Guha:

আপান কি জানেন এই সমসত মহকুমার রিলিফ ডিপার্টমেন্ট-এর যে সমসত কাগজপত্র দেও বৃদ্ধে তাতে ফিউজিটিভ লেখা থাকে?

The Hon'ble Abha Maiti:

ন্ধামরা বঙ্গেছি এটা ব্যবহার না করার জন্য। যদি কোন জেলা ম্যাজিম্ট্রেট ব্যবহার ক'রে ^{থার্কে} ভাতে কাজের কোন অসঃবিধা নাই।

Mr. Speaker: Question hour is over. I may inform honourable member that question No. *249 (admitted question No. 764) is held over for the next rotational day. The rest of the answers are laid on the table.

STARRED QUESTIONS (to which answers were laid on the table)

Public Health staff of the Midnapore district board

*240. (Admitted question No. *842.) Shri Sudhir Chandra Das:

হ্বাহ্থ্য বিভাগের মাননীয় মন্তিমহাশয় অন্গ্রহপূর্বক জানাইবেন কি-

- (ক) ১৯৫৯ সালের পর হইতে মেদিনীপ্র জেলা বোর্ডের পার্বালক হেলও স্টাফ সর-কারী স্বাস্থ্য বিভাগের অধীনে যাওয়ার পর যে সকল কর্মচারী কর্মে নিষ্ক্ ছিলেন তাঁহাদের চাকুরী-সংক্রান্ত কাগজপত্র সরকারী জনস্বাস্থ্য বিভাগ গ্রহণ করিয়াছেন কিনা:
- (খ) ইহা কি সত্য যে, ঐ কর্মচারীদের গ্রাচুইটি, পেন্সন, প্রভিডেন্ট ফান্ডের টাকা প্রাপ্য হওয়া সত্ত্বেও এখনও পর্যন্ত অনেককে দেওয়া হয় নাই;
- (গ) সত্য হইলে, ইহার কারণ কি;
- (ছ) ঐরুপ কর্মচারীর সংখ্যা কত; এবং
- (%) ইহাদের ঐ বাবতে প্রাপ্য টাকা কত দিনের মধ্যে দেওয়া হইবে?

The Minister for Health:

- (ক) মেদিনীপরে জেলা বে:ভেরি নিকট হঁইতে সমনত আবশ্যকীয় কাগজপত্র পাওয়া যায় নাই।
- (২) যাঁহার। চাকুরী হইতে অবসর গ্রহণ করিয়াছেন এবং যাঁহারা প্রভিডেণ্ট ফান্ড-এর জন। আবেদন করিয়াছেন তাঁহাদের প্রভিডেণ্ট ফান্ডের নিজ্ফ্ব অংশ মিটাইয়া দেওয়া হইয়াছে। ফাঁহাদের এবং অন্যান। দাবীদাওয়া মিটাইবার ব্যবস্থা করা হ'ইতেছে।
- (গ) বক্লী দাবিদাওয়াগনুলি মিটাইতে যে বিলম্ব হইতেছে তাহার কারণ এই যে মেদিনী-পুর জেলাবোর্ড কর্মচারীদের সংক্রান্ত যে কাগজপত্র দিয়াছেন তাহা প্রায় ক্ষেত্রেই অসম্পূর্ণ।
- (ঘ) যাঁহারা চাকুরি হইতে অবসর গ্রহণ করিয়াছেন তাঁহাদের সংখ্যা ৪৭ ; ইহাদের মধ্যে ২৯ ্রন তাঁহাদের পদে প্রেনিশ্বন্ত হইয়াছেন।
- (৩) প্রয়োজনীয় কাগজপুত এবং তথ্যাদি মেদিনীপুর জেলাবোর্ডের নিকট পাওয়া গেলেই বক্ষয়া প্রাপ্য টাকা মিটাইবার ব্যবস্থা করা যাইবে।

Cratuitous relief in Contai subdivision

- *241. (Admitted question No. *৪46.) Shri Balai Lal Das Mahapatra: বাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
 - (ক) বর্তমান বংসরে কাঁথি মহকুমার কোন্ কোন্ থানায় অদ্যাবাধ কি হারে থয়রাতি সাহায্য দানের ব্যবস্থা হইয়াছে; এবং
 - (খ) গত বংসর ঐ সময়ে খয়রাতি সাহাষ্য কি হারে দেওয়া হইয়াছিল?

The Minister for Relief:

^(क) ও (খ) একটি বিবরণী এতং সহ উপস্থাপিত হ**ইল।**

Statement referred to in reply to starred question No. 241.

থানার নাম -			8-> >6 0		বিক শ্রন্থাণি 			সাল জুলাই	
		এপ্রিন ১৯৬৪	শে ১৯৬৪	জুন ১৯৬৪	জু লাই ১৯৬৪	এপ্রিল ১৯৬৩	মে		जू नारे ১৯৬৩
ज ि	••	.90	>	>	٥. د	۶. ۶	₹.৫	ა.ა	8
বাৰনগৰ		.90	>	٥	۵. د	8. د	٤.۶	٥.٩	8.3
विश्वती		40	>	5	۵.۵	D. ¢	۶.۶	٥.٩	8.0
ভগৰানপুর		.40	>	>	٥. د	د. د	₹.৫	٥.٥	8.5
পটাপপুর		.90	>	5	٥. ٥	۵. د	ર .৬	٥.8	8.3
ৰেজুরী		. 90	5	5	۵. د	٥.٤	₹.৮	၁ ဇ	8.3

Persons arrested for adulteration of mustard oil

- *242. (Admitted question No. *896:) Shri Monoranjan Hazra:
- স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্তিমহাশয় অন্ত্রহপূর্বক জানাইবেন কি—
 - (ক) এ পর্যশ্ত সরিষার তৈলে ভেজাল দেওয়ার জন্য কত জন ব্যবসায়ীকে গ্রেণ্তার করা হইয়াছে: এবং
 - (খ) যাহাদের গ্রেপ্তার করা হইয়াছে তাহাদের মধ্যে কত জন পাইকারী ব্যবসায়ী এবং কত জন খ⊑চরা ব্যবসায়ী ?

The Minister for Health:

- (क) খাদ্য ভেজাল নিরোধক আইনে (১৯৫৪) গ্রেপ্তার করিবার বিধান নাই।
- (খ) প্রন্দ ওঠে না।

New refugees in Murshidabad district

- *243. (Admitted question No. *942.) Shri Sailendra Nath Adhikary: উদ্বাহত লাণ্ড পনের্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশ্য় অনুগ্রহপুর্বক জানাইবেন কি—
- জন্বাস্তু গ্রাণ ও পূন্ব সেন বিভাগের মাননায় মালগ্রহাশ্র অন্গ্রহপ্রক জানাহবেন কিল
 - (ক) পূর্ব পাকিস্তানে গত দাখ্যাহাখ্যামার পর হইতে আজ পর্যন্ত মূর্শিদাবাদ জেলা কতগ্রনি পরিবার পাকিস্তান হইতে উদ্বাস্তু হইয়া আসিয়াছেন;
 - (খ) মুশিদাবাদ মিউনিসিপ্যালিটির মধ্যে কুমীটোলা ক্যাম্প এলাকা, জিয়াগঞ্জ থানা বাগডহর ক্যাম্প এলাকা ও আমাইপাড়া কলোনি এলাকায় টাউনসীপ-কাম-ইন্ডার্ফি স্প্যান-এর ক্ষধ্যমে আগত উম্বাস্তুদিগকে প্নব্যাসন দেওয়ার কোন সরকরি পরিকম্পনা আছে কি;
 - (গ) পরিকল্পনা থাকিলে, তাহা কত দিনের মধ্যে কার্যকরী করা হইরে?



١

The Minister for Refugee Relief and Rehabilitation:

- (क) ১.০২৫ জন আনুমানিক ১,৯০০ পরিবরে।
- (খ) না।
- (গ) এ প্রদ্ন উঠে না।

Health Centre at Jamalpur

*244. (Admitted question No. *953.) Shri Puranjoy Pramanik:

স্ব্যুক্ত বিভাগের মাননীয় মণিত্রমহাশয় অনুগ্রহপূর্বক জানাইরেন কি-

- (ক) বর্ধমান জেলার জামালপরে থানায় স্বাস্থাকেন্দ্র খোলার জন্য সরকারী কোন পরি-কল্পনা বর্তমানে আছে কিনা: এবং
- (শ) পরিকল্পনা থাকিলে, তাহা থানার স্বোন্ প্রান্তে এবং কড় দিনের মুধ্বে কুর্মুক্রী করা টু: ছাইবে?

The Minister for Health:

- (ক) হা[†]। ন্তন পরিকল্পনা (রিভাইজড স্কীম) অন্যায়ী থানা এলাকার প্রিব**তে** উল্লয়ন বুক এলাকার ভিত্তিতে স্বাস্থাকেন্দ্র স্থাপিত করা হয়।
- (খ) ঐ উল্লয়ন রক এলাকায় ইল্টেসারা উপস্বাস্থাকেন্দ্রের গৃহ নিমীত হ**ইতেছে** জ্ঞামালপুরে একটি প্রাথমিক স্বাস্থাকেন্দ্রের গৃহ নির্মাণের উদ্দেশ্যে পুর্ত বিভাগকে জ্ঞামির দখল দেওয়া হইয়াছে।

Medical College and Central Hospital at Siliguri

*245. (Admitted question No. *1046.) Shri Arun Kumar Moitra: Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

- (a) whether the Government has any proposal to establish a Medical College and a Central Hospital at Siliguri for North Bengal; and
- (b) if so, when the Scheme will be given effect to?

The Minister for Health: (a) Yes.

(b) During the Fourth Five-Year Plan period.

Buddhist refugees from East Pakistan

*246. (Admitted question No. *387.) Shri Monoranjan Baksi:

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) পাকিস্তান হইতে কতসংখ্যক বৌষ্ধ উদ্বাস্তু পূর্ব পাকিস্তানে গত দার্গাহাণ্গামার পর হইতে এ প্রফিত পশ্চিমবংগ আসিয়াছেন: এবং
- (थ) छौटारम्ब भूनर्वामरनद छन्। मत्रकात कि कि वावन्था कित्रशारहन?

The Minister for Refugee Relief and Rehabilitation:

- (ক) গত্র ১৬-৩-৬৪ তারিখ হইতে সম্প্রদায়ভিত্তিক শরনাথী আগমনের হিসাব **রাখা** ইইয়াছে। তদন্সারে, উক্ত তারিখের পর হইতে হিন্দ্র ছাড়া মাত্র তিনজন শ্রীষ্টান পশ্চিমব**েখ** আসিয়াছেন। কোন বোদ্ধ পশ্চিমবংকা আসিয়াছেন বালয়া সরকার জানেন না।
 - (प) এই প্রশ্ন উঠে না।

Refugee families sent to Dandakaranya

- *247. (Admitted question No. *576.) Shri Nikhil Das: Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—
 - (a) total number of families sent to Dandakaranya;
 - (b) total number of families rehabilitated in Dandakaranya;
 - (c) how many refugees died in Camps at Dandakaranya and what were their ages; and
 - (d) what is the plan of rehabilitating non-agricultural families at Dandakaranya?

The Minister for Refugee Relief and Rehabilitation:

(a) Total number of families sent to Dandakaranya is as follows:-

Old refugees-6,933 families.

New migrants who have been sent to Mana under the Dandakaranya Development Authority—35,574.

- (b) Up to the end of April 1964, 7,285 families were moved to village sites. 144 families were in schemes including Truck Operators and 3,289 families were moved to Work Centres in the Project-area.
- (c) State Government tried to collect information on these points. But up till now they have not received anything.
- (d) The Dandakaranya Development Authority intends to settle all artisan families who can work either on their own or in Work Centres run co-operatively or under the aegis of the Dandakaranya Project.

Realisation of house-building loans from the refugees

*248. (Admitted question No. *726.) Shri Amarendra Nath Roy Prodhan: উম্বাস্তু ত্রাণ ও প্নর্বাসন বিভাগের মাননীয় মন্তিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, কোচবিহার জেলার মেখলিগঞ্জ মহকুমায় এবং জলপাইগ্র্ডি জেলার সদর মহকুমায় গৃহনির্মাণ ঋণ পরিশোধ না করিতে পারার দর্ন উম্বাস্ত্দের উপর সাটিফিকেট জ্বার ও কোকী পরওয়ানা জারি করা হইতেছে?

The Minister for Refugee Relief and Rehabilitation:

সার্টিফিকেট বা ক্রোক পরেয়োনা জারি স্থগিত রাখা হইয়াছে।

New migrants from East Pakistan

- *250. (Admitted question No. *782.) Shri Nani Bhattacharjee:
- উদ্বাস্তু রাণ ও প্রবর্ণাসন বিভাগের মাননীয় মন্দ্রিমহাশয় অনুগ্রহপ্রেক জানাইবেন কি-
 - (ক) পর্বে পাকিস্তান হইতে প্রে পাকিস্তানে সাম্প্রতিক দাপ্গার পর হইতে এ পর্যন্ত কত উদ্বাস্তু পশ্চিমবংশূ আসিয়াছেন;
 - (খ) তাহাদিগকে ভারতীয় নাগরিক হিসাবে গণ্য করার সিন্ধান্ত হইয়াছে কি; এবং
 - (গ) না হইয়া থাকিলে কারণ কি?

The Minister for Refugee Relief and Rehabilitation:

- (क) ৩১-৭-৬৪ তারিখ পর্যন্ত এই সংখ্যা ৪,৬২,৮৮৭।
- (খ) ১৯৫৫ সালের ভারতীয় "নাগরিকত্ব লাভ আইন" অনুসারেই একমাত্র নাগরিকত্ব **লাভ** ন্তব। এই আইনের সর্তাদি সাপেক্ষ নাগরিকত্বলাভের কোনো বাধা ন্তন উম্বাস্ত্রের ক্রেক্ত কার কথা হয়।
 - (११) ब शब्न डेटर्र ना।

Adulteration of mustard oil

- *251. (Admitted question No. *813.) Shri Sanat Kumar Raha:
 গ্রহণ বিভাগের মাননীয় মন্দিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
 - (ক) সরকার কি অবগত আছেন যে, বাজারে যে সরিষার তৈল বিক্রয় হইতেছে তাহার সকট ভেজাল:
 - (খ) অবগত থাকিলে, সরকার এই তৈল পরীক্ষা করিয়া দেখিয়াছেন কি না:
 - (গ) যদি (খ) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে বর্তমানে বাজারে যে সরিষার তৈল পা**ওয়া** যাইতেছে তাহাতে কি কি ভেজাল কি কি পরিমাণে আছে: এবং
 - (ছ) ভেজাল বন্ধ করিবার জন্য সরকার কি ব্যবস্থা লইয়াছেন?

The Minister for Health:

- (ক) বাজারে যে সরিষার তৈল বিক্রয় হইতেছে তাহার সবই ভেজাল এই কথা ঠিক **নহে।**
- (খ) দেখা হইতেছে।
- (গ) ভেজালের উপাদান প্রধানতঃ তিসি তৈল, বাদাম তৈল এবং তিল তৈল। ভেজালেগ্নলৈ ক কি প্রিমাণে আছে সেই তথা পরিবেশন করা সম্ভব নহে।
 - (ঘ) ভেজাল নিরোধক আইন অনুযায়ী ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

Test relief operation in Contai subdivision

- *252. (Admitted question No. *847.) Shri Balai Lal Das Mahapatra: মাণবিভাগের মাননীয় মন্তিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
 - (ক) মেদিনীপরে জেলার কাঁথি মহকুমায় বর্তমান বংসর দর্য়পথ বেকারদের টেস্ট রিলিক্সের মাধ্যমে সাহায্য দানের ব্যবস্থা হইয়াছিল কিনা; এবং
 - (খ) যদি (ক) প্রশেনর উত্তর "হাাঁ" হয়, তবে কাঁথি মহকুমার কোন্ কোন্ থানায় কত**দ্নিল** টেন্ট রিলিফ স্কীম কার্যকরী করা হইয়াছে, এবং এই বাবত কোন্ কোন্ **খানায়** কত টাকা ব্যায়ত হইয়াছে?

The Minister for Relief:

- (क) हार्ग।
- (খ) ১৯৬৪ সালে গ্হীত

थानात गाम		স্কীমের সংখ্যা	ব্যয়িত অর্থের পরিকাশ
কাঁথি	•••	১টি	৪৪৯ টাকা
ভগবানপ্র		২টি	৪,০৪ ৩ টাকা
শ্টাশপত্র	•••	১ টি	১.৫৭০ টাব্দ

Adulteration of mustard oil

- *253. (Admitted question No. *592.) Shri Nikhi! Des: Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—
 - (a) whether the Government is aware of the fact that the adulteration in mustard oil is rampant; and
 - (b) if so, what specific steps have been taken by Government to check the same?

The Minister for Health:

- (a) Government is aware of the fact that adulteration of mustard oil has recently increased.
- (b) All the local authorities in West Bongal including Calcutta Corporation have been advised to organise intensive drive against adulteration of mustard oil by random sampling from manufacturer, wholesalers and retailers. In Calcutta Corporation area Special Officer of the Directorate of Health Services duly authorised has been deputed to participate in this antiadulteration campaign. The staff of the Enforcement Branch of Police are also participating in the drive.

Mekliguni Sub-jail

*254. (Admitted question No. *730.) Shri Amarendra Nath Roy Prodhan:

শ্বরাদ্র (কারা) বিভাগের মাননীয় মিল্মিহাশায় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

- ক) কোচবিহার জেলার মেথলিগঞ্জ সাব-জেলে মোট কত জন বন্দী রাখার ব্যবস্থা আছে:
- (থ) উত্ত মোট বন্দীর মধ্যে কত জন পূরেষ, কত জন স্থালোক এবং কত জন শিশ্রে জন্য গ্রহণা আছে: এবং
- (গ) গত ১লা জ্লাই হইতে ২০এ জ্লাই ১৯৬৪ পর্যন্ত দৈনিক কত জন প্রেব, স্তীলোক ও শিশ্র বন্দী উপরি-উত্ত বন্দীনিবাসে ছিল?

The Minister for Home (Jails):

- (ক) কোচবিহার জেলার মেখলীগঞ্জ উপক:রায় মোট ৩০ জন বন্দীকে রাখিবার ব্যবস্থা
- (খ) উক্ত মোট বন্দীর মধ্যে ২৬ জন প্রেম্থ এবং ৪ জন স্ত্রীলোক রাখিবার ব্যবস্থা আছে। শৈশ: বন্দীদের রাখিবার প্রথক কোনও ব্যবস্থা নাই।
- (গ) গত ১লা জনুলাই হইতে ২০এ জনুলাই, ১৯৬৪ পর্যন্ত দৈনিক নিন্দালিখিত সংখ্যার প্রেয়্য এবং স্ত্রীলোক বন্দী উপরোক্ত কারায় আটক ছিল। উক্ত সময়ে কোন শিশ্ব বন্দী এই উপকারায় আটক ছিল না।

তারিখ	প্রবৃষ	দ্মীলোক
\$ 19 168	42	2
२ १९ १७८	42	\$
0 19 168	४०	C
8 19 168	४२	•
७ । ९ ।७८	82	•
७ 19 1 ७ 8	Ro	•

তারিশ	প্রেষ	স্ত্রীলো ক
9 19 168	४२	•
¥ 19 168	A8	•
৯ ।৭ ।৬৪	A8	•
30 19 WB	48	•
35 19 168	42	•
১ २ ।९ ।७৪	80	•
2019 198	FO	•
3819 (68	48	•
36 19 168	৯০	•
36 19 168	20	•
39 19 188	28	•
3 8 19 148	४९	•
35 19 1 6 8	42	•
201918	rs.	•

New Refugees

- *255. (Admitted question No. *879.) **Shri Sanat Kumar Raha:** উম্বাস্ত তাগ ও পুনুবাসন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
 - (ক) নতেন উদ্বাহতর সকলকেই ক্যাশ ডোল দেওয়া হইবে কিনা:
 - (খ) তাহাদের অর্থনৈতিক প্রনর্বাসনের জন্য সরকার কি কি ব্যবস্থা করিয়াছেন: এবং
 - (গ্) এই সকল উম্বাস্তুদের ভোল না দিয়া কাজ দিবার কোন ব্যবস্থা সরকার করিয়াছেন কিনা?

The Minister for Refugee Relief and Rehabilitation:

- (क) না।
- (খ) তাঁহাদিগের অর্থনৈতিক প্নের্বাসনের ভার ভারত সরকার গ্রহণ করিয়াছেন এবং ভারত সরকারের সাহায্য পাইতে হইলে নৃত্ন উদ্বাস্ত্রদিগকে পশ্চিমবাংলার বাহিরে ভারত স্থাপিত আশ্রয় ও কর্মসংস্থান শিবিরে যাইতে হইবে।
- (গ) ভারত সরকার যথাসম্ভব সম্বর ডোল বংধ করিয়া তাঁহাদিগের কাজের ব্যবস্থা **করিরা** দিবার আয়োজন করিয়া দিবার আয়োজন করিতেছেন।

UNSTARRED QUESTIONS (to which written answers were laid on the table)

Inclusion of Railway areas within Kanchrapara and Asansol Municipalities

- 389. (Admitted question No. 156.) Shri Narayan Choubey: Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Pauchayats Department be pleased to state—
 - (a) whether it is a fact that the Railway areas at Kanchrapara and Asansol are included in the respective municiplities;
 - (b) if so, what amounts Kanchrapara Municipality and Asansol Municipality get as holding tax from the respective Railway Administration:
 - (c) what other Municipalities in West Bengal include Railway areas in their jurisdiction;

- (d) whether the Railway settlements at Kharagpur is included in the Municipality;
- (e) if not, whether the Kharagpur Municipality moved to include the the same within it: and
- (f) if the answer to (d) be in the affirmative, what action Government have taken in this regard?

The Minister for Local Self-Covernment and Panchayats: (a) Yes.

- (b) Kanchrapara Municipality gets Rs. 58,500 and Asansol Municipality Rs. 36,983.24 P. as holding tax annually from the Railway Administration.
 - (c) A statement is laid on the Table.
 - (d) and (e) No.
 - (f) Does not arise.

Statement referred to in reply to clause (c) of unstarred overtion No. 389

স্যার, আমার একটা প্রশ্ন আপনার সামনে রাখছি। বিশেষ করে আপনার বিবেচনার জনা সেটা হচ্ছে এই হাউসের মাননীয় সভারা এস্টিয়েট কমিটি বলে একটা কমিটি নির্বাচন কা দিরেছেন। এস্টিমেট কমিটির গরেছে সম্পর্কে আমার বলার প্রয়োজন নেই—সেটা সর্বা জ্ঞানেন। এন্টিমেট কমিটির আমাদের যিনি মাননীয় চেয়ারম্যান তিনি এখানে বসে আছেন আমি তাঁকেও আবার সমরণ করিষে দিতে চাই যে তিনি গত ১ বছর যাবং চেন্টা করে আসছে এই কমিটির একজন সেকেটারী নিয়োগ করার ব্যাপারে। শ্রীঅবনী বস:ঃ সেকেটারী নহ স্টাফ ।) এবং সেটা আপনার মারফত সরকারের কাছে জানানো হয়েছে । এবং আমি ষতদুর জানি আপনি এটা সপোরিশ করে পাঠিরেছিলেন এবং আপনার সপোরিশেব পরে আমি শুনলা বে ঐ রাইটার্স বিল্ডিং-এর একজন অফিসার বলে পাঠিয়েছেন খোঁজ করতে এখানকার স্টা দিয়ে কেন এই কান্সটা হবে না। তাঁদের কি অধিকার আছে সেটা আমার প্রথম কথা। স্বিতীয় কথা হচ্ছে আপনার স-পারিশ যখন যায় তখন আমি শ-নলাম যে, আমাদের ফাইনান্স মিনিন্টা বলেছেন এ বছরে আর হচ্ছে না. ৬ মাস দেরি কর. সামনের বছর দেখা যাবে। তিনি নাবি বায় খুব আধিকা হচ্ছে বলে এই জায়গাটায় একট, বায়টা কমাতে চাইছেন। এই হাউস কি বি প্রিভিলেজ পান? একজন সেক্রেটারী নিয়োগের ব্যাপারে আপনার স্কুপারিশ যদি ব্যর্থ হয় এবং সেক্টোরী নিয়োগের ব্যাপারে যদি রাইটার্স বিল্ডিং থেকে বলে পাঠানো হয় এই হাউসের অধ্যক্ষের কথার উপরে যে না দেওয়া চলবে না. তা হলে আমি মনে করি হাউসকে অপমান কর হয়। এর ফলে আমাদের এবং আপনার অধিকারে হস্তক্ষেপ করা হয়েছে।

The Hon'ble Saila Kumar Mukheriee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মনোরজনবাব, যে প্রস্তাব করলেন সে সন্বব্ধে আমি বলছি যে, গতকাদ বিকাল ৫টার সময় ও'র চেয়ারম্যান সাহেবের পত্র মুখ্যমন্ত্রীকে দেওয়া হয়েছে। তিনি তক্ষ্মিত এ বিষয়ে লিখে দিয়েছেন এবং আমি আজকেই পাঠিয়েছি এই এ্যাপায়েন্টমেনেটের ব্যাপারে ব্যায়-সংকাল কলে নয়, এ স্টমেট কমিটি সন্বব্ধে মাননীয় সদসারা যে আগ্রহ দেখিয়েছেন্তাতে এই বিধানমন্ডলার নীতি নিয়ে ১৯৪৭ সালের পর এস্টিমেট কমিটির গ্রুছ্ বিবেচন করে, তার প্রয়োজনীয়তা বোধ করে মুখ্যমন্ত্রী এবং আমরা চাই এফিমেট কমিটির কাজ সমুষ্ঠ ভাবে চলকে। সমুত্রয়ং এই বিষয়ে আমি আশা করছি কোন অসম্বিধা হবে না ব্যয়াধিক্য হলেও এখানে অধিকারের প্রশন নেই শুখ্ প্রশন করা হয়েছিল জানতে যে, এয়সেন্বলী কর্ত্পক্ষ যথা এয়াসেন্বলী ও মাস চলে তথন তার একটা বাবস্থা করতে পারেন কিনা। আমি আশ্বাস দিছি যে, এস্টিমেট কমিটির একজন সেক্টোরী দেওয়া হবে।

Point of privilege

Shri Nikhil Das:

স্যার, অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ, ১৭ই আগস্ট তারিখে আমার একটা রিট্ন কোরেন্চেনে বে উত্তর দিয়েছেন, সেই কোয়েন্চেনের নন্বর হচ্ছে ২৯৩, তাতে আমি বলোছ

Will the Hon'ble Minister-in-charge of Home (Anti-corruption) Department be pleased to state whether the Government has any proposal to establish Sadachar Samiti in the State.

A communication has been received from the Central Government regarding the formation of the Sadachar Samiti in this State. The matter is now under correspondence with the Central Government for clarification of certain points.

এই উত্তর থেকে ব্রেছি যে, আমরা সেম্মাল গভর্নমেন্ট থেকে সদাচার সমিতি সম্পর্কে একট

চিঠি পেয়ে... ... সেটা বিবেচনাধীন আছে। আজকের খবরের কাগজ হিন্দর্ভ্যান স্ট্যাণ্ডার্ড তাতে নিউক্স বেরিয়েছে আমানের মুখ্যমন্ত্রী কাউন্সিলে বলেছেন—

The Chief Minister, Mr. P. C. Sen announced in the West Bengal Council on Wednesday that the Sadachar Samiti was set up by the Union Home Minister Mr. Nanda in his personal capacity. It was neither sponsored by the Government of India nor by the Congress. Claritying his earlier statement in the Council Mr. Sen said that the State Government would have nothing to do with the Sadachar Samiti proposed to be formed in the State.

তা হলে হিন্দ্-স্থান স্ট্যান্ডার্ডে যে খবরটা বেরিয়েছে সেটা অসতা? সেটা অসতা র্যাদ হর তাহলে হিন্দ্-স্থান স্ট্যান্ডার্ড কেন অসতা জিনিস দিয়েছে এটা আমার পরেণ্ট অব প্রিভিলেজ। অনুর বিদি হিন্দ্-স্থান স্ট্যান্ডার্ডের খবরটা সতা হয় তাহলে প্রশ্ন যে আমাদের গভর্গমেণ্ট বে উত্তরটা দিয়েছেন সেটা অসতা এবং সেই অসতা উত্তর কেন দিয়েছেন এটাই আমার পয়েণ্ট অব প্রিভিলেজ।

Mr. Speaker:

মিঃ দাস, এটা অনেকবার বলা হয়ে গেছে যে

incorrect answer to question cannot be a point of privilege. If that incorrect answer is referred to me or the Minister the position may be further clarified.

Shri Jyoti Basu:

আপনি যেটা বল্লেন সেটা ঠিক নয়, কারণ আপনি নানেন সম্প্রতিকালে নিজাতে গাউস অব কাজা-এ প্রফ্রামা কেস একটা হয়েছিল সেখানে মিনিটার একটা অসতা বিবৃত্তি পালামেন্টে লডিয়ে নিরেছিলেন। আপনার নিশ্চয়ই মনে আছে, সংবাদপত্রে সমসত থেরিয়েছিল। তারপর যেকোন কারণেই হোক্ তিনি পরে ফিরে এসে বল্লেন আমি অসতা কথা বলেছিলাম এবং এই কারণেই তিনি নিজে পদত্যাগ করেন, কারণ তিনি সমসত হাউস অব কমন্সকে, সমসত কান্মিকে মিসলিড করেছিলেন এবং এই কারণেই তিনি সেখান থেকে পদত্যাগ করে চলে যেতে বাধ্য হন। কাজেই এখানে কি হয়েছে সেটা আপনি বলবেন, কি খবর আমি ফানি লা, মুখামন্ট্রী পর্লবেন কিন্তু আপনি যে জেনারেল প্রিন্সিপাল লে ডাউন করলেন আমার মনে হয় সেটা ঠিক নম। যদি কেউ ডোলিবারেটলি হাউসকে মিসলাভ করে তাহলে নিশ্চয়ই হাউসকে অবমাননা রয় হয় এবং প্রিভিলেজের মধ্যে সেটা পড়ে। একজা মন্ত্রী যদি পদত্যাগ করতে পারেন এই ফানা হবার পর তাহলে আপনি ষেটা বলছেন সেক্থা চলে না।

Shri Kashi Kanta Maitra:

আমি এটা জিপ্তাসা করছি আপনি যে রুলিং দিলেন তাতে আপনি বল্লেন যে, ইনকারেক্ট আনসার কান নট বি দি সাবজেক্ট ম্যাটার অফ এ প্রিভিলেজ মোশান। আমি জিপ্তাসা করছি, হিন্দুস্থান ক্টাণ্ডার্ডের যে রিপোর্টারের প্রতি মাননীয় সদস্য আপনার এবং এই হাউসের সমস্ত সদস্য-দের দৃষ্টি আকর্ষণ করলেন ১৭ই আগণ্ট তারিখে যে প্রশ্নোত্তর সকলের সামনে পড়ে শোনালেন তাতে মিনিন্টার বলুন ইনকারেক্ট কোন্টা—কার্ডিন্সলে তিনি যে স্টেটমেণ্ট করেছেন সেটা ইন-কারেক্ট, না যে রিট্ন আনসার দিয়েছেন সেটা ইনকারেক্ট

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি শ্রীগন্সন্তারীলাল নন্দ, ইউনিয়ন হোম মিনিন্টারের কাছ থেকে একটা চিঠি পাই সদাচার সুমিতি সম্বন্ধে এবং সেই চিঠি পেয়ে আমি কতকগুলি বিষয় জানবার জন্য তাঁকে একটা চিঠি দিই এবং হিন্দ**ৃস্থান স্ট্যাণ্ডার্ডে যে থবর বেরিয়েছে** তাও সত্য। কংগ্রেস ওয়ার্কিং কমিটিতে ৰখন এবিষয় নিয়ে আলোচনা হয় তখন আমরা জ্ঞানতে পারি বে সদাচার সমিতি গভর্গমেণ্ট । স্থানসর্ভ নয়, শ্রীগ্রেজারীলাল নন্দ ন্বারা স্পনসর্ভ এবং কংগ্রেস ন্বারাও স্পনসর্ভ নয়, । ভিন্দুনুখান স্ট্যান্ডার্ভে বেরিয়েছে এবং আমাকে শ্রীনন্দ—হোম মিনিন্টার বে চিঠি দেন সদ স্থান্তি গঠন সন্বন্ধে সে বিষয়ে আমি কতকগ্রিল জিনিস ক্ল্যারিফিকেসনের জন্য চেরেছি।

তিমূল হটগোলী

ব্দামি এর প্রেব যে উত্তর দিয়েছিলাম সেটা হ্বহ্ ঠিক কি উত্তর, না শ্রীনন্দ, ইউনিয়ন চে মিনিন্টারের থাছ থেকে সদাচার সমিতি গঠন সম্বধ্ধে আমি একটা চিঠি পাই, সেই চিঠি পা বদ্ধ আমি কতকগুলি ক্ল্যারিফিকেসনের জন্য তাকে লিখেছি। দ্বাদন আগেও কংগ্রেস ওয়া ক্মিটির সভায়ও এই প্রশ্ন উঠে এবং এই প্রশ্ন উঠবার পর আমি ব্রুতে পারি যে সদা ক্ষিতি গছন মেট ম্বায়া স্পনসর্ভ নয়, কংগ্রেস কমিটি ম্বারাও স্থানসর্ভ নয়।

[2-30-2-40 p.m.]

Shri Kashi Kanta Maitra:

শতকাল হিন্দকুশান ষ্ট্যান্ডার্ডে ৪ঠা আগষ্ট তারিখের একটা চিঠি বেরিরেছে। তাতে শ্রীপ্র জারীলাল নান আপনার সন্বন্ধে বলছেন যে, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শ্রীসেন এবং কংগ্রের ক্রেটা শ্রীঅতুনা ঘোষ তাঁকে এই এর্নাসওরেন্স দিয়েছেন যে, তাঁরা পশ্চিমবঙ্গের স্টেট রাণ্ড ও কর্মসাত্র প্রেসিডেন্ট হবেন। তার নাম আপনারা ঠিক করে জানিয়েছেন, এবং এ বংলেন যে এই বাপারে তাঁকে সর্বত্যেভাবে সাহায্য করা হবে। এই প্রতিশ্রন্তি দেওয়া হয়ের ক্রামি জিক্সান্য করিছি.....

The Hon'ble Prafulla Chandra Sen:

ধ্বর মধ্যে দেনে অসংগতি নেই। আমরা বলেছিত! আমাদের আগে ধারণা ছিল যে, সদাচ
সামতি বোধঃর কেন্দ্রীয় সরকার শ্বারা স্পনসর্ভা, আমরা সেই বিশ্বাসে নাম দিয়েছি, সব কি
করেছি। এবং সার রকম সাহায্য আমরা এখান থেকে করবো—একথা বলেছি। কিন্তু কংগ্রে
ধ্বয়ার্কিং কা চির মিটিং-এ গিয়ে আমরা ব্রুতে পারলাম যে, সদাচার সমিতি গভর্গমেশে
শ্বারা স্পনসূত্র নয়, কংগ্রেসের শ্বারাও স্পনসূত্র নয়।

Shri Nani Bhattacharice:

শিং স্পীকার, স্যার, উনি যে স্টেটমেণ্টটা আগে করেছেন, সেটাতে তিনি বলেছেন যে, কেণ্ট্র শশ্মী গ্লেজারীলাল নন্দ মহাশয়, তিনি তাঁর কাছে চিঠি দিয়েছিলেন এবং কতকগ্নলি ক্ল্যান্তিক্তিক ফিকেসন চেয়ে পাঠিয়েছিলেন, এবং সেই অর্থেই এই প্রশেনর উত্তর দেওয়া হয়েছে। এখায প্রশেনর উত্তর যেভাবে দেওয়া হয়েছে, আমি আবার সেটা আপনার কাছে পড়ে শোনাচ্ছি।

Mr. Speaker:

ক্রা^ররফিকেসন হরে গিয়েছে।

Shri Nani Bhattachariee:

না, ক্র্যারিফিকেসন হয় নি। আপনি শ্ন্ন্ন, আমি বলছি ক্র্যারিফিকেসন হয় নি। উ কলেছেন—

communication has been received not from Shri Gulzarilal Nanda but from the Central Government regarding the formation of a Sadachar Samity.

Mr. Speaker:

बर्गेटेड উনি কারেট্ট করে দিলেন।

The Hon'ble Prafulla Chandra Son!

আমি ইউনিয়ন হোম মিনিন্টারেরর কাছ থেকে চিঠি পেরে উত্তর দিরেছিলাম। কংগ্রেস ওরাকৈ কিমিটিতে এই বিষয় নিয়ে যখন আলোচনা হয়, তখন আমরা জানতে পারলাম বে, এটা সভ্য-িমেন্টের দ্বারা স্পনসর্ভ নয়।

Shri Hemanta Kumar Basu:

উনি যে প্রের্ব বলেছিলেন সেণ্টাল গভর্ণমেণ্টের দ্বারা এই সদাচার সমিতি গঠিত হরেছিল এবং এ সদ্বন্ধে কমিউনিকেশন তিনি রিসিভ করেছিলেন সেন্টাল গভর্নমেণ্টের কাছ থেকে—

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি বলে দিচ্ছি। আমার কাছে সেণ্টাল গভর্ণমেণ্টের ইউনিয়ন হোম মিনিণ্টার বদি চিঠি দেন, তাহলে আমি মনে করবো যে, সে চিঠি গভর্ণমেণ্টই দিয়েছেন।

Shri Somnath Lahiri:

মাননীয় স্পীকার মহাশয়, এত তকবিতকের পর, আমি একটা সাদা প্রশন জিজ্ঞানা করছি ম**ল্টী** মহাশয়কে। অতুলাবাব্র চিঠি ইত্যাদি দেবার ফলে সদাচার সমিতির কি সংকার দেওয়া সাবা**ল্ড** হয়েছে?

Mr. Speaker:

তার সঙ্গে এর কোন সম্পর্ক নেই।

The Hon'ble Prafulla Chandra Sen:

এই সদাচার সমিতি সম্বন্ধে আগে আমাদের ধারণা ছিল যে, সরকারের দ্বারা এটা হচ্ছে। এবং দদাচার সমিতি যদি গঠন হয়, আমরা তাকে সর্বতোভাবে সাহায্য করবো। কারণ এতে আরক চাল কাজ হবে।

Shri Narayan Choubey:

াতে তাল কাজ হবে?

T'e Hon'ble Prafulla Chandra Sen:

ों. श्रव रामहे मान शास्त्र।

Shri Kashi Kanta Maitra:

মঃ স্পীকার স্যার, আমি একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে একটি াগলা সংবাদপত্তে—আনন্দবাজার পত্রিকায়—এটা বেরিয়েছে……..

Mr. Speaker:

া মৈত্র, শিক্ত হিয়ার মি। আপনি আমার কাছে আগে পার্রমিসান নেবেন। কালকে **যাঁরা,** টিজন সদস্য আমার কাছে পার্রমিসান চেয়েছিলেন. তাঁদের পার্যমিসান দিয়েছিলাম। কি**ন্তু** দি অল অন এ সাজ্ন বলেন যে, আর্জেন্ট ম্যাটার আছে, বলবো—তা হলে সেটা হতে পার্রে । আমি হাউস চালাতে পারবো না।

Shri Kashi Kanta Maitra:

াপনি আমার কথাটা একটু শুন্ন। আপনি যে ডিসিসন দিয়েছেন, তা আমি নত শিরে মেনে ক্রিছ। আমি শুধু বলতে চাচ্ছি, মুখ্যমন্ত্রী মহাশয় সব সময় হাউসে উপস্থিত থাকেন নাঃ জিকে আছেন, তাই তাঁকে বলতে চাচ্ছ।

Mr. Speaker:

আপনি আমার পার্রমসান নিয়ে যা ইচ্ছে তাই বলবেন। নট ট্র-ডে. আই ক্যান এয়ালাউ ইউ..

Shri Kashi Kanta Maitra:

बा टेट्ह जारे वनार्ज यादा किन?

Mr. Speaker:

ৰা ইচ্ছে মানে রিলেভ্যান্ট। আপনি অমার পারমিসান নিয়ে যা রিলেভ্যান্ট তাই সাম্মিথং বলে আই ডনট মিন ইর্রারলেভ্যান্ট।

COVERNMENT RILL

The West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1964.

Clause 5

Shri Sudhir Chandra Das: Sir, I move that for clause 5, the followin be substituted:

'5. In sub-section (1) of section 14 of the said Act, for the wor "within ten years", the words "within fifteen years" shall substituted.'.

মাননীয় স্প্রীকার মহাশয়, কালকে আমি একটা আভাষ দিয়েছিলাম, ঐ পয়েন্টের উপরে বি বলেছিলাম। আজকে এইটারই আমি আবার সংশোধনী এনেছি যে এখানে সময় নিদিন্টি না ব দিয়ে একেয়ারে অনিদিশ্টি কালের জনা রেখে দেওয়া হয়েছে—সেটা অতদত মারাত্মক বলে হ করি এবং সরকারের দায়িত্বনীনতার পরিচয়ই পাওয়া যায় এবং এটাতে ক্ষতিপরেণ পাওয়ার তালিকা হচ্ছে সেই তালিকা তৈরি হতে দেরী হলে আরো বহু, লোকের ক্ষতিপরেণ পেতে অস্কৃতি **হবে**— এইটা মনে করি বলেই আমি এই সংশোধনটা এর্নোছ। আমি এইটার উপরেই জে দিয়ে আজ দূন্টি আকর্ষণ করতে চাই যে, কেন তিনি ১০ বংসরের যে ব্যবস্থা ছিল সেটা আনিদিশ্টি করতে চান? একটা নিদিশ্টি বছরের মধ্যে শেষ করতে পারবেন না সরকার? ত **আফ**স থাকরে, অফিসার থাকরে, টাকা খরচ হবে—তা সত্বেও একটা নির্দিষ্ট সময়ের মধ্যে রে **প্রস্কৃত** বরতে পারবেন না? সেইজনা একেবারে খোলা করে দিতে চাচ্ছেন যে, কোন সম **মধ্যে**—তার মানে ১৫ বংসর হতে পারে, ২০ বংসর হতে পারে, ৫০ বংসর হতে পারে। । আনলিমিটেড টাইম রাথবার কি যে উদ্দেশ্য সরকারের তা আমি ব্রুরতেই পারি না। সরব **এক**টা সময়কে নিদিপ্টি করে দিয়েছিলেন। দেবার পর একটা কোন অভিসন্ধি না থাক: আমাদের এই ধারণা হচ্ছে যে, এটাকে অনিদিশ্টি করে নিতে তাঁরা চাইতেন না। যদি তাঁট ভাল উন্দেশ্য থাকত, তাহলে তাঁরা নিশ্চয়ই পারছেন না বলে দূ' বংসর বাড়িয়ে নিতেন, চি **বংসর** বাড়িয়ে নিতেন—তাতে আমরা কখনও আপত্তি করতাম না। তাঁরা করেছেন, আম হয়ত বিরম্বাধ মত প্রকাশ করেছি—কেন করতে পারছেন না : কিন্ত এই ক্রজ কেন তাঁরা এনেং ভার আমরা জবাব চাই। এর কারণ আমরা জানতে পারি নাই, সেইজনাই আমি এ্যামেন্ডমে **এনে**ছি যে. আন্তর্ক ১৫ বংসর অন্তত টাইম রাখা হোক। তাহলে আমাদের সতি।কার্ড সম্মকারের দায়িত্ব পালন করা ইবে এবং এসসেমেণ্ট রোল যেটা ফাইনাল তৈরী হবে ^{সো} ভাড়াতাড়ি হলে ক্ষতিপরেণ পাওয়ার স্কৃতিধা হবে—এই মনে করেই এটা এনেছি। এবং সরকা **পক্ষ থেকে** এই এ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করা উচিত বলে আমরা মনে করি। আশা করি, ^{সূর্য}

মহাশয় এই সন্বন্ধে বিশেষ বিবেচনা করে আমার এই এ্যামেন্ডমেন্ট গ্রহণ করবেন।

[2-40-2-50 p.m.]

Shri Aswini Roy: Sir, I beg to move that for clause 5, the following be substituted:

'5. In sub-section (1) of section 14 of the said Act, for the words "ten years", the words "twelve years" shall be substituted.'.

প্রপীকার মহাশয়, ঐ সেক্সনটা প্রথমে ছিল যে তিন বছর যখন অবিভিনাল ভাউন হস ড্রেক তিন বছর ছিল, তার পরে ৬ বছর হল, ৮ বছর হয়েছে এবং বর্তমানে ১০ বছর আছে। এখন এই যে ১০ বছর আছে সেটা যদি ডিলিট করে দেওয়া যায় তাহলে কমপেনসেশন পাবার দিক থেকে একটা অনিশ্চরতার প্রশ্ন থেকে যাচ্ছে। কিন্ত কমপেনসেশন যেখানে দেওয়া হবে এই নীতিটা যখন গ্রহণ করা হয়েছিল এই দুণ্টিভগা ছিল যে, জ্যালারী ১৮০০-৩রের পরে खन्छछः न्वन्त्र यात्रा प्रथान्वछएणाशी यात्रा विरागव करत यात्मत रहारू होहोल कप्रार्थनासम्बद्ध হাজার কিংবা ১৫ হাজার হয়তো পাবেন, এখন তাদের ১০ বছরের মধ্যে কমপেনসেশন পাবার সম্ভাবনা থাকল না । এই ১০২০ এর লাভ কাজে চিন্ত বিভাগিত হাতে ২ জন আৰু জনত সম্ভাবনা থাকি না । এই ১০২০ এর লাভ কাজে বিভাগিত কাজে বিভাগিত কাজি পারে পারেন তখন দেখা যাবে যে, কমপেনসেশন যত টাকা পাছেন তার চেয়ে তাদের ধার দেনাটা বেশি হয়ে গেছে। কিন্ত আমাদের বাণগলাদেশে বিশেষ করে বাজালীনের যে অংক্থা সেই ধ্রুফার আমাদের দুক্তিভুজী যেটা রয়েছে যে ছোট্থাট মধ্যভোগী যারা রয়েছে তাদের যদি টাকা একসংশ্য পাইয়ে দেওয়া যায়, তা হলে তারা ছোটখাট ব্যবসা করতে পারেন কারখানা করতে পারেন। কিন্তু বর্তমানে যে সংশোধনী নিয়ে আসা **হচ্ছে** তাতে দ্বিউভগ্গীর পরিবর্তন দেখা যাচ্ছে। সেজনা বলছি যে যদি এই দক্ষিভগ্গী হয় ষে অন্ততপক্ষে ন্বলপ মধ্যান্বস্থভোগীদের অবিলন্দের টাকা দেবার প্রয়োজনীয়তা আছে সেজনা আমরা সংশোধনী সেটা হক্তে ১০ এর জায়গায় ১২ বংসর, কারণ কনপেনদেশন রোল দশ বছরের মধ্যে তৈরি হল না। সেইজন্য আমি ১০ এর জায়গায় ১২ সংশোধনী দিয়েছি। এটী বিবেচনা করে দেখবেন।

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, this is a simple amendment. The reason is for extension of time as would appear from the argument advanced by the honourable member. It was amended thrice—from three years to eikht years and from eight years to ten years. The Hon'ble Minister for Land and Lanr Revenue made a statement yesterday as to what progress we have been made. It is almost nearing completion. This amendment does not want to keep a time limit. It is not a question of an indefinite extension. And simply there is no necessity of fixing any time limit.

The motion of Shri Sudhir Chandra Des that for clause 5, the following be substituted:

'5. In sub-section (1) of section 14 of the said Act, for the words "within ten years", the words "within fifteen years" shall be substituted.', was then put and lost.

The motion of Shri Aswini Roy that for clause 5, the following be substituted:

'5. In sub-section (1) of section 14 of the said Act, for the words "ten years", the words "twelve years" shall be substituted.'. was then put and lost.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg to move that in paragraph (b) of sub-clause (2) of clause 6, in the proposed provise to

sub-section (3) of rection 23, for the words "in one or two instalments", the words "in one or more instalments" be substituted.

Shri Aswini Roy: Sin, I beg to move that in clause 6(2)(b) after the proposed proviso, the following further proviso be added:

"Provided further that having regard to the financial position and other circumstances of an intermediary the State Government may pay to such intermediary the commuted value of the annuity payable in one instalment in case the net income falls below one thousand rupees or otherwise in two instalment.".

স্যার, আমার এনমেন্ডমেন্ট-এ আগে যে বন্ধবা রেখেছি সেটা এখানে পরিন্দারভাবে খেটে যাছে। কারণ আমি যা এনমেন্ডনেট দিরেছি সেখানে বলছি যে ওয়ান ইন্স্টলমেন্ট যারা স্বল্প মধ্যস্বত্ব-ভোগী এবং যাদের নেট ইন্স্টার এক হাজার টাকা তাদের জন্য অন্তত স্পেসিফিক্যালি ওয়াল ইন্স্টালমেন্ট থাকুক। এবং বাকী যারা রয়েছে তাদের টু ইন্স্টলমেন্ট হতে পারে। সেজনা বর্তমানে মাননীয় মন্ত্রীমহাশয় আবার ফারদার এনমেন্ডমেন্ট আনলেন এতে ইনডেফিনিট প্রশ্নটা আরও পরিক্ষারভাবে এসে যাচছে। কাজেই আমি ওর এন্তর্মেন্ডমেন্ট নিতে পারছি না আমার এন্ত্রেন্ডাইনার্ড বিশ্বাক্রি ।

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I have got nothing to say. I oppose the amendment of Shri Aswini Roy.

The motion of Shri Aswini Roy that in clause 6(2)(b), after the proposed proviso, the following further proviso be added:

"Provided further that having regard to the financial position and other circumstances of an intermediary the State Government may pay to such intermediary the commuted value of the annuity payable in one instalment in case the net income falls below one thousand rupees or otherwise in two instalments."., was then put and lost.

The motion of the Hon'ble Saila Kumar Mukherjee that in paragraph (b) of sub-clause (2) of clause 6, in the proposed proviso to sub-section (3) of section 23, for the words "in one or two instalments", the words "in one or more instalments" be substituted, was then put and agreed to.

The question that clause 6 as amended do stand part of the Bill was then put and agreed to.

Clause 7

Mr. Speaker: There are no amendments to clause 7.

The question that clause 7 do stand part of the Bill was then put agreed to.

Clause 8

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that in clause 8, in proposed subsection (3A), in line 9, after the words "in this behalf" the words "after an enquiry" be inserted.

আমি একটা এনকোরারি করার পর অস্বিধা হয় যে স্টেট গভর্ণমেণ্ট যে অর্ডার দেবেন তারই মূর্টো তারা ফরকিট করবেন এই রকম একটা ব্যবস্থা আছে এবং এ্যাপিল করবার রাইট দিয়েছেন। আমি চাচ্ছিলাম যে, আফটার অ্যান এনকোরারি যে একটা রিপোর্ট পার্টে পারে এবং রিপোর্টটা পেলে তার আপীল করবার স্ব্যোগ থাকবে, এইজন্য আফটার অ্যান এনকোরারি এই কথাটা বোগ করে বিয়েছলাম। এটা বিবেচনা করে শেশবেন।

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় স্পীকার মহাশয়, আমি বলতে চাই যে, এখানে এনকোয়ারির কোন প্রয়োজন নাই। আপনি বদি ক্লফটা পড়ে দেখেন, তা হলে এতে দেখা যাচ্ছে জনৈক ইণ্টারমিডিয়ারি বা ইণ্টার-মিডিয়ারি সম্প্রদায় কোন কোন জায়গাতে ঐ রকম অপরাধ করেছেন সেখানে দলিলপত দেখে আমরা করতে পারি। আর আপীলের তো প্রভিশন রইল।

The motion of Shri Sudhir Chandra Das that in clause 8, in proposed sub-section (3A), in line after the words "in this behalf" the words "after an enquiry" be inserted, was then put and lost.

The question that clause 8 do stand part of the Bill was then put and agreed to.

Clouse 9

Mr. Speaker: There are no amendments to clause 9.

The question that clause 9 do stand part of the Bill was then put and agreed to.

Clause 10

Mr. Speaker: There are amendments from Shri Aswini Roy, Shri Amarendra Nath Roy Prodhan and Shri Kamal Kanti Guha.

Shri Kamal Kanti Guha: Sir, I beg to move that in clause 10(2) in the proposed sub-section (2) (a), line 6, for the words and figures "Rs. 6.50 per acre" the words and figures "Rs. 20.59 per acre" be substituted.

গওলাল মালনীর অল্টীমহাশয় বলেছিলেন যে, চা বাগানের জমির খাজনা আগে ছিল না এবং কতকগুলি চা বাগানের জমির খাজনা ১॥॰ টাকা পার একর-এ ছিল, সেখানে ৬॥॰ টাকা করা হয়েছে—তার ফলে আমাদের রাজস্ব বৃদ্ধি পেয়েছে। এই কথা বলে তিনি দেখাতে চাইলেন যে, সরকার এইসমস্ত ধনী মালিকদের কাছ থেকে বেশি টাকা আদায় করছেন। আমার বরুবা হছেে যে ইংরাজ আমলে যেখানে ইংরাজদের একটী প্রধান ব্যবসা ছিল চা বাগান এবং আমরা জানি, ইংরাজ আমলে সমস্ত চা বাগানের মালিক ইংরাজরাই ছিলেন। তারা নিজেদের স্বৃবিধার জনা চা বাগানের জামর কোন খাজনা ধার্যা করেন নি। কিন্তু আমাদের যেখানে এখন বাধীনতার পরে আমাদের নিজেদের সরকার হয়েছে সেখানে এই দৃণ্টিভংগীর পরিবর্তন করা ছিচিত এবং সেখানে তিনি বলছেন যে ১॥০ টাকার জারগায় ৬॥০ টাকা করা হয়েছে—এটা অনেক বেশি করা হয়েছে। তা আমার বন্তব্য হচ্ছে এই যে, আপানি যদি হিসাব করে দেখেন মাননীয় মশ্রী মহাশার, যে এক একর জমিতে যেখানে ১৫ মণ ধান হতে পারে, এই ১৫ মণ ধান করতে কৃষকের কত খরচ এবং সেই ১৫ মণ ধান বিক্তি করে কৃষক কি পেতে পারে। এবার সেই এক একর ধানী জমির খাজনা কত সে হিসাব করে দেখলে আমরা দেখব—স্যার, এখানে আমার কথা কেউ শ্নছেন না। তা হলে আমার বলে কি লাভ আছে?

[2-50—3 p.m.]

আপনি গতকাল বর্লোছলেন, দেড় টাকার জারগার সাড়ে ছর টাকা করেছি। এটা বেশি হরেছে এবং আমরা এতে সম্ভূণিট লাভ করেছি। কিম্তু আমার বন্তব্য হচ্ছে, স্বাধীনতার আগে ইংরেজ তাঁদের নিজের জমির খাজনার জনা, তাঁদের সুবিধার জন্য যা করেছিলেন—অর্থাৎ চা বাগালে তাঁদের নাসন, শোষণ ছিল বলে তাঁদের সূবিধার জন্য যা করেছিলেন স্বাধীনতার পরে সেই দুশ্ভিভগী পরিবর্তন করা উচিত। এক একর জমি থেকে যে পরিমাণ চা উৎপন্ন হর এবং সেটা বিক্রি করে চা বাগানের পর্বাজপতি মালিকরা যে লাভ করে তাতে আমরা বলেছি, সাড়ে ছন্ধ টাকার জারগার ২০ টাকা ৫০ বরা পর্মা রাজস্ব ধার্যা কর্ন। জামরা দেখাছি, পাচ্চমবালাক্ষ

পরিকল্পনার জন্য টাকার দরকার এবং সেদিক থেকে বিভিন্ন ব্যাপারে আপনারা টাক্স ধাষ্য করেছেন। সেদিন দেখেছি স্ট্যান্প ডিউটির উপর সেস ধার্যা করেছেন, সেইজনাই বলছিলাই আমাদের বখন টাকার দরকার, পরিকল্পনার জন্য যখন অন্যাদিকে চেরে থাকতে হয় তখন এই চ বাগানের মালিকদের উপর যদি একর প্রতি ২০ টাকা ৫০ নয়া পয়সা ধাষ্য করেন, তা হলে আমাদের কিছু টাকা আসতে পারে। এতে রাজস্ব আর বৃদ্ধি হবে, ঘাটতি কমবে এবং চাবের যে জমি আছে সেখানকার থাজনা যদি কমান তাহলে বাণ্গলাদেশের কৃষক উপকৃত হবে।

Shri Aswini Roy: I move that in clause 10(2), for the proposed section (2)(a), the following be substituted:—

"(a) for the land under cultivation of tea or covered by factories, office buildings or quarters for labourers of the tea garden, at Rs. 10 per acre."

মাননীয় স্পীকার গ্রহাশয় চা বাগানের জামর খাজনার কথা বলা হয়েছে ম্যাক্সিমাম ৬ টাকা ৫০ নয়া প্রসা পার একর। কিন্ত মন্ত্রীমহাশ্য জানেন যে, সমস্ত খাস ভামি ১০ বছর ধরে গরীব চাষীদের দেওয়া হয়েছে সেখানে খাজনার হার একর-প্রতি ১০ টাকা রাখ, এয়াছে এবং ইন্ডান্টিয়াল বেল্ট-এ বিশেষ করে মন্ত্রীমহাশয়ের নিজের জেলা খলপুরের প্রতিটি অঞ্চলে এই আইন আসবার আগে সেখানে জমিদারের খাজনা ছিল ৪ আনা সেখানে ১ বিঘা ্রির খাজনা বছরে ১২০ টাকা হয়েছে। এর পটভূমিকায় আমি ব্রুতে পার্যন্থ না যেখানে সাধারণ একজন গরীব চাষীর কাছে এক একর জমি বন্দোবস্ত দিতে গেলে ১০ টাকা খাজনা ধার্য করা হচ্ছে, সেখানে চা বাগানের মালিকদের কাছে মা ক সিমাম অফ রুপিস সিক্স ফিফটি নয়া প্রসা কেন ধার্য করা হচ্ছে? যে দুটিউভগ্গী নিয়ে আমরা আলোচনা করছি সেই দুটিউভগ্গী এখানে সম্পূর্ণের পে প্রতিফলিত হচ্ছেনা। তবে যেহেত বহুদিন ধরে একটা আন্দোলন চলছে যে চা বাগানের মালিকদের উপর খাজনা ধার্য করা হচ্ছে না, জনসাধারণের অভিমত তৈরি হয়েছে, সংবাদপত্তের অভিমত তৈরি হয়েছে সেহেত মন্ত্রীমহাশয় সেই আন্দোলনকে চাপা দেবার জন্য निमनान এकটা शांकना धार्य कंद्राह्मन अर्थाए भारका त्रिभाम ७ होका ६० नहा शहना। यादहाक. এখন আমার ২ছবা হচ্ছে বর্ডমানে যেসমগত ইণ্টারিম খজিনা বসানো হচ্ছে, এগ্রিকালচারাল ল্যান্ডে যে খাজনা আত্র তার পরিগ্রেক্ষিতে আমি যে সংশোধনী দিয়েছি সেটা মন্ত্রীমহাশ্য যেন গ্রহণ করেন।

Shri Nani Bhattacharlee:

মাননীয় স্পীকার মহাশয়, এই কুজ-এর উপর ২ ৷৩টি বিষয়ে আমি মন্দ্রীমহাশয়কে কিছ্ বলতে চাই। একটা চা বাগান কত জমি রাখতে পারবে— সেটা গভর্ণমেন্টের হাতে। কিন্তু আমি বলতে চাই, যেগ,লি চা বাগানের জোত ল্যান্ড সেটা যাতে তারা রিটেন করতে না পারে, সে বিষয়ে গভর্ণমেন্টের নজর দেওয়া উচিত। আমরা জানি, অনেক ক্ষেত্রে জোত ল্যান্ড টি গ্র্যান্ট ল্যান্ডে কনভার্ট করা হয়েছে এবং কতটা রিটেন করতে পারবে তা নিয়ে কথাবার্তা চলছে। আমি একটা চা বাগানের কথা শ্রনাছ যতটা জোত ল্যান্ড ছিল সেটা রেভিনিউ বোর্ড কনভার্ট করে দিয়েছে টি গ্র্যান্ট ল্যান্ডে। এসব সত্য কিনা জানি না, তবে এই ধরনের কথাবার্তা শ্রনাছ। এটা যদি সত্য হয় তাহলে এর ফলে বহু কৃষক যারা দীর্ঘকাল ধরে চাষ আবাদ করছিল তারা উচ্ছেদ হয়ে যাবে।

টি গ্রাণ্ট ল্যান্ড-এ, আগে তারা যে জমি পেত সবটা চা-বাগানের ব্যাপারে ইউটিলাইজ করতে হত না—জ্যেত ল্যান্ড তো করতে হতই না। সেই সমস্ত জ্যারগার ধান চাব করা হ'ত। আর টি গ্র্যান্টের জমিও অনেক ওখানে পড়ে আছে—চা চাব-আবাদের জন্য ব্যবহার করা হ'ত না। সেধানে অনেক জমি বহুকাল ধ'রে—এমন কি দ্বিতীয় মহাযুদ্ধের আগে থেকে জারা সেধানে ধান চাব-আবাদ করত এবং গাঁরের লোকদের দিরে চাব-আবাদ করত এবং এখনও ক'বে অ'সছে—এমন বহু বাগান আছে। এমন কি এই সমস্ত জমি টি গ্র্যান্টে কনভাটেড হরে গেছে বা জ্যেত লাগান থেকে সংলক্ষ্ম এলাকা

- 1

থেকে ৪ মাইল দ্রে আছে, এখনও সেই ব্যবস্থা চলছে। সেজন্য এই আইনে অতত স্পৈসি-ফায়েড এই ধরনের ব্যবস্থা রাখা উচিত ছিল, গভর্নমেন্ট যখন দায়িছ নিচ্ছেন তখন কি পরিমাণ রাখতে পারবেন, সেটা করা উচিত ছিল। এখনও পর্যন্ত জাত ল্যান্ড চলছে চা-বাগানে, সেটা যাতে তারা রিটেন করতে না পারে এবং টি গ্রান্টের অধীনে যেসমঙ্গত জমি আছে, সেগ্রেলও দেখন। দ্বিতীয় মহাব্দেধর আগে থেকে দীর্ঘকাল ধরে ধানের চাষ হচ্ছে। কৃষক দ্বারা যখন চাষ হচ্ছে তখন তারা বাগানের মজনুর নয়। সেইসমৃত জমি যাতে না রাখতে পারে সেটার চেন্টা করা দ্বকার।

এর পরে আমি ল্যান্ড রিফর্মস আইনে আসছি। ভেস্টেড ল্যান্ড কি পরিমাণ ডিপ্টিবিউশন হবে চা-বাগানে তাতে আমি পরে আসছি। ন্বিতায় একটা পরেন্টের প্রতি আমি মাননীয় মন্তিন মহাশয়ের দ্বিট আকর্ষণ করছি। কাল মন্তিমহাশয় বললেন, ওরা দেড় টাকা করে খাজনা দিত একর-প্রতি সেখানে যে ম্যাক্সিমাম ইন্ড হয় সামিহিত সেইসব জমির খাজনা তার ডবল, অর্থাং উধের্ব সাড়ে ৬ টাকা একর-প্রতি। মাননীয় মন্তিমহাশয় বলেছেন যে চা-বাগানে একর প্রতি ছয়ার্স অঞ্চলে ১৬-১৭ মন চা হয়, দাজিলিং-এতে অবশ্য কিছু কম হয়। ছয়ার্স অঞ্চলে ১২-১০ মণ গড়ে চা হয়, গড়ে অন্ততঃ ১৩-১৪ মণ করে চা হয়-ই এবং তার বাজারদর কি মাননীয় সদসায়া বোধ হয় সবাই জানেন। স্তরাং সেখানে টি ইন্ড থেকে কি পরিমাণ লাভ করছে সেটা যদি গভর্নমেন্টের নজরে থাকে, তা হ'লে আমার মনে হয় কমল গৢহ মহাশয় যে সংশোধনী প্রস্তাব এনেছেন বাড়িয়ে দেবার জনা, সেই প্রস্তাব নিশ্চয়ই গ্রহণ করা উচিত কারণ, যেখানে ১৪ মণ গড়ে চা হয় একর-প্রতি সেই চায়ের দর কি পরিমাণ হয়—এখানে কত পাছেছ, বাইরে কত পাছেজ—সেইসব মন্তিমহাশয় জানেন।

তৃতীর কথা আমি আগেই বলেছি—ভূষার্স অঞ্চলে এবং দাজিলিং-এ কত চা হয়, কি ইন্ড হয়। ভষার্সে এভারেজে ১৪ মণ ১০ থেকে ১২, ১৪-১৫ মণ পর্যক্ত বিভিন্ন বাগানে হয়। স্তুরাং এত ইন্ড যেখানে একর-প্রতি কত লাভ করে থাকে চা-বাগানের মালিক্সা সেটা ভেবে দেখুন। সেখানে আমার মনে হয়, খাজনার হার বাড়ানো দরকার, উধর্সীমা আরও বাড়ানো দরকার।

তিন নন্বর কথা হচ্ছে, কাল মিলিমহাশয় বললেন সংশোধনী আইনেব ১০(২)তে, ফর এনি আদার ক্রপ বলতে তিনি ব্ঝাতে চাইছেন। এর আগে আমি দেগেছি চা এবং কটোমন্ড ইত্যাদি হয়, কিন্তু তিনি

any other crop at 12 times the average rate of rent paid for the average class of agricultural lands in the vicinity গাঁজনা ধার্মা হয়েছে।

[3-3-10 p.m.]

আমি যদি ধরে নিই যে, এটা হচ্ছে এলাচের জমি। যেমন ধর্ন কলিম্পতে এলাচের জমি আছে, সেখানে এলাচের কাল্টিভেশান আছে, স্তরাং সেখানে যদি এই আইনটা চালা করা হর তা হ'লে সেই এলাচের জমি থেকে একর-প্রতি যে ইন্ড এবং তার দরনে যে প্রচুর লাভটা হর সেটা পেতে পারি এবং আমার মনে হয়, সেখানে এই থাজনার হার আরো বাড়ানো যায়। শাধ্র বলা হচ্ছে

one and half times the average rate of rent paid for the average class of agricultural lands in the vicinity.

ঠিক এই পোরসান না রেখে আরও একট্ বাড়ানো যায় ঠিক তেমনি অনেক জায়গাতে ফোডিসিন্যাল হার্বস লাগ নর কিছ্ কিছ্ জমি আছে। স্তরাং সেখানে যদি ঢালাও ভাবে এটা বলে দিই যে ফর ল্যান্ড আন্ডার কাল্টিভেশান অফ এনি আদার রুপ-এই এনি আদার রুপের মধ্যে স্বগ্রাল ফেলে দিয়ে সেখানে খাজনা ধার্ষের নীতি যদি গ্রহণ করি, তা হ'লে আমার ননে হয় মাননীয় স্পীকার মহাশয় আমরা ভূল করব। সত্তরাং মাননীয় মন্দ্রিমহাশয় সেখানে নিশ্চয়ই বিবেচনা করবেন। তারপরে ৩ লম্বর হচ্ছে—

for land under hats or markets at the average rate of land paid for the highest class of agricultural land, etc.

আমরা সেখানে পরিক্লারভাবে বলতে চাই যে, কোন প্রাইভেট মালিকানায় কোন হাট বা বাজার রাখতে দেওয়া উচিত নয়, সেখানে গছন মেলেটর একটা ইউনিফর্ম পলিসি সমসত বাঙলাদেশ জ্বড়ে থাকা উচিত এবং বিশেষ করে যখন পণ্ডায়েতের হাতে হাট ছেড়ে দেওয়া হছে বা সেই হাটের আয় যাতে তারা পায়—এই ধরনের পরিকল্পনা আছে এবং বিশেষ করে যখন দেখা যাছে যে, বিভিন্ন জায়গায় সরকারী হাট বেসরকারী হাট এই রকম ধরনে চলছে তখন বেসরকারী হেফাজতে কোন হাট থাকা উচিৎ নয়। সেই দিকে তাকিয়ে গভন মেলেটর সেই সিম্পানত নেওয়া উচিত এবং আইন সেই ধরনে সংশোধন করা উচিত এই রুজে এইট্কু বলেই আমি আমার বজাবা শেষ করলাম।

The Hon'ble Svamadas Bhattacharvya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিষয়ে বলতে গিয়ে খাজনা বৃদ্ধির কথা মাননীয় সদস্য কমলবাৰ, বলেছেন। তিনি বলেছেন যে খাজনা যদি ২০ টাকা বা এর চেয়ে বেশী হয়, তা হ'লে খ্র ভাল হয়। আমি বলি ভাল নিশ্চয়ই. ২০ টাকা কেন আরো বেশি যদি হয়. তা হ'লে অনেক বেশী টাকা পাওয়া যাবে। আমরা পাচ্চিলাম ৮ লক্ষ টাকা সেখানে আমরা পাব প্রায় ২৫ লক্ষ টাকা। বর্তমানে যা করা হয়েছে তাতে আরোও বাডানো ষেতে পারে। কিল্ড তা করতে গেলে আমাদের কতকগর্নি জিনিস ভাবতে হবে। আমাদের পাশে আসামে অনেকগর্নি চা-বাগান রয়েছে, সেখানে কি ধরনের খাজনা ও'রা ধার্য করেন, কি ধরনের খাজনা ধার্য করতে চেরেছিলেন এ সম্বন্ধে আমাদের খোঁজ খবর নিতে হয়েছে। খরচ কোন জায়গায় কি রকম হয়. লাভের অধ্ক কোন জায়গায় কি রকম হয় তারও খোঁজ নিতে হয়েছে। আমরা নিশ্চয়ই এমন কিছে করতে চাই না, যাতে এখানকার চা-বাগানগালি অন্য জায়গার চা-বাগানের তলনায় কিছু অসুবিধার পড়ে। সেজন্য আমরা বিভিন্ন জায়গায় চায়ের ফলন কি রকম হয় সেটা দেখেছি এবং খাজনার হার কোন জায়গায় কি রকন আছে সেটাও দেখেছি এবং সেটা দেখার পর আসাম সরকারের সঙ্গে কথাবার্তা এবং চিঠিপত্র আদান-প্রদানের পর আমরা এই রকম ধার্য করেছি। আসাম সরকার যে বিল আনছেন তাতে ৬॥ টাকা ধার্য করেছেন। এ কথা ঠিকই যে বিভিন্ন জায়গায় লাভের অঙক বিভিন্ন রকম হ'তে পারে ফলন বিভিন্ন রকম হতে পারে। মাননীয় সদস্য ননীবাব বললেন যে জলপাইগু, ডির ডুয়ার্স অঞ্চল ফলন খুর বেশী ১২-১৩ মণ, একথা ঠিক এবং দার্জিলিং-এর তরাই অঞ্চলে এক রকম হতে পারে লাভের অঞ্ক বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম হয়। সব রকম বিবেচনা করে এই শিল্পের উপর যাতে কোন আঘাত না পড়ে অথচ আমাদের সরকারের কিছু খাজনা অয় বৃদ্ধি হয়—এই দুটো দিকে লক্ষ্য রেখে এটা করা হয়েছে। মাননীয় সদসা ননীবাব, বলেছিলেন যে, জমি চা-বাগানকে রাখতে দেওয়া হচ্ছে, সেখানে যে জমিতে কৃষকরা আগে থেকে চাষ ক'রে আসছে সেই সব জমি রাখতে দেওয়া হয় সে কথা ঠিক। কিন্তু একটা কথা মাননীয় সদস্য ননীবাব কে বলতে পারি যে আমরা ওটা নেওয়ার চেন্টা করছি। কোন জারগার যদি ব্যতিক্রম হর তাহলে সেটা শুধরে নেবার চেন্টা করব। কিন্ত বর্তমানে যে আলোচা প্রকরণ তার মধ্যে ওটা পড়ে না।

হাট বাজার সম্পর্কে বলেছেন একবারে চা-বাগানের এলাকার মধ্যে হাট বাজারগানির নিয়ে আসাতে পঞ্চারেতের হাতে দিলে সবটা সাবিধা হবে সে সম্বন্ধে একটা সন্দেহ আছে। সমস্ত হাট বাজার যে আম্বা নিতে পেরেছি তা নয় যদিও

hats, bazars and bheris will vest free from encumbrances

বলে কথাটা আছে কিন্তু আপনি জানেন, মাননীর সদস্যগধ জানেন বে হাট, বাজার, ভৌড় স্ব-জারগার ভেন্ট করেনি. কারণ বে সমস্ত হাট, বাজার, ভৌড় অনেক মধ্যসন্থাধকারী তার এট্রি-কালচারাল ল্যান্ড হিসাবে রিটেন করেছে বে সব জারগার ভেন্ট করেনি। বা হোক প্রশ্ন হচ্ছে



হাট, ৰ ক্লাঁর, ভেড়ি খেকে যে অন্তের অংক নিচ্ছি সেটা খ্ব কম হবে না। আর একটা কথা হচ্ছে রাজনীয় সদস্য নবানবাব্ বললেন যে ফর এনি আলার ক্লপ কি হবে। ক্লেজ (২)(এ) এবং ক্লেজ (২)(বি) এর মধ্যে দেখনেন ক্লজ এ-তে বলা আছে ফর ল্যান্ড আন্ডার কাল্টিভেশন অফ টি দ্যাট ইজ এ রূপ। তারপর ক্লজ বি-তে বলা আছে ফর ল্যান্ড অন্ডার কাল্টিভেশন অফ ক্রডামম। স্ত্রাং সি-তে এলাচ আসছে না। চা এবং কার্ডামম ছাড়া অন্য ক্লপ যেখানে হবে সেখানে সি প্রয়োগ করা হবে। এমন হতে পারে যে আমরা এর চেরে বেশা খাজনা অ দারের স্থোগ স্বাবধা করতে পারবো তবে আপাতত সমস্ত বিষয় বিবেচনা করে এবং পাশ্বব্তী অঞ্চল আসামে চা-বাগানের বিষয় ভাল বিবেচনা করে এই রোপ্ট স্টাক্টার চা-বাগান সম্পর্কে আপনাদের সামনে উপস্থিত করেছি

The motion of Shri Aswini Roy that in clause 10(2), for the proposed section (2) (a), the following be substituted:

"(a) for the land under cultivation of tea or covered by factories, office buildings or quarters for labourers of the tea garden, at Rs. 10 per acre,",

was then put and lost.

The motion of Shri Kamal Kanti Guha that in clause 10(2) in the proposed sub-section (2) (a), line 6, for the words and figures "Rs. 6.50 per cere" the words and figures "Rs. 20.50 per acre" be substituted, was then out and lost.

The question that clause 10 do stand part of the Bill was then put and agreed to.

Clause 11

The question that clause 11 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1964, as settled in the Assembly, be passed.

Shri Sanat Kumar Raha:

মাননীয় অধ্যক্ষ মহাশয় এই ভেট এাকুইজিসন বিল ষেভাবে সংশোধন আকারে গৃহীত হতে যাছে আমি সে সম্পর্কে কালকের আলোচনার প্রসঞ্জে করেকটা কথা জানাতে চাই। কালকে জুমি ক্রেন্ট্রান্থ । শ্যামাদাসবাব্ব বঙ্গেন যে এই অপোজিসন বেণ্ড থেকে আমরা নাকি এই ধরনের বক্তা পেশ করতে চেয়েছি যে বর্তমানে চাষীদের শোষণ এবং ঋণের বোঝা বেড়ে যাওয়াতে নিশ্চয়ই অপেকাকৃতভাবে এই জামদারী প্রথা উছেদ হওয়ার আগে নবাব এবং রাজার শাসনের যুগে সেই চাষীরা সুখী ছিল এটা ঠিক। লোকের একচক্ষ্ দৃষ্ণি যেমন থাকে এটাও তেমনি একচক্ষ্ দৃষ্ণিতে দেখা হচ্ছে। বন্ধব্য মোটেই তা নয়, আসল বন্ধব্য ছিল যে ধরণের দৃষ্ণিতভাশী নিবে দ্যুটিভালী বিল আলা ইলিং সাল করা হয়েছে যে উদ্দেশ্য নিরে তাতে প্রগতিশীল একটা বিল আলা উচিং সেই দান্ধিভালী নিয়ে আলা হয়েছে যে উদ্দেশ্য নিরে তাতে প্রগতিশীল একটা বিল আলা উচিং সেই দান্ধিভালী মোটেই নেই। ভূমি সংস্কার এবং জমিদারী প্রথা উচ্ছেদ আইনের বলে বে কৃষকদের ঋণের

বোঝা কমনে, কৃষক জমি পানে, কৃষকের অবস্থা ভাল হবে, সাধারণ কৃষকের নিজেরের এলাকার অধিকার আরো বেড়ে য'বে, তাদের গণতান্দ্রিক অধিকার, চেতনা বাড়বে এই দ্বিউভগী
নিরে একটা জমিদারী, উজ্জেদ আইন পাশ হওয়া উচিং। আমাদের বন্ধবা ছিল এই বে আগের
বুগে বে ধরণের বাংলার চিন্ন ছিল তার পরবতী অবস্থার জমিদারী উজ্জেদ আইন পাশ হওয়ার
পর এবং তথাকথিত ভূমি সংস্কারের আইন পাশ হওয়ার ফলে আমরা দেখেছি যে সমন্ততদের
উজ্জেদ বরা হয়নি, বরং কিছ্টো আন্টোনকভাবে ফরমালী কার্ব কর র ফলে প্রামের চেহারা
সম্পূর্ণরূপে চাষীর স্বার্থে বদলায়নি, অথচ চাষীকে দিয়া আমরা দেখেছি আগের থেকে অনেক
ক্ষেত্রে কিছ্ব কিছ্ব বোঝা বেড়েছে যেভাবে অপেকারুতভাবে বিচার করলে ভাল হবে। যে যুগে
আমরা চলছি, সে যুগের সেটা করনীয় ছিল, যে যুগের সেটা অবদান হওয়া উচিং সেই যুগে সেই
অবদান না দিয়ে আপোক্ষক বিচারে যদি একথা বলা হয় বর্তমানে যেহেতু চাষীর বোঝা বেড়েছে,
অতএব জমিদারীপ্রথা ছিল ভাল, এটা আমাদের বন্ধবা মোটেই নয়।

[3-10-3-20 p.m.]

আমার বন্ধব্য হচ্ছে এইটা, যে আজকের যুগে যে অবদান হওয়া উচিত ছিল জমিদারী প্রথা **উচ্চে**দ বিলে, জমিদারী উচ্ছেদ আইনে, এবং তার সংশোধনকল্পে যে বিল আনা হয়েছে, সেই দ ফিভগা নিয়ে এই বিল রচিত হয়নি। আমি একটার পর একটা করে কয়েকটি দুল্টান্ত উত্থাপন করতে চাই। এস্টেটস আক্রেইভিসন বিশ আসার পর, সেটা এনস্টে পরিণত হয়েছে। তার পূর্বে আমরা দেখেছি বড় বড় জমিদার জোতদাররা কি করে আইনকে ফাঁকি দিয়ে জমি থেকে উচ্চেদ করে ভাগচাষীকে হয়রান করে রাস্তায় নামিয়ে দেওয়া যায় তার চেন্টা করেন। আমরা দেখেছি যে লক্ষ লক্ষ ভাগচায়ী বৃষ্ণতায় দাঁডিয়েছে। এই এসেটটস আকেইজিসন আছে হওয়ার পর--অনেক ভাগচাষী জমি থেকে উচ্চেদ হওয়ার পর, তারা মামলা কি করে করতে হয়, কি করে তার নিজের শেয়ার আদায় করতে হয়, কি করে তার নিজের অধিক র অর্জন করতে হয়, সেই বাস্তা তারা খ'জে পায়নি। তারা হয়রান হয়ে, তারা শ্রমজীবী মজরে হয়ে নাম লেখাতে বাধা হয়েছে ভাগ চাষীর জায়গায়। আমরা জানি জাম বিলি করার ব্যাপার নিয়ে দুনীতি চলেছে। শামাদাসবাব্য হয়ত জানেন না. রিপোর্ট হয়েছে, আমরা তাই জানিয়েছি। কিন্তু আমার মনে হয় এই সব রিপোর্ট প্রতাক্ষ করার জনা একটি ব্যবস্থা সরকারের থাকা উচিত। এই কৃষি সুম্বশ্বে গ্রামাণ্ডলে কি রক্ষ দুন্নীতি চলে সেটা জানা দরকার। এই দুন্নীতি সাধারণ কর্মচারীর অগোচরে থাকে। সেখানে তর্সিলদার থেকে আরম্ভ করে জে এল আর ও পর্যাত এমন একটা কনাইভ্যান্স বা পাপচক্র চলেছে, যার আডালে অনেক কিছু ঘটনা ঘটে। এটি এমনই জিনিষ যে আমাদের মহাকরণে, বা রাইটার্স বিভিডংস-এ বা এ্যাসেশ্বলীর মন্ত্রিমণ্ডলী সে বিষয় বোধ করতে পারেন না। কাজেই আমরা বলবো এ সম্বন্ধে প্রত্যক্ষভাবে দেখবার অভিজ্ঞতা আনবার क्टना आभनारमंत्र किए, ना किए, वारम्था कंद्राउरे रात, जा नाराम आभनारमंत्र रवायान यार्व না শুধু বক্ততার মাধ্যমে। কারণ আপনারা কথায়, কথায় বলবেন প্রমাণ নিয়ে আস্কুন, লোককে ধরে নিয়ে আসুন, বিশ্বাস করিনা কারা দুনশীতি করে। এ মহা মুস্কিলের প্রশ্ন, এ প্রশ্ন সমা-ধান করা যাবে না। যারা দূনীতি করে, যারা ঘুষ দেয়, বা চুরি করে, বর্তমান সমাজ ব্যবস্থায়, তারা কিছতেই স্বীকার করতে পারবে না যে, আমি ঘুষ দিয়েছি-দুনীতির সুযোগ দিয়েছি। কারণ স্বীকার করলে, তার উপর আরও পাপের বোঝা চাপবে, হয়ত আরও দণ্ড চাপবে, এবং সে আরও বিমুখ হয়ে যাবে সমাজে।

আমার আরও করেকটি কথা আছে। যেমন কালকে বলা হরেছিল যে গ্রামের মাননেরে উপর শোষণ বৈডেছে কিনা? সেটা যে বেড়েছে তার প্রমাণ রিজার্ভ বাাত্ব-এর ব্রুলিটিন থেকে পাওয়া বায়। কৃষকের ঋণ প্রণিপক্ষা আরও বেশি বেড়ে গিয়েছে, খেত-মজ্রের সংখ্যা অনেক বেড়ে গিয়েছে, এবং নাল্বার অফ রেজিন্টেসান বেড়ে গিয়েছে। চাষীরা আন্তে, আন্তে দিনের দিন জমিহীন হয়ে গিয়ে, গ্রামে কোন রকম কাজ না পেয়ে, শেষ পর্যত্ত তায়া বাংলাদেশের উদ্বাস্ত্র পর্যায় পেণছে, তায়া জি. জায় এবং রিলিফের দ্বারে গিয়ে উপনীত হয়ে পড়েছে। তাদের জীবনে একমাল কোন লক্ষ্য বলে জিনিষ নেই। একমাল মাটি কেটে খাওয়ার যে টেস্ট রিলিফ বা গ্রাচইটাস রিলিফ, তাই নিয়ে তাদের থাকতে হয়। শতকরা পাঁচ, দশ, পনের, আঠারো

ভাগ পর্যন্ত চাষীর এই অবন্ধা। আমার জেলার মহানন্দ ইউনিরনে আমি জানি সেধানে শতকরা ১১ ভাগ পর্যাত চাষীকে গ্রাচইটাস রিলিফ দিরে বাঁচিরে রাখতে হর। এই অবস্থা ক্রাক্সের চিত্র। কাজেই এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট-এর ফলে গ্রামের চিত্র কি ভরানক বদলেছে. সে সম্পর্কে সমাক জ্ঞান ও অভিজ্ঞতা আমাদের রাখতে না পারলে, আমাদের দুন্টিভ•গী বদলাতে পারবো না। শুধু তাই নয়, আমরা জানি এস্টেটস আকুইজিশন আক্রে পাস হবার পর, জমিদারী উল্লেখ আইন পাশ হবার পর গ্রামে গেলে আপনারা দেখবেন যে সেখানে ভাগাডের জমি নেই। গামে গোলে দেখতে পাবেন সেখানে গোচারণের জমি নেই, চাষের জন্য সেচের ব্যবস্থা নেই এবং शाहे हाब करवार कना म्माट्स कल मारे। काथार शिला? यगाल हिल এककाल आमारित वाश्वाप्तरण स्मान लाला काथाय? अस्तिपेत्र आकर्रीक्रमन आहे याकाव क्या रखार अवर এই এসেট্টস আক্রিজিশন এট্রে-এর ন্বারা জমিদারী ন্বত্ব যেভাবে তলে নেওয়া হয়েছে এবং खिलाद क्रीमनाती पथल आहेन भाग कता हरसरह, यात करल এইসব ल भरहाल हिल. এইসব ল্যাকনা ছিল যার মধ্য দিয়ে এই সমস্ত জিনিসগলে কপ্ররের ন্যায় উড়ে গিয়েছে। গ্রামে গেলে আপুনি দেখতে পাবেন না কোন গোচার ভূমি। গ্রামে গেলে আপুনি শ্মশানঘাট দেখতে পাবেন ना । शास्त्र शास्त्र मार करतात छना वा मूजनमानस्त्र कवत स्वात छना छोम भारतन ना । शास्म গোলে ভাগ ডের জাম পাবেন না। গ্রামে গোলে দেখতে পাবেন-পাট চাষের একট, খানি জমি পর্যানত নেই, সব বিলি, বন্দোবসত হয়ে গিয়েছে এর কারণ কি? জমি আক্রেইজিশন করার ফলে যে সব জলা ও ভাগাড় গুলি এসেছে, অর্থাৎ যে সব পার্বালক ল্যান্ডগুলি এসেছে. **रमगृति उरमौतात्रात्र भए। कान. कान मृत्नी** जिमहारा रास. एक अन जात मण्डात्र সন্ধো যোগাযোগ রেখে তারা বিলি বন্দোবনত করে দিয়েছে। এই রকম হাজার, হাজার তথা দিয়ে আমি প্রমাণ করতে পারি।

এর হাজার হাজার তথ্য প্রমাণ দিয়ে আমরা প্রমাণ করতে পারি। শুধু তাই নয়, মিথা। মামলা বেডে গিয়েছে, চাষী যত অসহায় হচ্ছে তত বিপদে পডছে, তত মিথ্যা মামলার বোঝা বেডে যাচ্ছে—এইভাবে সামাজিক জীবনে এক নতেন উৎপাতের সূণ্টি হয়েছে। এই এণ্টেট আকইজিশন এ্যাক্ট্র, জমিদারি উচ্ছেদ আইনের ফলে আমাদের গ্রাম-জীবনের সমাজকে সম্পূর্ণ পারবাততি ক'রে ফেলেছে এবং নতেনভাবে তাল ভায়ছে যে, এইভাবে তারা প্রগতিব দিকে এগিয়ে যাচ্ছে- না প্রতিক্রিলাশীলের দিকে এইভবে তারা মথোমাখি দাঁডিয়ে আরো বিপলপন্ন ইয়ে পড়ছে। আমার বছৰা হচ্ছে কাল যে কথা বলতে চেয়েছিলাম যে জানিদাৰি উচ্চেন্ত ডাইন পাশ কর্ম, ভূমি সংস্কার আইন পাশ কর্ম। যে দুষ্টিভংগী নিয়ে এইসব আইন পাশ হয় শেই দ্বিউভগী ক্ষকের স্বার্থে করতে হবে, গ্রাম-এলাকার স্নার্থে বরতে হবে গ্রাম-জীবনের ম্বার্থে করতে হবে—গ্রামের মহাজনদের ম্বার্থে নয়, জোতদারদের ম্বার্থে নয়, জমিদারের ম্বার্থে নয়। কাজেই যেভাবে বিলটা পাশ করে নিয়ে গেলেন, এইসব জিনিস আরও চলবে এবং কোন পরিবর্তন হওয়ার সম্ভাবনা নেই। আমি ভূমি-রাজম্ব মন্ত্রাকৈ অত্যন্ত বিনীতভাবে বলব যে, আপনি এইসব বিষয় নজর রাখবার চেণ্টা কর.ন. আমরা আপনার কাছে গিয়ে আলোচনা করে বোঝাবার চেন্টা করি, ধৈর্য সহকারে আপনি তা শুনুন। শুধু জানাব এই যে, প্রতাক্ষতারে অন্ভব কর্ন প্রত্যেকটি গ্রাম-এলাকায় জেলায় জেলায়, এই জমিদারি উচ্ছেদ আইন পাশ হবার পর এবং ভূমি-সংস্কার আইন পাশ হবার পর তার প্রতিক্রিয়া কৃষ্কদের স্বার্থে না গিয়েয় জ্যাদারের স্বার্থে, মহাজনের স্বার্থে গিয়েছে। গ্রামে ন্তন জীবন পত্তন করতে গিয়ে সেথানে গরীবকে আরও বেশি গরীব করে দেওয়া এবং গ্রামে যারা গরীব আছে তারা দেখানে আরও নির পায় হয়ে গিয়ে শহরম খী হয়ে পড়ছে। এই যে পর পর তিনটি পরিকল্পনা চলছে, এর মধ্যে আমরা দেখছি গ্রাম-জীবনে কিছ, লোকের উপকার হরেছে। এই জমিদারি উচ্ছেদ আইন এবং ভূমি-সংস্কার আইন পাশ হবার ফলে আমার মনে হয় কিছু কিছু লোকের লাভ ^{হরেছে}, সে সত্যকে স্বীকার করা দরকার। গ্রামে ১০ কি ১৫ জন লোক শতকরা উপত্তত ইয়েছে। গ্রামে যারা মহাজনী করবার করছে যারা বেশি জমির মালিক তারা নানাভাবে জিম রেখে সরকারী সাহায্য নিয়ে উপকৃত হয়েছে। এই শ্রেণীর কিছ্, লোক, ৬-৭ পারসেন্ট হরে, ভালের শত্তি বেড়েছে। কিন্তু গ্রামের বারা শতকরা ৭০ জন ভালের কোন লাভ হয় নি। গর্মী চাষী, মধাবিত্ত চাষী—এদের কোন লাভ হয় নি।

किष्ट किष्ट धनौ ठायौद এक অংশের লাভ হ'তে পারে, যাদের সারক্লাস, যাদের সান বংসরের খাবার খেয়ে কিছু থাকে, যাদের কিছু হোর্ড করবার ক্ষমতা আছে সেইসব চার উৎপাদক, সেইসব জোতদার, ছোট এবং মাঝারি, তাদের মধ্যে কিছু, কিছু, আছে তারা বর্তমাট **धारे ममाछ-वावन्धात मारा पिरा धारेमव आहेन भाम हवात छाल माछवान हालाछ। जानाव वस्त्र** হচ্ছে এই ভাম-সংস্কার আইন বা জমিদারি উচ্ছেদ আইন পাশ যখন হয়ে গিয়েছে তা বধ আপনারা কার্যকরী করবেন ভবিষাতে, অ পনাদের এই দুটিভগণী নিয়ে করা উচিত—আইনগাটি যখন প্রয়োগ করা হবে সেই প্রয়োগ করার ভিতর দিয়ে ক্র্যক যেন আরও সবস্বান্ত না হয়ে যায় কাজেই এই বিল পাশ হবার আশে আমি ভূমি-রাজম্ব মন্দ্রীকৈ কথাগুলি পুনেরায় বল্লি য **अकाक,** र्रात्रापत में या या जामता ना घारत विषारे, जन्म रास यान जामता ना जाकिस शास्त्रि গ্রামের কিছু লোক রেডিয়ো কিনছে, সাইকেল কিনছে, সেকথা চিন্তা করে গ্রামের চেহারার ফে আমরা স্বর্ণন না দেখি। ভাবতে হবে গ্রাম-এলাকায় যে শতকরা ৭০ জন ভূমিহীন কৃষক গুৱীৰ কৃষক. মধ্যবিত্ত কৃষক মাঝারী ধরনের কৃষক—তাদের অবস্থা কি হয়েছে? তাদের অবস্থা ঋণগ্রুত্ব তাদের অবস্থা জজুরিত, তাদের অবস্থা মহাজনের সুদু, মহাজনের দাদন, তার টাকা দিতে শেষ হয়ে যায়। কালকে বিনয়বাব, এলেছিলেন, দেড়ি-দুনি, আমরা হিসাব করে দেখেছি কোন কোন জায়গায় এর চেয়েও বেশি চ'লে গিয়েছে স্বদের হার। চক্রবন্ধি হারে স্বন্ধ দিতে হয়। চক্রবন্ধি আগে যাকে বলত বর্তমানে সেটা নতেন কায়দায় চ'লে আসছে কান্তেই আমার শেষ বন্তব্য ষেমন সামন্ততান্ত্রিক প্রথাকে উচ্ছেদ করা হয়নি, সামন্ততান্ত্রিক প্রথাকে আনুষ্ঠানিক-ভাবে. ফর্মালি কিছুটো কার্ব করা সত্ত্বেও সামন্ততান্ত্রিক নানার পে তার শোষণ গ্রামাঞ্জলে চালিয়ে যাচ্ছে তাকে সম্পূর্ণ বন্ধ করার জন্যে এই মন্ত্রিমণ্ডলীকে এবং কংগ্রেস পার্টির যারা নাকি ভাল জিনিস চান, প্রগতিশীল আন্দোলন হোক। কৃষকদের স্বার্থে আইন পাশ হোক, তাঁদের আমি অনুরোধ করব, আবেদন করব গ্রাম-এলাকায় এইসব অনাচারকে চিরকালের জন্য, সামশ্ততশ্রুকে চিরকালের জন্য উচ্ছেদ করার জন্যে, গ্রামে যে রকম ন্তন মহাজন স্থিট হচ্ছে. তাকে সেইভাবে শোষণ না করতে দেবার জন্যে আপনারা একতাবন্ধ হয়ে এই আইনটাকে প্রয়োগ কর্ম। তা হ'লে আমরা অন্তত এইট্কু আশা করব, বিধানসভায় যে আইন পাশ করি, কুবকের স্বার্থে কৃষকের পক্ষে নজর দেবার মত এই এ্যাসেম্বলী, এই বিধানসভা সচেতন আছে, এইটা অন্ততঃ জানা যেতে পারে।

[3-20-2-30 p.m.]

Shri Deb Saran Chosh:

মাননীয় অধ্যক্ষমহাশয়, এস্টেট অ্যাকুইজিশন বিলটা সংশোধনী আকারে আবার আমাদের সামনে এসেছে এবং এর অলপক্ষণ পরে এই হাউস থেকে এটা পাস হয়ে থাবে। এস্টেট অ্যাকুইজিশন বিল সম্পর্কে ইতিপ্রের্ব বহু আলোচনা এখানে হয়েছে। এবং আজকে যে এ্যামেন্ডমেন্ট এসেছে তারও ব্রটি-বিচ্যুতি সম্পর্কে এখানে বহু আলোচনা হয়েছে। এই বিলটি প্রণম যখন আসে বাংলাদেশের সাধারণ মানুষ এবং চাষী সম্প্রদায় মনে করেছিল যে, এই আইনের বলে জমিদারি উচ্ছেদ হয়ে জমিদারদের হাত থেকে চাষের জমি সরকার নিয়ে প্রকৃত থারা চাষী তাদের দেবে। কিম্তু মূল আইনে যথেন্ট বৃটি-বিচ্যুতি থাকার ফলে সেই আশা বার্থ হয়ে গেছে বারে বারে আমরা দেখছি মূল আইনের সংশোধন করা হছে, কিন্তু আসল যে সমস্যা তার সমাধান করার দিকে মূল এটীর বিহীত করবার জনা যে ধরণের সংশোধন আনা দরকার তা আজও আসছে না। এই আইন পাশ হবার আগে সরকারের কাছ থেকে আমরা একটা হিসাব চেয়েছিলাম যে, কর লক্ষ্ক একর জানীবালোদেশে জোতদার এবং জমিদারদের কাছ থেকে জমিদারি দখল আইনের বলে পাওয়া যাবে? জমিদারি দখল আইন পাস হবান পার দেখা জমির সংশ্

ক্ষেত্রাছ প্রত্যেক বছর জমির পরিমাণ সরকারের উপর বা নাস্ত হরেছে তার পরিমাণ ক'রে প্রাক্তে। এবং আমাদের মনে প্রশ্ন জাগছে যে, জমি যেন কপ্ররের মত উড়ে বাচ্ছে। জমিদান্তি মুখল আইন পাশ হবার আগে যে হিসাব ছিল পাশ হবার পরে দেখা বাচ্চে সরকারের হিসাবম্বত ক্রমির পরিমাণ কমে বাচ্ছে। কম হয়ে যাবার কারণ হিসাবে—আমরা এর আগে বহুবার বালাছি যে, ঠিক ঠিক মত সার্ভে বদি না হয়, তার ফলে সরকারের উপর যে জমি বতিরেছে, যে हिजाब क्काञनात निराहरू—ठा यथको वर्रापेश में। करन, भतकात ठार्यातम क्रीय त्नवात **मन्भरक**् ছে তিসাব দাখিল করছেন তা ভল প্রমাণিত হয়েছে। আমি এর আগে একটা বিষয়ের প্রতি শ্বে জ্যের দিয়ে বলেছিলাম যে, ১০ এর (২) ধারা অনুযায়ণী সরকারের হাতে যে জমি বর্মিয়েছে জোতদার এবং জমিদাররা সেই সমস্ত জমি নিজেদের দখলে রাখার জন্য একটা চকাল্ড করেছে। একটা আইনের ফাঁকের সংযোগ নিয়ে তারা সরকারকে বঞ্চিত করছে। যেসমন্ত ক্ষোতদার এবং জমিদারদের জমি বিভিন্ন মৌজায় আছে, তারা আইনের সাযোগ নিয়ে এক এক জীয়র মৌজা থেকে এবং এক এক জীমর দাগ নম্বর থেকে এক বিঘা জীম যেখানে আছে, ধরুৰ সেখানে জোতদার এক শতক কি দুই শতক জমি সরকারকে দিয়েছে। এই করে জমির **অংশ** করে দিয়েছে বিভিন্ন মৌজায় এবং বিভিন্ন দাগ নম্বরে। এতে সরকারের পক্ষে হিসাব **বেরু** করা মাশ্রকিল যে কোন জমিটা সরকার আইনের বলে নিয়েছে তা আজকে সার্ভে করে বের করা সরকারের পক্ষে কঠিন। এবং মশিদাবাদ জেলায় বিভিন্ন অঞ্চলে আমরা দেখেছি ৰে. জোতদার এবং জমিদাররা তাদের জমি এইভাবে দেবার ফলে সরকার আজও দখল নিতে পারছেন না। শুখু তাই নয় যে সমুহত জমি সরকারের হাতে এসেছে, তাও চাষীদের বন্দোবসত দেবার একটা অস্ত্রবিধা দেখা বাচ্ছে। একটা জমির যদি ১ ছটাক চাষীকে বন্দোবস্ত করা হয় বাকি জুমি যদি অন্যের হাতে থাকে তা হ'লে সেই এক ছটাক জুমি সেখানে চাষীর পক্ষে লাগাল দিয়ে চাষ করা কিছুতেই সম্ভবপর নয়। এই অবস্থার দিকে লক্ষ্য করার জন্য আমি বহুবার বলেছি কিল্ড মাননীয় মন্ত্রিমহাশয় এদিকে সজাগ আছেন বলে আমার মনে হয় না। সেজনা আমি একটা সাজেসশান দিতে চাই যে. যদি তিনি ভাল মনে করেন তা হ'লে গ্রহণ করবেন ব'লে আশা করি। সেটা হচ্ছে, যে মৌজাতে যে জোতদারের কাছ থেকে যত পরিমাণ জমি সরকারের উপর বর্ত্তিয়েছে টোটাল যে জমি সেই জমিটা একটা মৌজায় যদি জোতদারের কাছ খেকে নিরে নেওয়া হয় বিভিন্ন দাগ নন্বরে, বিভিন্ন খতিয়ান নন্বরে, বিভিন্ন মৌজায় টোটাল যে জন্ম জোতদারের কাছ থেকে পাওয়া গিয়েছে সেই জমিটা সেই জোতদারের নিশ্দিট একটা মৌজা থেকে যদি নোটিশ ক'রে আদায় করা হয়, তা হ'লে সরকারের পক্ষে চাষীদের জমি বন্দোকত করা এবং চাষ করার স্মবিধা হবে। এদিকে দৃষ্টি দেবার জন্য মন্দ্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ কর্বছি।

আরেকটি বিষয়ের প্রতি মাননীয় মন্দ্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যেটা মফ্রম্বলে বিরাট সমস্যা দেখা দিয়েছে। এই জমিদারি দখলের আইনের ফলে গোচারণ ভূমি ব'লে আজকে কোন ভূমি নাই। আপনি জানেন স্যার, বাংলাদেশে যারা গোপালন করে তাদের জাতিগত সংখ্যা থাণেট। আজকে এমন একটা অবস্থা দাঁড়িয়েছে যাদের গর্ব এবং পশ্ম পালন করে জীবিকা নির্বাহ করতে হয় সেখানে সরকারী গোচারণ ভূমি বা নিজেদের কোন চাষের জমি না থাকার ফলে তাদের অর্থনিতিক সংকটের মুখে পড়তে হয়েছে। সেজন্য এই সম্প্রদায়কে যদি বাঁচাতে হয়় তা হ'লে সরকারের উচিত এদের সমস্যার সমাধান করা। তা না হ'লে এরা দুন্নীতিগ্রস্ত হয়ে পড়ছে এবং অন্য লোকের ফসল চুরি ক'রে নিজেদের এবং গোপালন এবং পশ্মপালন করছেন। এবং এতে করে দেশের খাদোর উপর টান পড়ছে। মন্দ্রিমহাশয় যেন এদিকে দ্র্টিট দেন। যেসমুস্ত পতিত জমি আছে যাতে এই সম্প্রদায়কে দেওয়া যার তাল ব্যবস্থা তিনি বন করেন।

Shri Balai Lai Das Mahapatra:

অধ্যক্ষ মহাশর, কালকে এই বিলের উপরে মন্দ্রিমহাশর যে জবাব দিরেছিলেন, তিনি অনেক বিষরে পাশ কাটিরে গিরেছেন, তিনি বিরোধী দলের যেসমস্ত সমস্যার কথা বলেছিলেন তার ES—E82 উভর দেন নি। আমরা খাজনা সংক্রান্ত ব্যাপারে কিন্দা রায়ত সংক্রান্ত ব্যাপারে বা বলেছিলাম ভাতে তিনি অবান্তর বলে জবাব দেন নি। আমি তাকে একটা কথা বলি বে জমিদারি দখল আইন বিদ মূল উদ্দেশ্য থাকে যে কৃষকদের হাতে জমি দেওয়া এবং জমিদার এবং জোতদারের হাত থেকে কৃষকদের রক্ষা করা এবং সঙ্গেস সংগ্যা বাংলাদেশে খাদ্য উৎপাদন বাড়ানো, তা হ'লে জমিদারি দখলের যে উদ্দেশ্য এবং ড্রিম-সংস্কারের আইনেরও সেই একই উদ্দেশ্য এবং এরা ওতাপ্রতোভাবে এমন জড়িত যে একটার সন্বন্ধে আরেকটা বলতে হয়। সেজনা আমি মনে করি বে এই দুটো আইনকে প্রথক না করে এক সংগ্যা করা হত তাহলে অনেক বিদ্যান্তি দ্র হত এবং সালো কাজেরও স্থিবা হ'ত।

[3-30-3-40 p.m.]

আমার মনে হয়, বি টি আছে এবং ভাগচাষী আইন তৈরি হ'লে সেটা ভূমি-সংস্কার আইনের জ্বভর্ত করা যায় কিনা সেটা ভেবে দেখবেন। এতে অনেক বিদ্রাণিত দরে হবে। তারপর হলে জিনিস তিনি এডিয়ে গেছেন। আমরা বলেছিলাম, জমিদারি উচ্ছেদ আইনের আওতা শ্বেকে কোলকাতাকে যে বাদ দেওয়া হয়েছে এটা জরবী প্রশ্ন। সামাজিক নাায় বিচারের দিক खाक राश्वनी एवं भिक्र शाक अवर कलकाजाव ऐसरागर भिक्र शाक को के खाउँ तर खालजार चाना परकार । आगरा रक्षर राज्याकरपर छना धी। धीएरा शास्त्रन धरः धर छरार सामा करि তিনি দেবেন। তারপর আম্বা পদন করেছিলাম মেছোঘেবীর নামে যে হাজার হাজার একর **ভামি রয়েছে** চা-বাগানের নামে ফলের বাগানের নামে এবং দেবোরুরের নামে যে সমুস্ত ভূমি ৰয়েছে সেগলি সীমাবন্ধ করা হবে কিনা এবং সরকারী দখলে আনা হবে কিনা? এটাও **মন্দ্রিমহা**শয় গতকাল এডিয়ে গেছেন—আজকে বলবেন কি করতে চান। তারপর আমোলনামার নাম করে বেনামী সম্পত্তি খেগুলো ক'রে রেখেছে সে সম্বন্ধে আমরা বার বার বলেছি। স্থাীর নামে, জামাইয়ের নামে, কন্যার নামে এবং এমন কি চাকরবাকর, আমলা প্রভাতির নামে যেগলো রেখে দিয়েছে সেগ্নলো প্রকৃত চাষীর হাতে আসবে কিনা এবং এই আমলনামা সম্বন্ধে এবং ভামি উদ্ধার সদবন্ধে কি ব্যবস্থা করবেন সেটা বলবেন। তারপুর ক্ষতিপূরণ সদবন্ধে আপুনি বললেন ১৪ কোটি টাকা দিয়েছি। আমার প্রন্ন হচ্ছে এই ১৪ কোটি টাকার মধ্যে যারা ৫-৭. ১০ হাজার টাকা পাবে সেটা শোধ করতে পারবেন কিনা? কাঁথি মহক্ষা অফিসে যে ৪-৫ খত কেস আছে তার পরিমাণ ৫-৭ শত টাকার বেশি নয়। মেদিনীপুরে বেসব কেস পড়ে আছে তাতে দেখছি ১-১॥ হাজার টাকা পাবে। কিন্তু সেসব টাকা দেওয়া হয়নি। আপনি হিস্ফ্র করে দেখালেন ২৫ হাজারের উপর ১-১॥ পারসেণ্ট পাবে। কিন্তু আমরা দেখছি এই সমুন্ত ছোট ছোট যারা আছে অর্থাৎ সামানা টাকা পাবে তারা সেটা পেলনা এবং বিভিন্নভাবে হয়বান হচ্ছে। আপনি বলেছেন লোকেরা থানা থেকে নিতে পারছেনা কেন? আমরা বি ডি ৩-৪ ব্যবস্থা করছি। তাঁর সামনে, পণ্ডায়েতের সামনে নেবে—এই সব কথা আপনি বলেছেন। কিণ্ড আপনি যদি ট্রাংককল করে কাঁথিতে খবর নেন তা হ'লে জানতে পারবেন কাঁথিতে টাকা প'ডে আছে—আপনার দৃশ্তরের ব্রুটির জন্য তারা নিতে পারছে না। তৌজি সম্বন্ধে বলেছিলাম যে, তিন রকম জিনিসকে এক রোলভন্ত করবার জন্য নিতে পারছেনা। এই তেজি সম্বশ্যে কি করবেন তার পরিষ্কার জবাব দেননি। এই সমস্ত কারণে জনসাধারণের অস্ত্রবিধা হচ্ছে, ক্ষতিপরেণ আদার रुक्त ना. मानूस मितनत अत मिन रसताम रुक्त, ১৯৫৮ সাল থেকে আজ এই ১৯৬৪ সাল পर्यन्ट হয়রাণ হচ্ছে এবং এরকম একটা চিঠি আমার কাছে আছে সেটা গতকাল আপনাকে দেখিয়েছিলাম। এইসব প্রাক্টিক্যাল ডিফিক্যাল্টি-র জবাব যদি দেন তা হ'লে বুঝাব আপনারা সতাই জন-সাধারণের অস্ববিধা দরে করবার জন্য চেন্টা করছেন। তারপর ১০ বছর সন্বন্ধে অর্থমন্টী মহাশর বলেছেন আর সময় নির্দিষ্ট করবার দরকার নেই। আপনাদের অপদার্থতার জনা ১০ বছরের মধ্যে কাজ শেষ হোলনা এবং এখন সেটা অনিদিশ্টি কালের জন্য রাখছেন। অর্থমন্ট মহাশয় প্রগতির দিন দেখালেন, কিন্তু, হাজার হাজার কে**স পড়ে আছে। আ**মার বছব্য হচ্ছে নির্দিণ্ট সময়ের মধ্যে যদি না করা যায় তাহলে অপদার্থতাই কেন্তে যাবে, মানুবের হরুরানি ^{হেড়ে} কবে। জয়িদারী দথল আইনের মূল উদ্দেশ্য ছিল সাধারণ চাবীর মধ্যে জমি বিতরণ করকে:

খাদ্যের উৎপাদন বাড়াবেন এবং কৃষির উন্নতি করবেন। এইদিকে লক্ষ্য রেখে আমরা বলেছিলাম এর আম্ল পরিবর্তান করে একটা আইন যদি আনেন তাহলে আমরা আপনাকে ধন্যবাদ দেব। যাহোক, এখন আশা করি আমি যেসব সমস্যাগ্লো এখানে রাখলাম তার জবাব দেবেন এবং সমাধান করবেন।

The Hon'ble Syamadas Bhattacharyya:

